Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

38

3/147

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
LIBRARY
SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM
BHADAINI, VARANASI-1
No. 3/147
Book should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of 10 Paise daily shall have to be paid.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

~~3/147~~ 3/13

९५

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরোক্ষানুভূতিঃ

LIBRARY 3/147
No.
Shri Shri Ma Anandamayee Ashram

অনুবাদক

শ্রীদুর্গাচরণ চট্টোপাধ্যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রত্নপিটক গ্রন্থাবলী।— সংখ্যা ৪

3/147

শ্রীমচ্ছঙ্করাচার্য্য বিরচিতা

অপরোক্ষানুভূতিঃ।

মূল, অন্বয় ও বঙ্গানুবাদ এবং
বিদ্যারণ্যমুনিকৃত টীকা ও টীকার বঙ্গানুবাদ।

অনুবাদক
শ্রীদুর্গাচরণ চট্টোপাধ্যায়।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার ভূতপূর্ব্ব সদস্য ও টাকীর জমিদার
শ্রীযুক্ত রায় হরেন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল,
মহাশয়ের অর্থানুকূল্যে মুদ্রিত।

LIBRARY 3/147
No.
Shri Shri Ma Anandamayee Ashram
১২৪০ BENARAS.

মূল্য ১৷৹ এক টাকা চারি আনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক—
শ্রীদুর্গাচরণ চট্টোপাধ্যায়
৪৪নং কামাখ্যা লেন, সিটি বেনারস।

শ্রীগৌরাঙ্গ প্রেস
প্রিণ্টার—প্রভাতচন্দ্র রায়
৭১।১ মির্জ্জাপুর ষ্ট্রীট, কলিকাতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/147
8/6

ভূমিকা।

অপরোক্ষানুভূতি শব্দের অর্থ আত্মা, যিনি সাক্ষাৎ অনুভব বা জ্ঞান-স্বরূপ, যাঁহাকে অনুভব করিতে, ইন্দ্রিয়, মন, বুদ্ধির সাহায্য লইতে হয় না, কেননা, আত্মা আছেন বা আমি আছি, এইরূপ অনুভব মনুষ্যমাত্রেরই স্বতঃসিদ্ধ; ইহার সত্যত্বে সংশয় উঠিবার সম্ভাবনামাত্র নাই।

কিন্তু জ্ঞানবিজ্ঞানাবতার আচার্য্য শঙ্করএই গ্রন্থের যে 'অপরোক্ষানুভূতি' নামটি দিয়াছেন, তাহা আত্মজ্ঞানলাভে হতাশ মুমুক্ষুহৃদয় মাত্রেই প্রভূত আশা ও লোভের সঞ্চার করিয়া থাকে। যিনি জীবনের সকল অনুভবেই অনুভবী হইয়া বিদ্যমান রহিয়াছেন, যাঁহার অভাবে কোন অনুভবই সম্ভবপর হয় না, এমন কি যাঁহা হইতে পৃথক্ হইবার কল্পনা করাও অসম্ভব, তিনি, জীবের ভাগ্যদোষে এরূপ আবৃত হইয়া রহিয়াছেন, যে জীবসন্তাপহারিণী জননী শ্রুতি, শব্দ-যোগে তাঁহার বর্ণন করিতে না পারিয়া, এক প্রকার আক্ষেপ-সহকারে বলিয়াছেন যে, বচন ও মন তাঁহার স্বরূপনির্ণয়ে বাহির হইলে হতাশ হইয়া ফিরিয়া আইসে। সেই পরমানন্দময় নিত্যমুক্ত, আত্মাকে সংসারসন্তপ্ত মানবের অনুভবগম্য করিয়া দিবার আশ্বাসবাণী, সেই আচার্য্যপাদের মুখপদ্ম হইতে বিনিঃসৃত হইয়াছে শুনিলে, আকাশের চাঁদ হাতে পাইব, এইরূপ আশার উদ্রেক কোন সন্তপ্তজীবই আপন হৃদয়ে প্রশমিত করিতে পারে না।

কিন্তু দুরারোগ্যরোগী অমোঘ ঔষধের বিজ্ঞাপন পড়িয়া ভিষগ্দ্বারে উপস্থিত হইয়া ঔষধের মহার্ঘতা এবং পথ্যাপথ্যের কঠোরতা শুনিয়া যেমন দীর্ঘশ্বাস পরিত্যাগ করিয়া বসিয়া পড়ে, সেইরূপ এক্ষেত্রেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বল্পবল সাধক এই উপদেশের প্রারম্ভেই বিবেকবৈরাগ্যাদির সাধনের সেই পুরাতন সুদীর্ঘ তালিকা পড়িয়া হতাশ হইয়া পড়ে এবং দেখে যে এখানে মার্গান্তরে উপদিষ্ট যোগমিশ্র ভোগ বা ভোগমিশ্র যোগের কোন ব্যবস্থা নাই। এইরূপ হতাশ সাধককে আশ্বাস দিবার জন্য আচার্য্যপদ বলিতেছেন—ভয় নাই তুমি দুর্ব্বল ও কিংকর্ত্তব্যবিমূঢ় আমি জানি, চিন্তা করিও না, অসমর্থ পক্ষে হরিতোষণ বা ভগবদনুগ্রহ-লাভ বলিয়া একটা উপায় আছে। তাহাও, দরিদ্রের পক্ষে সম্রাটের দর্শন লাভের ন্যায় দুর্লভ, মনে করিও না; যেরূপ অবস্থার মধ্যে জন্ম লাভ করিয়াছ, তাহা সম্রাটের অবিদিত নহে। সেই হেতু আচার্য্যপাদ অগ্রেই "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ" এই ভগবদ্বাক্যের তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া বলিতেছেন—'শান্তচিত্তে স্বকর্ম্মের সম্যগনুষ্ঠান করিতে থাক; নিষ্কপট হৃদয়ে শুভবাসনা পোষণ করিতে থাক; ভগবৎকৃপা যত দুর্লভ মনে করিতেছ, তত দুর্লভ নহে দেখিবে তোমার উৎকট কর্ম্মফলও অকস্মাৎ তোমার অভীষ্ট সাধনের অনুকূল হইয়া গিয়াছে।

এইরূপ আশ্বাস পাইলেও সকলেরই মনে প্রশ্ন উঠিবে, কলির স্বল্পায়ু জীবনে কতদিন কৃপার প্রতীক্ষা করিয়া বসিয়া থাকিব? অচিরে যাহাতে সেই কৃপা অবতরণ করে, তাহার কি উপায় করিব? ইহার উত্তরে শাস্ত্র বলিতেছেন—

> কদাচিচ্ছুদ্ধভাবেন গঙ্গাতীরে কৃতং তপঃ।
> তৎপুণ্য পরিপাকেণ মুমুক্ষা জায়তে সতাম্॥

বোধসার, জ্ঞানভূমিকা ১৪।

কোনও সময়ে নিস্কামভাবে গঙ্গাতীরে (অথবা কোনও পুণ্যস্থানে) শীতোষ্ণাদি সহনপূর্ব্বক গায়ত্র্যাদিজপরূপ পুণ্য কর্ম্মের অনুষ্ঠান করিলে, সেই সকল শুভকর্ম্মের ফলদানপ্রবণতা বশতঃ শুদ্ধান্তঃকরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধকের মোক্ষেচ্ছা জন্মিয়া থাকে। যদি সেইরূপ সুযোগ না ঘটে, তবে—

বিদুষাং বীতরাগানামন্নপানাদিসেবয়া।
সঙ্গত্যা প্রণয়েনাপি মুমুক্ষাকস্মিকীভবেৎ॥ (ঐ ১৫)

অন্নপানাদি দ্বারা বিষয়াসক্তিবর্জ্জিত বিচারশীল জ্ঞানিগণের সেবা করিলে, অথবা প্রীতি পূর্ব্বক তাহাদের সঙ্গ করিলে অকস্মাৎ মোক্ষেচ্ছা জন্মিতে পারে।

স্বয়ং ভগবান্ ও বলিতেছেন :—

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥ (গীতা)

সেই "শান্ত দান্ত", ভোগোপরত, "শ্রোত্রিয়", "ব্রহ্মনিষ্ঠ" জ্ঞানীকে "প্রণিপাত" করিতে হইবে ও বচন, শরীর, মন ও ধনের অর্পণ পূর্ব্বক তাঁহার সেবা, করিতে হইবে। আপনার নিকৃষ্টতার এবং তাঁহার উৎকৃষ্টতার খ্যাপনপূর্ব্বক প্রণাম এবং স্বহস্তে তাঁহার পরিচর্য্যা, করিলে তাঁহার আদর্শে তোমার আদর বা বহুমানবুদ্ধি দৃঢ়তা লাভ করিবে। তাঁহার রাজসিক ব্যবহার দর্শন করিলে, তাঁহাকে ব্রহ্মা ভাবিয়া, তাঁহার শিষ্যপালন-তৎপরতা দেখিলে তাঁহাকে বিষ্ণু ভাবিয়া, তাঁহার ক্রোধ দর্শন করিলে তাঁহাকে রুদ্র ভাবিয়া, তাঁহাকে শান্তিতে অবস্থান করিতে দেখিলে, তাঁহাকে গঙ্গা ভাবিয়া, তাঁহাকে শাস্ত্রবিচারতৎপর দেখিলে তাঁহাকে গণপতি ভাবিয়া এবং ভ্রমসন্দেহসহিত অজ্ঞান নিরাসকরণে প্রয়াসী দেখিলে, তাঁহাকে দিবাকর ভাবিয়া, তাঁহাতে দৃঢ় আস্থা স্থাপন করিতে পারিলে, চিত্তের মলিনতা বিদূরিত হয়। তাহার পর সুযোগ ও অবসর বুঝিয়া প্রশ্ন করিলে অনুভবী গুরু জ্ঞানোপদেশ করিয়া থাকেন।

এইরূপে কায়মনবাক্যের অর্পণ সাধন করিতে করিতে, গুরু গৃহস্থজ্ঞানী হইলে তাঁহাকে ধন, গৃহ, পত্নী, পুত্র, দাসদাসীর অর্পণ আপনা হইতেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসিয়া যায় এবং তিনি ত্যাগী গুরু হইলে, এই সকল পরিত্যাগ করিয়া তাঁহার পদানুসরণ অনিবার্য্য হইয়া পড়ে।

এইরূপে বৈরাগ্যের আরম্ভ হইলে, বিচারাদি অপরাপর সাধনকে আর দুষ্কর বলিয়া মনে হয় না। সকল সাধনই অনায়াসে, এমন কি অজ্ঞাতসারে, সংসাধিত হইয়া যায়। কৃষ্ণপ্রেমাকৃষ্ট গোপিকাগণের বেদান্তোক্ত সাধনচতুষ্টয় যেমন অজ্ঞাতসারে একরাত্রেই সংসাধিত হইয়াছিল, সেইরূপ।

গুরু যখন শিষ্যকে 'আত্মসাৎ' করেন, তখন শিষ্যের অবস্থা সমস্বরে বাঁধা অদূরবর্ত্তী দুই তানপুরার মধ্যে অন্যতরের অনুরূপ। তখন একটি বাজিলে, অপরটি আপনি বাজিয়া উঠে। তখন, শিষ্য ও গুরু "প্রবর্ত্তিতো দীপ ইব প্রদীপাৎ" একটি দীপ হইতে প্রজ্বালিত অপর দীপ যেমন ঠিক তদনুরূপ হয়, সেইরূপ।

কিন্তু অপর দীপে যদি তৈল জলমিশ্রিত এবং বর্ত্তিকা মলিন ও আর্দ্র থাকে অথবা বর্ত্তিকার স্থূলতাহেতু তৈলশোষণসামর্থ্য না থাকে, তাহা হইলে, সেই প্রজ্বলিত দীপের সন্নিধানে দীর্ঘকাল থাকিলে, তাহার উত্তাপে জল ও আর্দ্রতা তিরোহিত হয় এবং মলিন অকর্ম্মণ্য বর্ত্তিকা অপসারিত হইয়া, তাহার স্থানে নূতন কর্ম্মণ্য বর্ত্তিকা স্থাপিত হয়। শিষ্যে আত্মভক্তি ও শ্রদ্ধার ন্যূনতা থাকিলে, শিষ্যের সেবা দ্বারা ও গুরু কৃপার দ্বারা, তাহা সংশোধিত হয়। কিন্তু যে সকল শিষ্য অপরোক্ষানুভূতির অধিকারী হইয়া গুরূপসদন করেন, তাঁহারা নির্ম্মল তৈল এবং বিশুদ্ধ বর্ত্তিকা লইয়াই জন্ম গ্রহণ করেন অর্থাৎ জন্মান্তরে গুরু সেবার দ্বারা অধিকারী হইয়াছিলেন, কর্ম্মবশে অপরোক্ষ-জ্ঞান লাভের পূর্ব্বেই দেহান্ত হওয়াতে সেই গুরুসেবার চরম ফল লাভে বঞ্চিত হইয়াছিলেন; কিন্তু ইহ জন্মে, সেই "পৌর্ব্বদেহিক বুদ্ধি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংযোগ" লাভ করিয়া বিশুদ্ধ শ্রদ্ধাভক্তি সমন্বিত উত্তমদৃষ্টি অধিকারী হইয়াই গুরু সন্নিধানে উপনীত হন।

বস্তুতঃ ইহজন্মে বা জন্মান্তরে গুরুসেবাব্যতিরেকে উত্তমদৃষ্টি অধিকারী হইবার উপায়ান্তর নাই। কেবল গ্রন্থাদি পাঠ করিয়াই কেহ উত্তমদৃষ্টি অধিকারী হইতে পারেন নাই। ভাগবতে যে অবধূতের উপাখ্যান বর্ণিত হইয়াছে অর্থাৎ যিনি ইহজন্মে গুরুসেবা বিনা কেবল মধুমক্ষিকা, চিল প্রভৃতি ২৪টি গুরুর নিকট হইতে জ্ঞান লাভ করিয়া মুক্ত হইয়াছিলেন, তাঁহাকেও সেই সেই গুরুর নিকট হইতে শিক্ষা-লাভের অনুকূল উত্তম দৃষ্টিলাভের জন্য জন্মান্তরে গুরুসেবা করিতে হইয়াছিল, কেননা জীবের পক্ষে ইন্দ্রত্ব পর্য্যন্ত ভোগপথ অব্যাহতভাবে উন্মুক্ত থাকিলেও, মোক্ষপ্রবৃত্তি, জীবের পক্ষে একান্ত অস্বাভাবিক; তাহা মাদকদ্রব্যসেবন প্রবৃত্তির ন্যায় গুরুপদেশ ভিন্ন উৎপন্ন হইবার নহে। আলোচ্য 'অপরোক্ষানুভূতি'র ন্যায় গ্রন্থও উত্তমদৃষ্টি অধিকারী ভিন্ন অন্যে উদ্দিষ্ট ফল প্রদান করিতে পারে না। যেমন সদ্‌গৃহিণী ভিক্ষুকের একান্ত শূন্য পাত্রে ভিক্ষা দেন না, সেইরূপ এই সকল গ্রন্থও ঐহিক অথবা জন্মান্তরীণ অধিকারলাভ ভিন্ন একান্ত শূন্য পাত্রে অপরোক্ষানুভূতি প্রদান করেন না। ইহা সহস্র সহস্র শাস্ত্রগ্রন্থ পাঠকের সুবিদিত।

এই 'উত্তম দৃষ্টি' অধিকারীর কথা ভাষ্যকার (শঙ্করাচার্য্য) মাণ্ডুক্য কারিকাভাষ্যে (৩।১০) প্রসঙ্গক্রমে উল্লেখ করিয়াছেন এবং বলিয়াছেন উত্তমদৃষ্টি অধিকারিগণকে মনোনিরোধ করিয়া অদ্বৈতদর্শন করিতে হয় না, এবং মনোনিরোধ সেই অদ্বৈত দর্শনের ফলরূপে আপনা হইতেই হইয়া থাকে। কেবল সন্মার্গগামী হীনদৃষ্টি ও মধ্যমদৃষ্টি যোগিগণকেই মনোনিগ্রহ দ্বারা অদ্বৈতানুভবে প্রবৃত্ত হইতে হয়। আচার্য্য নরহরি অনুভবপূর্ব্বক এই তথ্যের সমর্থন করিয়াছেন। (বোধসার, "অনুভব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবকম্”, অথবা এই গ্রন্থের উৎসর্গ পত্রে ‘আত্মনিবেদন’ নামক প্রবন্ধে নবম শ্লোকানুবাদে দ্রষ্টব্য।) এই কারণেই আচার্য্যপাদ রাজযোগের এই প্রকরণগ্রন্থে, হঠাদি অপর যোগত্রয়ের বিশেষ বিশেষ সাধনের প্রতি কটাক্ষ করিয়া তাহাদের রাজযোগসম্মত লক্ষণ করিয়াছেন।

আজকাল পাতঞ্জল দর্শনোক্ত অষ্টাঙ্গ যোগের অনুষ্ঠান দ্বারা মনোনিগ্রহ করিবার সুযোগ ও সামর্থ্য, অতি অল্প লোকেরই ভাগ্যে ঘটে। সেইহেতু সংসারযন্ত্রণা অনুভব করিয়া, অনেকেই মোক্ষলাভের ইচ্ছা পোষণ করিলেও, উক্ত অষ্টাঙ্গযোগের অনুষ্ঠানে প্রবৃত্ত হইতে পারেন না। কিন্তু তাই বলিয়াই হতাশ হইবার কারণ নাই। আচার্য্যপাদ কেবল বিচার দ্বারা উক্ত অষ্টাঙ্গযোগের উদ্দেশ্যসাধক অথচ অনায়াসসাধ্য রাজযোগের যে শ্রুত্যনুমোদিত ব্যবস্থা দিয়াছেন, তাহাতে সুযোগাভাব বা সামর্থ্যাভাব অন্তরায় হইতে পারে না। তাহাতে ব্যবহারপরায়ণ মুমুক্ষুও প্রবৃত্ত হইতে পারেন। কিন্তু তাহাতে সিদ্ধিলাভ আপাততঃ যতটা সহজসাধ্য বলিয়া মনে হয়, বস্তুতঃ ততটা সহজসাধ্য না হইলেও, পাতঞ্জলযোগানুষ্ঠানে অসমর্থ মধ্যমদৃষ্টি অধিকারীর পক্ষে, দেবারাধনা, গুরুসেবা প্রভৃতির দ্বারা, অর্থাৎ ভক্তিযোগের সাহায্যে, শুদ্ধচিত্ত হইয়া এই রাজযোগের অনুষ্ঠানে প্রবৃত্ত হওয়াই যে শ্রেয়ঃকল্প, তদ্বিষয়ে সন্দেহ নাই। অবশ্য, ভক্তি একাই পাতঞ্জলদর্শনোক্ত অষ্টাঙ্গযোগের প্রথম সপ্তাঙ্গের সমকক্ষ হইলেও, সমাধির প্রাপক তীব্র ভক্তিলাভ করা, সকলের ভাগ্যে ঘটে না ; তাহা ঈশ্বরের প্রভূত কৃপা ব্যতিরেকে সম্ভবপর নহে ; কেননা, দেখা যায়, শ্রবণ, কীর্ত্তন হইতে আরম্ভ করিয়া আত্মনিবেদন পর্য্যন্ত নবধা ভক্তির, জীবনব্যাপী কথঞ্চিৎ অভ্যাস করিয়াও কেহ কেহ ভক্তিলাভে সবিশেষ কৃতকার্য্য হইতে পারিল না ; আবার বিল্বমঙ্গল, শ্রীকৃষ্ণচৈতন্য, রামপ্রসাদ ও রামকৃষ্ণাদি অকস্মাৎ ভক্তিলাভ করিলেন এবং তন্মধ্যে শ্রীকৃষ্ণচৈতন্যের ও রামকৃষ্ণের সেই ভক্তিপথে সমাধিলাভও শ্রুত হইয়াছে। তাঁহারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উভয়েই ঈশ্বরব্যাকুলতাকে ভক্তির সাধন বলিয়া বর্ণনা করিলেও, সেই ব্যাকুলতালাভের কোনও অনুষ্ঠানযোগ্য বা অভ্যাসযোগ্য পরিপাটী নাই, কিন্তু দেবারাধনা, গুরুসেবা, গায়ত্র্যাদিজপরূপ স্বাধ্যায়, বা শাস্ত্রচর্চ্চা করিতে করিতে রাজযোগের উপযোগী বিচারের যখন উন্মেষ হয়, তখন ঈশ্বর কৃপা অবতীর্ণ হইয়াছে বা অনন্ত সঞ্চিত কর্ম্মের মধ্যে শুভকর্ম্ম সকল সমবেত হইয়া অভীষ্টফলদানে উন্মুখ হইয়াছে, বুঝিতে হইবে।

এইহেতু আশা করা যায়, এই অপরোক্ষানুভূতি গ্রন্থের প্রচারে অষ্টাঙ্গাদিসাধনানুষ্ঠানে হতাশ মধ্যমদৃষ্টি ও হীনদৃষ্টি সাধকের কথঞ্চিৎ উপকার হইতে পারে কিন্তু ইহার অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া যে আত্মবঞ্চিত হইবার সম্ভাবনা নাই, এমন কথাও বলা যায় না। আচার্য্যপাদ স্বয়ং সেইরূপ আশঙ্কা করিয়া বলিয়াছেন—'বোধরহিত কেবল শব্দবাদীকে চরমফলে—মোক্ষে, বঞ্চিত হইতে হয়।' একারণে আধুনিক ব্যবহারপরায়ণ লোকে এইরূপ আত্মবঞ্চনা হইতে সাবধানে আত্মরক্ষা করিয়া গোপনে এই রাজযোগের অনুষ্ঠান করিতে পারেন। চিত্তের শুদ্ধতা সংরক্ষিত হইলে এইরূপ অনুষ্ঠানে ফললাভ অবশ্যম্ভাবী।

পরিশেষে, আশাকরি, ইহার পুনরুক্তি দোষাবহ হইবে না যে কেহ যেন এরূপ মনে না করেন, যে গুরুকৃপাব্যতিরেকেও কেবল এই গ্রন্থের সাহায্যে রাজযোগে প্রবৃত্ত হইয়া সিদ্ধিলাভ করিবেন, কেননা শ্রুতি স্পষ্টাক্ষরে বলিয়াছেন—"আচার্য্যবান্ পুরুষো বেদ" (ছান্দোগ্য উ, ৬।৪।২)—যিনি আচার্য্যলাভ করিয়াছেন অর্থাৎ অনুভবী মহাপুরুষের কৃপালাভ করিয়াছেন, তিনিই জ্ঞানলাভে কৃতকার্য্য হন, অন্যে নহে।

এই গ্রন্থখানি স্বয়ং শঙ্করাচার্য্য বিরচিত ; তাহার উপর বিদ্যারণ্য স্বামী ইহার টীকাকার। এই বিদ্যারণ্যস্বামী যদি পঞ্চদশী প্রভৃতির রচয়িতা বিদ্যারণ্যস্বামী হন, তাহা হইলে মণিকাঞ্চনসংযোগ ঘটিয়াছে, বলিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু টীকার পুষ্পিকায় টীকাকার বিদ্যারণ্যস্বামী স্বীয় গুরুর নামের উল্লেখ না করায় এবং অপর বিদ্যারণ্যস্বামীর সকল গ্রন্থের প্রারম্ভে যে

"যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থমহেশ্বরম্॥"

এই গুরু প্রণামাত্মক ও গুরু বিদ্যাতীর্থের নাম সম্বলিত শ্লোকটী দেখিতে পাওয়া যায়, এই টীকায় তাহার অভাব দেখিয়া আশঙ্কা হয়, অপরোক্ষানুভূতির টীকাকার, পঞ্চদশীরচয়িতা বিদ্যারণ্যস্বামী না হইতেও পারেন; কিন্তু টীকার মধ্যে স্থানে স্থানে যে প্রতিভা বলে পঞ্চদশী রচিত হইয়াছিল, তাহার কিছু কিছু আভাস পাওয়া যায়। যাহা হউক এইরূপ সন্দেহ থাকাতে, টীকাকার বিদ্যারণ্যের জীবনবৃত্তান্ত নির্ণয়ে প্রবৃত্ত হইলাম না। গ্রন্থকার শঙ্করাচার্য্যের জীবনবৃত্তান্ত লইয়া সংস্কৃত, ইংরাজী ও বাংলা ভাষায় অনেক গ্রন্থ আছে। সুতরাং বাহুল্যভয়ে তাঁহার জীবনী-সঙ্কলনে বিরত হইলাম। সংস্কৃতজ্ঞ পাঠকগণের সুবিধার জন্য বিদ্যারণ্যমুনি প্রণীত মূল সংস্কৃত টীকাটি পরিশিষ্টরূপে প্রদত্ত হইল। ক্ষেমরাজকৃত সংস্করণকেই আদর্শ ধরিয়া অনুবাদ করা হইয়াছে এবং কাশীর বারাণসী-প্রসাদ কৃত সংস্করণের সহিত পাঠ মিলাইয়া পাদটীকায় পাঠ ভেদ প্রদর্শিত হইয়াছে। শেষোক্ত সংস্করণের যে যে পাঠ স্পষ্টতঃ অশুদ্ধ, সেই সেই পাঠ উপেক্ষিত হইয়াছে, সেইগুলি পাদটীকায় প্রদর্শিত হয় নাই।

এই গ্রন্থের মুদ্রাঙ্কনাদিতে ত্রুটী থাকিলেও, সহৃদয় পাঠক মার্জ্জনা করিবেন, এইরূপ আশা হৃদয়ে পোষণ করিয়াই পাঠকগণের সমীপে এই অমূল্য গ্রন্থখানি উপস্থাপিত করিলাম; অলমতি বিস্তরেণ।

৪৪নং কামাখ্যা লেন,
কাশীধাম।
সন ১৩৪০

অনুবাদক
শ্রীদুর্গাচরণ দেবশর্ম্মা
(চট্টোপাধ্যায়)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



" ভূতপূর্ব্ব ব্রহ্মচারী মগনীরাম, বিদ্বৎসন্ন্যাসাবস্থায় "

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
LIBRARY 3/147
No. 9/4
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

আত্মনিবেদনম্ ।

গুরুঃ—বৎস, তৎ ত্বম্ অসি ।

শিষ্য ঃ—দীনবৎসল, শরণদ,

১

স্ফারস্নিগ্ধচ্ছদাভ্যামুরসি পরিধৃতঃ পর্ণপোতঃ কদল্যাঃ
প্রেম্না পিত্রোস্তথাহং জগদিদমগমং মোহজস্নেহসারম্ ।
স্ফূর্ত্তিঃ স্বপ্নে ন মেহ ভূদিতি জনিনিবহাৎ প্রাক্ পিনদ্ধস্বলক্ষ্যে
র্নির্মোহস্নেহপাশৈর্বত নিজমকরো র্মামনাথং গুরো ত্বম্ ॥

২

পশ্চাদাস্বাদ্য বিদ্যাং সুঘনমদকরীং লৌকিকীং মোহদাত্রীং
মুগ্ধস্তস্থৌ বিলোক্যাতৃণমুড়ুনিকরাৎ সর্ব্বতস্তৎপ্রভাবম্ ।
স্ফূর্ত্তিঃ স্বপ্নেহপি নাভূৎ কুহকবিশসনীং তাস্তুবিদ্যাং পরাখ্যা
মাসীধ্র্ব ত্বামদর্থং মম দুরিতলয়ং প্রেক্ষমাণো গুরো ত্বম্ ॥

গুরু—বৎস, সেই বস্তুই হইতেছ তুমি ।

শিষ্য—হে দীনবৎসল, হে আশ্রয়দাতা,

যেমন কদলীবৃক্ষের সুকুমার শিশুপত্রটিকে বিস্তীর্ণ ও মসৃণ পত্রযুগল বুকে করিয়া ধরিয়া রাখে, সেইরূপ পিতামাতা সস্নেহে যখন আমাকে বুকে করিয়া ধরিয়া থাকিতেন, তখন (অস্পষ্টভাবে) অনুভব করিয়াছিলাম যে মোহ-জনিত স্নেহই সংসারের সার বা বিধারক বন্ধন। তখন হে গুরো, স্বপ্নেও আমার বুদ্ধিতে আইসে নাই যে তুমি আমাকে অনাথ জানিয়া, তোমার যে নির্ম্মোহ স্নেহপাশ বহু জন্মের পূর্ব্ব হইতেই আপনার লক্ষ্য বস্তুকে বাঁধিয়া রাখে, তদ্দারা আমাকে আপনার করিয়া রাখিয়াছিলে । ১ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩

তারুণ্যেঽনঙ্গদেবো মম নয়নযুগং দিগ্ধবানঞ্জনেন
স্তব্ধো যেনাহমত্র স্থিরচরনিকরে দম্পতিপ্রেম পশ্যন্ ।
কাঞ্চিদ্রামাং বভাষে তব খলু হৃদয়ং দেবি যত্তন্মমৈব
প্রেমালাপং নিশম্য ত্বদিতরগমভূঃ স্মেরবক্ত্রো গুরো ত্বম্ ॥

৪

আজায়স্বব্রিয়স্বং সুরপতিপদতো যাতি বা তৎপ্রতীপং
পন্থা ভোগস্য যত্র প্রকৃতিবিসদৃশী মোক্ষমার্গপ্রবৃত্তিঃ ।
মার্গং গচ্ছন্ তমেকং হয় ইব নিয়তো পার্শ্বয়ো রুদ্ধদৃষ্টি
র্বাঞ্ছাং কুর্য্যাং ন মোক্ষে যদি ন ময়ি কৃপাং সন্নিদধ্যা গুরো ত্বম্ ॥

পরে, যে লৌকিকী বিদ্যা, (জ্ঞানের পরিবর্ত্তে বস্তুতঃ) অত্যন্ত গাঢ় অহঙ্কারই উৎপাদন করিয়া থাকে এবং মোহ আনিয়া দেয়, সেই বিদ্যা আস্বাদন করিয়া আমি তৃণ হইতে নক্ষত্রপুঞ্জ পর্য্যন্ত সেই বিদ্যার প্রভাব দেখিয়া মুগ্ধ হইয়াছিলাম। তখন, হে গুরো, স্বপ্নেও আমার মনে উদিত হয় নাই যে, সেই সংসারমায়ার অবসানকারিণী পরাবিদ্যা আমার জন্য হস্তে লইয়া, কবে আমার পাপক্ষয় হইবে, সেই অবসর পাইবার জন্য অপেক্ষা করিতেছিলে। ২।

যৌবনে অনঙ্গদেব আমার দুনয়নে এমন এক অঞ্জন লাগাইয়া দিলেন যে, তাহার প্রভাবে এ সংসারে স্থাবর, জঙ্গম সর্ব্বত্রই আমি দম্পতিপ্রেম দেখিতে লাগিলাম এবং এক কামিনীকে বলিয়া বসিলাম, 'হে দেবি, যেটি তোমার হৃদয়, তাহাই আমার হৃদয় জানিও।' তখন হে গুরো, (পরপ্রেমাস্পদীভূত) তোমাকে ছাড়িয়া অপরের সহিত আমার সেই প্রেমালাপ বা প্রেমপ্রলাপ শুনিয়া, তুমি সস্মিতবদন হইয়াছিলে। ৩।

এই সংসারে ইন্দ্রপদ হইতে ক্ষণস্থায়ী (ঐকাহিক) কীটাণু পর্য্যন্ত, এবং তদ্বিপরীতে (কীটাণু হইতে ইন্দ্রপদ পর্য্যন্ত.) ভোগের পথ বিস্তৃত রহিয়াছে। (সেই পথের পথিকদিগের পক্ষে) মোক্ষপথে প্রবৃত্তি স্বভাবের একান্ত প্রতিকূল। (কোন ক্রমেই আপনা হইতে সেই প্রবৃত্তির জন্মিবার সম্ভাবনা নাই।) আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫

যাবদ্দৃষ্টিং প্যধত্তাং বিষয়সুখতৃষাতাপবাধাজিহাসে
তাবদ্বার্ত্তাপি নাসীৎ স্থিরচরনিকরে স্বস্বরূপোপলব্ধেঃ।
তস্যাঃ স্বাদং প্রদাতুং নিজমতিমদদাঃ স্ত্রীময়ে ভূতপিণ্ডে
কৃত্বা পত্নীমিদানীং স্ফুরসি মনসি মে গূঢ়কর্ম্মা গুরো ত্বম্॥

৬

দৃষ্ট্বাত্মত্বং বিরূঢ়ং পরতনুরচিতে ভূতপিণ্ডে মনোজ্ঞে
হৃত্বাদর্শং যথৈব স্থপতিকুলবরস্তোরণাৎ সংহতাঙ্গাৎ।
প্রীতেঃ পিণ্ডং তু হৃত্বা জগিথ মম মনস্তুষ্টয়ে কর্ণমূলে
'ফেনপ্রখ্যং হি সর্ব্বং বদ কথমমৃতিং যাতু মর্ত্ত্যে' গুরো ত্বম্॥

বল্গানিয়ন্ত্রিত এবং উভয় পার্শ্বে রুদ্ধদৃষ্টি অশ্বের ন্যায়, কেবল সেই এক পথ ধরিয়া দৌড়িতে ছিলাম। সেই অবস্থায়, হে গুরো, তুমি যদি আমার প্রতি কৃপা না করিতে, তাহা হইলে আমি কখনই মোক্ষে মন দিতাম না। ৪।

যতদিন পর্য্যন্ত (অশ্বের নেত্রাবরকদ্বয়ের ন্যায়) বিষয়-ভোগ-পিপাসা এবং ত্রিতাপপরিহারেচ্ছা, আমার সম্যগ্‌দর্শনশক্তিকে আবৃত করিয়া রাখিয়াছিল, ততদিন জগতের স্থাবর জঙ্গম সকল বস্তুতে আত্মস্বরূপ উপলব্ধি করিবার কোন সম্ভাবনাই ছিল না। আমাকে সেই উপলব্ধির আস্বাদন প্রদান করিবার জন্য, এক স্ত্রীরূপ পঞ্চভূতপিণ্ডকে পত্নীরূপে সাজাইয়া তাহাতে আত্মবুদ্ধি জন্মাইয়া দিলে। হে গুরো, তোমার কর্ম্মের গতি যে অতিগহন, তাহা আজ আমার বুদ্ধিতে স্ফুরিত হইতেছে। ৫।

যখন দেখিলে পরশরীররচিত সেই মনোহর ভূতপিণ্ডে আমার আত্ম-বুদ্ধি বিশেষরূপে জন্মিয়া গিয়াছে, তখন আমার প্রীতি হইতে সেই ভূতপিণ্ডটি অপহরণ করিয়া লইলে। যেমন একটি খিলান রচনা করিবার পর তাহার অবয়বগুলি জমিয়া দৃঢ় হইলে, প্রধানমিস্ত্রী, তাহার কোল হইতে কালবুৎটি খুলিয়া লয়েন, ঠিক সেইরূপে। তাহার পর হে গুরো, আমার কর্ণমূলে গান করিলে 'এই সংসারে সকল বস্তুই ফেনার ন্যায় ক্ষণভঙ্গুর; এই মর্ত্ত্যলোকে কোনও বস্তু কি প্রকারে অমর হইয়া থাকিবে বল?' ৬।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

ধ্বাঙ্ক্ষঃ কশ্চিৎ প্রদোষে গুণতরুশিখরং তীরসংনীতপোতে
শ্রিত্বা তস্থৌ চ পোতে নিশি জলধিগতেঽসীমতোয়ৈঃ পরীতম্।
দৃষ্ট্বাত্মানং প্রভাতেঽভবদযতমনা ভূমিলব্ধৌ নিরাশো
নির্ব্বিণ্ণং মামকার্ষীস্তমিব রবমমুং শ্রাবয়িত্বা গুরো ত্বম্॥

৮

ভূমিং কৃচ্ছ্রাদলব্ধ্বা প্রতিগতিশিথিলঃ ফেনপুঞ্জং বিলোক্য
স্থিত্বা তস্মিন্ বিনেতুং শ্রমমুপলধিয়া সম্পতন্ নক্রপুঞ্জৈঃ।
ব্যাত্তাস্যৈ র্লিপ্স্যমানঃ সসলিলকণিকৈর্নাবিকৈ রক্ষিতোঽসৌ
মহ্যং তদ্বৎপ্রদায়াশ্রয়ভয়বিরমৌ মামরক্ষো গুরো ত্বম্॥

একদিন সন্ধ্যাকালে এক কাক বন্দরসমানীত এক জাহাজের মাস্তুলের অগ্রভাগ আশ্রয় করিয়া বসিয়া রহিল। সেই জাহাজ রাত্রিকালে সমুদ্রবক্ষে যাত্রা করিলে পর, প্রাতঃকালে সেই কাক দেখিল, চারিদিকে অসীম জলরাশি তাহাকে বেষ্টন করিয়া রহিয়াছে। তাহা দেখিয়া সে ব্যাকুলহৃদয় হইল এবং স্থলে পৌছিবার আশা পরিত্যাগ করিল। হে গুরো, তুমিও সেইরূপ এই শব্দনিচয় শুনাইয়া আমাকে উদাস করিয়া দিলে। ৭।

অতি কষ্টেও ভূমিলাভ করিতে না পারিয়া, সেই কাক ইতস্ততঃ ঘুরিয়া ঘুরিয়া ক্লান্ত হইলে পর, একটি ফেনপুঞ্জ দেখিতে পাইল। তাহাকে প্রস্তরখণ্ড মনে করিয়া, শ্রমদূর করিবার জন্য তাহার উপর বসিতে যাইয়া দেখিতে পাইল, দলে দলে কুম্ভীর মুখব্যাদান করিয়া তাহাকে ধরিতে আসিতেছে। তখন সেই নাবিকগণ জল ও তণ্ডুলকণা লইয়া, তাহাকে রক্ষা করিল। হে গুরো, তুমি আমাকে আশ্রয় ও অভয় দিয়া সেই প্রকারে রক্ষা করিলে। ৮।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

জাতাং কালেন দৃষ্ট্বা ত্বয়ি মম নিজতামাত্মসান্মামকার্ষী
র্দায়াদং স্বানুভূতৌ সুতমপটুমিব স্বে ধনে কৃচ্ছ্রলব্ধে।
দীপং প্রাদাশ্চ হস্তে কৃতিশতরচিতাজ্জ্বালিতং স্বপ্রদীপাৎ
গূঢ়ং তথ্যঞ্চ বুদ্ধৌ নরহরিগুরুণা বোধিতং যদ্ গুরো ত্বম্॥

তথাহি :—

"জাতে বিদ্বদনুগ্রহেণ সহজানন্দাগমে সাধকৈ
"রৌদাস্যেন যথা যথা পরিহৃতঃ কষ্টঃ স যোগোদ্যমঃ।
"আশ্চর্য্যং ন মনীষিতাপি নিবিড়া নিদ্রা যথেয়ং বলা
"দ্দায়াত্যেব তথা তথা মুনিমতো গাঢ়ঃ সমাধিক্রমঃ॥

কালক্রমে যখন দেখিলে তোমাতে আমার আত্মবুদ্ধি জন্মিয়াছে, তখন তুমি আমাকে আত্মসাৎ করিলে। অপটু সন্তানকে পিতা যেমন কৃচ্ছ্রলব্ধ নিজধনের উত্তরাধিকারী করেন, সেইরূপ আমাকে আপনার অনুভূতির উত্তরাধিকারী করিলে, এবং বহু চেষ্টায় বিরচিত স্বকীয় প্রদীপ হইতে এক প্রদীপ জ্বালিয়া আমার হাতে দিলে এবং আচার্য্য নরহরি যে তথ্য বুঝাইয়া গিয়াছেন তাহা আমার বুদ্ধিতে আরূঢ় করিয়া দিলে। ৯।

(আচার্য্য নরহরি) বলিয়াছেন—('বোধসারে অনুভবনবকম্ ৬); "যাঁহারা আত্মসাক্ষাৎকার লাভ করিয়াছেন এইরূপ জ্ঞানিগণের কৃপায় স্বাভাবিক আনন্দ লাভ ঘটিলে, সাধকগণ, যাঁহারা যোগশাস্ত্রের উপদিষ্ট উপায়াবলম্বনে সমাধির অনুষ্ঠান করিতেছিলেন, তখন সেই সাধনপ্রয়াস বৃথা ক্লেশকর বুঝিয়া, তাহাতে উদাসীন হইয়া পড়েন এবং ক্রমে ক্রমে পরিত্যাগ করিতে থাকেন। যেমন নিবিড় নিদ্রা অপ্রার্থিত হইলেও আক্রমণ করে, সেইরূপ তখন কপিল, পতঞ্জলি প্রভৃতির আদরের বস্তু নিরোধনামক দৃঢ় সমাধি (যাহা বেদান্তিসম্মত স্বাত্মরূপ সমাধির প্রাপক বা উপায়ভূত, তাহা) আপনা হইতেই ক্রমে ক্রমে (কিন্তু অব্যাহতভাবে) আসিতে থাকে। এই বিস্ময়কর বৃত্তান্ত শুনিয়া রাখ।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০

শ্রাবয়িত্বা সকৃৎ "তত্ত্বং" দত্তং যন্মে ত্বয়া গুরো।
কোটিকৃত্বো "গুরো ত্বং" মে নালং তদৃণশুদ্ধয়ে॥
অহন্তামমতারূপং বিত্তং শিষ্টং যদস্তু মে।
তৎসর্ব্বমধমর্ণস্য হ্যাত্মসাৎ ক্রিয়তামিতি॥ ১০।
ভবদীয়শিষ্যশ্রীদুর্গাচরণস্য প্রার্থনা।

হে গুরো, তুমি একবার মাত্র "তত্ত্বমসি" ("তাহাই তুমি") মহাবাক্য শ্রবণ করাইয়া আমাকে যাহা দিয়াছ, আমি কোটি বার "গুরো তুমি" "গুরো তুমি" বলিয়া উক্তরূপে গান করিলেও তোমার ঋণ পরিশোধ করিতে পারিব না।

"আমি ও আমার"-রূপ যে ধন তোমার অধমর্ণ আমার অদ্য অবশিষ্ট রহিয়াছে, তাহা সকলই তুমি আত্মসাৎ কর—ইহাই ভবদীয় শিষ্য শ্রীদুর্গাচরণের প্রার্থনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. . . . .
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

বিষয়বিশ্লেষণ ও সূচী

বিষয়।		পৃষ্ঠাঙ্ক।
টীকানুক্রমণিকা	...	১—৪
মঙ্গলাচরণ	...	৪—৮
গ্রন্থারম্ভ (গ্রন্থকারের প্রতিজ্ঞা)	...	৮—১১
বৈরাগ্যাদি সাধনলাভের উপায়	...	১১— ১৩
বৈরাগ্যলক্ষণ	...	১৩— ১৪
বিবেক বা নিত্যানিত্যবিচার	...	১৪— ১৬
শম ও দমের স্বরূপ	...	১৬
উপরতি ও তিতিক্ষার স্বরূপ	...	১৭
শ্রদ্ধা ও সমাধানের স্বরূপ	...	১৮
মুমুক্ষুতার স্বরূপ	...	১৮
বিচার অবশ্য কর্ত্তব্য	...	১৯— ২১
বিচার কি প্রকার	...	২১— ২৮
অজ্ঞানের স্বরূপনির্ণয়	...	২৯— ৩২
আত্মার স্বপ্রকাশতা	...	৩২— ৩৪
মূঢ়ের লক্ষণ	...	৩৪— ৩৫
জ্ঞানের স্বরূপনিরূপণ	...	৩৫— ৪১
শূন্যবাদে দোষদর্শন	...	৪১— ৪৩
দেহাত্মবাদে দোষদর্শন	...	৪৩— ৫০
কর্ম্মকাণ্ডেও আত্মা দেহভিন্ন	...	৫১— ৫২
লিঙ্গদেহ আত্মা নহে	...	৫২— ৫৩
আত্মা, স্থূল ও সূক্ষ্মদেহ হইতে বিভিন্নস্বভাব	...	৫৩— ৫৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়।		পৃষ্ঠাঙ্ক।
দেহদ্বয় হইতে আত্মার পার্থক্যনির্দ্দেশে শঙ্কা	...	৫৪— ৫৫
দেহভেদ অসত্য, নিরূপণপ্রতিজ্ঞা	...	৫৫— ৬০
ভেদ মিথ্যা—ইহা শ্রুতিপ্রমাণ সিদ্ধ	...	৬০— ৬২
ভেদদর্শনে শ্রুতি কথিত দোষ	...	৬২
ব্রহ্মকার্য্য সমস্তই ব্রহ্মরূপ	...	৬৩— ৬৫
জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ভেদদর্শনই ভয়ের কারণ		৬৫— ৬৬
অজ্ঞান বশতঃই ভেদ প্রতীতি ; জ্ঞান দ্বারাই অভেদ প্রতীতি		৬৬— ৬৮
একাত্মজ্ঞানেই শোকাদির অভাব	...	৬৮— ৬৯
আত্মার ব্রহ্মত্ব শ্রুতিসিদ্ধ	...	৬৯— ৭০
স্বপ্নের দৃষ্টান্তে প্রপঞ্চের অলীকতা নিরূপণ	...	৭০
অবস্থাত্রয় মিথ্যা, আত্মাই সত্য	...	৭০— ৭২
জীবকল্পিত দৃষ্টান্ত দ্বারা তৎপ্রতিপাদন	...	৭২
প্রপঞ্চ ব্রহ্মে কল্পিত—তদ্বিষয়ে বহুদৃষ্টান্ত	...	৭৩— ৭৬
ব্রহ্মের সঙ্গেই সকল ব্যবহার হয়	...	৭৭— ৭৮
প্রপঞ্চ গ্রহণে ব্রহ্মেরই গ্রহণ	...	৭৮— ৭৯
শুদ্ধ আত্মা কেন অশুদ্ধ	...	৭৯— ৮০
অদ্বৈত জ্ঞানের পর আত্মানাত্মবিভাগ নিষ্ফল	...	৮০— ৮১
অজ্ঞের দেহাত্মবুদ্ধির দৃষ্টান্ত	...	৮১— ৮৩
অজ্ঞের দেহাত্মবুদ্ধির কারণ	...	৮৩— ৮৮
জ্ঞানদ্বারা দেহাধ্যাসনিবৃত্তি	...	৮৮— ৯০
আত্মবিচার দ্বারাই কালাতিক্রমণ কর্ত্তব্য	...	৯০— ৯১
যুক্তিতে প্রারব্ধ অসিদ্ধ	...	৯১— ৯৫
অজ্ঞানই জগৎ প্রপঞ্চের উপাদান	...	৯৫— ৯৯
জ্ঞানীর প্রারব্ধাভাবে শ্রৌত প্রমাণ	...	৯৯—১০০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়।		পৃষ্ঠাঙ্ক।
প্রারব্ধাঙ্গীকারে দোষ	...	১০০—১০৩
রাজযোগাঙ্গবর্ণন প্রতিজ্ঞা	...	১০৪—১০৫
নিদিধ্যাসনের আবশ্যকতা	...	১০৫—১০৬
নিদিধ্যাসনের পঞ্চদশ অঙ্গ	...	১০৬
যম	...	১০৬—১০৮
নিয়ম	...	১০৮—১০৯
ত্যাগ	...	১১০—১১১
মৌন	...	১১১—১১৩
বিজন দেশ	...	১১৩—১১৪
কাল	...	১১৪
আসন	...	১১৪—১১৫
সিদ্ধাসন	...	—১১৫
মূলবন্ধের নিরূপণ	...	১১৬—১১৭
দেহসাম্যনিরূপণ	...	১১৮
দৃষ্টিস্থিতি নিরূপণ	...	১২১—১২৩
প্রাণায়াম নিরূপণ	...	১২১—১২৩
প্রত্যাহার নিরূপণ	...	১২৩—১২৪
ধারণা নিরূপণ	...	১২৫
ধ্যান নিরূপণ	...	১২৬—১২৭
সমাধি নিরূপণ	...	১২৭—১২৮
নিদিধ্যাসনের অবধি নিরূপণ	...	১২৭—১২৮
নিদিধ্যাসনের অবধি নিরূপণ	...	১২৯
নিদিধ্যাসনের ফল নিরূপণ	...	১২৯—১৩০
সমাধিবিঘ্ন নিরূপণ	...	১৩০—১৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়।		পৃষ্ঠাঙ্ক।
বৃত্তিই বন্ধমোক্ষকারণ	...	১৩১—১৩১
ব্রহ্মবৃত্তি শূণ্যের নিন্দা	...	১৩২
ব্রহ্মবৃত্তি পুরুষের প্রশংসা	...	১৩২
বোধদৃঢ়তায় ব্রহ্মবৃত্তি পুরুষের মুক্তি	...	১৩৩
কেবল শব্দবাদী মোক্ষে বঞ্চিত	...	১৩৩—১৩৪
ব্রহ্মনিষ্ঠের নিরন্তর ব্রহ্মবৃত্তি	...	১৩৪—১৩৫
বেদান্ত সিদ্ধান্ত	...	১৩৫—১৩৮
ব্রহ্মভাবনায় ব্রহ্মত্বলাভ	...	১৩৯—১৪০
প্রপঞ্চকে ব্রহ্মরূপে ভাবনা	...	১৪০
রাজযোগের উপসংহার	...	১৪১—১৪৪
টীকার উপসংহার	...	১৪৪—১৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.... .. ..
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

অথ অপরোক্ষানুভূতিঃ।

শ্রীমদ্বিদ্যারণ্যমুনিবিরচিত দীপিকা টীকার বঙ্গানুবাদ সহ।

টীকাকার বিদ্যারণ্যমুনিকৃত মঙ্গলাচরণ।

শ্রীগণেশায় নমঃ।

স্বপ্রকাশশ্চহেতুর্যঃ পরমাত্মা চিদাত্মকঃ।
অপরোক্ষানুভূত্যাখ্যঃ সোঽহমস্মি পরং সুখম্॥ ১।

অন্বয়। যঃ চিদাত্মকঃ পরমাত্মা স্বপ্রকাশঃ হেতুঃ চ, অপরোক্ষানুভূত্যাখ্যঃ সঃ অহং পরং সুখম্ অস্মি।

ব্যাখ্যা। যে চৈতন্যস্বরূপ পরমাত্মা আপনাকে প্রকাশ করিবার জন্য, দীপাদির ন্যায় অন্য বস্তুর অপেক্ষা রাখেন না অর্থাৎ অবেদ্য হইয়াও অপরোক্ষ (বুদ্ধীন্দ্রিয়াদির অগোচর হইলেও আত্মচৈতন্যরূপে প্রত্যক্ষ), এবং যিনি সর্প প্রতীতির আধারভূত রজ্জুর ন্যায়, জগদ্বিবর্ত্তের অধিষ্ঠান রূপে জগতের কারণ, সেই পরমাত্মারই নামান্তর অপরোক্ষানুভূতি; আমি অপরোক্ষানুভূতি হইতে ভিন্ন নহি; এই কারণেই, অর্থাৎ অদ্বিতীয় ও স্বভাবতঃ নিরাবরণ বলিয়া, আমি পরমসুখস্বরূপ।

শঙ্কা—আচ্ছা, যদি আমি ভিন্ন দ্বিতীয় বস্তু নাই, তাহা হইলে লোকে কেন কল্পিত ঈশ্বরের শরণাপন্ন হয়, কল্পিত গুরুর কৃপা প্রার্থনা করে এবং ক্রিয়া ও ভোগ্য বস্তু কল্পনা করিয়া করিয়া আপনাকে কর্ত্তা ও ভোক্তা মনে করে? ইহারই উত্তরে বলিতেছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঈশগুর্ব্বাত্মভেদাদ্যঃ সকলব্যবহারভূঃ।
ঔপাধিকঃ স্বচিন্মাত্রঃ সোঽপরোক্ষানুভূতিকঃ॥ ২।

অন্বয়। যঃ ঈশগুর্ব্বাত্মভেদাৎ সকলব্যবহারভূঃ (ভবতি), ঔপাধিকঃ স্বচিন্মাত্রঃ সঃ অপরোক্ষানুভূতিকঃ।

ব্যাখ্যা। যিনি ঈশ্বর, গুরু ও জীবাত্মা—এই ভিন্ন ভিন্ন রূপে উপাসনা, উপদেশ, সংসারভোগ প্রভৃতি সকল প্রকার ব্যবহারের আস্পদ হইয়াছেন, তিনি আমার চৈতন্য ভিন্ন আর কিছুই নহেন। ভিন্ন ভিন্ন উপাধি বশতঃই তাঁহার ঐ প্রকার ভিন্ন ভিন্ন রূপ। তিনিই আমাদিগের অনুসন্ধের অপরোক্ষানুভূতি নামক আদরের বস্তু।

এই দুই শ্লোকে মঙ্গলাচরণ পরিসমাপ্ত হইল। তদনন্তর আলোচ্য বিষয়ের অনুসরণ করিতেছেন।

তদেবমনুসন্ধায় নির্ব্বিঘ্নাং স্বেষ্টদেবতাম্।
অপরোক্ষানুভূত্যাখ্যামাচার্য্যোক্তিং প্রকাশয়ে॥ ৩।

অন্বয়। তৎ এবং নির্ব্বিঘ্নাং স্বেষ্টদেবতাং অনুসন্ধায় অপরোক্ষানুভূত্যাখ্যাং আচার্য্যোক্তিম্ (অহং) প্রকাশয়ে।

ব্যাখ্যা। যে আত্মদেবের স্বরূপ অনুসন্ধান করিলে, তাঁহাকে অব্যাহত-সুখস্বরূপ জানিয়া, সর্ব্বপ্রকার বিঘ্ন তুচ্ছ করিয়া নির্ভয় হওয়া যায়, তিনিই আমার ইষ্টদেবতা। আপনার বাহিরের কোন ইষ্টদেবতা প্রসন্ন হইয়া অভীষ্ট সিদ্ধিপ্রদান করিলেও, প্রতিকূল প্রারব্ধাদির দ্বারা সেই সিদ্ধি বিঘ্নিত ও আংশিকরূপে ব্যাহত হইতে পারে, কিন্তু আত্মদেব প্রসন্ন হইয়া একবার জ্ঞানরূপ সিদ্ধি প্রদান করিলে, প্রতিকূলপ্রারব্ধ আত্মধ্যানের বিঘ্ন করিলেও, আত্মজ্ঞান অব্যাহত থাকিয়া মুক্তিরূপ পরম সিদ্ধি প্রদান করে। অতএব তাঁহার এইরূপ অনুস্মরণ দ্বারাই মঙ্গলাচরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুসম্পন্ন হইল। এক্ষণে পরম পূজ্যপাদ শঙ্করাচার্য্যের "অপরোক্ষানু-ভূতি" নামক গ্রন্থের ব্যাখ্যায় প্রবৃত্ত হইতেছি।

যদ্যপীয়ংস্বতঃস্পষ্টা তথাপি স্বাত্মসিদ্ধয়ে।
যত্নোঽয়ং সোঽপি সংক্ষেপাৎ ক্রিয়তেঽনর্থনাশনঃ ॥ ৪ ।

অন্বয়। যদ্যপি ইয়ং স্বতঃস্পষ্টা, তথাপি স্বাত্মসিদ্ধয়ে অয়ম্ অনর্থনাশনঃ যত্নঃ ; সঃ অপি সংক্ষেপাৎ ক্রিয়তে।

ব্যাখ্যা। যদ্যপি এই অপরোক্ষানুভূতিনাম্নী আচার্য্যশঙ্করের উক্তি স্বভাবতঃ সুগম, তথাপি আমি নিজে ইহার সাহায্যে, আত্মোপলব্ধি করিবার জন্য ইহার সংক্ষিপ্ত ব্যাখ্যানে প্রবৃত্ত হইলাম। আমার এই প্রযত্নদ্বারা, পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসার নামক অনর্থ নিবৃত্ত হইবে ; এই ব্যাখ্যান সংক্ষিপ্ত হওয়াতে পাঠকগণের আয়াসকর হইবে না। (অথচ ইহা দুর্ব্বোধ্য নহে।)

ক্বাহমুল্কাকরঃ ক্বায়ং সূর্য্যস্তেজোনিধিঃকিল।
তথাপি ভক্তিমান্ কঃ কিং ন কুর্য্যাৎস্বহিতাপ্তয়ে ॥ ৫ ।

অন্বয়। উল্কাকরঃ অহং ক্ব, অয়ং কিল তেজোনিধিঃ সূর্য্যঃ ক্ব ; তথাপি স্বহিতাপ্তয়ে ভক্তিমান্ কঃ কিং ন কুর্য্যাৎ ?

ব্যাখ্যা। কোথায় বা আমার বুদ্ধি উল্কার (মশালের) ন্যায় স্বল্পতেজো-বিশিষ্টা, আর কোথায় বা আচার্য্য শঙ্করের, সূর্য্যের ন্যায় অপরিমেয়-জ্যোতির আধার বলিয়া প্রসিদ্ধ, এই গ্রন্থ। এতদুভয়ের পার্থক্য অতি মহৎ। টীকা রচনা করিয়া এই গ্রন্থের অর্থ প্রকাশ করা, মশাল হস্তে লইয়া সূর্য্যকে প্রকাশ করিবার ন্যায় উপহাসাস্পদ। তথাপি যে ব্যক্তি ভক্তিমান্ সে, আপনার হিতসাধনে প্রবৃত্ত হইয়া কোন্ কার্য্যে না হস্তক্ষেপ করে? ভাবার্থ এই—পরমকারুণিক আচার্য্যপাদ শঙ্কর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মজ্ঞানদানে উন্মুখ; আমিও আত্মজ্ঞানলাভে ঔৎসুক্য হেতু বিবশ। আত্মজ্ঞানলোলুপ হইয়া আচার্য্যের স্বতঃস্পষ্ট উপদেশের ব্যাখ্যা করিতে গিয়া, হাস্যাস্পদ হইলেও আচার্য্য, আমার এই টীকা রচনা দ্বারা সূচিত দুর্ব্বোধ্যতাদোষারোপে ক্ষুব্ধ না হইয়া বরং প্রীতই হইবেন, জানিয়া আমি হাস্যাস্পদ হইবার আশঙ্কাকে উপেক্ষা করিয়াছি।

এক্ষণে ভগবান্ **শঙ্করাচার্য্য**, যাহাতে গ্রন্থের সমাপ্তি হইতে পারে, সেই জন্য (অগ্রে) আপনার মনে মনে স্বকীয় ইষ্টদেবতার অনুস্মরণরূপ মঙ্গলাচরণ করিয়া, পরে শিষ্যের শিক্ষার নিমিত্ত প্রবন্ধের প্রথমেই সেই মঙ্গলাচরণ শ্লোকাকারে নিবদ্ধ করিতেছেন।

মঙ্গলাচরণ।

শ্রীহরিংপরমানন্দমুপদেষ্টারমীশ্বরম্।
ব্যাপকং সর্ব্বলোকানাং কারণং তং নমাম্যহম্ ॥ ১।

অন্বয়। অহং পরমানন্দম্ উপদেষ্টারম্ ঈশ্বরং ব্যাপকং সর্ব্বলোকানাং কারণং তং শ্রীহরিং নমামি।

অনুবাদ। যিনি পরমানন্দস্বরূপ, (কৃতানুভব আচার্য্যের উপদেশ বচন দ্বারা) উপদেশক, সর্ব্বশক্তিমান্, ব্যাপক এবং সর্ব্বজগৎপ্রপঞ্চের কারণ, আমি সেই শ্রীহরিকে নমস্কার করিতেছি।

ব্যাখ্যা। এস্থলে উপক্রমণিকাস্বরূপ কয়েকটী কথা গ্রন্থ বুঝিবার জন্য সবিশেষ উপযোগী হইবে:—পদার্থ দুই প্রকার—আত্মা ও অনাত্মা। তন্মধ্যে আত্মা আবার দুই প্রকার—ঈশ্বর ও জীব। এই দুইটীর প্রত্যেকটী আবার শুদ্ধ ও অশুদ্ধ ভেদে দ্বিবিধ। তন্মধ্যে অশুদ্ধ ঈশ্বর মায়োপাধিক এবং অশুদ্ধ জীব অবিদ্যোপাধিক। এই দুই উপাধিবশতঃই তদুভয়ের মধ্যে (উপাস্য-উপাসক প্রভৃতি) ভেদব্যবহার সম্ভবপর হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর শুদ্ধ ঈশ্বর ও শুদ্ধ জীব পরস্পর অভিন্ন বলিয়া ব্যবহৃত হইয়া থাকেন।

আবার অনাত্মবস্তুও কারণ, সূক্ষ্ম ও স্থূল ভেদে ত্রিবিধ। এই তিনটীকে যথাক্রমে কারণশরীর, সূক্ষ্মশরীর ও স্থূলশরীর নামে অভিহিত করা হয়।

প্রথম পদার্থটী (অর্থাৎ আত্মা) চিৎস্বরূপ ; দ্বিতীয় পদার্থটী বা অনাত্মা জড়স্বরূপ। সেই হেতু ইহারা আলোক ও অন্ধকারের ন্যায় পরস্প পৃথক্ ও বিরুদ্ধস্বভাব। এতদুভয়কে পৃথক্ করিয়া না বুঝাই বন্ধের কারণ, এবং তদুভয়কে পৃথক্ করিয়া বুঝাই মোক্ষের কারণ। ইহার সংক্ষিপ্ত সঙ্কেত মাত্র। (এই প্রণালী ধরিয়া আরও অনুধাবন করিলে, বিষয়টী সবিশেষ পরিস্ফুট হইবে।)

"অহম্"—এ স্থলে "অহং" শব্দ অশুদ্ধ জীবকে বুঝাইতেছে। সেই জীব দেহত্রয়বিশিষ্ট বলিয়া অশুদ্ধ, কেননা সেই হেতুই জীব অপকৃষ্ট, অর্থাৎ প্রণত হইবার যোগ্য। "তং নমামি"—তাঁহাকে নমস্কার করি ; তাঁহাকে অর্থাৎ ঈশ্বরকে, যিনি মায়া এবং মায়ার কার্য্য বিনাশ করিতে সমর্থ হইলেও, সেই মায়ার আশ্রয়স্বরূপ হইয়া বিশ্বের কারণ বলিয়া, বেদান্ত শাস্ত্রে প্রসিদ্ধ আছেন। তিনি সর্ব্বোৎকৃষ্ট বলিয়া (অর্থাৎ প্রণামের যোগ্য বলিয়া) তাঁহার প্রতি "নমঃ" শব্দ * প্রয়োগ করিতেছি ; অর্থাৎ তাঁহাকেই আমার স্বরূপ বলিয়া অনুসন্ধান করিতেছি। তিনি সর্ব্বোৎকৃষ্ট বলিয়া অনুসন্ধানের যোগ্য, ইহাই বুঝাইবার জন্য বলিতেছেন "শ্রীহরিম্"—(১) "শ্রিয়ং হরতীতি শ্রীহরিঃ"

---

* "ওঁম্-স্বাহা-স্বধা-বষণ্-ণম ইতি পঞ্চ ব্রহ্মণো নামানি। বাঙ্মনঃকায়ৈরারাধ্যাধীনাত্মত্বসম্পাদনং ব্রহ্মত্বাপরনামধেয়ং নমঃশব্দার্থঃ।" ওঁম্, স্বাহা, স্বধা, বষট্ ও নমঃ এই পাঁচটি ব্রহ্মের নাম। বাক্য, মন, ও শরীর দ্বারা, আপনার (নিজের) স্বরূপ আরাধ্য দেবতার অধীন অর্থাৎ তৎস্বরূপ হইতে পৃথক্ নহে, এইরূপ অবধারণ "নমঃ" শব্দের অর্থ। তাহার অপর নাম ব্রহ্মত্ব। (রুদ্রাধ্যায়ভাষ্যে ভট্টভাস্কর)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যিনি শ্রীকে (মোক্ষলক্ষ্মীকে) ধারণ করেন, অথবা (২) শ্রী শব্দের অর্থ অবিদ্যা, কেননা সকল জীব, প্রলয়, সুষুপ্তি প্রভৃতি কালে সেই অবিদ্যাকে আপনার 'আশ্রয়'রূপে গ্রহণ করে (শ্রি ধাতুর অর্থ আশ্রয় করা।) সেই অবিদ্যারূপ উপাধি দ্বারা জীবের জীবত্ব সংঘটিত হয়। সেই অবিদ্যাকে, যিনি আত্মজ্ঞান প্রদান করিয়া হরণ করেন, বা বিনাশ করেন, তিনিই শ্রীহরি। অথবা (৩) "শ্রীরেব হরিঃ শ্রীহরিঃ" কিম্বা হরিই সকলের অধিষ্ঠান বলিয়া "শ্রী" বা আশ্রয় এই নামে অভিহিত হইয়া থাকেন। যিনি শ্রী (আশ্রয়), তিনিই হরি, ইহাই "শ্রীহরি" শব্দের তৃতীয় ব্যুৎপত্তি।

আচ্ছা, হরি যে—অবিদ্যা এবং অবিদ্যার কার্য্য হরণ করিয়া থাকেন,—সেই হরণের ফল কি? এই আশঙ্কার উত্তরে, পরমপুরুষার্থপ্রাপ্তিই তাহার ফল, ইহা সূচনা করিবার উদ্দেশ্যে, শ্রীহরির পরমানন্দরূপতা বুঝাইবার জন্য "পরমানন্দম্" এই বিশেষণটি দিলেন। "পরমানন্দম্"—পরম অর্থাৎ অবিনাশী ও সর্ব্বাতিশায়ী (যাহা সকল উৎকৃষ্ট বস্তুকে অতিক্রম করে বলিয়া উৎকৃষ্ট,) যে আনন্দ বা সুখবিশেষ, তাহাই শ্রীহরির রূপ।

আচ্ছা, তাহা হইলে ত তিনি রূপরসাদিভোগজনিত সুখের ন্যায় জড় হইলেন। এই আশঙ্কার উত্তরে বলিতেছেন। তিনি "উপদেষ্টা"—আচার্য্যের দ্বারা তিনি আত্মসুখের উপদেশক, চিন্ময়, অর্থাৎ জড় নহেন।

আচ্ছা, যিনি কেবল আনন্দস্বরূপ তিনি কি প্রকারে 'উপদেষ্টা' হইবেন? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন—"ঈশ্বরম্"—যিনি 'ঈষ্টে' বা প্রভাব প্রয়োগ করেন অর্থাৎ যিনি বিচিত্রশক্তি বলিয়া অঘটন-ঘটনসমর্থ, এইরূপ শ্রীহরিকে আমি প্রণাম করি, এইরূপ অন্বয়। শ্রীহরি এইরূপ হইলেও, তিনি বিচিত্রশক্তিমত্তারূপ পরিচ্ছেদ বশতঃ পরিচ্ছন্ন বস্তু বলিয়া ঘটাদির ন্যায় অনাত্মপদার্থ মধ্যে ত' পরিগণিত হইতে পারেন; এই আশঙ্কার উত্তরে বলিতেছেন "ব্যাপকম্"—যিনি আপনার সত্তা এবং প্রকাশ দ্বারা, নাম এবং রূপকে ব্যাপিয়া আছেন অর্থাৎ নাম ও রূপ মিথ্যা হইলেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহার সত্ত্বা ও প্রকাশ লাভ করিয়া, সত্য বলিয়া প্রতীত হয়। দেশ এবং কাল, সকল বস্তুরই পরিচ্ছেদক, কিন্তু তাহারা মায়িক বলিয়া, তাঁহার পরিচ্ছেদক হইতে পারে না, এই কারণে তিনি ব্যাপক বা অনন্ত।

আচ্ছা, তিনি যদি দেশ ও কালেরও ব্যাপক বলিয়া অনন্ত হ'ন, তবে ব্যাপ্যব্যাপক ভাবে সেই অনন্তত্বও অসিদ্ধ, (কেননা দেশ ও কাল মায়িক, সেই হেতু অসত্য। অসত্য বস্তুর ব্যাপক হইলেই অনন্ত হয় না) এই হেতু বলিতেছেন "সর্ব্বলোকানাং কারণং"—যিনি এক বা অদ্বিতীয় হইয়া সর্ব্বলোকের কারণ হন, তাঁহাকে অবশ্যই একাধারে নিমিত্ত ও উপাদান * উভয়ই হইতে হইবে। শ্রুতিও এই মর্ম্মে বলিতেছেন—তৈত্তিরীয় উপনিষদের ব্রহ্মবল্লীতে (প্রথম বল্লীতে) আছে]। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ব্রহ্ম সত্যজ্ঞানস্বরূপ অর্থাৎ কালত্রয়েও অব্যভিচারি চিন্মাত্রস্বরূপ এবং অনন্ত—দেশ, কাল ও বস্তুকৃত পরিচ্ছেদশূন্য। প্রজাপতিঃ প্রথমজা ঋতস্যাত্মনাত্মানমভিসম্বভূব"। (†) (কৃষ্ণযজুর্ব্বেদীয় তৈত্তিরীয়ারণ্যক, প্রপাঠক ১০, অনুবাক ১।) প্রজাপতি

---

* অভিপ্রায় এই—যেমন একখণ্ড রজ্জুতে, সর্প, মালা, ভূমির ফাট, ষাঁড়ের মূত্ররেখা প্রভৃতি অসংখ্য বস্তুর প্রতীতি হইলেও, সেই রজ্জুখণ্ডকে অনন্ত বলা যায় না, কেননা সেই রজ্জুখণ্ড স্বয়ং সান্ত, যেহেতু সেই রজ্জুতে সেই রজ্জুর উপাদান ও রজ্জুর নির্ম্মাতা বা নিমিত্তকারণ, এতদুভয়জনিত ও পরস্পরের ভেদজনিত পরিচ্ছেদ বিদ্যমান ; সেইরূপ, ব্রহ্মে দেশকালাদি অসংখ্য মায়িক বস্তুর প্রতীতি হইলেও ব্রহ্মকে সেই কারণে অনন্ত বলা যাইতে পারে না, কেননা ব্রহ্মেও ত' পূর্ব্বোক্তরূপ নিমিত্তোপাদানজনিত পরিচ্ছেদ থাকিতে পারে।

তদুত্তরে বলিতেছেন যে ব্রহ্ম স্বয়ং একাধারে নিমিত্ত কারণ ও উপাদান কারণ হওয়াতে ব্রহ্মে উক্তরূপ পরিচ্ছেদের আশঙ্কা হইতে পারে না। এইহেতু ব্রহ্মের অনন্তত্ব অসিদ্ধ নহে ; আর শ্রুতিবচনেও ব্রহ্মের অনন্তত্ব সমর্থিত হইতেছে। "সত্যং জ্ঞানং" ইত্যাদি।

† [ক্ষেমরাজকৃত সংস্করণের 'সম্বিবেশ' পাঠ মূলে পাওয়া গেল না]।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(হিরণ্যগর্ভ) সত্যস্বরূপ ব্রহ্মের প্রথমকার্য্যভূত, * * তিনি স্বস্বরূপদ্বারা, অর্থাৎ তদ্বিষয়ক তত্ত্বজ্ঞান দ্বারা সত্যজ্ঞানাদিলক্ষণ আপনাকে, সর্ব্বত্র (সর্ব্বকার্য্যমধ্যে) সম্যগ্‌রূপে পাইলেন (উপলব্ধি করিলেন) [সায়ণভাষ্য]। এইরূপ আরও শ্রুতিবচন আছে।

গ্রন্থকারের প্রতিজ্ঞা।

অপরোক্ষানুভূতির্বৈ প্রোচ্যতে মোক্ষসিদ্ধয়ে।
সদ্ভিরেব প্রযত্নেন বীক্ষণীয়া মুহুর্মুহুঃ ॥ ২ ।

অন্বয়। মোক্ষসিদ্ধয়ে অপরোক্ষানুভূতিঃ বৈ প্রোচ্যতে, সদ্ভিঃ এব (ইয়ং) প্রযত্নেন মুহুর্মুহুঃ বীক্ষণীয়া।

অনুবাদ। যাহাতে অধিকারিগণ মোক্ষলাভ করিতে পারেন, এই উদ্দেশ্যে অপরোক্ষানুভূতি নামক গ্রন্থ কথিত হইতেছে। যাঁহারা মুমুক্ষু, তাঁহারাই অত্যাদরের সহিত যত্নপূর্ব্বক এই গ্রন্থের পুনঃপুনঃ বিচার করিবেন।

ব্যাখ্যা। এক্ষণে যাহাতে বুদ্ধিমান্ ব্যক্তির এই গ্রন্থপাঠে প্রবৃত্তি জন্মে, সেইহেতু (এই গ্রন্থের অধিকারী, বিষয়, সম্বন্ধ ও প্রয়োজন নামক) চারিটি অনুবন্ধ দেখাইয়া, আপনি যে বিষয়টী প্রতিপাদন করিতে অভিলাষ করিয়াছেন, তাহারই বিন্যাস করিতেছেন। “বৈ” এই প্রসিদ্ধিদ্যোতক অব্যয়শব্দদ্বারা, অপরোক্ষানুভূতি সম্বন্ধে তত্ত্বজ্ঞানী-দিগের অনুভবই প্রমাণ, ইহাই সূচনা করিতেছেন। ইহার অর্থ এই, যাহা জ্ঞানীদিগের অনুভব দ্বারা সবিশেষ প্রমাণিত হইয়াছে, যাহা ‘তত্ত্বমসি’ প্রভৃতি মহাবাক্যের শ্রবণ হইতে উৎপন্ন হয়, এবং যাহা জীবাত্মা হইতে অভিন্ন ব্রহ্মকে প্রকাশ করিয়া থাকে, সেই।

“অপরোক্ষানুভূতিঃ”—যাহা অক্ষসকলের বা ইন্দ্রিয় সকলের পর বা অতীত, তাহা পরোক্ষ ; যাহা সেরূপ নহে, তাহাই অপরোক্ষ ; যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্রকাশ আত্মতত্ত্ব, ইন্দ্রিয়সমূহের অধিষ্ঠান ও প্রকাশকরূপে নিত্যপ্রত্যক্ষ, তাহাই অপরোক্ষ শব্দের অর্থ। তাহার অনুভূতি অর্থাৎ বৃত্তিতে * প্রতিভাত অখণ্ডতা। কিম্বা, অপরোক্ষ যে অনুভূতি তাহাই অপরোক্ষানুভূতি—ব্রহ্মসাক্ষাৎকার; তাঁহার অপর নাম "বিদ্যা"; সেই বিদ্যার সাধন বলিয়া এই গ্রন্থকেও উপচারক্রমে, 'অপরোক্ষানুভূতি' বলা হয়। যেমন 'উপনিষৎ' † শব্দের অর্থ 'জ্ঞান' হইলেও সেই জ্ঞানের সাধন বলিয়া গ্রন্থকেও উপনিষৎ বলে, সেইরূপ যেগ্রন্থ, অবলোকনমাত্রেই তৎক্ষণাৎ উত্তমাধিকারীদিগের ব্রহ্মসাক্ষাৎকারের কারণ হয়, সেইরূপ গ্রন্থবিশেষ এই অপরোক্ষানুভূতি শব্দের অর্থ। ইহা দ্বারা এই গ্রন্থের অনুবন্ধ চতুষ্টয়ের মধ্যে "বিষয়" নামক প্রথম অনুবন্ধটি প্রদর্শিত হইল। সেই বিষয়টি নিত্যাপরোক্ষ ব্রহ্মাত্মতত্ত্ব। তাহা এই গ্রন্থে "প্রোচ্যতে"—প্রকৃষ্টরূপে উক্ত হইতেছে, অর্থাৎ তৎসম্বন্ধে বিশেষ বিশেষ আশঙ্কার নিরাকরণ অর্থাৎ সমাধান পূর্ব্বক এবং সিদ্ধান্তরহস্য প্রদর্শনপূর্ব্বক কথিত হইতেছে। এ স্থলে "আমাদিগের কর্ত্তৃক" এই কর্ত্তৃপদ ঊহ্য করিয়া অর্থ বুঝিতে হইবে। আমরা অর্থাৎ পূর্ব্বাচার্য্যগণ।

---

* "অস্তি" অর্থাৎ (বিষয়ীর অতিরিক্ত) বিষয় আছে এইরূপ ব্যবহারের হেতু যে অবিদ্যা তাহার ও অন্তঃকরণের পরিণামকে 'বৃত্তি' বলে। অনুভূতি—অন্তঃকরণের অখণ্ডাকারা বৃত্তি।

† কঠোপনিষদের ভাষ্যের ভূমিকা দ্রষ্টব্য। "এইরূপ অর্থযোগেই বিদ্যাকে "উপনিষৎ" বলা হয়। এখন প্রশ্ন হইতেছে যে, কেন পাঠকগণ ব্রহ্মবিদ্যাপ্রতিপাদক গ্রন্থকেও 'উপনিষৎ' বলিয়া থাকেন? যথা—আমরা 'উপনিষৎ' অধ্যয়ন করিতেছি এবং অধ্যাপনা করিতেছি; ইত্যাদি। হাঁ, ঐরূপ ব্যবহারে দোষ হয় না; কারণ, সংসারের কারণীভূত অবিদ্যাদি দোষসমূহের বিশরণ বা শৈথিল্যসম্পাদন প্রভৃতি সদ্‌ধাতুর যে সমুদয় অর্থ উক্ত আছে, শুধু গ্রন্থে তাহার সম্ভব হয় না, পরন্ত বিদ্যাতেই সম্ভব হয়; অথচ সেই ব্রহ্মবিদ্যাপ্রতিপাদনই যখন গ্রন্থের উদ্দেশ্য এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচ্ছা, একটী প্রবচন প্রচলিত আছে, (তাহার অর্থ এই)—অধিকাংশ স্থলে, মূঢ় ব্যক্তিও প্রয়োজন না থাকিলে কোন কার্য্যে প্রবৃত্ত হয় না। সেই হেতু যখন কোন প্রয়োজন নাই, তখন এই গ্রন্থের আরম্ভ নিষ্প্রয়োজন। এই আশঙ্কার উত্তরে বলিতেছেন "মোক্ষসিদ্ধয়ে"—মোক্ষসিদ্ধিই এই গ্রন্থের প্রয়োজন। মোক্ষ শব্দের অর্থ—অনাত্মদেহাদিতে নিজের অবিদ্যা বশতঃ, যে আত্মাভিমান বা 'আমি' বলিয়া ভ্রম হয়, তাহার নিবৃত্তি করিয়া, আত্মস্বরূপে অবস্থান। সেই মোক্ষের সিদ্ধি বা প্রাপ্তিই এই গ্রন্থের প্রয়োজন। এতদ্দ্বারা দ্বিতীয় অনুবন্ধ বা 'প্রয়োজন' প্রদর্শিত হইল। সেই প্রয়োজন, সর্ব্বপ্রকার অনর্থের নিবৃত্তির দ্বারা পরমানন্দপ্রপ্তি। এই 'অপরোক্ষানুভূতি' গ্রন্থখানি কি প্রকার? তদুত্তরে বলিতেছেন "সদ্ভিরেব মুহুর্মুহুঃ বীক্ষণীয়া"—সাধুদিগের কর্ত্তৃকই অতি আদরের সহিত বারম্বার বিচার করিবার যোগ্য। এস্থলে 'সাধু' শব্দের অর্থ যাঁহারা মুক্তিকামী, এবং নিত্যানিত্যবস্তুবিবেক প্রভৃতি অর্থাৎ বৈরাগ্য, ষট্‌সম্পত্তি ও মুমুক্ষুতা এই চারিটি সাধনযুক্ত। এ স্থলে "এব বা "ই" শব্দের অর্থ—অপরকর্ত্তৃক নহে, অর্থাৎ যাঁহারা কর্ম্মের বা উপাসনার অধিকারী, তাঁহারা এই গ্রন্থে উপাদেয় কিছুই পাইবেন না। "মুহুর্মুহুঃ" শব্দের অর্থ, দীর্ঘকাল ধরিয়া, নিরন্তর অভ্যাস ও প্রযত্নপূর্ব্বক অর্থাৎ স্নানভিক্ষাদিতে অনাদর করিয়া; "বীক্ষণীয়া" শব্দের অর্থ—গুরুমুখ হইতে ইহার ব্যাখ্যান শ্রবণ করিয়া বিচার করিবার যোগ্য। এতদ্দ্বারা

কারণে "আয়ুর্বৈ ঘৃতম্" অর্থাৎ ঘৃতই আয়ুঃ, এই স্থলে যেমন আয়ুর কারণ বলিয়া ঘৃতকেই "আয়ুঃ" বলা হইয়া থাকে, সেইরূপ, সেই ব্রহ্মবিদ্যাপ্রতিপাদক গ্রন্থেও তৎপ্রতিপাদ্যবিদ্যাবোধক 'উপনিষৎ' শব্দের প্রয়োগ অসঙ্গত হয় না বা হইতে পারে না। অতএব, ব্রহ্মবিদ্যাই উপনিষদের মুখ্য অর্থ, গ্রন্থে তাহার গৌণ অর্থ।"—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থকৃত কঠোপনিষদের বঙ্গানুবাদ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থের 'অধিকারী' নামক তৃতীয় অনুবন্ধ প্রদর্শিত হইল। মুমুক্ষুই সেই অধিকারী। ইহার ভাবার্থের দ্বারা 'সম্বন্ধ' নামক চতুর্থ অনুবন্ধও সূচিত হইল। সেই সম্বন্ধ এই যে, বেদের পূর্ব্বকাণ্ড (কর্ম্ম ও উপাসনা), সাধনস্বরূপ, এবং উত্তরকাণ্ড (জ্ঞান), সাধ্যস্বরূপ; অর্থাৎ কর্ম্ম ও উপাসনা দ্বারা চিত্তশুদ্ধি হইলে জ্ঞান সিদ্ধ হয়, এইরূপ বুঝিতে হইবে।

সংসারের প্রত্যেক কার্য্যই যখন কারণের অধীন, তখন পূর্ব্বোক্ত সাধনচারিটি কোন্ কারণ হইতে উৎপন্ন হয়? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন—

বৈরাগ্যাদি সাধনলাভের উপায়।

স্ববর্ণাশ্রমধর্ম্মেণ তপসা হরিতোষণাৎ।
সাধনঞ্চ ভবেৎ পুংসাং বৈরাগ্যাদিচতুষ্টয়ম্ ॥ ৩।

অন্বয়। স্ববর্ণাশ্রমধর্ম্মেণ তপসা হরিতোষণাৎ পুংসাং বৈরাগ্যাদি (সাধন-) চতুষ্টয়ং ভবেৎ ॥

অনুবাদ। ব্রাহ্মণত্বাদি নিজ নিজ বর্ণ এবং ব্রহ্মচর্য্যাদি নিজ নিজ আশ্রম প্রযুক্ত ধর্ম্মসমূহের, নিষ্কাম অনুষ্ঠান হইতে যে পুণ্য জন্মে তদ্দ্বারা, প্রায়শ্চিত্ত দ্বারা, এবং ভগবৎপ্রীতিকর কর্ম্মানুষ্ঠান দ্বারা, (অথবা স্ববর্ণাশ্রম-ধর্ম্মের অনুষ্ঠানরূপ যে তপশ্চরণ, তদ্দ্বারা যে হরিতোষণ, তাহা হইতে,) পুরুষের বৈরাগ্যাদি সাধনচতুষ্টয় উৎপন্ন হইতে পারে।

ব্যাখ্যা। "স্ববর্ণাশ্রমধর্ম্মেণ"—এ স্থলে 'স্ব' শব্দের অর্থ আত্মা; সেই আত্মা তিন প্রকার—মুখ্য, গৌণ ও মিথ্যা। যিনি দেহের সর্ব্বাবস্থার অর্থাৎ সুষুপ্ত্যাদির সাক্ষী, তিনি মুখ্য আত্মা। "আত্মা বৈ পুত্র নামাসি" হে পুত্র, তুমি আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাই হইতেছ ইত্যাদি মন্ত্রে পুত্রাদি গৌণ আত্মা ; আর (যাহাতে 'আমি'-বুদ্ধি হয় সেই) দেহাদি মিথ্যা আত্মা। এই তিন প্রকার আত্মার মধ্যে মিথ্যাত্মা দেহাদি, বর্ণাশ্রমধর্ম্মপালনের যোগ্য বলিয়া, তাহাই এস্থলে 'স্ব' শব্দের অর্থ। সেই দেহাদির ব্রাহ্মণত্বাদি বর্ণ এবং ব্রহ্মচর্য্যাদি আশ্রমপ্রযুক্ত ধর্ম্মের দ্বারা, অর্থাৎ ব্রহ্মার্পণকৃত বা নিষ্কামভাবে অনুষ্ঠিত, কর্ম্মানুষ্ঠান দ্বারা যে "অপূর্ব্ব" জন্মে, তদ্দ্বারা। * সেই অপূর্ব্ব নামক পুণ্যবশতঃ ; এবং 'তপসা'—কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্তের দ্বারা এবং "হরিতোষণাৎ"—শ্রীহরির প্রীতি সম্পাদন দ্বারা অর্থাৎ সর্ব্বভূতে দয়াপ্রদর্শনরূপ কর্ম্মবিশেষের অনুষ্ঠান দ্বারা, যদ্দ্বারা ভগবানের প্রীতি সম্পাদিত হয়, তাহা হইতে। এই তিনটি সাধন দ্বারা "বৈরাগ্যাদিচতুষ্টয়ং সাধনং"—বৈরাগ্য, বিবেক, ষট্‌সম্পত্তি ও মুমুক্ষুতা নামক মোক্ষের সাধক ধর্ম্মবিশেষ ; "(পুংসাং) ভবেৎ,"—এই ক্রিয়াপদে যে বিধিলিঙের প্রয়োগ হইয়াছে, তাহার অর্থ সম্ভাবনা। কিম্বা, এই শ্লোকের এরূপও অন্বয় হইতে পারে—স্ববর্ণাশ্রমধর্ম্মের অনুষ্ঠানরূপ যে তপশ্চরণ, তদ্দ্বারা যে হরিতোষণ, তাহা হইতে। যদ্যপি পূর্ব্বোক্ত সাধনচতুষ্টয়ের মধ্যে প্রথমে বিবেক হইতে বৈরাগ্য, এবং তাহার পর বৈরাগ্য হইতে শমাদি সম্পত্তি উৎপন্ন হয়, এবং তাহা হইতে মুমুক্ষুতা উৎপন্ন হয়, এইরূপ কার্য্যকারণপরম্পরা সম্বন্ধ আছে, তথাপি বৈরাগ্যই (মোক্ষের) অসাধারণ কারণ † ইহা বুঝাইবার জন্য অগ্রে বৈরাগ্যই উল্লিখিত হইল বুঝিতে হইবে।

---

* অনুষ্ঠানান্তর কর্ম্মের বিনাশ হইয়া যায় এবং কালান্তরে সেই কর্ম্মের ফললাভ হয়, ইতোমধ্যে কর্ম্মফল কোথায় কি ভাবে থাকে ?—এই প্রশ্নের উত্তরে পূর্ব্বমীমাংসাশাস্ত্র বলেন যে, কর্ম্মানুষ্ঠান হইতে "অপূর্ব্ব" নামে প্রসিদ্ধ একটি বস্তু জন্মে ; কর্ম্ম বিনষ্ট হইলে তাহাই ভাবিফলের আধার স্বরূপ হইয়া থাকে।

† যাহা কার্য্যের নিয়ত অব্যবহিতপূর্ব্বপর্ত্তী তাহাকে কারণ বলে। কারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই বৈরাগ্যাদি চারিটী সাধন কি প্রকার? এই আকাঙ্ক্ষার নিবৃত্তির জন্য আচার্য্য স্বয়ংই ব্যাখ্যা করিয়া বলিতেছেন; চতুর্থ হইতে নবম পর্য্যন্ত ছয়টি শ্লোক সেই ব্যাখ্যা। তন্মধ্যে এই শ্লোকে বৈরাগ্যের লক্ষণ বলিতেছেন—

'বৈরাগ্য' কাহাকে বলে?

ব্রহ্মাদি স্থাবরান্তেষু বৈরাগ্যং বিষয়েষ্বনু।
যথৈব কাকবিষ্ঠায়াং বৈরাগ্যং তদ্ধি নির্ম্মলম্ ॥ ৪।

অন্বয়। যথা এব কাকবিষ্ঠায়াং (বৈরাগ্যং), তথা ব্রহ্মাদিস্থাবরান্তেষু বিষয়েষু অনু, (ইচ্ছারাহিত্যং) বৈরাগ্যং (ভবতি), হি (যস্মাৎ) তৎ বৈরাগ্যং নির্ম্মলং (ভবতি)।

অনুবাদ।—লোকের যেমন কাকবিষ্ঠায় ইচ্ছা হয় না, সত্যলোক হইতে মর্ত্ত্যলোক পর্য্যন্ত সকল ভোগসাধনেই সেইরূপ ইচ্ছারাহিত্য হইলেই তাহাকে বৈরাগ্য বলা যায়। কেননা, সেই বৈরাগ্যই নির্ম্মল বৈরাগ্য, (অন্য বৈরাগ্য মর্কটবৈরাগ্য)।

দুইপ্রকার—সাধারণ ও অসাধারণ। যাহা সকল কার্য্যের কারণ, তাহা সাধারণ কারণ। যাহা একটিমাত্র কার্য্যের কারণ, তাহা অসাধারণ কারণ। ঈশ্বর, ঈশ্বরের জ্ঞান, ইচ্ছা ও কৃতি, দিক্, কাল, অদৃষ্ট, প্রাগভাব ও প্রতিবন্ধকাভাব এই নয়টিকে সাধারণ কারণ বলে। এই নয়টি ভিন্ন, ঘটের কপালাদির ন্যায় (ঘটের অঙ্গীভূত পোড়ামাটীর খোলা বা খাপ্‌রার মত) অপর সকল কারণ, অসাধারণ কারণ। এস্থলেও গুণবৈতৃষ্ণ্য নামক পরবৈরাগ্যই মোক্ষলাভের অসাধারণ কারণ। এই কারণে, শ্লোকে বৈরাগ্যাদি চতুষ্টয় বলা হইয়াছে।

আবার—নিষ্কাম কর্ম্ম ও উপাসনা দ্বারা শুদ্ধীকৃত অন্তঃকরণ, উক্ত চারিটি সাধনেরই উপাদান কারণ, এই কারণে, উক্ত সাধনচতুষ্টয়ের সাধারণ কারণ; কিন্তু শুদ্ধচিত্তে উদিত বিবেকই বৈরাগ্যের অসাধারণ কারণ। আবার বৈরাগ্য, শমদমাদি সাধনের অসাধারণ কারণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "ব্রহ্মাদি স্থাবরান্তেষু"—ব্রহ্মা হইতে স্থাবর পর্য্যন্ত, অর্থাৎ সত্যলোক হইতে আরম্ভ করিয়া মর্ত্তালোক পর্য্যন্ত যাহা যাহা ভোগের সাধন, তাহাতে, "অনু"—ইহার অর্থ 'লক্ষ্য করিয়া', অর্থাৎ উক্ত সকল লোকই কর্ম্মজনিত বলিয়া অনিত্য, সেই অনিত্যতাকে লক্ষ্য করিয়া। "বৈরাগ্য" —ইচ্ছারাহিত্য। সেই ইচ্ছারাহিত্যের দৃষ্টান্ত দিয়া বলিতেছেন "যথা এব কাকবিষ্ঠায়াম্" কাকবিষ্ঠার গ্রহণে যেমন কাহারও ইচ্ছার সম্ভাবনা নাই; কোন সময়ে কোন ব্যক্তির, জ্বররোগের শান্তির জন্য গর্দ্দভাদির বিষ্ঠার সংগ্রহেও প্রবৃত্তি হইতে পারে। এস্থলে কাকবিষ্ঠার উল্লেখ উপলক্ষণ মাত্র, ইহার দ্বারা বমি প্রভৃতিকেও বুঝিতে হইবে। বিষয়ে ইচ্ছার অনুদয়ই প্রকৃত বৈরাগ্য। ইহা সমর্থন করিবার জন্য হেতুগর্ভ বিশেষণ দিতেছেন "হি (যস্মাৎ) তৎ বৈরাগ্যং নির্ম্মলং"—যে হেতু সেই বৈরাগ্যই রাগদ্বেষ প্রভৃতি সর্ব্বপ্রকার মলরহিত।

এক্ষণে বৈরাগ্যের কারণভূত বিবেকের নির্ণয় করিতেছেন।

বিবেক বা নিত্যানিত্য বিচার।

নিত্যমাত্মস্বরূপং হি দৃশ্যং তদ্বিপরীতগম্।
এবং যো নিশ্চয়ঃ সম্যগ্বিবেকো বস্তুনঃ স বৈ ॥ ৫ ।

অন্বয়। আত্মস্বরূপং হি নিত্যং, দৃশ্যং তদ্বিপরীতগম্, এবং যঃ সম্যক্ নিশ্চয়ঃ সঃ বৈ বস্তুনঃ বিবেকঃ ॥

অনুবাদ। আত্মা স্বভাবতঃই অবিনাশী; দৃশ্যমান্ অনাত্মবস্তুর স্বভাব তাহার বিপরীত, অর্থাৎ তাহা বিনাশী। এইরূপ দৃঢ় নিশ্চয়কেই নিত্যানিত্য পদার্থের বিচার বলে।

ব্যাখ্যা। 'বৈ' শব্দের অর্থ প্রসিদ্ধ। "সঃ বৈ বস্তুনঃ বিবেকঃ"—তাহাই (নিত্য) পদার্থের উত্তম বিচার বলিয়া প্রসিদ্ধ। সেটি কি? এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশঙ্কার উত্তরে বলিতেছেন "এবং সম্যক্ নিশ্চয়ঃ"—এই প্রকার সংশয়াদি-শূন্য অবধারণ। এইরূপ নিশ্চয় কি প্রকার?—তদুত্তরে বলিতেছেন "আত্মস্বরূপং হি নিত্যম্—আত্মা স্বরূপতঃ নিত্য, অবিনাশী (দেশকালাদির দ্বারা) অবাধিত, অর্থাৎ সত্য, ইহা জ্ঞানীদিগের অনুভবপ্রসিদ্ধ। শ্রুতি বলিতেছেন "অবিনাশী বা অরেঽয়মাত্মা (অনুচ্ছিত্তিধর্ম্মা)" (বৃহদা, উ-৪।৫।১৪) আত্মা স্বভাবতঃই অনুচ্ছিত্তিধর্ম্মক (উচ্ছেদরহিত), সুতরাং অবিনাশী, আত্মার বিনাশ কখন সম্ভব হয় না। 'দৃশ্যং তদ্বিপরীতগম্'—দৃশ্যমান্ অনাত্ম বস্তুর স্বরূপ সেই আত্মবস্তুর স্বরূপের বিপরীতভাবে গমন করে, অর্থাৎ ব্যবহারাস্পদ হয় অর্থাৎ ইন্দ্রিয়মনের গোচর হয় বলিয়া, আত্মস্বরূপের (বিষয়ীর) বিপরীত, এবং বিনাশী—দেশকালাদির দ্বারা বাধিত হইবার যোগ্য। এস্থলে এইরূপ অনুমান * সূচিত হইতেছে—

আত্মস্বরূপ নিত্য। (প্রতিজ্ঞা)।

যে হেতু আত্মা দ্রষ্টা। (হেতু)।

যাহা নিত্য নহে, তাহা দ্রষ্টা নহে, যেমন ঘটাদি। (উদাহরণ)।

এস্থলে সাধ্যাভাবের সহিত হেত্বভাবের ব্যাপ্তি রহিয়াছে বলিয়া হেতুটি কেবল ব্যতিরেকী। (অনাত্মস্বরূপ সম্বন্ধেও সেইরূপ অনুমান যথা—)

অনাত্মস্বরূপ অনিত্য। (প্রতিজ্ঞা)।

যেহেতু তাহা দৃশ্য। (হেতু)।

যাহা অনিত্য নহে, তাহা দৃশ্য নহে, যেমন আত্মস্বরূপ। (উদাহরণ)।

এস্থলেও সাধ্যাভাবের সহিত হেত্বভাবের ব্যাপ্তি রহিয়াছে বলিয়া হেতুটি কেবল ব্যতিরেকী।

এইরূপে পঞ্চম শ্লোক পর্য্যন্ত, বৈরাগ্যের কারণভূত বিবেকের ব্যাখ্যা

* "বেদান্তশাস্ত্রের উপযোগী অনুমান-প্রমাণ-নিরূপণ" মদনূদিত "দৃগ্-দৃশ্যবিবেকের" পরিশিষ্টে দেখুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করা হইল। এক্ষণে বৈরাগ্যের কার্য্য বা ফল—শম, দম প্রভৃতি ছয়টিকে (৬ হইতে ৮ পর্য্যন্ত এই তিনটি শ্লোক দ্বারা) নির্দ্দেশ করিতেছেন।

শম ও দমের স্বরূপ ;

সদৈব বাসনাত্যাগঃ শমোঽয়মিতি শব্দিতঃ।
নিগ্রহো বাহ্যবৃত্তীনাং দম ইত্যভিধীয়তে ॥ ৬।

অন্বয়। সদা এব বাসনাত্যাগঃ অয়ং শমঃ ইতি শব্দিতঃ। বাহ্যবৃত্তীনাং নিগ্রহঃ দমঃ ইতি অভিধীয়তে।

অনুবাদ। সকল অবস্থাতেই চিত্তস্থিত সংস্কারসমূহকে উপেক্ষা করাকে শম বলে। সেইরূপ কর্ণ, বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণের নিষিদ্ধ বিষয়ে প্রবৃত্তির নিরোধকে দম বলে।

ব্যাখ্যা। "সদা এব" সকল সময়েই অর্থাৎ সকলপ্রকার বিক্ষেপেই "বাসনাত্যাগঃ"—পূর্ব্বসংস্কারের * উপেক্ষাকেই "শম" বলে। অন্তঃকরণের নিগ্রহই শম শব্দের অর্থ। "দমঃ"—শ্রবণ বাক্ প্রভৃতি বাহ্যবৃত্তিক ইন্দ্রিয়ের নিগ্রহকে অর্থাৎ তাহাদের নিষিদ্ধ বিষয়ে প্রবৃত্তির পরিহারকে 'দম' বলে। "ইতি"—এই শব্দ দ্বারা, "অভিধীয়তে"—কথিত হয়।

* বাসিষ্ঠরামায়ণ, উপশম প্রকরণ (৯১।২৯),—"দৃঢ়ভাবনয়া ত্যক্তপূর্ব্বাপরবিচারণম্। যদাদানং পদার্থস্য বাসনা সা প্রকীর্ত্তিতা।" পূর্ব্বাপরবিচার পরিত্যাগ পূর্ব্বক, যথা আমি, আমার এই প্রকার দৃঢ় সংস্কারের সহিত, যে দেহাদিপদার্থের গ্রহণ হয়, তাহাকে বাসনা বলে—অর্থাৎ আমি, আমার এইরূপ পূর্ব্বার্জ্জিত দৃঢ় সংস্কার উদ্বুদ্ধ হইবার কারণ বা ফল কি, ইত্যাদি বিচার করিবার অবসর না পাইয়া আপনাকে দেহ, কর্ত্তা, ইত্যাদি বলিয়া মনে করা এবং তদনুসারে কার্য্য করিয়া ফেলা, সেই বাসনাবশতঃই ঘটে।

সুহৃজ্জনের "কর কি" বলিবার পূর্ব্বেই 'কর্‌ছি কি' এই বলিয়া চিত্তকে শান্ত করার নাম শম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপরতি ও তিতিক্ষার স্বরূপ।

বিষয়েভ্যঃ পরাবৃত্তিঃ পরমোপরতির্হি সা।
সহনং সর্ব্বদুঃখানাং তিতিক্ষা সা শুভা মতা ॥ ৭ ।

অন্বয়। বিষয়েভ্যঃ হি যা পরাবৃত্তিঃ সা পরমা উপরতিঃ; সর্ব্বদুঃখানাং (যৎ) সহনং সা (বিদুষাং) শুভা তিতিক্ষা মতা।

অনুবাদ। রূপরসাদি প্রসিদ্ধ ইন্দ্রিয়ভোগ্যবস্তুর ভোগ হইতে যে নিবৃত্তি অর্থাৎ গ্রহণে অনিচ্ছা তাহাই উৎকৃষ্ট উপরতি। সকল প্রকার দুঃখের প্রতীকারে যে অনিচ্ছা, তাহাই সুখরূপা তিতিক্ষা।

ব্যাখ্যা। "হি" শব্দের অর্থ প্রসিদ্ধি অর্থাৎ বন্ধের কারণ বলিয়া যাহারা চিরপ্রসিদ্ধ, সেই "বিষয়েভ্যঃ"—রূপরসাদি বিষয়সমূহ হইতে, "যা পরাবৃত্তিঃ"—যে নিবৃত্তি, অনিত্যত্বাদি দোষদর্শনহেতু গ্রহণে অনিচ্ছা, "সা উপরতিঃ"—তাহাকে "উপরতি" বলে। সেই উপরতি কি প্রকার? ইহার উত্তরে বলিতেছেন, "পরমা"—পর অর্থাৎ উৎকৃষ্ট যে আত্মা তাঁহার জ্ঞান যাহা হইতে উৎপন্ন হয়, তাহাই পরমা অর্থাৎ আত্মজ্ঞানের সাধনভূতা *। এই উপরতি দ্বারা সর্ব্বকর্ম্মের সন্ন্যাসকে লক্ষ্য করা হইতেছে; এবং "সর্ব্বদুঃখানাং"—সকল প্রকার দুঃখের কারণভূত শীতোষ্ণাদি দ্বন্দ্বসমূহের, যে "সহনং"—প্রতীকারে অনিচ্ছা; "সা শুভা তিতিক্ষা মতা" তাহাই পণ্ডিতগণসম্মত সুখরূপা চিত্তবিক্ষেপহীনতা বা শান্তিরূপা তিতিক্ষা; (বিক্ষিপ্তচিত্তে দুঃখসহন শুভা তিতিক্ষা নহে)। †

---

* পরঃ পরমাত্মা মীয়তে জ্ঞায়তে যস্যাঃ সকাশাৎ সা পরমা—এইরূপ ব্যুৎপত্তি দ্বারা উক্ত অর্থের সিদ্ধি হয়।

† "সহনং সর্ব্বদুঃখানামপ্রতীকারপূর্ব্বকম্। চিন্তাবিলাপরহিতং সা তিতিক্ষা নিগদ্যতে।" বিবেকচূড়ামণিঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রদ্ধা ও সমাধানের স্বরূপ ঃ

নিগমাচার্য্যবাক্যেষু ভক্তিঃ শ্রদ্ধেতি বিশ্রুতা।
চিত্তৈকাগ্র্যন্তু সল্লক্ষ্যে সমাধানমিতি স্মৃতম্ ॥ ৮।

অন্বয়--নিগমাচার্য্যবাক্যেষু ভক্তিঃ শ্রদ্ধা ইতি বিশ্রুতা, তু সল্লক্ষ্যে চিত্তৈকাগ্র্যং সমাধানম্ ইতি স্মৃতম্।

অনুবাদ—বেদগুরুবচনে কিম্বা উপনিষদাদির সদ্ব্যাখ্যাতৃগণের বাক্যে যে বিশ্বাস, তাহাই শ্রদ্ধা বলিয়া প্রসিদ্ধ এবং ব্রহ্মরূপ একমাত্র সত্য বস্তুকে লক্ষ্য করিয়া চিত্তের একাগ্রতাভ্যাসকে পূর্ব্বাচার্য্যগণ সমাধান বলিয়াছেন।

ব্যাখ্যা—"নিগমাচার্য্যবাক্যেষু"—বেদবচন এবং গুরুবচনে, কিম্বা উপনিষদ্রূপ নিগমের যাঁহারা সদ্ব্যাখ্যা করিয়াছেন, সেই আচার্য্যগণের উপদেশে, "ভক্তিঃ"—ভজন বা বিশ্বাস "সা শ্রদ্ধা ইতি বিশ্রুতা"—তাহাই বেদান্তশাস্ত্রের শ্রদ্ধা বলিয়া প্রসিদ্ধ। 'তু' আবার; "সল্লক্ষ্যে"—"সদেব সৌম্যেদমগ্র আসীৎ" (ছান্দোগ্য, উ ৬।২।১) হে সৌম্য, সৃষ্টির পূর্ব্বে এই নামরূপাত্মক জগৎ সৎ অর্থাৎ অব্যাকৃতাত্মক ঈশ্বরভূত ছিল, ইত্যাদি শ্রুতিবচনে সে জীবাত্মা হইতে অভিন্ন ব্রহ্মকে লক্ষ্য করা হইয়াছে তাহাতে "চিত্তৈকাগ্র্যং" কেবল মাত্র সেই ব্রহ্মবিষয়িনী জিজ্ঞাসা "তৎ সমাধানং স্মৃতম্"—তাহাকেই পূর্ব্বাচার্য্যগণ 'সমাধান' বলিয়াছেন।

এইরূপে শম, দম প্রভৃতি ছয়টি নিরাকরণ করিয়া, সেই ছয়টীর ফলস্বরূপ মুমুক্ষুতার নিরূপণ করিতেছেন।

মুমুক্ষুতার স্বরূপ ঃ

সংসারবন্ধনির্মুক্তিঃ কথং মে স্যাৎকদা বিধে।
ইতি যা সুদৃঢ়া বুদ্ধির্বক্তব্যা সা মুমুক্ষুতা ॥ ৯।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। হে বিধে! কদা কথং মে সংসারবিমুক্তিঃ স্যাৎ ইতি বা সুদৃঢ়া বুদ্ধিঃ সা মুমুক্ষুতা বক্তব্যা।

অনুবাদ। হে আমার দৈব (অথবা হে বিধাতঃ) কবে, কি প্রকারে আমার বিবিধ যোনিতে জন্মের সহিত সম্বন্ধনিবৃত্তিরূপ মুক্তি ঘটিবে? এইরূপ অত্যন্ত দৃঢ় বুদ্ধিকে মুমুক্ষুতা বলে।

ব্যাখ্যা। "ইতি যা সুদৃঢ়া বুদ্ধিঃ সা মুমুক্ষুতা বক্তব্যা"—এইরূপে অন্বয় করিতে হইবে। অর্থ—এইরূপ দৃঢ় নিশ্চয়কেই মুমুক্ষুতা বলে। সেই দৃঢ় নিশ্চয় কি প্রকার? এই হেতু বলিতেছেন, (ভোঃ) "বিধে," —হে আমার দৈব, অথবা হে সকলের কর্ত্তা, বিধাতঃ; "মে সংসারবন্ধনির্মুক্তিঃ"—নানা যোনিতে জন্মের সহিত আমার সম্বন্ধনিবৃত্তি, "কদা"—কোন্ সময়ে, "কথং"—কি প্রকারে, "ভবেৎ"—হইবে—এইরূপ বুদ্ধিকেই মুমুক্ষুতা বলে।

বিচার অবশ্য কর্ত্তব্য।

যে উদ্দেশ্যে এই সাধনচতুষ্টয়ের বিবরণ প্রদত্ত হইল, এক্ষণে তাহা প্রকাশ করিতেছেন।

উক্তসাধনযুক্তেন বিচারঃ পুরুষেণ হি।
কর্ত্তব্যো জ্ঞানসিদ্ধ্যর্থমাত্মনঃ শুভমিচ্ছতা ১০।

অন্বয়। উক্ত সাধনযুক্তেন পুরুষেণ হি আত্মনঃ শুভম্ ইচ্ছতা জ্ঞানসিদ্ধ্যর্থং বিচারঃ কর্ত্তব্যঃ।

অনুবাদ। যে পুরুষ সাধনচতুষ্টয়সম্পন্ন, তিনিই আপনার কল্যাণের বা মোক্ষসুখলাভের ইচ্ছা করিলে, জ্ঞানসিদ্ধির জন্য বিচার করিবেন। (জ্ঞান বিনা মোক্ষলাভের উপায় নাই, ইহাই সূচিত হইল)।

ব্যাখ্যা। "উক্ত সাধনযুক্তেন"—চতুর্থ হইতে নবম শ্লোক পর্য্যন্ত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই গ্রন্থাংশে বর্ণিত যে বৈরাগ্যাদি সাধন, জ্ঞানের উপকরণ (সাধন), সেই সেই সাধনযুক্ত, "পুরুষেণ"—অধিকারীর দ্বারা, দেহধারী মনুষ্যোত্তম দ্বারা, "হি"—পণ্ডিতগণমধ্যে 'সুপ্রসিদ্ধ' যে বিচার পরে বর্ণিত হইতেছে, অথবা 'হি'শব্দের অর্থ 'ই' অর্থাৎ এইরূপ পুরুষ দ্বারাই, অন্যের দ্বারা নহে, "বিচারঃ কর্ত্তব্যঃ" বিচারের আবৃত্তি বা বার বার বিবেকাভ্যাস, করা চাই। কি উদ্দেশ্যে এইরূপ করা চাই? এই হেতু বলিতেছেন "আত্মনঃ জ্ঞানসিদ্ধ্যর্থং"—ব্রহ্মের সহিত আপনার একত্ববোধ যাহাতে জন্মে, সেই জন্য। আচ্ছা, আত্মজ্ঞানলাভ করিয়া কোন্ পুরুষার্থ সিদ্ধ হইবে? এই আশঙ্কার উত্তরে চতুর্থ পুরুষার্থরূপ মোক্ষ নামক ফলের সূচনা করিয়া, তাহার প্রশংসা পূর্ব্বক বলিতেছেন, "শুভম্ ইচ্ছতা"—পরমানন্দস্বরূপ বলিয়া মঙ্গল, যে মোক্ষসুখ, তাহার কামনা করিয়া; "আত্মনঃ" এই শব্দটীর, জ্ঞানের সহিত অন্বয় না ঘটাইয়া "শুভ" এই শব্দের সহিত অন্বয় করা চলে। তাহা হইলে 'আপনার হিতকামনা করিয়া' এইরূপ অর্থ দাঁড়ায়।

আচ্ছা, জ্ঞানলাভের জন্য কেবলমাত্র বিচারই করিতে হইবে, এইরূপ নিয়ম কিহেতু করা হইতেছে? এই আশঙ্কার উত্তরে দৃষ্টান্ত দিয়া বুঝাইতেছেন :—

নোৎপদ্যতে বিনা জ্ঞানং বিচারেণান্যসাধনৈঃ।
যথা পদার্থভানং হি প্রকাশেন বিনা ক্বচিৎ ॥ ১১ ।

অন্বয়। (যথা) প্রকাশেন বিনা ক্বচিৎ পদার্থভানং (ন উৎপদ্যতে) হি, তথা বিচারেণ বিনা অন্যসাধনৈঃ জ্ঞানং ন উৎপদ্যতে।

অনুবাদ। যেমন আলোক বিনা কোনও স্থানে পদার্থের প্রকাশ হয় না, সেইরূপ বিচার বিনা, (কর্ম্ম, উপাসনা প্রভৃতি) অন্য সাধন দ্বারা জ্ঞান উৎপন্ন হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "বিচারেণ বিনা অন্যসাধনৈঃ" বিচার পরিত্যাগ করিয়া, কর্ম্ম ও উপাসনারূপ অন্য উপায় দ্বারা, "জ্ঞানং ন উৎপদ্যতে"—জ্ঞান উৎপন্ন হয় না। তদ্বিষয়ে দৃষ্টান্ত দিতেছেন "যথা কচিৎ"—যেমন জগতের কোনও স্থানে, "প্রকাশেন বিনা"—সূর্য্যাদির আলোক ব্যতিরেকে, "পদার্থজ্ঞানং ন ভবতি হি"—ঘটাদি বস্তুর প্রকাশ হয় না, ইহা সর্ব্বজন প্রসিদ্ধ। এই কারণেই পূর্ব্বোক্তরূপ নিয়ম করা হইল।

তাহা হইলে সেই বিচার কি প্রকার? তদুত্তরে বলিতেছেন :—

বিচার কি প্রকার?

কোঽহং কথমিদং জাতং কো বৈ কর্ত্তাঽস্য বিদ্যতে।
উপাদানং কিমস্তীহ বিচারঃ সোঽয়মীদৃশঃ ॥ ১২।

অন্বয়। অহং কঃ (অস্মি)? ইদং কথং জাতম্? কঃ বৈ অস্য কর্ত্তা বিদ্যতে? ইহ কিম্ উপাদানম্ অস্তি? অয়ম্ ঈদৃশঃ এব সঃ বিচারঃ (ভবতি)।

অনুবাদ। আমি কে? এই জগৎ কোথা হইতে আসিল? কেই বা জগতের কর্ত্তা আছেন? এই জগতে উপাদান কি আছে? এই প্রকার বিচারই সেই জ্ঞানসাধন বিচার।

ব্যাখ্যা। "অহং"—অর্থাৎ কর্ত্তা, যিনি সুখী, দুঃখী ইত্যাদিরূপে ব্যবহৃত হইয়া থাকেন। "কঃ"—তাঁহার স্বরূপ কি প্রকার? (প্রথম প্রশ্ন)। "ইদং" এই স্থাবরজঙ্গমাত্মক জগৎ, "কথং জাতং"—কি হইতে উৎপন্ন হইল? অর্থাৎ এই জগতের অধিষ্ঠান কি? (দ্বিতীয় প্রশ্ন)। "অস্য"—এই, প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধ জগতের, "কর্ত্তা"—উৎপাদক; "কঃ বৈ বিদ্যতে"—কেই বা আছেন? "বৈ" শব্দ দ্বারা কর্ত্তার বিকল্প (বিবিধ প্রকার কল্পনা) সূচিত হইতেছে, অর্থাৎ জীবগণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অদৃষ্টই কি এই জগতের কর্ত্তা, অথবা ঈশ্বর, অথবা অন্য কিছু, এই প্রকার বিবিধ কল্পনা ; (তৃতীয় প্রশ্ন)। "ইহ" এই জগতে "উপাদানং কিমস্তি ?" ঘটের উপাদান মৃত্তিকার ন্যায় কি উপাদান আছে। "অয়ম্ ঈদৃশঃ"—এই, অর্থাৎ আত্মা, জগৎ, জগতের নিমিত্ত কারণ ও উপাদান কারণ বিষয়ক, এইরূপ বিচার, "সঃ বিচারঃ" সেই জ্ঞানের সাধনরূপ বিচার।

"বার্হস্পত্যসূত্র" নামক গ্রন্থে আছে "চৈতন্যবিশিষ্ট কায়ঃ পুরুষঃ" চৈতন্যবিশিষ্ট দেহই পুরুষশব্দবাচ্য। এই সূত্রানুসারে চার্ব্বাকমতাবলম্বিগণ বলেন যে পৃথিবী প্রভৃতি চারিটি * ভূত দেহাকারে পরিণত হইলেই আত্মা হয়। সেই আত্মাই কর্ত্তা, সুখী, দুঃখী ইত্যাদি সকল প্রকার ব্যবহারের মূলীভূত। যখন এইরূপ সর্ব্বজনপ্রসিদ্ধি রহিয়াছে, তখন আত্মবিষয়ক বিচারের প্রয়োজন নাই। এইরূপ আপত্তি খণ্ডনের জন্য বলিতেছেন :—

নাহং ভূতগণো দেহো নাহং চাক্ষগণস্তথা।
এতদ্বিলক্ষণঃ কশ্চিদ্বিচারঃ সোঽয়মীদৃশঃ ॥ ১৩।

অন্বয়। অহং ভূতগণঃ দেহঃ ন (ভবামি), তথা অহং ন চ অক্ষগণঃ (ভবামি)। (অহম্) এতদ্বিলক্ষণঃ কশ্চিৎ ভবামি, অয়ম্ ঈদৃশঃ সঃ বিচারঃ (ভবতি)।

অনুবাদ। আমি ভূতগণসমষ্টি দেহ নহি, কিম্বা ভূতবিকার ইন্দ্রিয়গণও নহি। আমি এই স্থূল ও সূক্ষ্ম দেহ হইতে ভিন্ন কিছু। এইপ্রকার বিচারই সেই জ্ঞান-সাধন বিচার।

ব্যাখ্যা। "অহং"—"অহং" শব্দ এবং "অহং" প্রত্যয়ের আলম্বন স্বরূপ অন্তরাত্মা (জীবাত্মা বা আমি) ; "ভূতগণঃ (যঃ) দেহঃ"—পঞ্চভূতের

* ইঁহারা ব্যোমনামক ভূতের অস্তিত্ব স্বীকার করেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমষ্টিস্বরূপ যে দেহ, তাহা নহি ; কেন না, সেই দেহ ঘটাদির ন্যায় দৃশ্য বস্তু। তাহা হইলে তুমি ইন্দ্রিয়গণের সমষ্টি অবশ্যই হইবে—এইরূপ চার্ব্বাকমতাবলম্বী অন্য এক সম্প্রদায়ের মত উত্থাপন করিয়া তাহার খণ্ডন করিতেছেন, পক্ষান্তরে আমি "অক্ষগণঃ" শ্রোত্রাদি ইন্দ্রিয়ের সমষ্টিও নহি। "তথা" এই শব্দ দ্বারা বুঝান হইল যে দেহ যেমন ভূতবিকার, ইন্দ্রিয়গণও সেইরূপ। শ্রুতি বলিতেছেন—"**স বা এষ পুরুষোঽন্নরসময়ঃ**" (তৈত্তিরীয় উ, ২।১।১) এই সর্ব্বজন-প্রত্যক্ষ প্রসিদ্ধ (অন্নজ) স্থূলদেহ অন্নরসেরই বিকার। "**অন্নময়ং হি সৌম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্**" (ছান্দোগ্য উ, ৬।৫।৪) হে সৌম্য, মন (হইতেছে) অন্নময়, (ভুক্ত অন্ন দ্বারা পরিপুষ্ট) ; প্রাণ (হইতেছে) আপোময় (পীতজল দ্বারা উপচিত) ; আর বাগিন্দ্রিয় (হইতেছে) তেজোময় অর্থাৎ ভুক্ত তৈল ঘৃতাদি তেজঃপদার্থ দ্বারা পরিপুষ্ট।

এই প্রকার অন্যান্য শ্রুতিবাক্য উভয় স্থলেই অর্থাৎ আমি দেহ নহি এবং আমি ইন্দ্রিয়গণ নহি—এই দুই সিদ্ধান্তের, প্রমাণ।

আচ্ছা, যদি তুমি দেহদ্বয় না হইলে, তাহা হইলে, তুমি ত' শূন্য,—এই আশঙ্কার উত্তরে বলিতেছেন "অহং এতদ্বিলক্ষণঃ কশ্চিৎ ভবামি"—আমি এই স্থূল এবং সূক্ষ্ম দেহের বিপরীতধর্ম্মক কিছু হইতেছি। "কশ্চিৎ" —"**অস্থূলমনণ্বহ্রস্বম্**" (বৃহদা, উ, ৩।৮।৮) এই অক্ষর (ক্ষয়হীন) আত্মবস্তুটি স্থূল নয়, সূক্ষ্ম নয়, হ্রস্ব নয়, দীর্ঘ নয়—এইরূপ শ্রুতি বচন হইতে জানা যায় যে আত্মা জাত্যাদিরহিত বলিয়া, বাক্য এবং মনের অগোচর ; "কশ্চিৎ" বা কিছু এই শব্দ দ্বারা আত্মার সেই অগোচরত্বই সূচিত হইল। "অয়ম্ ঈদৃশঃ সঃ বিচারঃ" এই চতুর্থ পাদের ব্যাখ্যা পূর্ব্বেই প্রদত্ত হইয়াছে। অপর চারিটি শ্লোকেও তাহা সেইরূপেই বুঝিতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপে পূর্ব্বোক্ত ১৩শ শ্লোকে 'আমি কে ?' এই প্রশ্নের উত্তর দিয়া এই সংসার কি প্রকারে উৎপন্ন হইল? এই প্রশ্নের উত্তর নির্ণয় করিতেছেন। তদ্বিষয়ে নৈয়ায়িক ও বৈশেষিকগণের মত এই যে, ক্ষিতি প্রভৃতি পঞ্চভূত যখন কার্য্যস্বরূপ, তখন তাহারা নিজ নিজ পরমাণু সমূহ হইতেই জন্মিয়া থাকে। মীমাংসকগণের মত এই যে, কর্ম্ম হইতেই সংসার জন্মে। সাংখ্য-বাদিগণ বলেন, প্রকৃতি হইতেই জগতের উৎপত্তি। এই প্রকার অনৈক্য হেতু, উক্ত প্রশ্নের উত্তর নিরূপণ করিবার জন্য বলিতেছেন :—

অজ্ঞানাৎ প্রভবং সর্ব্বং জ্ঞানেন প্রবিলীয়তে।
সঙ্কল্পো বিবিধঃ কর্ত্তা বিচারঃ সোঽয়মীদৃশঃ ॥ ১৪ ।

অন্বয়। অজ্ঞানাৎ প্রভবং সর্ব্বং জ্ঞানেন প্রবিলীয়তে। বিবিধঃ সঙ্কল্পঃ কর্ত্তা (ভবতি) ; অয়ম্ ঈদৃশঃ বিচারঃ সঃ এব।

অনুবাদ। অজ্ঞান হইতেই জগতের জন্ম ; সেই হেতু জ্ঞানদ্বারাই তাহার লয় হয়। নানাপ্রকার সঙ্কল্পই এই জগতের কর্ত্তা। এই প্রকার বিচারই জ্ঞানের সাধন।

ব্যাখ্যা। "সর্ব্বং" এই নামরূপাত্মক জগৎ, "অজ্ঞানাৎ প্রভবং" পূর্ব্বোক্ত স্বস্বরূপের অস্ফুরণ বা অপ্রকাশ হইতেই উৎপন্ন হয়। সংসার তদ্রূপ বলিয়া, "জ্ঞানেন"—সেই অজ্ঞানের বিরোধী যে জ্ঞান, তদ্দ্বারা অর্থাৎ স্বস্বরূপের স্ফুরণ দ্বারা ; "প্রবিলীয়তে"—আলোক দ্বারা যেরূপ অন্ধকার বিনষ্ট হয়, সেইরূপ নিঃশেষরূপে বিনষ্ট হইয়া যায়। "এই সংসারের কর্ত্তা কে ?" এই প্রশ্নের উত্তরে বলিতেছেন—"বিবিধঃ" নানাপ্রকার ; "সঙ্কল্পঃ"—"ইহা" (ইহা ঘট, ইহা পট) কিম্বা "করিব" (দর্শন করিব, গমন করিব) ইত্যাদি প্রকার অন্তঃকরণের পরিণাম ; "কর্ত্তা"—যাহা কারণের অনুকূল ব্যাপারবিশিষ্ট তাহাই (সংসারের) কর্ত্তা। * অবশিষ্টাংশ পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে।

* ঘটাদি সম্বন্ধে কপালাদি অসাধারণ কারণ। অসাধারণ কারণ (১২, ১৩ পৃঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তর 'সংসারের উপাদান কি?' এই প্রশ্নের উত্তর নির্ণয় করিতেছেন।

এতয়োর্যদুপাদানমেকং সূক্ষ্মং সদব্যয়ম্
যথৈব মৃদ্ঘটাদীনাং বিচারঃ সোঽয়মীদৃশঃ ॥ ১৫ ।

অন্বয়। যথা ঘটাদীনাং মৃৎ এব (উপাদানং) তথা এতয়ো যৎ উপাদানং তৎ সৎ অব্যয়ং একং সূক্ষ্মং (ভবতি) অয়ং ঈদৃশঃ বিচারঃ সঃ এব।

অনুবাদ। ঘটের উপাদান মৃত্তিকার ন্যায়, এই অজ্ঞান ও সঙ্কল্পের যাহা উপাদান, তাহা ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই নহে, যিনি কালত্রয় দ্বারা অবাধিত, ষড়্‌বিকারশূন্য, সজাতীয়াদি ভেদশূন্য এবং অবাঙ্মন-সগোচর। এইরূপ বিচারই জ্ঞানের সাধন।

ব্যাখ্যা। "এতয়োঃ" এই অজ্ঞান ও সঙ্কল্প এই দুইটির "যৎ উপাদানম্"

৩য় শ্লোকের পাদটীকা দেখুন) দুই প্রকার :—উপাদান ও নিমিত্ত। যাহার স্বরূপে কার্য্যের স্থিতি তাহা উপাদান কারণ, যথা ঘটের কপালাদি; উপাদানভিন্ন অসাধারণ কারণ নিমিত্ত কারণ; যথা (ঘটনির্ম্মাণে ব্যবহৃত) দণ্ডাদি। অসাধারণ কারণ আবার ব্যাপারহীন ও ব্যাপারযুক্ত—ভেদে দুই প্রকার। যাহা কারণ হইতে উৎপন্ন হইয়া কার্য্যকে উৎপাদন করে তাহাকে ব্যাপার কহে। ঘটের পক্ষে সংযোগরূপ ব্যাপারযুক্ত কপাল—'ব্যাপারযুক্ত অসাধারণ কারণ,"। আর যাহা, অপর কিছু দ্বারা কার্য্যকে উৎপাদন করে না, কিন্তু স্বয়ংই উৎপাদন করে, তাহা ব্যাপারহীন অসাধারণ কারণ, যেমন কপালদ্বয়ের সংযোগ। এই হেতু সংযোগ, করণ নহে কারণ। এই (কপালদ্বয়ের সংযোগরূপ অসাধারণ) কারণের অনুকূল যে ব্যাপার (সংযোগ), সেই ব্যাপারের আশ্রয়কে কর্ত্তা বলে। সংসার—রূপ, রস, শব্দ, স্পর্শ গন্ধাদির সমষ্টি। দর্শনাস্বাদনাদি ব্যাপারযুক্ত চক্ষুরসনাদি ইন্দ্রিয়রূপ অসাধারণ কারণকে সংসারোপলব্ধির কারণ বলে। সঙ্কল্পনামক অন্তঃকরণ পরিণাম—'দেখিব 'শুনিব' কিম্বা 'ইহা নীল' 'ইহা পীত' 'ইহা ঘট' 'ইহা পট' ইত্যাদিরূপ পরিণাম—সেই দর্শনাদি ব্যাপারের আশ্রয়, সেই হেতু সঙ্কল্পই সংসারের কর্ত্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে কারণে উৎপত্তি, স্থিতি ও নাশ হয়, তাহা কিন্তু "সৎ"—ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান এই তিন কাল দ্বারা অবাধিত বস্তু, ব্রহ্ম; তদ্ভিন্ন অন্য কিছুই নহে। এই হেতু, এই জগৎ, অজ্ঞানের কার্য্য বলিয়া মিথ্যা হইলেও, যতদিন না সেই অজ্ঞানের বিনাশক অধিষ্ঠানজ্ঞান উৎপন্ন হয়, ততদিন রজ্জুসর্প প্রভৃতি মিথ্যা বস্তুর ন্যায়, সংসারভয় ও সংসারব্যবহার উৎপাদন করিতে সমর্থ হয়। ব্রহ্মই যে সৎ বস্তু, তাহার কারণ দেখাইবার জন্য বলিতেছেন, "অব্যয়ং"—অপক্ষয়রহিত, এতদ্দ্বারা অপক্ষয়ের পূর্ব্ববর্ত্তী চারিটি বিকারের * অর্থাৎ জন্ম, অস্তিতা, বৃদ্ধিও বিপরিণাম, এই চারিটির নিষেধ করা হইল এবং বিনাশ নামক ষষ্ঠ বিকারেরও নিষেধ করা হইল। সর্ব্বশুদ্ধ এই ছয়টি ভাব বিকার তাহাতে না থাকার কারণ এই যে ইনি "একং"—সজাতীয়, বিজাতীয় ও স্বগতভেদশূন্য। † আচ্ছা, তাহা হইলে, সে বস্তু কেন দেখা যায় না? তদুত্তরে বলিতেছেন "সূক্ষ্মং"—মন, বাক্ ও চক্ষুরাদি ইন্দ্রিয়ের অগোচর, কেননা জাতি, ক্রিয়া ‡ প্রভৃতি যাহা যাহা অবলম্বন করিয়া, মন, বাক্য ও ইন্দ্রিয়, বস্তুপ্রকাশে সমর্থ হয়, তাহার কিছুই সেই সৎ বস্তুতে নাই। ব্রহ্ম যে উপাদান, তাহা দৃষ্টান্তদ্বারা বুঝাইতেছেন "যথা এব মৃৎ ঘটাদীনাং উপদানং তথা"—মৃত্তিকা যেমন ঘটাদির উপাদান

---

* যাস্কপঠিত ছয়টি ভাববিকার এই—অস্তি, জায়তে, বর্দ্ধতে বিপরিণমতে অপক্ষীয়তে, বিনশ্যতি। তন্মধ্যে জায়তে বা জন্ম, অগ্রে বলিয়া বিদ্যারণ্য মুনি তাহাকে অগ্রে পাঠ করিতেছেন।

† বৃক্ষে পর্ব্বতে বিজাতীয় ভেদ; অশ্বত্থ বৃক্ষে ও বিল্ব বৃক্ষে স্বজাতীয় ভেদ এবং বৃক্ষের শাখা, কাণ্ড পল্লব ইত্যাদির মধ্যে যে ভেদ, তাহা স্বগত ভেদ।

‡ ষষ্ঠীগুণক্রিয়াজাতিরূঢ়য়ঃ শব্দহেতবঃ।
নাত্মন্যন্যতমোঽমীষাং, তেনাত্মানাভিধীয়তে॥ (অনুভূতিপ্রকাশ ১১।৩৮)

ষষ্ঠী (সম্বন্ধ), গুণ, ক্রিয়া ও জাতিকে অবলম্বন করিয়া শব্দের প্রয়োগ হয় তাহাদের একটিও আত্মাতে নাই, সেই হেতু আত্মা শব্দ দ্বারা ব্যক্ত হন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেইরূপই। এই দৃষ্টান্ত দ্বারা কার্য্য ও কারণের যে ভেদ, তাহা নামমাত্র, বাস্তব নহে, ইহা সূচিত হইল।

'আচ্ছা, যদ্যপি কার্য্য এবং কারণের ভেদ কেবল শব্দমাত্র, তদ্ভিন্ন বাস্তব কিছুই নহে, তথাপি জীব ও ব্রহ্মের ভেদ ত' বাস্তব হইতে পারে' —এইরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

অহমেকোঽপি সূক্ষ্মশ্চ জ্ঞাতা সাক্ষী সদব্যয়ঃ।
তদহং নাত্র সন্দেহো বিচারঃ সোঽয়মীদৃশঃ ॥ ১৬।

অন্বয়। (যতঃ) অহম্ অপি একঃ, সূক্ষ্মঃ, জ্ঞাতা, সাক্ষী, (অতএব) সদব্যয়ঃ, তস্মাৎ অহং তৎ, অত্র সন্দেহঃ ন অস্তি। অয়ম্ ঈদৃশঃ বিচারঃ সঃ এব।

অনুবাদ। যেহেতু আমি, 'আমি' এই প্রত্যয়ের গোচর হইলেও ত্রিবিধ ভেদবর্জ্জিত, ইন্দ্রিয়াদির অগোচর, অহঙ্কারাদির প্রকাশক, এবং নির্ব্বিকার দ্রষ্টা, সেই হেতু, আমি বিনাশাদি ষড়্‌বিকারশূন্য ব্রহ্ম, এবিষয়ে সন্দেহ নাই। এইরূপ বিচারই জ্ঞানের সাধন।

ব্যাখ্যা। এস্থলে "যতঃ"—যেহেতু এই শব্দটি উহ্য করিয়া, এইরূপ অর্থ করিতে হইবে। যেহেতু আমি, 'আমি' এই প্রত্যয় দ্বারা বিদিত হইলেও, "একঃ"—সজাতীয়, বিজাতীয় ও স্বগত ভেদশূন্য, কেননা সকল মনুষ্যেই "অহং" 'আমি' এই বুদ্ধিটি একই প্রকারের বলিয়া অনুভূত হয়। তাহা আবার "সূক্ষ্মঃ"—ইন্দ্রিয়ের অগোচর, তাহা আবার "জ্ঞাতা"—অহঙ্কারাদির প্রকাশক বলিয়া চেতন। তাহা "সাক্ষী"—সাক্ষাৎ দ্রষ্টা (পাণিনিঃ ৫।২।৯১) অর্থাৎ ইন্দ্রিয়াদির সংযোগ ব্যতিরেকেও দেখিয়া থাকে, বস্তুকে প্রকাশ করিয়া থাকে, (এবং সকল বস্তুকেই তুল্যরূপে প্রকাশ করিয়া থাকে বলিয়া তাহা, নির্ব্বিকার)। অতএব "সদব্যয়ঃ"—সৎ এবং অব্যয়, বিনাশ, অপক্ষয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রভৃতি ষড়্‌বিকারশূন্য ; যেহেতু সেই 'অহং' বস্তু এই প্রকার, সেই হেতু 'অহং' প্রত্যয়গম্য সেই বস্তু, সত্যজ্ঞানানন্তস্বরূপ (তৈত্তিরীয়, উ, ২।১।১) ব্রহ্ম ; "অত্র সন্দেহঃ নাস্তি" এ বিষয়ে সংশয় নাই। এই প্রকার বিচারই আত্মজ্ঞানের সাধন।

এই শ্লোকে যাহা বর্ণিত হইল, তাহাই (পাঁচটি শ্লোকে,) জীব ও ব্রহ্মের একতাবিষয়ে লোকের যে অজ্ঞান আছে, সেই অজ্ঞান প্রদর্শন পূর্বক সমর্থন করিতেছেন।

অজ্ঞানের স্বরূপ নির্ণয় ঃ

আত্মা বিনিষ্কলো হ্যেকো দেহো বহুভিরাবৃতঃ।
তয়োরৈক্যং প্রপশ্যন্তি কিমজ্ঞানমতঃ পরম্ ॥ ১৭।

অন্বয়। আত্মা বিনিষ্কলঃ একঃ হি ; দেহঃ বহুভিঃ আবৃতঃ ; (মূঢ়াঃ) তয়োঃ ঐক্যং প্রপশ্যন্তি, অতঃপরং কিম্ অজ্ঞানম্ অস্তি ?

অনুবাদ। আত্মা নিরবয়ব এবং অদ্বিতীয় বলিয়া প্রসিদ্ধ ; দে[হ] অনেকাবয়ববিশিষ্ট। তথাপি লোকে তদুভয়কে এক ভাবিয়া থাকে অজ্ঞান আর কাহাকে বলে ?

ব্যাখ্যা। যে হেতু, অহংপ্রত্যয়গম্য, "আত্মা—অত্‌ ধাতুর অ[র্থ] সাতত্যগমন ; অততি অর্থাৎ অবিচ্ছিন্ন ভাবে জাগ্রদাদি সকল অবস্থা অনুবর্তন করে বলিয়াই যিনি আত্মা নামে অভিহিত হন, এবং জাগ্রদা[দি] অবস্থার সাক্ষী এবং সেই অবস্থাত্রয় তিরোহিত হইলেও সেই অবস্থাত্রয়ে[র] অভাবের সাক্ষী বলিয়া, যিনি "সত্যজ্ঞানানন্ত"—(তৈত্তিরীয় উ ২।১।১) স্বরূপ ; সেই আত্মা তত্ত্বমসি মহাবাক্যে 'ত্বং' পদের লক্ষ্যার্থ হইলে[ও] 'তৎ' পদের লক্ষ্যার্থ। ("দৃগ্‌দৃশ্যবিবেকে"র পরিশিষ্টে "ভাগত্যাগ লক্ষণা" দ্রষ্টব্য।) ইনি "বিনিষ্কল" বিশেষরূপে কলাশূন্য অর্থাৎ নিরবয়ব তাহা না হইয়া, ঘটাদির ন্যায় সাবয়ব হইলে, তিনি বিনাশী হইতে[ন]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মার নিরবয়বত্বের হেতু এই যে, ইনি "একঃ" অদ্বিতীয়। এস্থলে "হি" শব্দ "একমেবাদ্বিতীয়ম্" (ছান্দোগ্য, উ, ৬।২।১) এই বেদ প্রসিদ্ধির সূচনা করিতেছে।

(শঙ্কা)। আচ্ছা, তাহা হইলে লিঙ্গ দেহও ত সেই প্রকার, কেননা লিঙ্গ দেহ জাগ্রদাদি অবস্থাত্রয়ের সাক্ষী এবং জীবের একই লিঙ্গ দেহ অনাদি কাল হইতে নানা যোনিতে জন্মপরিগ্রহ করিয়া আসিতেছে অর্থাৎ 'সাতত্যগমন' লিঙ্গদেহ সম্বন্ধেও খাটে? (সমাধান)। না, এরূপ আশঙ্কা চলে না, যে হেতু "দেহঃ"-লিঙ্গ-দেহ বা সূক্ষ্মশরীর "বহুভিঃ আবৃতঃ" শ্রোত্রাদি হইতে বুদ্ধি পর্য্যন্ত, অর্থাৎ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ এবং মন ও বুদ্ধি, এই সপ্তদশ কলা দ্বারা আচ্ছাদিত অর্থাৎ এই সতেরটি অবয়বের সমষ্টি। এই হেতু লিঙ্গ দেহ নিরবয়ব এবং এক নয় বলিয়া, যখন জ্ঞান দ্বারা সেই লিঙ্গ দেহের কারণ অজ্ঞান নিবৃত্ত হইয়া যায়, তখন এই লিঙ্গ দেহও নিবৃত্ত হইয়া যায়। তাহা না স্বীকার করিলে মোক্ষ অসম্ভাব্য, হইয়া পড়ে। এইরূপে সেই আত্মা এবং দেহ, আলোক এবং অন্ধকারের ন্যায় পরস্পর অত্যন্ত বিরুদ্ধস্বভাব হইলেও, তার্কিকাদি দার্শনিকগণ তদুভয়কে একই বলিয়া মনে করেন। "অতঃ"-এইরূপ বিপরীত জ্ঞান হইতে; "পরম্"—অন্য, "অজ্ঞানং কিম্ অস্তি"—আর অজ্ঞান কি আছে? অর্থাৎ ইহাই অজ্ঞান; মূল অজ্ঞান বলিয়া একটি বস্তু কল্পনা করিয়া, তাহাকে সেই বিপরীত জ্ঞানরূপ কার্য্যের কারণ বলিয়া স্বীকার না করিলে, সেই কার্য্য অন্য কোন ক্রমেই উপপন্ন হয় না। (এই হেতু অজ্ঞানকেই তাহার কারণ বলিয়া বুঝিতে হইবে।)

আত্মা ও দেহের প্রভেদ আরও বলিতেছেন;

আত্মা নিয়ামকশ্চান্তর্দেহো বাহ্যো নিয়ম্যকঃ।
তয়োরৈক্যং প্রপশ্যন্তি কিমজ্ঞানমতঃ পরম্ ॥ ১৮।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। আত্মা নিয়ামকঃ অন্তঃ, দেহঃ চ বাহ্যঃ নিয়ম্যকঃ, (মূঢ়াঃ তয়োঃ ঐক্যং প্রপশ্যন্তি। অতঃপরম্ অজ্ঞানং কিম্ অস্তি ?

অনুবাদ। আত্মা নিয়ন্তা এবং পঞ্চকোষের অভ্যন্তরস্থ; দেহ নিয়ম্য বলিয়া বাহ্য। মূঢ়লোকে তদুভয়কে এক বলিয়া মনে করে। অজ্ঞান আর কাহাকে বলে ?

ব্যাখ্যা। "আত্মা নিয়ামকঃ"—আত্মা শরীরাদির নিয়ন্তা বা পরিচালক, এবং "অন্তঃ"—অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় এই পঞ্চকোষের অভ্যন্তরস্থ; কিন্তু "দেহঃ বাহ্যঃ নিয়ম্যকঃ"—দেহ নিয়ম্য হওয়াতে বাহ্য, তদুভয়কে মূঢ়গণই এক বলিয়া নিশ্চয় করে। এই শ্লোকের শেষার্দ্ধ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। পরবর্ত্তী শ্লোকত্রয়ের তাহা সেই অর্থেই বুঝিতে হইবে।

দেহ এবং আত্মার অন্য প্রভেদও বলিতেছেন।

আত্মা জ্ঞানময়ঃ পুণ্যো দেহো মাংসময়োঽশুচিঃ
তয়োরৈক্যং প্রপশ্যন্তি কিমজ্ঞানমতঃ পরম্ ॥ ১৯।

অন্বয়। আত্মা জ্ঞানময়ঃ পুণ্যঃ, দেহঃ মাংসময়ঃ অশুচিঃ, (মূঢ়াঃ তয়োঃ ঐক্যং প্রপশ্যন্তি, অতঃপরং অজ্ঞানং কিম্ অস্তি ?

অনুবাদ। আত্মা প্রকাশস্বভাব, সেই হেতু শুদ্ধ। দেহ মাংসাদি বিকার, সেই হেতু অশুদ্ধ। মূঢ়গণ তদুভয়কে এক বলিয়া মনে করে অজ্ঞান আর কাহাকে বলে ?

ব্যাখ্যা। "আত্মা জ্ঞানময়ঃ"—আত্মা প্রকাশরূপ; অতএব "পুণ্যঃ" —শুদ্ধ, কিন্তু "দেহঃ মাংসময়ঃ"—শরীর মাংসাদিবিকারশীলপদার্থবিশিষ্ট অতএব অশুচিঃ। এতদ্বারা স্থূল দেহ হইতেও আত্মার প্রভেদ কথিত হইল। শেষার্দ্ধ পূর্ব্ববৎ।

তদুভয়ের অপর প্রভেদ উল্লেখ করিতেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মা প্রকাশকঃ স্বচ্ছো দেহস্তামস উচ্যতে।
তয়োরৈক্যং প্রপশ্যন্তি কিমজ্ঞানমতঃ পরম্ ॥ ২০ ।

অন্বয়। আত্মা প্রকাশকঃ স্বচ্ছঃ, দেহঃ তামসঃ উচ্যতে, (শেষার্দ্ধঃ পূর্ব্ববৎ)।

অনুবাদ। আত্মা স্বয়ংপ্রকাশ (অবেদ্য হইয়াও অপরোক্ষ) এবং সেই হেতু নির্লেপ, কিন্তু দেহ তামস অর্থাৎ জড়। মূঢ়গণ তদুভয়কে এক বলিয়া মনে করে। অজ্ঞান আর কাহাকে বলে ?

ব্যাখ্যা। "আত্মা প্রকাশকঃ"—আত্মা স্বয়ং—প্রকাশ বলিয়া সূর্য্যাদির ন্যায় অপর সকল বস্তুর প্রকাশক, এই হেতু "স্বচ্ছঃ"—অর্থাৎ যে বস্তুকে আত্মা প্রকাশ করেন, সেই বস্তুর গুণদোষের সহিত আত্মার কোনই সম্বন্ধ নাই। কেন না শ্রুতি বলিতেছেনঃ—"অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" (বৃহদা, উ ৪।৩।১৫) এই পুরুষ হইতেছেন অসঙ্গ বা নির্লেপ। "দেহঃ তু তামসঃ"—শরীর কিন্তু ঘটাদির ন্যায় প্রকাশ্য বলিয়া জড়। শেষার্দ্ধ পূর্ব্ববৎ ব্যাখ্যেয়।

আত্মা নিত্যো হি সদ্রূপো দেহোঽনিত্যো হ্যসন্ময়ঃ।
তয়ো রৈক্যং প্রপশ্যন্তি কিমজ্ঞানমতঃ পরম্ ॥ ২১ ।

অন্বয়। আত্মা নিত্যঃ, হি (যতঃ) সদ্রূপঃ, দেহঃ অনিত্যঃ হি, (যতঃ) অসন্ময়ঃ। শেষার্দ্ধ পূর্ব্ববৎ।

অনুবাদ। আত্মা নিত্য, যেহেতু দেশ, কাল বা অন্য বস্তু দ্বারা আত্মার বাধা বা পরিচ্ছেদ হয় না। মূঢ়গণ তদুভয়কে এক মনে করিয়া থাকে ; অজ্ঞান আর কাহাকে বলে ?

ব্যাখ্যা। এই কয়েকটি শ্লোকে, কেহ যেন পুনরুক্তি দোষের আশঙ্কা না করেন। কেন না আত্মা অলৌকিক বস্তু এবং অত্যন্ত দুর্ব্বোধ্য;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই কারণেই পরম কারুণিক আচার্য্যপাদ নানাপ্রকারে দেহ হইতে ইহার বিলক্ষণতা (বা প্রভেদ) প্রদর্শন করিতেছেন। "আত্মা নিত্যঃ" —এ স্থলে 'নিত্য' শব্দের অর্থ ধ্বংসের অপ্রতিযোগী। * তাহার হেতু "হি" শব্দ দ্বারা সূচিত হইতেছে। "হি সদ্রূপঃ"—যেহেতু আত্মার স্বরূপ, দেশ কাল এবং বস্তু দ্বারা কুত্রাপি বাধিত হয় না। কিন্তু "দেহ অনিত্যঃ"—শরীর ধ্বংসপ্রতিযোগী, তদ্বিষয়ে হেতু—"হি (যতঃ) অসন্ময়ঃ" যেহেতু ইহা অনিত্য, বিকারী বলিয়া বাধযোগ্য। যেহেতু আত্মা এবং দেহ এইরূপে পরস্পর অত্যন্ত বিরুদ্ধস্বভাব, সেই হেতু তদুভয়কে একই বস্তু মনে করা অজ্ঞান ভিন্ন আর কিছুই নহে।

আচ্ছা, আত্মার প্রকাশ বলিলে, কি বুঝিতে হইবে? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

আত্মার স্বপ্রকাশতা ।

আত্মনস্তৎ প্রকাশত্বং যৎ পদার্থাবভাসনম্।
নাগ্ন্যাদিদীপ্তিবদ্দীপ্তির্ভবত্যান্ধ্যং যতো নিশি ॥ ২২।

অন্বয়। যৎ পদার্থাবভাসনং তৎ আত্মনঃ প্রকাশত্বম্। অগ্ন্যাদি দীপ্তিবৎ (আত্মনঃ) দীপ্তিঃ ন ভবতি, যতঃ নিশি আন্ধ্যম্ ভবতি।

অনুবাদ। ঘট পটাদি পদার্থের দর্শনই আত্মার প্রকাশ। এই আত্ম প্রকাশ অগ্ন্যাদির দীপ্তির ন্যায় নহে, যেহেতু রাত্রিকালে (অগ্ন্যাদির প্রকাশ থাকিলেও স্থানান্তরে লোকের) অন্ধতা থাকিয়াই যায়। অথবা সর্ব্বত্র ব্যাপক আত্মপ্রকাশ থাকিতেও, অন্ধকার বিনষ্ট হয় না।

---

* "যস্যাভাবো বিবক্ষ্যতে স প্রতিযোগী"—যে বস্তুর অভাব বুঝাইবার ইচ্ছা করা হয় তাহা প্রতিযোগী। ঘট, ঘটাভাবের প্রতিযোগী। অনিত্য বস্তু মাত্রে ধ্বংসের প্রতিযোগী; নিত্য বস্তু ধ্বংসের প্রতিযোগী নহে, এই হেতু ধ্বংস-অপ্রতিযোগী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "আত্মনঃ তৎ প্রকাশত্বম্" তাহাকেই আত্মার প্রকাশরূপতা বলিয়া বুঝিতে হইবে। তাহা কি? তদুত্তরে বলিতেছেন "যৎ পদার্থাবভাসনম্" যাহা ঘটপটাদি বস্তুবিষয়ক প্রকাশ, অর্থাৎ "ইহা" বলিয়া যাহাকে নির্দ্দেশ করা যায়, সেইরূপ বিষয়ের দর্শনই আত্মার প্রকাশতা। তাহা হইলে, অগ্ন্যাদির প্রকাশের ন্যায়, সেই আত্মপ্রকাশও বিকারী হইতে পারে, এই আশঙ্কা দূর করিবার জন্য বলিতেছেন "ন অগ্ন্যাদিদীপ্তিবৎ" এই আত্মদীপ্তি অগ্নি প্রভৃতির দীপ্তির ন্যায় নহে, অর্থাৎ আত্মদীপ্তিতে কখনই ইহাদের ন্যায়, উৎপত্তি, বিনাশ প্রভৃতি বিকার নাই। তদ্বিষয়ে হেতু প্রদর্শন করিয়া বলিতেছেন "যতঃ নিশি আন্ধ্যং ভবতি" যেহেতু রাত্রিকালে একস্থানে অগ্ন্যাদির প্রকাশ হইলেও, অন্য স্থানে লোকে অন্ধ থাকিয়া যায়, অর্থাৎ রূপগ্রহণে অসমর্থ হয়। আত্মদীপ্তি কিন্তু এইরূপ নহে, অর্থাৎ একস্থানে বিদ্যমান, স্থানান্তরে অবিদ্যমান থাকিয়া, পরিচ্ছিন্ন হয় না, কিন্তু দীপাদিরূপ অগ্ন্যাদির প্রকাশকেও প্রকাশ করে এবং দীপাদির অভাব হইলেও, অন্ধকারকেও প্রকাশ করে। তাহা উৎপত্তি-নাশরহিত, এবং সর্ব্বদা সর্ব্বত্র পূর্ণ হইয়া থাকে। অথবা "এই আত্মদীপ্তি অগ্ন্যাদির ন্যায় নহে"; কেন? "যতঃ" যেহেতু "নিশি" রাত্রিকালে, "আন্ধ্যং ভবতি" অন্ধকার হয় অর্থাৎ দীপ্তির অভাব-হয়, এই হেতু আত্মদীপ্তিকে এই অগ্ন্যাদির দীপ্তি হইতে বিভিন্নস্বরূপ বলিয়া বুঝিতে হইবে। যদি আত্মদীপ্তি অগ্ন্যাদির দীপ্তির ন্যায় হইত, তাহা হইলে অগ্ন্যাদির দীপ্তির দ্বারা যেমন অন্ধকার বিনষ্ট হয়, সেইরূপ আত্মদীপ্তি দ্বারাও অন্ধকার বিনষ্ট হইত। কিন্তু আত্মা নিজ সত্তা ও প্রকাশ দ্বারা সর্ব্বত্র সর্ব্বদা বিদ্যমান থাকিলেও, অন্ধকারের নাশ হয় না; এই হেতু আত্মদীপ্তি অগ্ন্যাদির দীপ্তির মত নহে। এই অগ্ন্যাদির দীপ্তি প্রকাশিত হইতেছে, এই অন্ধকার প্রকাশিত হইতেছে, ইত্যাদি প্রকারে সেই আত্মদীপ্তি, অগ্ন্যাদি দীপ্তিকে, অন্ধকারকে এবং অন্য সকল বস্তুকে প্রকাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া থাকে এবং আত্মদীপ্তির সহিত কাহারও বিরোধ নাই এবং আত্মদীপ্তি স্বপ্রকাশ। যাঁহারা আত্মজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহাদের সকলকেই আত্মদীপ্তি এই প্রকার বলিয়া স্বীকার করিতে হইবে। সেই হেতু, যে দীপ্তি অগ্ন্যাদিদীপ্তিরও প্রকাশক এবং অন্যসাধননিরপেক্ষ, তাহাই আত্মপ্রকাশ, ইহাই ভাবার্থ।

অনাত্মবস্তু দেহ প্রকাশ্য ও আত্মবস্তু প্রকাশক; এইরূপে প্রকাশ্যপ্রকাশকত্বাদি লক্ষণ দ্বারা দেহ ও আত্মা পরস্পর বিরুদ্ধস্বভাব হইলেও যাঁহারা তদুভয়কে অভিন্ন বলিয়া মনে করেন, তাঁহাদিগকে উপহাস করিয়া, তদুভয়ের ভেদ স্পষ্ট করিয়া বুঝাইতেছেন।

মূঢ়ের লক্ষণ।

দেহোঽহমিত্যয়ং মূঢ়ো ধৃত্বা তিষ্ঠত্যহো জনঃ।
মমায়মিত্যপি জ্ঞাত্বা ঘটদ্রষ্টেব সর্ব্বদা॥ ২৩।

অন্বয়। মূঢ়ঃ জনঃ ঘটদ্রষ্টা ইব, মম অয়ম্ ইতি সর্ব্বদা জ্ঞাত্বা অপি, অহম্ অয়ং দেহঃ ইতি ধৃত্বা অহো তিষ্ঠতি।

অনুবাদ। যে ব্যক্তি ঘট দেখে, সে যেমন জানে, এই ঘট আমার (দৃশ্য), (আমি এই ঘট নহি), মূঢ়লোকে নিজ দেহকে সেইরূপ দেখিয়াও, "এই দেহই আমি" এইরূপ ধারণা করিয়া বসিয়া আছে; কি বিশাল অজ্ঞান!

ব্যাখ্যা। "অহং" অহং-শব্দ এবং অহং প্রত্যয়ের আলম্বনস্বরূপ অন্তরাত্মা, "অয়ং দেহঃ"—"এই," এই শব্দ দ্বারা যাহাকে নির্দ্দেশ করা যায়, এবং ঘটাদির ন্যায় যাহাকে প্রত্যক্ষ দেখিতে পাওয়া যায়, সেই দেহই আমি, "ইতি ধৃত্বা," এইরূপে দ্রষ্টা এবং দৃশ্য এই উভয়কে, এক ভাবিয়া, "মূঢ়ঃ" যিনি নিজের অজ্ঞানের কার্য্যভূত বিপর্য্যয় বা বিপরীতজ্ঞান এবং মোহ দ্বারা আচ্ছন্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহিয়াছেন তিনি, "তিষ্ঠতি" আমি কৃতকৃত্য হইয়াছি, ভাবিয়া নিশ্চেষ্ট হইয়া অবস্থান করেন। "অহো" (বিস্ময়সূচক অব্যয়) ইহা বিশাল অজ্ঞান। তিনি কি করিয়াও এরূপ নিশ্চেষ্ট আছেন? (তদুত্তরে বলিতেছেন "মম অয়ং" ইতি "জ্ঞাত্বা অপি" এই দেহ আমার সহিত সম্বন্ধবিশিষ্ট, এইরূপে সাধারণভাবে তদুভয়ের ভেদ জানিয়াও; অতএব ইহা আশ্চর্য্যের বিষয়, ইহাই শ্লোকের তাৎপর্য্য। তাঁর সহিত কিসের তুলনা হইতে পারে? তদুত্তরে বলিতেছেন "সর্ব্বদা ঘটদ্রষ্টা ইব"—যে পুরুষ ঘটের দ্রষ্টা সে যেমন সকল সময়েই জানে যে এই ঘট আমার (দৃশ্য) এবং কথনই মনে করে না যে এই ঘটই আমি, সেইরূপ।

আচ্ছা, যে বস্তু যাহা নয়, তাহাতে সেই বুদ্ধি করার নাম ভ্রম। সেই ভ্রমের অন্য নাম অজ্ঞান। সেই অজ্ঞানের অস্তিত্ব, তাহার কার্য্য মোহরূপ চিহ্ন দেখিয়া অনুমিত হয়। যদি অজ্ঞান এইরূপই হয় তবে তাহার নিবৃত্তির উপায় কি? এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া তদুত্তরে বলিতেছেন যে আত্মজ্ঞানই সেই আত্মবিষয়ক অজ্ঞানের বিরোধী বলিয়া, তাহার নিবৃত্তি করিতে সমর্থ। এই অভিপ্রায়ে পাঁচটি শ্লোকদ্বারা আত্মজ্ঞানের লক্ষণ বলিতেছেন।

জ্ঞানের স্বরূপ-নিরূপণ।

ব্রহ্মৈবাহং সমঃ শান্তঃ সচ্চিদানন্দলক্ষণঃ।
নাহং দেহো হ্যসদ্রূপো জ্ঞানমিত্যুচ্যতে বুধৈঃ॥ ২৪।

অন্বয়। অহং সমঃ শান্তঃ সচ্চিদানন্দলক্ষণঃ ব্রহ্ম এব। অহং নহি অসদ্রূপঃ দেহঃ, ইতি বুধৈঃ জ্ঞানম্ উচ্যতে।

অনুবাদ। "আমি" এই শব্দের এবং প্রত্যয়ের আলম্বনস্বরূপ অন্তরাত্মা, ব্রহ্ম ভিন্ন আর কিছুই নহি। যিনি সর্ব্বত্র তুল্যরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুস্যূত, বিক্ষেপাদি বিকারশূন্য, সচ্চিদানন্দস্বরূপ, সেই 'অহম্' শব্দের আলম্বন, অসৎস্বরূপ দেহ নহে, ইহা তত্ত্বজ্ঞমাত্রেই অবগত আছেন। এই প্রকার জ্ঞানকেই পণ্ডিতগণ তত্ত্বজ্ঞান বলিয়া থাকেন।

ব্যাখ্যা। "অহম্"—"অহম্" এই শব্দের এবং "অহম্" এই প্রত্যয়ের আলম্বন স্বরূপ অন্তরাত্মা। "ব্রহ্ম এব অস্মি" ব্রহ্ম ভিন্ন আর কিছুই নহি। এইরূপে "তত্ত্বমসি" এই মহাবাক্যের অন্তর্গত 'তৎ' পদের অর্থ এবং 'ত্বং' পদের অর্থ যে একই বস্তু, তাহা সূচিত হইল। তাহাদের ঐক্য বিষয়ে হেতুগর্ভ বিশেষণ দিতেছেন। "সমঃ" যিনি সত্ত্বা ও প্রকাশ দ্বারা (সকল বস্তুতেই অনুস্যূত থাকেন), কোন বস্তু হইতে ভিন্ন নহেন। আবার কিরূপ? "শান্তঃ"—সমস্ত উপাধি দূরীভূত হওয়াতে বিক্ষেপাদিবিকারশূন্য। আবার কি প্রকার? "সচ্চিদানন্দলক্ষণঃ"—যিনি সৎ, চিৎ ও আনন্দের দ্বারা লক্ষিত হন; এই 'সৎ,' 'চিৎ' ও 'আনন্দ' শব্দ, মিথ্যা, জড় এবং দুঃখের অভাবমাত্রের বোধক। (সেই ব্রহ্মের সহিত জীবের) বিরুদ্ধাংশত্যাগরূপ ভাগলক্ষণা * দ্বারা তদুভয়ের একত্ব জ্ঞাত হওয়া যায়। ব্রহ্মোপলব্ধির উপায় দ্বিবিধ বিধিমুখে এবং নিষেধমুখে। যে স্থলে ব্রহ্মকে বুঝাইবার জন্য "সত্য" "জ্ঞান" "অনন্ত" ইত্যাদি সাক্ষাৎ ব্রহ্মবাচক শব্দের প্রয়োগ করা হয় তাহাই ব্রহ্মোপলব্ধির বিধিমুখে উপায়। এই উপায়ের প্রয়োগ, পূর্বে কথিত হইয়া গিয়াছে। ব্রহ্ম যাহা নহেন, সেই সকল বস্তুর নির্দেশ পূর্বক পরিত্যাগ করাই নিষেধ মুখে ব্রহ্মোপলব্ধির উপায়। এক্ষণে সেই উপায় প্রদর্শিত হইতেছে। "অহং" 'আমি' এই শব্দের এবং 'আমি' এই প্রত্যয়ের আলম্বন আত্মা, দেহ নহে, এই অর্থে অন্বয় করিতে হইবে। এস্থলে দেহ শব্দটি উপলক্ষণ মাত্র। ইহা দ্বারা প্রাণ ইন্দ্রিয়াদিকে

* পদার্থশোধনের প্রসিদ্ধ প্রক্রিয়ার নাম ভাগত্যাগলক্ষণা। "দৃগ্‌দৃশ্য বিবেকের" সংস্কৃত বঙ্গানুবাদে (ক) পরিশিষ্টে দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুঝিতে হইবে। "হি" শব্দের অর্থ প্রসিদ্ধি; আত্মা যে দেহ নহেন, ইহা তত্ত্বজ্ঞ ব্যক্তিমাত্রেরই নিকট প্রসিদ্ধ। দেহাদি যে অনাত্মবস্তু, তাহা বুঝাইবার জন্য "অসদ্রূপঃ" এই শব্দটি প্রয়োগ করিয়াছেন। 'অসৎ' শব্দের অর্থ, যাহা দেশ কাল দ্বারা, কিম্বা বিচার দ্বারা বাধিত হয়, অর্থাৎ মিথ্যা। এইরূপ স্বরূপ যার, সেই "অসদ্রূপঃ"। (গুরুমুখে) "অহং ব্রহ্মাস্মি" ইত্যাদি মহাবাক্যের শ্রবণ হইতে যে অখণ্ডাকার বুদ্ধি জন্মে, তাহাকেই আত্মতত্ত্বজ্ঞগণ জ্ঞান বলিয়া থাকেন। অন্য যাহা কিছু ইহা নয়, তাহা সকলই জ্ঞানের আভাসমাত্র, প্রকৃত জ্ঞান নহে।

আচ্ছা, আমি জন্মিলাম, আমি মরিলাম, আমি সুখী, আমি দুঃখী, ইত্যাদি নানাপ্রকার বিকারের আশ্রয়রূপেই, সেই 'অহং' শব্দের ও 'অহং' প্রত্যয়ের আলম্বন অন্তরাত্মার প্রতীতি হয়। সেইরূপ আত্মা, কি প্রকারে ব্রহ্ম হইতে পারেন? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

নির্ব্বিকারো নিরাকারো নিরবদ্যো ঽহমব্যয়ঃ।
নাহং দেহো হ্যসদ্রূপো জ্ঞানমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ২৫ ।

অন্বয়। অহং নির্ব্বিকারঃ নিরাকারঃ নিরবদ্যঃ অব্যয়ঃ; অহং ন হি অসদ্রূপঃ দেহঃ, ইতি বুধৈঃ জ্ঞানম্ উচ্যতে।

অনুবাদ। 'আমি' এই শব্দ ব্যবহার করিয়া, যাহাকে বুঝাইতে চাই, এবং 'আমি' বলিতে যাহাকে বুঝি, তাহা জন্মাদি বিকারশূন্য, দেহাদির আকারশূন্য, ত্রিতাপশূন্য, এবং অপক্ষয়াদিশূন্য। সেই 'অহম্' শব্দের আলম্বন (ইত্যাদি পূর্ব্ববৎ)।

ব্যাখ্যা। "অহং" নির্ব্বিকারঃ অস্মি"—সেই "অহং" শব্দের ও "অহং" প্রত্যয়ের আলম্বন অন্তরাত্মা, নির্ব্বিকার—জন্মাদি বিকারশূন্য, যেহেতু সেই সকল বিকার দেহরই ধর্ম্ম, আত্মার নয়। তাহার কারণ এই যে, আত্মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"নিরাকারঃ"—দেহাদির আকার, আত্মাতে নাই; এই কারণেই "নিরবদ্যঃ" বাতপিত্তাদিজনিত আধ্যাত্মিকাদি ত্রিতাপশূন্য *। অতএব "অব্যয়ঃ" অর্থাৎ অপক্ষয়াদিরহিত। (শঙ্কা) আচ্ছা, আমি যখন আপনাকে সর্ব্বক্ষণই মনুষ্য বলিয়া অনুভব করিতেছি, তখন আত্মা কি প্রকারে নির্ব্বিকার হইলেন? (সমাধান) সেই প্রতীতি, শুক্তিতে রজতবুদ্ধির ন্যায়; তাহা অবাধিত থাকে না বলিয়া, ভ্রান্তি মাত্র; ইহাই বুঝাইবার জন্য বলিতেছেন 'আমি অসদ্রূপ দেহ নহি' ইত্যাদি। পূর্ব্ব শ্লোকে এই অংশ ব্যাখ্যাত হইয়াছে, এবং পরবর্ত্তী শ্লোকেও ঐ অংশ, সেই অর্থেই বুঝিতে হইবে। এস্থলে কেহ যেন পুনরুক্তি দোষের আশঙ্কা না করেন, কেননা মন্দবুদ্ধি, বিপরীতজ্ঞান, ইত্যাদি (অর্থাৎ কুতর্ক, বিষয়াসক্তি ও দুরাগ্রহ এই সকল), জ্ঞানের প্রতিবন্ধক অতিশয় দৃঢ়। (সেইহেতু পুনরুক্তি আবশ্যক।)

সেই জ্ঞান আবার কি প্রকার? এই হেতু বলিতেছেন :—

নিরাময়ো নিরাভাসো নির্ব্বিকল্পো ঽহমাততঃ।
নাহং দেহো হ্যসদ্রূপো জ্ঞানমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ২৬।

অন্বয়। অহং নিরাময়ঃ নিরাভাসঃ, নির্ব্বিকল্পঃ আততঃ। অহং নহি অসদ্রূপঃ দেহঃ ইতি বুধৈঃ জ্ঞানম্ উচ্যতে।

অনুবাদ। আমি সর্ব্বরোগরহিত, আমি বৃত্তিব্যাপ্য হইলেও ফল-ব্যাপ্য নহি; আমাতে বিবিধকল্পনা নাই (আমি সমরস); আমি ব্যাপক। (অবশিষ্ট পূর্ব্ববৎ)।

* ত্রিতাপ বা তিন প্রকার দুঃখ। সূক্ষ্ম ও স্থূল শরীরে যে আধি ও ব্যাধিরূপ দুঃখ উৎপন্ন হয়, তাহাই আধ্যাত্মিক তাপ (১)। দেবতাকৃত শীত, উষ্ণ, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, বিদ্যুৎপাত, ভূকম্পাদিজনিত দুঃখ আধিদৈবিক তাপ (২)। স্বশরীর হইতে ভিন্ন, কিন্তু চক্ষুগোচর, প্রাণী অর্থাৎ চোর, ব্যাঘ্র, শত্রু ইত্যাদি দ্বারা, যে দুঃখ উৎপন্ন হয়, তাহা আধিভৌতিক তাপ (৩)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "অহং নিরাময়ঃ"; আমি সর্ব্বরোগরহিত; "নিরাভাসঃ" প্রকাশিত হইতে সাভাস অন্তঃকরণবৃত্তির অপেক্ষা রাখি না কিন্তু আমার প্রকাশ কেবল বৃত্তিসাপেক্ষ, অর্থাৎ আমি বৃত্তিব্যাপ্য হইলেও আমার ফলব্যাপ্যত্ব নাই *। "নির্ব্বিকল্প" কল্পনাহীন, এবং "আততঃ" ব্যাপক।

সেই জ্ঞান আবার কি প্রকার? এইহেতু বলিতেছেন :—

নির্গুণো নিষ্ক্রিয়ো নিত্যো নিত্যমুক্তোঽহমচ্যুতঃ।
নাহং দেহো হ্যসদ্রূপো জ্ঞানমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ২৭।

অন্বয়। অহং নির্গুণঃ, নিষ্ক্রিয়ঃ, নিত্যঃ, নিত্যমুক্তঃ, অচ্যুতঃ; অহং নহি অসদ্রূপঃ দেহঃ ইতি বুধৈঃ জ্ঞানম্ উচ্যতে।

---

* "আমি বৃত্তিব্যাপ্য হইলেও, আমার ফলব্যাপ্যত্ব নাই" অর্থাৎ ব্রহ্ম এবং আত্মার অভেদতার আকার ধরিয়া, যে বৃত্তি শরীরের অভ্যন্তরে উৎপন্ন হয়, আমি সেই বৃত্তির বিষয় হইলেও, চিদাভাসসহিত অন্তঃকরণের বৃত্তিরূপে, প্রমাতার বিষয় নহি। ব্রহ্মাকারাবৃত্তি ব্রহ্মকে বিষয় করে, তাহার অর্থ এই যে সেই বৃত্তি অন্তঃকরণ-গত অজ্ঞানরূপ আবরণকে ভাঙ্গিয়া দেয়, অন্য প্রকারে বিষয় করে না।

চক্ষু এবং সূর্য্যাদির আলোক একই বস্তু, কেননা সেই দুটীর মধ্যে একটি না থাকিলে অপরটি নিরর্থক। চক্ষু, যেমন অঙ্গুলি প্রভৃতি ক্ষুদ্র আবরণদ্বারা আচ্ছাদিত হইলে, (ব্রহ্মাণ্ডব্যাপী) আলোক দেখিতে পায় না এবং সেই আবরণ অপগত হইলে, চক্ষুগত অন্তঃকরণবৃত্তির দ্বারা, (ব্রহ্মাণ্ডব্যাপী) আলোক প্রকাশ পায়, সেইরূপ, সাক্ষী আত্মা ও ব্রহ্ম একই বস্তু; অন্তঃকরণগত অজ্ঞানাংশরূপ ক্ষুদ্র আবরণ দ্বারা, আচ্ছাদিত হওয়াতে সর্ব্বত্র পরিপূর্ণ ব্রহ্ম প্রকাশিত হন না। যখন শরীরের অভ্যন্তরে ব্রহ্ম এবং আত্মার অভিন্নতাকারে ব্রহ্মাকারা বৃত্তি উৎপন্ন হয়, তখন, সর্ব্বত্র পরিপূর্ণ, স্বপ্রকাশ ব্রহ্ম প্রকাশিত হন। সেই অনুভবটি গৃহগত আকাশের অসঙ্গতাদি প্রভৃতি দেখিয়া তাহাকে মহাকাশ বলিয়া চিনিতে পারার অনুরূপ।

অন্তঃকরণের বৃত্তির সহিত যখন ঘটাদি বাহ্য বস্তুর সম্বন্ধ হয়, তখন নেত্রাদি ইন্দ্রিয়ের দ্বারাই, সেই সম্বন্ধ ঘটে; এই কারণে ঘটাদি সাক্ষিভাস্য নহে। সেইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। আমি গুণরহিত, ক্রিয়ারহিত, বিনাশরহিত, বন্ধরহিত এবং সচ্চিদানন্দস্বভাব হইতে সর্ব্বদাই অপ্রচ্যুত। সেই 'অহম্' শব্দের আলম্বন ইত্যাদি পূর্ব্ববৎ।

ব্যাখ্যা। "অহং নির্গুণঃ"—আমি সত্ত্বাদিগণ রহিত, যেহেতু উক্ত গুণত্রয় মায়াময়; অতএব "নিষ্ক্রিয়ঃ" ক্রিয়ারহিত; এবং "নিত্যঃ" বিনাশরহিত; অতএব "নিত্যমুক্তঃ" ভূত ভবিষ্যৎ বর্ত্তমান এই ত্রিকালেই বন্ধশূন্য; তাহার কারণ এই যে আমি "অচ্যুতঃ" কখনই সচ্চিদানন্দস্বভাব হইতে প্রচ্যুত নহি।

আবার জ্ঞানের লক্ষণ বলিতেছেন।

নির্ম্মলো নিশ্চলোঽনন্তঃ শুদ্ধোঽহমজরোঽমরঃ।
নাহং দেহো হ্যসদ্রূপো জ্ঞানমিত্যুচ্যতে বুধৈঃ॥ ২৮।

অন্বয়। অহং নির্ম্মলঃ নিশ্চলঃ, অনন্তঃ, শুদ্ধঃ, অজরঃ, অমরঃ অহং নহি অসদ্রূপঃ দেহঃ ইতি বুধৈঃ জ্ঞানম্ উচ্যতে।

যখন অন্তঃকরণের বৃত্তি ব্রহ্মাকারা হয়, তখন সেই বৃত্তি বাহিরে যায় না, কিন্তু শরীরের মধ্যেই থাকে। সেই বৃত্তির সহিত ব্রহ্মের সম্বন্ধ হয়; এই হেতু ব্রহ্মের জ্ঞানও, সুখদুঃখের জ্ঞানের ন্যায় প্রত্যক্ষ। কিন্তু অন্তঃকরণের সুখাকারা ও দুঃখাকারা বৃত্তিতে বাহ্য সাধনের অপেক্ষা নাই, এই হেতু সুখদুঃখ সাক্ষিভাস্য; আর অন্তঃকরণের যে বৃত্তি ব্রহ্মাকারা হয়, তাহাতে বাহ্যসাধনের অপেক্ষা আছে। সেই বাহ্য সাধন, গুরুমুখে উচ্চারিত মহাবাক্যের সহিত শ্রোত্রেন্দ্রিয়ের সম্বন্ধ।

এই হেতু, ব্রহ্ম, যেরূপ সাক্ষিভাস্য নহেন, সেইরূপ, চিদাভাসের সহিত অন্তঃকরণের বৃত্তির বা প্রমাতারও বিষয় নহেন। দীপ যেমন প্রকাশিত হইতে, অন্য দীপের অপেক্ষা রাখে না কেবল নেত্রের অপেক্ষা রাখে, সেইরূপ, ব্রহ্ম প্রকাশিত হইতে অন্তঃকরণের "আমিই ব্রহ্ম" এইরূপ আকারবিশিষ্ট কেবল এক বৃত্তির অপেক্ষা রাখেন; এই কারণে প্রমাতৃভাস্যও নহেন। কিন্তু আপনার প্রকাশের জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। আমি অবিদ্যাদিমলরহিত, নিশ্চল, দেহাদিকৃত পরিচ্ছেদ-শূন্য এবং অশুদ্ধি-জরা-মরণ রহিত। সেই 'অহম্' শব্দের আলম্বন ইত্যাদি পূর্ব্ববৎ।

ব্যাখ্যা। "অহং নির্ম্মলঃ" অবিদ্যা এবং অবিদ্যার কার্য্য (কামকর্ম্মরূপ মল) আমাতে নাই; এই হেতু আমি "নিশ্চলঃ" ব্যাপক বলিয়া আকাশের ন্যায় নিশ্চল; নিশ্চলতার কারণ বলিতেছেন "অনন্তঃ"—দেশ-কাল-বস্তুকৃত পরিচ্ছেদ-শূন্য। "শুদ্ধঃ" অশুদ্ধিরহিত; আবার "অজরঃ" জরারহিত, "অমরঃ" মরণরহিত, কেননা, এই সকল ধর্ম্ম দেহত্রয়েই অবস্থিত; (তাহারা আত্মার ধর্ম্ম নহে)।

আচ্ছা, যদি এই প্রত্যক্ষ দেহই আত্মা না হইল, তাহা হইলে ত' আত্মাকে শূন্যই বলিতে হয়; এই আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

শূন্যবাদে দোষদর্শন।

স্বদেহে শোভনং সন্তং পুরুষাখ্যং চ সম্মতম্।
কিং মূর্খ শূন্যমাত্মানং দেহাতীতং করোষি ভোঃ ॥ ২৯ ।

অন্বয়। ভোঃ মূর্খ, স্বদেহে পুরুষাখ্যং শোভনং সম্মতং দেহাতীতং সন্তম্ আত্মানং কিং শূন্যং করোষি ?

অনুবাদ। অরে মূঢ়! আপনার দেহে বিদ্যমান, দেহাদি দ্বারা

প্রকাশান্তরের অপেক্ষা না রাখিয়াও তিনি সর্ব্ববস্তুর প্রকাশক বলিয়া স্বয়ং প্রকাশস্বরূপ।

চিদাভাসসহিত অন্তঃকরণবৃত্তি, ঘটাদিকে প্রকাশ করিলে, তাহাকেই ঘটাদির ফলব্যাপ্যতা বলে। কিন্তু ক্ষারে যেমন বস্ত্রাদির মল দূর করে, ব্রহ্মাকারা বৃত্তিও সেইরূপ ব্রহ্মের আবরণ ভঙ্গ করে মাত্র; তাহাই ব্রহ্মের অন্তঃকরণ বৃত্তির বিষয় হওয়া। তাহা ঘটাদির অন্তঃকরণ বৃত্তির বিষয় হওয়ার মতো নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসংস্পৃষ্ট, মঙ্গলময়, 'পুরুষ' নামক, শ্রুতিস্মৃতি প্রতিপাদিত, সত্যবস্তু, আত্মাকে কেন শূন্য মনে করিতেছ? (অথবা দেহাত্মবাদী বলিতেছেন, —আপনার সুন্দর, সত্যস্বরূপ, পুরুষ নামে বিদিত, দেহকে পরিত্যাগ করিয়া, অরে মূর্খ! দেহাতীত শূন্যকে কেন আত্মা বলিতেছ?)

ব্যাখ্যা। "ভোঃ মূর্খ" হে মূর্খ শূন্যবাদিন্ "স্বদেহে পুরুষাখ্যং" আপন শরীরে পুরুষ নামক; 'পুরুষ' শব্দের ব্যুৎপত্তি এইরূপ, 'পুরি' মনুষ্যশরীরে 'উষতি' 'আমি' এই আকারে যিনি বাস করেন, তিনি 'পুরুষ, এই আখ্যা বা নামে অভিহিত হন; অতএব তাঁহাকে "শোভনং" সেই কারণে, অর্থাৎ শরীর হইতে সম্পূর্ণ বিলক্ষণ বলিয়া, মঙ্গলস্বরূপ; এবং "সম্মতং" "অয়মাত্মাব্রহ্ম" (মাণ্ডুক্য, ২; বৃহদা উ. ২।৫।১৯), "এই আত্মা ব্রহ্ম" এই কথা দ্বারা যাঁহার নির্ণয় করা হইয়াছে সেইরূপ; "উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ (গীতা ১৫।১৭) 'এই কার্য্য এবং কারণরূপ উপাধিযুক্ত পুরুষ হইতে সম্পূর্ণ পৃথক, নিরুপাধি উত্তম পুরুষ'; এই প্রকার অন্যান্য স্মৃতিবচন দ্বারা নির্ণীত। "দেহাতীতং" ঘটের দ্রষ্টা, যেমন দৃষ্ট ঘট হইতে পৃথক্, সেইরূপ, দেহের সাক্ষী; "আত্মানং" সেই ব্যাপক সত্য বস্তুকে ('অততি ব্যাপ্নোতি ইতি আত্মা'), "সন্তং" যিনি সকল ব্যবহারের অধিষ্ঠানস্বরূপ, তাঁহাকে "শূন্যং" আকাশকুসুমাদির ন্যায় অত্যন্ত অসদ্রূপ বলিয়া, "কিং করোষি" কেন মনে করিতেছ? এরূপ মনে করিও না। কোন কোন গ্রন্থে "স্বদেহম্" এই দ্বিতীয়ান্ত পাঠ আছে; সেই পাঠ ধরিয়া ব্যাখ্যা করিতে গেলে, এই শ্লোকটীকে দেহাত্মবাদীর উক্তি বলিয়া গ্রহণ করিতে হয়। দেহাত্মবাদী বলিতেছেন, শোভনাদিবিশেষণবিশিষ্ট, এই প্রত্যক্ষ মনুষ্য দেহকে পরিত্যাগ করিয়া, দেহাতীত এক শূন্যস্বরূপ বস্তুকে আত্মা বলার প্রয়োজন কি? তাহা হইলে পরবর্ত্তী শ্লোককে সেই প্রশ্নের আচার্য্যপ্রদত্ত উত্তর বলিয়া ধরিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচ্ছা, যিনি শূন্যকেই পরমতত্ত্ব বলেন, তিনি নিজেরই যুক্তি অনুসারে শূন্যের অন্তর্ভূত হইয়া পড়েন, অর্থাৎ তাহার নিজেরই অভাব প্রতিপন্ন হয়; (অধিকন্তু তিনি স্বয়ং, তাঁহার প্রতিপাদিত শূন্যের সাক্ষি-স্বরূপ হওয়াতে, নিজেই সদাকার পরমতত্ত্ব হইয়া পড়েন); সুতরাং মানিলাম শূন্য যেন পরমতত্ত্ব হইল না, কিন্তু আত্মা যে দেহাতীত, তাহার কোন প্রমাণ নাই, সুতরাং দেহই ত' আত্মা; এই আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

দেহাত্মবাদে দোষদর্শন।

স্বাত্মানং শৃণু মূর্খ ত্বং শ্রুত্যা যুক্ত্যা চ পূরুষম্।
দেহাতীতং সদাকারং সুদুর্দর্শং ভবাদৃশৈঃ ॥ ৩০ ।

অন্বয়। ভোঃ মূর্খ ত্বং স্বাত্মানং, শ্রুত্যা যুক্ত্যা চ দেহাতীতং, সদাকারং পুরুষং, কিন্তু ভবাদৃশৈঃ সুদুর্দর্শং, শৃণু।

অনুবাদ। হে মূঢ়, তুমি আপনার আত্মাকে, শ্রুতি ও যুক্তির সাহায্যে, দেহাতীত, এবং সকল সত্যত্বপ্রতীতির ও ব্যবহারের আস্পদ, (বেদোক্ত) পুরুষ বলিয়া নিশ্চয় কর। সেই পুরুষ শূন্য নহেন, তিনি সৎস্বরূপ, কিন্তু তোমার মত ব্যক্তির পক্ষে অত্যন্ত দুর্দ্দর্শ (অথবা, হে মূঢ় দেহাত্মবাদিন্— তুমি ইত্যাদি)

ব্যাখ্যা। "ভোঃ মূর্খ"—হে দেহাত্মবাদিন্ চার্ব্বাক, "ত্বং স্বাত্মানম্" তুমি আপনার আত্মাকে, "দেহাতীতং পুরুষং"—দেহাতিরিক্ত পুরুষ বলিয়া, "শ্রুত্যা"—"তস্মাদ্বা এতস্মাদন্নরসময়াদন্যোঽন্তর আত্মা" (তৈত্তিরীয়, উ ২।২।১) 'পূর্ব্বপঠিত ব্রাহ্মণবাক্যে এবং এই মন্ত্রে যে অন্নরসের বিকারস্বরূপ স্থূলদেহের কথা উক্ত হইল, এই অভ্যন্তরস্থ আত্মা, সেই স্থূলদেহ হইতে ভিন্ন'—এই শ্রুতিবাক্যের সাহায্যে, "যুক্ত্যা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চ” এবং শরীরকে আত্মা বলিলে, সেই আত্মার, শরীরের সাক্ষী হওয়া অসম্ভব, কেননা একই বস্তুর, একই সময়ে, দর্শন ক্রিয়ার কর্ত্তা ও কর্ম হওয়া যুক্তিবিরুদ্ধ, এইরূপ যুক্তির সাহায্যে, “শৃণু” অবধারণ কর। আত্মা যদি দেহাতীত হইল, তবে কি আকারে সেই আত্মার অবধারণ করা যাইবে? ইহার উত্তরে বলিতেছেন “সদাকারং” সংসারে যে যে বস্তু সত্য বলিয়া প্রতীত হয়, তাহাদের সত্যত্ব প্রতীতির ও সত্য বলিয়া ব্যবহারের, কারণভূত যাহা, তাহাই যাহার আকার, সেইরূপে; (ঘট সত্য, পট সত্য, ইত্যাদি স্থলে দ্রষ্টার আত্মার সত্তাদ্বারাই, ঘটপটের সত্যত্ব প্রতীয়মান হয়)। আচ্ছা, আত্মা যদি সত্যত্বপ্রতীতির কারণ হইলেন, তবে কিহেতু তাঁহাকে দেখা যায় না? তদুত্তরে বলিতেছেন “ভবাদৃশৈঃ সুদুর্দ্দর্শং”—তোমাদের মত লোকেরই নিকট (যাহারা বেদের প্রামাণ্য স্বীকার করে না, আচার্য্যের কৃপায় বঞ্চিত ও শ্রদ্ধাহীন, তাহাদের পক্ষে) সেই আত্মা সর্ব্বপ্রকারেই দর্শনের অতীত, যেহেতু সেই আত্মা কখনই দৃশ্যকোটিতে আসেন না। কিম্বা, পূর্ব্বশ্লোকে “স্বদেহ” পদটিকে দ্বিতীয়ান্ত ধরিলে (অর্থাৎ ‘স্বদেহম্’ এইরূপে পাঠ করিলে) এবং সেই শ্লোককে দেহাত্মবাদীর প্রশ্ন ধরিলে, তাহারই প্রশ্নের সমাধান হইল, এই অর্থ করিতে হইবে।

সেই কথাই পরবর্ত্তী সাতটী শ্লোকে বুঝাইতেছেন :—

অহং শব্দেন বিখ্যাত এক এব স্থিতঃ পরঃ।
স্থূলস্ত্বনেকতাং প্রাপ্তঃ কথং স্যাদ্দেহকঃ পুমান্ ॥ ৩১

অন্বয়। পরঃ (আত্মা) অহং শব্দেন বিখ্যাতঃ, একঃ এব স্থিতঃ (এবং) স্থূলঃ দেহকঃ তু অনেকতাং প্রাপ্তঃ, কথং পুমান্ স্যাৎ?

অনুবাদ। সেই আত্মা, ‘অহং’ শব্দের ও প্রত্যয়ের আলম্বনরূপে প্রসিদ্ধ; তিনি অদ্বিতীয়ই হইয়া রহিয়াছেন; (তাঁহার কোন কালে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভাব হয় না।) পক্ষান্তরে স্থূলদেহ বহু, ও পরস্পর বিভিন্ন; তাহা কি প্রকারে সেই আত্মা হইবে?

ব্যাখ্যা। "পরঃ আত্মা" দেহ হইতে ভিন্ন আত্মা, "অহং শব্দেন বিখ্যাতঃ" 'আমি' এই শব্দ দ্বারা প্রসিদ্ধ। এ স্থলে, 'শব্দ' উপলক্ষণমাত্র, ইহার দ্বারা প্রত্যয়কেও বুঝিতে হইবে (অর্থাৎ যে স্থলে 'আমি' শব্দ উচ্চারিত হয় না, 'আমি' অনুভূত হয়, সে স্থলে সেই অনুভূতির আলম্বন আত্মা)। সেই আত্মা কোন্ রূপে প্রসিদ্ধ? এই হেতু বলিতেছেন "একঃ এব স্থিতঃ এব", এস্থলে "এব" শব্দটি, মূলে একবারমাত্র প্রযুক্ত হইলেও, ইহার উক্তরূপে উভয় শব্দের সহিত সম্বন্ধ করিতে হইবে—অদ্বিতীয় রূপেই, রহিয়াছেনই। "তু" কিন্তু, এই 'তু' শব্দ দ্বারা স্থূল দেহ হইতে আত্মার বৈলক্ষণ্য বুঝাইতেছেন, "স্থূলঃ দেহকঃ' এই স্থূল শরীর; এ স্থলে দেহকেই 'দেহকঃ' বলা হইয়াছে, ক প্রত্যয় স্বার্থে প্রযুক্ত হইয়াছে। "কথং পুমান্ স্যাৎ" কি প্রকারে পুরুষ বা আত্মা হইবে? অর্থাৎ কোন ক্রমেই হইতে পারে না। দেহ যে অনাত্ম বস্তু, তদ্বিষয়ে যুক্তি প্রদান করিতেছেন। "অনেকতাং প্রাপ্তঃ" দেহএক নহে, বহু; পরস্পর বিভিন্ন। দেহ এবং আত্মা, এইরূপে, অন্ধকার এবং আলোকের ন্যায় পরস্পর অত্যন্ত বিলক্ষণ হওয়াতে, যিনি দেহকেই আত্মা বলিতেছেন, তাঁহাকে অবশ্যই "মূঢ়" বলিতে হইবে।

দেহ এবং আত্মার পূর্ব্বোক্ত প্রভেদই প্রদর্শন করিতেছেন :—

অহং দ্রষ্টৃতয়া সিদ্ধো দেহো দৃশ্যতয়া স্থিতঃ।
মমায়মিতি নির্দ্দেশাৎ কথং স্যাদ্দেহকঃ পুমান্ ॥ ৩২

অন্বয়। অহং দ্রষ্টৃতয়া সিদ্ধঃ, দেহঃ দৃশ্যতয়া স্থিতঃ, মম অয়ম্ ইতি নির্দ্দেশাৎ; দেহকঃ কথং পুমান্ স্যাৎ।

অনুবাদ। আত্মা, শব্দাদিবিষয়ের প্রকাশকরূপে প্রসিদ্ধ। দেহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দাদির ন্যায় প্রকাশ্যবস্তু রূপে পরিচিত ; কেননা 'এই দেহ আমার' এইরূপে দেহকে নির্দ্দেশ করা হয়। সেই দেহ কি প্রকারে আত্মা হইতে পারে ?

ব্যাখ্যা। "অহম্" 'আমি এই শব্দ ও প্রত্যয়ের আলম্বন আত্ম "দ্রষ্টৃতয়া" শব্দাদি বিষয়ের প্রকাশক রূপে, "সিদ্ধঃ" আমি শব্দ শুনিতেছি ইত্যাদিরূপ ব্যবহার দ্বারা সুপরিচিত, কিন্তু "দেহঃ দৃশ্যতয়া স্থিতঃ" দে শব্দ প্রভৃতি বস্তুর ন্যায় প্রকাশ্য, বস্তুস্বরূপে রহিয়াছে ; তদ্বিষয়ে হেতু প্রদর্শ করিতেছেন ; "মম অয়ং দেহঃ ইতি নির্দ্দেশাৎ" এই দেহটি আমার অর্থাৎ ঘটাদির ন্যায় আমার সহিত সম্বন্ধবিশিষ্ট, এইরূপে ব্যবহৃত হয় বলিয়া এইরূপে আত্মা এবং দেহের মধ্যে অত্যন্ত প্রভেদ থাকাতে, দেহ কি প্রকারে পুরুষ বা আত্মা হইতে পারে ? এই শ্লোকের ৪র্থ পাদ পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে ; পরবর্ত্তী শ্লোকপঞ্চকের চতুর্থ পাদও সেই অ বুঝিতে হইবে।

আবার তদুভয়ের অন্য এক প্রভেদ প্রদর্শন করিতেছেন :—

অহং বিকারহীনস্তু দেহো নিত্যং বিকারবান্।
ইতি প্রতীয়তে সাক্ষাৎ কথং স্যাদ্দেহকঃ পুমান্ ॥ ৩৩

অন্বয়। অহং বিকারহীনঃ, দেহঃ তু নিত্যং বিকারবান্ ইতি সাক্ষা প্রতীয়তে। দেহকঃ কথং পুমান্ স্যাৎ ?

অনুবাদ। আত্মা জন্মাদি ষড়্বিকারবিহীন। দেহ কিন্তু সর্ব্বদা উক্ত ষড়্বিকারযুক্ত। ইহা প্রত্যক্ষই অনুভূত হয়। সেই দেহ কি প্রকারে আত্মা হইতে পারে ?

ব্যাখ্যা। "অহম্" পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। "বিকারহীনঃ" জন্মে থাকে, বাড়ে ইত্যাদি যাস্কপঠিত ষড়্ বিকারশূন্য। "তু" কিন্তু, বৈলক্ষণ্য বোধক অব্যয় ; "দেহঃ নিত্যং বিকারবান্" দেহ সকল সময়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বোক্ত ষড়্‌বিকার বিশিষ্ট। যদি বল এ বিষয়ে প্রমাণ কি? তদুত্তরে বলিতেছেন "ইতি সাক্ষাৎ প্রতীয়তে" প্রত্যক্ষ প্রমাণ দ্বারা ইহা অনুভূত হয়। যদি এইরূপ হইল, তাহা হইলে দেহ কি প্রকারে পুরুষ বা আত্মা হইতে পারে?

এইরূপ যুক্তি দ্বারা দেহ এবং আত্মার প্রভেদ প্রদর্শন করিয়া, শ্রুতি দ্বারাও তাহার সমর্থন করিতেছেন—

যস্মাৎ পরমিতি শ্রুত্যা তয়া পূরুষলক্ষণম্।
বিনির্ণীতং বিমূঢ়েন কথং স্যাদ্দেহকঃ পুমান্॥ ৩৪।

অন্বয়। "যস্মাৎ পরম্" ইতি তয়া শ্রুত্যা বিমূঢ়েন পুরুষলক্ষণম বিনির্ণীতং। দেহকঃ কথং পুমান্ স্যাৎ। অথবা হে বিমূঢ়েন (বিমূঢ়ানাং ইন স্বামিন্) "যস্মাৎ পরং" ইতি তয়া শ্রুত্যা পুরুষলক্ষণম্ বিনির্ণীতং, দেহকঃ কথং পুমান্ স্যাৎ?

অনুবাদ। "যস্মাৎ পরম্" ইত্যাদি প্রসিদ্ধ শ্রুতিবচনদ্বারা বেদার্থ-কুশল পণ্ডিত, পুরুষের বা আত্মার লক্ষণ নির্ণয় করিয়াছেন। (অথবা) হে মূর্খশিরোমণি, "যস্মাৎ পরম্" ইত্যাদি প্রসিদ্ধ শ্রুতি, আত্মার লক্ষণনির্ণয় করিয়াছেন। দেহ কি প্রকারে সেই আত্মা হইতে পারে?

ব্যাখ্যা। যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ,
যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কশ্চিৎ॥
বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেক
স্তেনেদং পূর্ণং পুরুষেণ সর্ব্বম্॥

(তৈত্তিরীয়ব্রাহ্মণের অন্তর্গত মহানারায়ণোপনিষৎ, ১০।৪ ; অথবা শ্বেতাশ্বতরোপনিষৎ ৩।৯।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'যে পুরুষ অপেক্ষা উৎকৃষ্ট আর কিছুই নাই, যাঁহা অপেক্ষা অণুতর বা মহত্তর আর কেহই নাই, তিনি আপনার দ্যোতনাত্মক মহিমায় অদ্বিতীয় হইয়া, নিবাতদেশস্থ বৃক্ষের ন্যায় নিশ্চলভাবে অবস্থান করিতেছেন, তিনি যাবতীয় দৃশ্যজাতকে (দৃশ্য বস্তুকে) ব্যাপিয়া রহিয়াছেন।'

"শ্রুত্যা" এই প্রসিদ্ধ তৈত্তিরীয় শ্রুতিবচন দ্বারা (এস্থলে করণকারকে তৃতীয়া বিভক্তি হইয়াছে); "পুরুষলক্ষণং" আত্মবোধক শব্দনিচয় "বিমূঢ়েন" বিগত হইয়াছে মূঢ়ভাব যাঁহার এইরূপ অতি চতুর, বেদার্থনির্ণয়কুশল ব্যক্তির দ্বারা ; এস্থলে কর্তৃকারকে তৃতীয়াবিভক্তি হইয়াছে। "বিনির্ণীত" বিচারপূর্ব্বক স্থাপিত হইয়াছে। চতুর্থ পাদ পূর্ব্বের ন্যায় ব্যাখ্যা করিতে হইবে।

অথবা, "শ্রুত্যা" (এস্থলে কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি হইয়াছে অর্থাৎ শ্রুতিদ্বারা এইরূপ পুরুষের লক্ষণ নির্ণীত হইয়াছে। এইরূপ স্থলে 'বিমূঢ়েন' এই শব্দটিকে দেহাত্মবাদীর প্রতি সম্বোধন বলিয়া বুঝিতে হইবে। বিমূঢ়দিগের যিনি "ইন" বা স্বামী, তিনি বিমূঢ়েন ; তিনি মূর্খ শিরোমণি বলিয়া শ্রুতিকে আদর করেন না।

সর্ব্বং পুরুষ এবেতি সূক্তে পুরুষসংজ্ঞিতে।
অপ্যুচ্যতে যতঃ শ্রুত্যা কথং স্যাদ্দেহকঃ পুমান্ ॥ ৩৫

অন্বয়। যতঃ শ্রুত্যা পুরুষসংজ্ঞিতে সূক্তে অপি উচ্যতে 'পুরুষঃ (ইদং) সর্ব্বং (যদ্ভূতং যচ্চ ভাব্যং ইত্যাদি,), (অতঃ) দেহকঃ কথং পুমান্ স্যাৎ ?

অনুবাদ। ঋগ্বেদের ১০ মণ্ডলে যে পুরুষসূক্ত আছে, তাহাতে উক্ত হইয়াছে যে পুরুষই অর্থাৎ আত্মাই এই বর্ত্তমান, ভূত ও ভবিষ্যৎ জগৎ। সুতরাং এই ক্ষুদ্র, বর্ত্তমান স্থূলদেহ কি প্রকারে সেই পুরুষ আত্মা হইতে পারে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। পূর্ব্বোক্ত তৈত্তিরীয় শ্রুতিবচনই যে কেবল আত্মাকে দেহ হইতে পৃথক্ বলিতেছেন, এমন নহে, আরও অন্য শ্রুতিবচন আছে, যদ্দ্বারা এই তথ্য বিনির্ণীত হইয়াছে; "যতঃ" যেহেতু, "শ্রুত্যা" বেদ নামক পরদেবতা দ্বারা, "পুরুষসংজ্ঞিতে সূক্তে"—ঋগ্বেদের ১০ম মণ্ডলে নবতিতম 'পুরুষসূক্ত' নামক অনুবাকে "পুরুষ এব ইদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভাব্যম্"—এই যে বর্ত্তমান জগৎ, এবং যে ভবিষ্যৎ জগৎ, সেই সমস্তই পরমাত্মভিন্ন অন্য কিছুই নহে। "অপি উচ্যতে" সে স্থলেও, সেই পুরুষলক্ষণ উক্ত হইয়াছে; পূর্ব্বশ্লোক হইতে "পুরুষলক্ষণং এই শব্দটির অনুবৃত্তি আনিতে হইবে। এই হেতু দেহ কি প্রকারে আত্মা হইতে পারে ?

অসঙ্গঃ পুরুষঃ প্রোক্তো বৃহদারণ্যকেঽপি চ।
অনন্তমলসংশ্লিষ্টঃ কথং স্যাদ্দেহকঃ পুমান্ ॥ ৩৬

অন্বয়। বৃহদারণ্যকে অপি চ পুরুষঃ অসঙ্গঃ প্রোক্তঃ; অনন্তমল-সংশ্লিষ্টঃ দেহকঃ কথং পুমান্ স্যাৎ ?

অনুবাদ। বৃহদারণ্যক উপনিষদেও কথিত হইয়াছে, 'এই পুরুষ অসঙ্গ অর্থাৎ নির্লেপ;' তাহা হইলে অনন্তমলসংযুক্ত এই দেহ কি প্রকারে সেই পুরুষ হইতে পারে ?

ব্যাখ্যা। অপর শ্রুতিবচনদ্বারাও, সেই তথ্য নির্ণীত হইয়াছে। "বৃহদারণ্যকে অপি চ" এবং বাজসনেয়োপনিষদেও (বৃহদা, উ ১।৩।১৫, ১৬) উক্ত হইয়াছে "অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" 'এই পুরুষ অসঙ্গ বা নির্লেপ' কিন্তু "দেহকঃ অনন্তমলসংশ্লিষ্টঃ" তুচ্ছদেহ (অবিদ্যা, কাম, কর্ম্ম প্রভৃতি এবং বায়ু-পিত্তাদি বিবিধপ্রকার অসংখ্য মল দ্বারা ব্যাপ্ত); সুতরাং দেহ কি প্রকারে পুরুষ বা আত্মা হইতে পারে ?

রুদ্রাষ্টাধ্যায়ীর দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় মন্ত্রের সায়ণভাষ্য দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্রৈব চ সমাখ্যাতঃ স্বয়ং জ্যোতির্হি পুরুষঃ।
জড়ঃ পরপ্রকাশ্যোঽসৌ কথং স্যাদ্দেহকঃ পুমান্॥ ৩

অন্বয়। তত্র এব চ পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ সমাখ্যাতঃ হি। অসৌ জড়ঃ পরপ্রকাশ্যঃ কথং পুমান্ ভবেৎ ?

অনুবাদ। এবং সেই বৃহদারণ্যক উপনিষদেই, সেই পুরুষ 'স্বয়ংজ্যোতিঃ' বলিয়া বর্ণিত হইয়াছেন। ইহা পণ্ডিত মাত্রেরই নিকট বিদিত আছে; সুতরাং পরপ্রকাশ্য, ও সেই কারণেই জড়, দেহ কি প্রকারে পুরুষ হইতে পারে ?

ব্যাখ্যা। সেই বৃহদারণ্যক উপনিষদেই অন্য প্রকারে দেহ এবং আত্মার প্রভেদ নিরূপিত হইয়াছে। "তত্র এব"—সেই বৃহদারণ্যক উপনিষদেই চতুর্থ অধ্যায়ের তৃতীয় ব্রাহ্মণের নবম কণ্ডিকায়:- "অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি" [সে অর্থাৎ জীব, যখন স্বপ্নাবস্থা লাভ করে, সেই সময়ে ভূতভৌতিকবিকারসম্পন্ন এই লোকের অর্থাৎ জাগরিতস্থানের (বা জাগ্রদবস্থার) একাংশ বা সংস্কারমাত্র গ্রহণ করিয়া, নিজেই দেহকে সংজ্ঞাহীন করিয়া, এবং নিজেই বাসনাময় অপর দেহ ও দৃশ্য রচনা করিয়া, প্রকাশময় স্বীয় চৈতন্যকে নিজ নিত্যচৈতন্য দ্বারা প্রকাশ করতঃ, স্বপ্নাবস্থা অনুভব করিতে থাকে।]—এই সময়েই পুরুষ স্বয়ংজ্যোতিঃ-স্বরূপে প্রকাশ পান এই শ্রুতিবচন দ্বারা "পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ সমাখ্যাতঃ" পুরুষ স্বয়ংজ্যোতিঃ বলিয়া বর্ণিত হইয়াছেন। "হি"-এ স্থলে 'হি'শব্দ; বিদ্বান্দিগের মধ্যে এইরূপ প্রসিদ্ধি আছে, ইহাই সূচনা করিতেছে। "অসৌ" ঘটাদির ন্যায় দৃশ্য এই দেহ, এবং সেই হেতু "পরপ্রকাশ্যঃ", এবং সেই কারণে জড়; তাহা, কি প্রকারে রুপুষ বা আত্মা হইতে পারে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মকাণ্ডেও আত্মা দেহ নহে।

প্রোক্তোঽপি কর্ম্মকাণ্ডেন হ্যাত্মা দেহাদ্বিলক্ষণঃ।
নিত্যশ্চ তৎফলং ভুঙ্‌ক্তে দেহপাতাদনন্তরম্ ॥ ৩৮

অন্বয়। হি (যস্মাৎ) কর্ম্মকাণ্ডেন অপি চ আত্মা দেহাৎ বিলক্ষণঃ প্রোক্তঃ, (যতঃ সঃ) নিত্যঃ (প্রোক্তঃ) ; (যতঃ) দেহপাতাৎ অনন্তরং তৎফলং ভুঙ্‌ক্তে।

অনুবাদ। যে হেতু, বেদের কর্ম্মকাণ্ডেও, আত্মা, দেহ হইতে বিলক্ষণ বলিয়া, অর্থাৎ নিত্য বলিয়া, বর্ণিত হইয়াছেন, কেননা দেহ বিনষ্ট হইলেও, তাহার পর আত্মা কর্ম্মফল ভোগ করিয়া থাকেন, (সেই হেতু, দেহ কি প্রকারে আত্মা হইতে পারে ?)

ব্যাখ্যা। আরও, জ্ঞানকাণ্ডের কথা যাক্, কর্ম্মকাণ্ডেও আত্মাকে দেহ হইতে ভিন্ন বলিয়া নির্ণয় করা হইয়াছে। "হি" যেহেতু "কর্ম্ম-কাণ্ডেন অপি"—"যাবজ্জীবম্ অগ্নিহোত্রং জুহুয়াৎ" —'যতদিন বাঁচিবে ততদিন অগ্নিহোত্রের অনুষ্ঠান করিবে।' এইরূপে বেদের যে অংশে কর্ম্ম প্রতিপাদিত হইয়াছে, সে স্থলেও "আত্মা দেহাৎ বিলক্ষণঃ প্রোক্তঃ" আত্মা দেহ হইতে পৃথক বলিয়া বর্ণিত হইয়াছে। কি প্রকারে ? এই হেতু বলিতেছেন,—"নিত্যঃ"—আত্মা নিত্য বলিয়া বর্ণিত হইয়াছে, কেননা কর্ম্ম বিনষ্ট হইলেও, আত্মা বিনষ্ট না হইয়া, তাহার ফলভোগ করে। আচ্ছা, এই নিত্যতা কি প্রকার ? এইহেতু বলিতেছেন, "দেহাপাতাৎ অনন্তরম্"—দেহ বিনষ্ট হইলে পর, "তৎফলং"—অনিত্য কর্ম্মফল, যেহেতু আত্মা "ভুঙ্‌ক্তে" ভোগ করিয়া থাকেন, সেই হেতু আত্মা নিত্য। "চ" শ্লোকস্থিত "চ" কারের অর্থ এই যে, ন্যায়, সাংখ্য প্রভৃতি শাস্ত্রেও, দেহ এবং আত্মার ভেদ এইরূপেই বর্ণিত হইয়াছে, ইহা এই 'চ'কার দ্বারা দেখান হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচ্ছা যদি এইরূপই হইল (অর্থাৎ বেদের কর্ম্মকাণ্ডানুসারে আত্মা কর্ম্মের কর্ত্তা এবং ফলভোক্তা হইলেন), তাহা হইলে বৈদান্তিকদিগের সিদ্ধান্ত ত' ভ্রমাত্মক হইল, (কেননা তাঁহারা বলেন, আত্মা কর্ত্তা বা ভোক্তা নহেন। এই আশঙ্কার প্রকারান্তরে সমাধান করিবার জন্য) বলিতেছেন :—

লিঙ্গদেহ আত্মা নহে।

লিঙ্গং চানেক সংযুক্তং চলং দৃশ্যং বিকারি চ।
অব্যাপকমসদ্রূপং তৎকথং স্যাৎপুমানয়ম্ ॥ ৩৯

অন্বয়। অনেকসংযুক্তং, চলং, দৃশ্যং, বিকারি চ লিঙ্গং চ অব্যাপকং অসদ্রূপং (ভবতি); তৎ কথং অয়ং পুমান্ স্যাৎ ?

অনুবাদ। লিঙ্গশরীর দেবমনুষ্যাদি নানা শরীরের সহিত সং... হয়; উহা মনঃপ্রধান বলিয়া চঞ্চল এবং আত্মার অধীন বস্তু; ইহার ক্ষয়বৃদ্ধিরূপ বিকার আছে; ইহা পরিচ্ছিন্ন এবং আত্মজ্ঞান হইলে বি... হয়; সেই পরোক্ষাদিধর্ম্মবিশিষ্ট লিঙ্গশরীর কি প্রকারে নিত্যপ্রত্য... আত্মা হইতে পারে ?

ব্যাখ্যা—"লিঙ্গং কথং অয়ং পুমান্ স্যাৎ" যে লিঙ্গশরীর পরোক্ষা... ধর্ম্মবিশিষ্ট (চক্ষুর অগোচর ইত্যাদি), তাহা কি প্রকারে এই অর্থাৎ নি... অপরোক্ষস্বভাব আত্মা হইতে পারে ? অর্থাৎ কোন ক্রমেই পারে না। "চ"—এই চকার দ্বারা লিঙ্গ শরীরের সহিত কারণ শরীরেরও আত্মা হ... সম্ভব নয়, বলা হইল। এইরূপে আত্মার সহিত লিঙ্গ দেহের যে ভেদ স্থি... হইল, তাহাতে লিঙ্গ দেহের পার্থক্যবোধক বিশেষণ সকল বলিতেছেন;— "অনেক সংযুক্তং" দেব, মনুষ্য, তির্য্যক্ প্রভৃতি নানা স্থূল শরীরের সহি... সম্বন্ধ বিশিষ্ট; কিম্বা পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, মন ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই সপ্তদশকলা সংযুক্ত, এবং "চলম্" চঞ্চল, কেননা লিঙ্গদেহে (চঞ্চল) মনেরই প্রাধান্য ; আবার "দৃশ্যম্" 'এই আমার কর্ণ,' 'এই আমার মন,' ইত্যাদিরূপে লিঙ্গদেহ মমতার আস্পদ বলিয়া আত্মার উপসর্জ্জন বা অধীন বস্তু ; এবং "বিকারি" ক্ষয়, বৃদ্ধি প্রভৃতি বিকারযুক্ত ; "অব্যাপকং" পরিচ্ছিন্ন ; "অসদ্রূপং" একমাত্র আত্মজ্ঞান দ্বারাই বিনাশ্য। যদ্যপি আত্মায় লিঙ্গশরীরের অধ্যাস হওয়াতে, আত্মাকে কর্ত্তা, ভোক্তা বলিয়া মনে হয়, তথাপি আত্মা স্বরূপতঃ কর্ত্তা, ভোক্তা ইত্যাদি কিছুই নহেন—এইরূপ জানিতে পারিলে, সেই জ্ঞানদ্বারা লিঙ্গ শরীরের আত্মায় অধ্যাস নিবৃত্ত হইয়া যায়। তখন আত্মার অকর্ত্তৃত্ব, অভোক্তৃত্ব, ইত্যাদি—ভাব সিদ্ধ হয়। এই কারণে বেদান্তিদিগের সিদ্ধান্ত, অন্য সিদ্ধান্তের ন্যায় কোন ক্রমেই অপসিদ্ধান্ত নহে। এই হেতু ইহাতে দোষার্হ কিছুই নাই।

এক্ষণে পূর্ব্বোক্ত বিষয়ের উপসংহার করিতেছেন :—

আত্মা স্থূল ও সূক্ষ্মদেহ হইতে বিভিন্ন স্বভাব।

এবং দেহদ্বয়াদন্য আত্মা পুরুষ ঈশ্বরঃ।
সর্ব্বাত্মা সর্ব্বরূপশ্চ সর্ব্বাতীতোঽহমব্যয়ঃ ॥ ৪০ ।

অন্বয়। এবং আত্মা দেহদ্বয়াৎ অন্যঃ পুরুষঃ ঈশ্বরঃ (ভবতি), যতঃ সর্ব্বাত্মা, সর্ব্বরূপঃ চ সর্ব্বাতীতঃ, অব্যয়ঃ অহম্।

অনুবাদ। এইরূপে যে আত্মা স্থূল ও সূক্ষ্ম দেহ হইতে ভিন্ন বলিয়া প্রতিপাদিত হইলেন, তিনি শরীরের অধিষ্ঠাতা ঈশ্বর, সর্ব্ব ভূতের আত্মা, সর্ব্বরূপ, ভূতাদির দ্বারা অসংস্পৃষ্ট, "আমি" এই শব্দের এবং প্রত্যয়ের আলম্বন এবং সর্ব্ববিকারশূন্য।

ব্যাখ্যা। "এবং" পূর্ব্বোক্ত প্রকারে ; "আত্মা দেহদ্বয়াৎ অন্যঃ"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মা স্থূল ও সূক্ষ্ম দেহ হইতে ভিন্ন। তিনি কে? এই হেতু বলিতেছেন, "পুরুষঃ" শরীরের অধিষ্ঠাতা। তাহা হইলে তিনি কি জীব? না, তিনি জীব নহেন; এই হেতু বলিতেছেন "ঈশ্বরঃ" তিনি ঈশ্বর, তাহার হেতু এই, তিনি "সর্ব্বাত্মা" সকলেরই (জীবজড়ের) আত্মা। তাহা হইলে ত অদ্বৈত সিদ্ধান্তের ব্যাঘাত ঘটে। (কেন না বহুর সূচনা করা হইল।) এই হেতু বলিতেছেন "সর্ব্বরূপঃ" তিনিই জীবাদি সমস্তরূপ ধারণ করিয়াছেন। এরূপ হইলে ত' তাঁহাকে বিকারী বলিতে হয়। এই কারণে বলিতেছেন, তিনি "সর্ব্বাতীতঃ" জীবাদি দ্বারা অসংস্পৃষ্ট—সংসর্গবর্জ্জিত। আচ্ছা, আত্মা যদি এইরূপ হইলেন, তবে তাঁহাকে দেখা যায় না কেন? এই কারণে বলিতেছেন, "অহং", তিনি "অহং"—তিনি 'আমি'-রূপে প্রত্যক্ষ, অর্থাৎ 'অহং' শব্দ ও প্রত্যয়ের আলম্বনরূপে সর্ব্বদাই উপলব্ধি-স্বরূপ (জ্ঞানরূপ)। তাহা হইলে ত' তাঁহাকে অহঙ্কার বলিতে হয়। না, তাহা বলা চলে না, কেন না তিনি "অব্যয়ঃ" অর্থাৎ অপক্ষয় প্রভৃতি বিকারশূন্য, তিনি অহঙ্কারের সাক্ষী।

দেহদ্বয় হইতে আত্মার পার্থক্য-নির্দ্দেশে শঙ্কা।

এস্থলে কেহ যদি এরূপ আশঙ্কা করেন, যে আত্মাকে দেহদ্বয় হইতে পৃথক্ বলিয়া প্রতিপাদন করা নিরর্থক, সেই হেতু বলিতেছেন :—

ইত্যাত্মদেহভাগেন প্রপঞ্চস্যৈব সত্যতা।
যথোক্তা তর্কশাস্ত্রেণ ততঃ কিম্পুরুষার্থতা ॥ ৪১ ।

অন্বয়। ইতি আত্মদেহভাগেন প্রপঞ্চস্য এব সত্যতা উক্তা, যথা তর্কশাস্ত্রেণ, ততঃ কিম্পুরুষার্থতা (সিধ্যতি)।

অনুবাদ। দেহ ও আত্মার পার্থক্য প্রতিপাদন করিয়া, (পূর্ব্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীমাংসা, ন্যায় প্রভৃতি শাস্ত্র যেমন তাহার সহিত প্রপঞ্চের সত্যতা প্রতিপাদন করিয়াছেন, এস্থলেও ত' সেইরূপই করা হইল। তদ্দ্বারা নিকৃষ্ট পুরুষার্থের অর্থাৎ স্বর্গভোগ ইত্যাদির সিদ্ধি হয় বটে, কিন্তু তদ্দ্বারা মোক্ষরূপ পরমপুরুষার্থের অর্থাৎ অবিদ্যা তৎকার্য্যনিবৃত্তিপূর্ব্বক পরমানন্দ ব্রহ্মপ্রাপ্তির সিদ্ধি হয় না।

ব্যাখ্যা। "ইতি" পূর্ব্বোক্ত প্রকারে বর্ণিত, "আত্মদেহবিভাগেন" আত্মা ও দেহ উভয়ের পরস্পর ভিন্নতা প্রতিপাদন করিয়া, "প্রপঞ্চস্য এব সত্যতা তথা উক্তা যথা তর্কশাস্ত্রেণ"—ন্যায় বৈশেষিকাদি দর্শন যেমন তৎসঙ্গে জগৎ প্রপঞ্চের সত্যতা স্বীকার করিয়াছেন, * সেইরূপ, প্রপঞ্চের সত্যতাই লব্ধ হয়; "ততঃ কিম্পুরুষার্থতা" তদ্দ্বারা অর্থাৎ প্রপঞ্চের সেই সত্যতা প্রতিপাদন দ্বারা কুৎসিৎ পুরুষার্থতা মাত্র সিদ্ধ হয়, যেহেতু তদ্দ্বারা ভয়নিবৃত্তি হয় না, কেননা শ্রুতি বলিতেছেন "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি" (বৃহদা, উ, ১।৪।২) দ্বিতীয় বস্তু থাকিলেই ভয়ের সম্ভাবনা।

'দেহ ভেদ অসত্য'—নিরূপণ প্রতিজ্ঞা।

ইত্যাত্মদেহভেদেন দেহাত্মত্বং নিবারিতম্।
ইদানীং দেহভেদস্য হ্যসত্ত্বং স্ফুটমুচ্যতে ॥ ৪২ ।

---

* পূর্ব্বমীমাংসক জৈমিনী বলেন :—জগৎ—স্বরূপতঃ অনাদি প্রবাহস্বরূপ, সংযোগ-বিয়োগধর্ম্মাক্রান্ত। জীব—জড়-চেতনাত্মক, বিভু, নানা, কর্ত্তা ও ভোক্তা। তিনি জীব ও জগতের পরমার্থ সত্তা স্বীকার করেন। তাঁহার মতে স্বর্গলোকপ্রাপ্তিই পরম পুরুষার্থ। (এইরূপে ঐহিক ও পারত্রিক প্রপঞ্চ সত্য।)

ন্যায়দর্শনকার গৌতম ও বৈশেষিকদর্শনকার কণাদ বলেন :—জগৎ—পরমাণু দ্বারা আরব্ধ, সংযোগবিয়োগজনিত আকৃতিবিশেষ। জীব—জ্ঞানাদিচতুর্দ্দশ গুণবিশিষ্ট কর্ত্তা, ভোক্তা, জড়, বিভু ও নানা। তাঁহারাও জীব ও জগতের পরমার্থসত্তা স্বীকার করেন। তাঁহাদের মতে একবিংশতি প্রকার দুঃখের নিবৃত্তিই পরম পুরুষার্থ। (এইরূপে সুখ দুঃখোৎপাদক প্রপঞ্চ সত্য।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। ইতি আত্মদেহভেদেন দেহাত্মত্বং নিবারিতম্। ইদানীং দেহভেদস্য অসত্ত্বং হি স্ফুটম্ উচ্যতে।

অনুবাদ। এইরূপে আত্মা ও দেহের ভেদ প্রতিপাদন পূর্ব্বক দেহে আত্মবুদ্ধি নিবারিত হইল। এক্ষণে আত্মা হইতে দেহের ভেদ যে অসত্য, তাহা সুস্পষ্টরূপে প্রতিপাদিত হইতেছে।

ব্যাখ্যা। আত্মা ও দেহের পার্থক্য বুঝিলে, তাহা হইতে অভেদ বুদ্ধি, (অর্থাৎ আত্মা ভিন্ন অন্য কিছুই নাই, এইরূপ বুদ্ধি) জন্মিয়া থাকে। এই হেতু দেহ ও আত্মার বিভাগবর্ণন নিরর্থক নহে। "ইতি" পূর্ব্বোক্ত প্রকারে, "আত্মদেহ ভেদেন" আত্মাকে দেহ হইতে পৃথক্ করিয়া, "দেহাত্মত্বম্" চার্ব্বাকের মতানুসারে প্রাপ্ত, দেহই আত্মা—এইরূপ বুদ্ধি, "নিবারিতম্"—নিরস্ত হইল। "ইদানীং" (এক্ষণে অর্থাৎ অগ্রবর্ত্তী শ্লোক সমূহে, "দেহভেদস্য অসত্ত্বম্"—দেহের আত্মসত্তার অতিরিক্ত সত্তা নাই অর্থাৎ আত্মসত্তার দ্বারাই দেহের সত্তা, এইরূপ বুদ্ধি, "স্ফুটম্" স্পষ্টভাবে, "উচ্যতে"—কথিত হইতেছে। "হি" অব্যয়টি প্রসিদ্ধি-বোধক।

সেই কথাই বলিতেছেন ঃ—

চৈতন্যস্যৈকরূপত্বাদ্ভেদো যুক্তো ন কর্হিচিৎ।
জীবত্বঞ্চ মৃষা জ্ঞেয়ং রজ্জৌ সর্পগ্রহো যথা ॥ ৪৩।

অন্বয়। চৈতন্যস্য একরূপত্বাৎ কর্হিচিৎ ভেদঃ ন যুক্তঃ; যথা রজ্জৌ সর্পগ্রহঃ মৃষা, (তথা) জীবত্বং চ (মৃষা) জ্ঞেয়ং।

অনুবাদ। চৈতন্য প্রকাশ (সর্ব্বত্রই) একরূপ বলিয়া, কোন অবস্থাতেই ভেদকল্পনা উচিত নহে। এমন কি জীবভাব পর্য্যন্তও মিথ্যা। তাহা রজ্জুতে সর্প বুদ্ধির ন্যায় মিথ্যা, এইরূপে বুঝিতে হইবে।

ব্যাখ্যা। যাবতীয় ভূত এবং ভৌতিক প্রপঞ্চের অধিষ্ঠানরূপ প্রকাশের, "একরূপত্বাৎ" ঘট প্রকাশিত হইতেছে, পট প্রকাশিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেছে, এইরূপে সেই প্রকাশ সর্ব্বত্র একইরূপের অর্থাৎ একই আকারের বলিয়া, সেই হেতু "কর্হিচিৎ" কোন অবস্থাতেও "ভেদঃ ন যুক্তঃ" তাহার ভেদ কল্পনা উচিত অর্থাৎ যথার্থ নহে। তাহা হইলে, জীবের সহিত ভেদ ত' সত্য হইতে পারে? এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া বলিতেছেন "জীবত্ব চ মৃষা জ্ঞেয়ম্" এই জীবভাবকেও মিথ্যা বলিয়া বুঝিতে হইবে, কেন না অন্তঃকরণাদিরূপ জীবের উপাধি, মায়িক ভিন্ন অন্য কিছুই নহে। অধিষ্ঠানকে সত্য বলিয়া অবধারণ করিলেই, তদ্দ্বারা সেই অধিষ্ঠানে কল্পিত বস্তুর মিথ্যাত্বের উপলব্ধি হয়,—এই বিষয়ে দৃষ্টান্ত দিতেছেন, "যথা রজ্জৌ সর্পগ্রহঃ" যেমন রজ্জুকে রজ্জু বলিয়া না জানিলে তাহার বক্রতাদি সাদৃশ্য দেখিয়া অল্প অন্ধকারে, 'সর্পগ্রহঃ' সর্পবুদ্ধি অজ্ঞ লোকের হয়, কিন্তু যিনি বিশেষতত্ত্ব অবগত আছেন, তাঁহার হয় না; সেইরূপ আত্মাকে আত্মা বলিয়া না জানা হেতু, প্রকাশের তুল্যতা বশতঃ সর্ব্ব-প্রকারের বিশেষপরিশূন্য (পরিচায়ক চিহ্নহীন) প্রকাশরূপ আত্মচৈতন্যে, চিজ্জড়গ্রন্থি চিদাভাসের ভ্রম হয়, বিচারবিহীন লোকের; কিন্তু বিচারশীল লোকের সেরূপ হয় না। ইহাই বেদান্তসিদ্ধান্তের রহস্য।

এখানে পূর্ব্বোক্ত রজ্জুসর্পের দৃষ্টান্ত সবিশেষ ব্যাখ্যা করিয়া, যাবতীয় প্রপঞ্চ যে ব্রহ্মভিন্ন অন্য কিছুই নহে, তাহাই বুঝাইতেছেন :—

রজ্জ্বজ্ঞানাৎ ক্ষণেনৈব যদ্বদ্রজ্জুর্হি সর্পিণী।
ভাতি তদ্বচ্চিতিঃ সাক্ষাদ্বিশ্বাকারেণ কেবলা ॥ ৪৪ ।

অন্বয়। যদ্বৎ রজ্জ্বজ্ঞানাৎ রজ্জুঃ ক্ষণেন এব হি সর্পিণী ভাতি, তদ্বৎ কেবলা চিতিঃ সাক্ষাৎ বিশ্বাকারেণ ভাতি।

অনুবাদ। যেমন রজ্জুকে রজ্জু বলিয়া না জানা হেতু, তাহা নিমেষ মধ্যে সর্পের আকারে প্রকাশিত হয়, সেইরূপ, অর্থাৎ রজ্জুর ন্যায় অবিকৃত থাকিয়া, চৈতন্য, সাক্ষাৎ জগতের আকারে প্রকাশিত হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "কেবলা"—এই বিশেষণটি দিবার সার্থকতা এই যে "চিতিঃ" বা চৈতন্য, পূর্ব্বাবস্থা পরিত্যাগ না করিয়াই অবস্থান্তর প্রাপ্ত হন, অর্থাৎ চৈতন্য বিবর্ত্তোপাদান, * তিনি আরম্ভোপাদান কিম্বা পরিণামোপাদান নহেন, এইরূপ বুঝিতে হইবে। অবশিষ্ট স্পষ্ট।

এস্থলে হেতুপ্রদর্শন করিয়া পূর্ব্বোক্ত প্রসঙ্গের উপসংহার করিতেছেন :—

উপাদানং প্রপঞ্চস্য ব্রহ্মণোঽন্যন্ন বিদ্যতে।
তস্মাৎ সর্ব্বপ্রপঞ্চোঽয়ং ব্রহ্মৈবাস্তি ন চেতরৎ ॥ ৪৫।

অন্বয়। প্রপঞ্চস্য ব্রহ্মণঃ অন্যৎ উপাদানং ন বিদ্যতে ; তস্মাৎ অয়ং সর্ব্বপ্রপঞ্চঃ ব্রহ্ম এব অস্তি ন চ ইতরৎ (কিঞ্চিৎ)।

---

* "আরম্ভবাদীরা বলেন, অবয়ব দ্রব্য হইতে অবয়বী দ্রব্যের উৎপত্তি হয়—যথা সূত্র হইতে বস্ত্রের উৎপত্তি ; অবয়ব ও অবয়বী এক বস্তু নহে, দুটি বিভিন্ন বস্তু; সূত্র এক, বস্ত্র আর এক ; সূত্র বস্ত্রের উপাদান কারণ, বস্ত্রের সহিত সূত্রের এই মাত্র সম্বন্ধ।

আরম্ভবাদে, ব্রহ্ম জগতের উপাদান কারণ হইতে পারেন না। ব্রহ্ম অপরিচ্ছিন্ন; অপরিচ্ছিন্ন বস্তু অবয়ব হইতে পারে না। অবয়ব না হইলে অবয়বী দ্রব্যের উপাদান কারণও হয় না।

পরিণামবাদীরা বলেন, দুগ্ধ যেমন অবস্থান্তর প্রাপ্ত হইয়া দধি হয়, যে বস্তু সেইরূপ অবস্থান্তর প্রাপ্ত হইয়াই জগদ্রূপে প্রতীয়মান হয়, তাহাই জগতের উপাদান কারণ। ইঁহারা উপাদান কারণের সহিত কার্য্যের সম্পূর্ণ ভেদ স্বীকার করেন না; একেবারে অভেদও বলেন না। এ মতেও ব্রহ্ম জগতের উপাদান হইতে পারেন না, কেননা, ব্রহ্ম অপরিচ্ছিন্ন এবং অবিকার।

এই জন্য বিবর্ত্তবাদীরা ঐ দুই মতের উপর দোষ প্রদর্শন করিয়াছেন :—

তাঁহারা আরম্ভবাদের উপরে বলেন :—পট অবয়বী, সূত্র অবয়ব ; পট অবয়ব হইতে অতিরিক্ত হইলেও পটের ভিতর সূত্র আছে। সুতরাং অবয়বের ধর্ম্ম, রূপ, স্পর্শ, পরিমাণ এবং অবয়বীর ধর্ম্ম, রূপ, স্পর্শ, পরিমাণ ইত্যাদি—পটে আছে বলিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। জগৎপ্রপঞ্চের ব্রহ্ম ভিন্ন অন্য কোনও উপাদান নাই। সেই হেতু, এই সমগ্র জগৎপ্রপঞ্চ ব্রহ্মই ; তদ্ভিন্ন অন্য কিছুই নহে।

ব্যাখ্যা। যে হেতু "প্রপঞ্চস্য" আকাশ হইতে আরম্ভ করিয়া দেহ পর্য্যন্ত জগদ্বিস্তারের "ব্রহ্মণঃ অন্যৎ" মায়া দ্বারা বিচিত্রীকৃত চৈতন্য ভিন্ন, পরমাণু কিম্বা প্রকৃতিরূপ অন্য কিছু "উপাদানং"—কারণ বিশেষ (যে কারণে সৃষ্টির পর বস্তুর স্থিতি ও লয় হয় ; "ন বিদ্যতে" নাই, সেই হেতু সমস্ত জগৎপ্রপঞ্চ ব্রহ্মভিন্ন আর কিছুই নহে।

"তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত"ঃ (তৈত্তিরীয় উ, ২।১।১)। (উক্ত উপনিষদে) পূর্ব্ববর্ণিত, সত্য-জ্ঞান-অনন্তরূপ ব্রহ্ম হইতে শব্দগুণক আকাশ সমুৎপন্ন হইয়াছে। অবশিষ্ট স্পষ্ট।

(শঙ্কা)—ভাল, এস্থলে ব্যাপ্যও ব্যাপকভাবে যখন ভেদ পরিলক্ষিত

হয় ; তাহা হইলে সমস্ত ধর্ম্ম দ্বিগুণ হইয়া পড়িল। আর শ্রুতিতে আছে, উপাদানকারণজ্ঞান হইলে কার্য্যজ্ঞান হয়। কার্য্য ও কারণ ভিন্ন হইলে, কারণ জ্ঞানে কার্য্যজ্ঞান হইতে পারে না, অতএব, আরম্ভবাদে শ্রুতিবিরোধও হয়।

পরিণামবাদের উপর বলেন—মৃত্তিকা হইতে ঘট হয়, সুবর্ণ হইতে কুণ্ডল হয়। মৃত্তিকা বা সুবর্ণ ঐ ঘট বা কুণ্ডলের উপাদান কারণ ; কিন্তু এস্থলে ঐ মৃত্তিকার বা সুবর্ণের অবস্থান্তরপ্রাপ্তি ঘটে না ; সুতরাং অবস্থান্তর না হইলে উপাদান কারণ হয় না, একথা বলা যায় না।

বিবর্ত্তবাদীরা বলেন—বস্তুতঃ অবস্থান্তর না হইলেও যে অবস্থান্তর কল্পনা তাহাই বিবর্ত্ত। যে বস্তুতে সেই কল্পনা হয়, তাহাই উপাদান কারণ ; যেমন রজ্জু সর্প। রজ্জুর অবস্থান্তরপ্রাপ্তি না হইলেও সর্প বলিয়া ভ্রম হয়। এই ভ্রমকল্পিত সর্পের উপাদান কারণ রজ্জু। সেইরূপ ভ্রমকল্পিত জগতের উপাদান কারণ ব্রহ্ম। ঘট বা কুণ্ডল মিথ্যা বস্তু, নামরূপ মাত্র ; স্বরূপতঃ মৃত্তিকা বা সুবর্ণ ভিন্ন উহার সত্তা নাই। এই কল্পিত ঘট কুণ্ডলের উপাদানকারণ মৃত্তিকা ও সুবর্ণ। এই কারণজ্ঞান হইলে, কার্য্যের মিথ্যাত্ব নিশ্চয় হয়, তখন একমাত্র ব্রহ্মেরজ্ঞান হয় ; তাহাতেই এক বিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানতাৎপর্য্য।—শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়, (অগ্নি ব্যাপক ও ধূম ব্যাপ্য, অর্থাৎ ধূম থাকিলে অগ্নি অবশ্যই থাকিবে, এবং অগ্নি থাকিলে ধূম না থাকিতেও পারে, এইরূপে অগ্নি, ধূম অপেক্ষা অধিক বিস্তীর্ণ বা ব্যাপী, এই হেতু অগ্নি ব্যাপক এবং ধূম ব্যাপ্য, এই প্রকারে উভয় পদার্থ মধ্যে যখন ভেদ দৃষ্ট হয়,) তখন প্রপঞ্চ মাত্রই ব্রহ্ম—ইহা কি প্রকারে হইতে পারে ? তদুত্তরে বলিতেছেন :—

ভেদমিথ্যা—ইহাশ্রুতিপ্রমাণসিদ্ধ।

ব্যাপ্যবাপ্যকতা মিথ্যা সর্ব্বমাত্মেতি শাসনাৎ।
ইতি জ্ঞাতে পরে তত্ত্বে ভেদস্যাবসরঃ কুতঃ ॥ ৪৬।

অন্বয়। সর্ব্বম্ আত্মা ইতি শাসনাৎ, ব্যাপ্যব্যাপকতা মিথ্যা ইতি পরে তত্ত্বে জ্ঞাতে সতি ভেদস্য অবসরঃ কুতঃ ?

অনুবাদ। শ্রুতিরূপা ঈশ্বরাজ্ঞা এইরূপ,—সংসারের সকল বস্তু আত্মস্বরূপই বটে। সেই হেতু ব্যাপ্যব্যাপকতা প্রভৃতি ভাব ঘটাকাশাদির ন্যায় কল্পিত বলিয়া মিথ্যা। এইরূপে ব্রহ্মস্বরূপ আত্মতত্ত্ব অবগত হইলে, ভেদকল্পনার স্থান কোথায় ?

ব্যাখ্যা। "ব্যাপ্যব্যাপকতা"—ব্যাপ্য অর্থাৎ আন্তর বস্তু, (যথা অগ্নি সম্বন্ধে ধূম), ব্যাপক—বাহ্য বস্তু (যথা অগ্নি) তদুভয়ের ভাব ব্যাপ্যব্যাপকতা, "মিথ্যা" ঘটাকাশাদির ন্যায় কল্পিত বলিয়া অসৎ। তদ্বিষয়ে প্রমাণ দিতেছেন—"সর্ব্বম্ আত্মা ইতি শাসনাৎ"—"ইদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমানি ভুতানীদং সর্ব্বং যদয়মাত্মা" (বৃহদা, উ, ২।৪।৬) এই ব্রাহ্মণ, এই ক্ষত্রিয়, এই সমস্ত লোক, এই সমস্ত দেবতা, এই সমস্ত ভূত এবং এই সমস্ত জগৎ সেই আত্মস্বরূপই বটে, যে আত্মার কথা "শ্রোতব্য" * প্রভৃতি বাক্যদ্বারা বলা হইয়াছে—এইরূপে

* "আত্মা বা অরে শ্রোতব্য মন্তব্য নিদিধ্যাসিতব্য" (বৃহদা, উ, ২।৪।৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবতী শ্রুতি অনুশাসন করিয়াছেন—আজ্ঞা দিয়াছেন, তাহারই বলে (উক্তরূপ ভেদাভাব প্রতিপাদন করা যাইতে পারে)। ভাল, সেই ভেদাভাব যেন প্রতিপন্ন হইল, তাহাতে কি হইল? এই হেতু বলিতেছেন —"ইতি পরে তত্ত্বে জ্ঞাতে ভেদস্য অবসরঃ কুতঃ"? এইরূপে সেই চরমতত্ত্ব (আত্মস্বরূপ ব্রহ্ম) অবগত হইলে পর, ভেদ কল্পনার স্থান কোথায়? ইহা সহজবোধ্য সবিশেষ ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

ভাল, কোনটি বাহ্য, কোনটি আভ্যন্তর, এইরূপে (প্রপঞ্চের) 'ব্যাপ্য ব্যাপকতাভাব' ত' প্রত্যক্ষই প্রতীয়মান হইতেছে; তাহা কি প্রকারে মিথ্যা হইতে পারে? এইরূপ আশঙ্কা করিয়া বলিতেছেন—

শ্রুত্যা নিবারিতং নূনং নানাত্বং স্বমুখেন হি।
কথং ভাসো ভবেদন্যঃ স্থিতে চাদ্বয়কারণে ॥ ৪৭।

অন্বয়। নূনং হি শ্রুত্যা স্বমুখেন নানাত্বং নিবারিতং; (তেন) চ অদ্বয়-কারণে স্থিতে (সতি) ভাসঃ কথম্ অন্যঃ ভবেৎ?

অনুবাদ। পণ্ডিতগণমধ্যে ইহা সুবিদিত যে শ্রুতি নিঃসন্দেহরূপে নিজমুখে ব্রহ্মের নানাত্বের নিষেধ করিয়াছেন, (ব্রহ্মকে একরস বস্তু বলিয়াছেন)। সেইহেতু, ব্রহ্ম যখন অদ্বয় কারণ বা অভিন্ননিমিত্তোপাদান বলিয়া স্থিরীকৃত হইল, তখন ব্যাপ্যব্যাপকভাব কিপ্রকারে নিজ কারণ ব্রহ্ম হইতে অতিরিক্ত বা অন্য কিছু হইতে পারে? (ব্যাপ্য-ব্যাপকতাদি ভেদ কোন কারণেই সত্য হইতে পারে না।)

ব্যাখ্যা। "নূনম্"—নিশ্চয়ার্থক, "হি" প্রসিদ্ধিসূচক অব্যয়। "শ্রুত্যা" "নেহ নানাস্তি কিঞ্চন" (বৃহদা, উ ৪।৪।১৯, কঠ উ ৪।১১) 'এইব্রহ্মে নানা বা বিভক্ত কিছুই নাই' এইরূপ শ্রুতিবচন দ্বারা, "নানাত্বং নিবারিতম্" ভেদ নিষিদ্ধ হইয়াছে; "তেন চ" সেই কারণেও, অর্থাৎ ভেদের অস্বীকাররূপ হেতুবশতঃও, "অদ্বয়কারণে স্থিতে (সতি,)"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা নিমিত্ত (বা কর্ত্তা), তাহাই উপাদান, চরমকারণ ব্রহ্ম এইরূপ য় বলিয়া যখন নির্ণীত হইল, তখন, "ভাসঃ" সেই কারণের কার্য্যভূ ব্যাপ্য-ব্যাপকতাদি প্রতীতি, "অন্যঃ" নিজ কারণ হইতে অতিরি (অর্থাৎ নানা হইয়া সত্য), "কথং ভবেৎ" কি প্রকারে হইতে পারে! কোন প্রকারেই পারে না।

আর শ্রুতি ভেদদর্শনের দোষ বর্ণনা করিতেছেন, এই কারণে কার্য্য কারণ হইতে ভিন্ন নহে। ইহাই বলিতেছেন :—

ভেদদর্শনে শ্রুতিকথিত দোষ।

দোষোঽপি বিহিতঃ শ্রুত্যা মৃত্যো মৃ'ত্যুং স গচ্ছতি।
ইহ পশ্যতি নানাত্বং মায়য়া বঞ্চিতো নরঃ ॥ ৪৮ ।

অন্বয়। যঃ নরঃ মায়য়া বঞ্চিতঃ (সন্) ইহ নানাত্বং পশ্যতি, স মৃত্যোঃ মৃত্যুং গচ্ছতি, ইতি শ্রুত্যা দোষঃ অপি বিহিতঃ।

অনুবাদ। যে ব্যক্তি মায়াদ্বারা বঞ্চিত হইয়া এইব্রহ্মে নানাত্ব দর্শন করে, সেই ব্যক্তি মৃত্যুর পর মৃত্যুপ্রাপ্ত হয়, অর্থাৎ ভেদদর্শী লোক পুনঃ পুনঃ জন্মমরণপ্রবাহ ভোগ করে, কখনও বিমুক্ত হইতে পারে না—এ মর্ম্মের বচনে শ্রুতিও ভেদদর্শনের দোষখ্যাপন করিয়াছেন।

ব্যাখ্যা ॥ "শ্রুত্যা"—"মৃত্যোঃ স মৃত্যু মাপ্নোতি য ইহ নানেব পশ্যতি (বৃহদা উ, ৪।৪।১৯) যে লোক এই ব্র নানার মতই (ভেদের ন্যায়) দর্শন করে, সেই লোক মৃত্যুর পর মৃত্যু প্রা হয়। অভিপ্রায় এই যে অবিদ্যাকৃত অধ্যাস ব্যতিরিক্ত আত্মা বাস্তবিক দ্বৈত বা বিভাগ নাই। এইরূপ শ্রুতিবচনদ্বারা, "মৃত্যো" মৃত্যুর পর "মৃত্যুম্" জন্মমরণপরম্পরা। অবশিষ্ট স্পষ্টার্থ।

তাহা হইলে কর্ত্তব্য কি? তাহাই বলিতেছেন :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মকার্য্য সমস্তই ব্রহ্মরূপ।

ব্রহ্মণঃ সর্ব্বভূতানি জায়ন্তে পরমাত্মনঃ।
তস্মাদেতানি ব্রহ্মৈব ভবন্তীত্যবধারয়েৎ ॥ ৪৯।

অন্বয়। ব্রহ্মণঃ পরমাত্মনঃ সর্ব্বভূতানি জায়ন্তে, তস্মাৎ এতানি ব্রহ্ম এব ভবন্তি ইতি অবধারয়েৎ।

অনুবাদ। যেহেতু অপরিচ্ছিন্ন পরমাত্মা হইতেই এই প্রাণিগণ উৎপন্ন হয়, (তাঁহাতেই অবস্থিত থাকে, এবং তাঁহাতেই প্রলীন হয়) সেইহেতু, এই প্রাণিগণ ব্রহ্মস্বরূপ, এইরূপ নিশ্চয় করিতে হয়।

ব্যাখ্যা। "ব্রহ্মণঃ পরমাত্মনঃ"—ব্রহ্ম শব্দের অর্থ 'বৃহৎ' অর্থাৎ অপরিচ্ছিন্ন, সেইরূপ পরমাত্মা হইতে, "সর্ব্বাণি ভূতানি জায়ন্তে" সমস্ত ভূত উৎপন্ন হয়। 'উৎপন্ন হয়' বলাতে, উপলক্ষণ দ্বারা পরমাত্মায় তাহাদের স্থিতি ও প্রলয় বুঝিতে হইবে; কেন না শ্রুতি (তৈত্তিরীয় উ, ৩।১।১) বলিতেছেন—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি," যে ব্রহ্মরূপ উপাদান হইতে, ব্রহ্মা হইতে তৃণ পর্য্যন্ত প্রাণিগণ উৎপন্ন হয়, যে ব্রহ্মরূপ কারণ হইতে, সেই প্রাণিগণ উৎপন্ন হইয়া প্রাণ ধারণ করে অর্থাৎ বৃদ্ধি পায় এবং বিনাশ কালে, যে কারণরূপ ব্রহ্মে প্রলীন হয়। যে হেতু এইরূপ, "তস্মাৎ" সেইহেতু, "এতানি ভূতানি" এই প্রাণিগণ "ব্রহ্ম এব ভবন্তি" কেবল সৎস্বরূপ ব্রহ্মরূপ, "ইতি অবধারয়েৎ" এইরূপ নিশ্চয় করিবে।

ভাল, বিবিধ প্রকার নাম, রূপ ও কর্ম্মভেদে প্রাণিগণ বিচিত্র; তাহারা কিপ্রকারে ব্রহ্মস্বরূপ হইবে? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মৈব সর্ব্বনামানি রূপাণি বিবিধানি চ।
কর্ম্মাণ্যপি সমগ্রানি বিভর্ত্তীতি শ্রুতি র্জগৌ ॥ ৫০।

অন্বয়। ব্রহ্ম এব সর্ব্বনামানি বিবিধানি রূপাণি চ অপি সমগ্রা কর্ম্মানি বিভর্ত্তি ইতি শ্রুতিঃ জগৌ।

অনুবাদ। বৃহদারণ্যক শ্রুতি বলিতেছেন ব্রহ্মই সকল প্রকা বিশেষ বিশেষ নাম, বিশেষ বিশেষ রূপ (রস, গন্ধ প্রভৃতি) এবং বিশে বিশেষ কর্ম্ম ধারণ করিয়া রহিয়াছেন অর্থাৎ রজ্জু প্রভৃতি যে সর্প প্রভৃতির প্রতিভাস ধারণ করে, সেইরূপ ব্রহ্ম, তত্ত্বজ্ঞানহী জীবকে নাম, রূপ ও কর্ম্ম প্রদর্শন করিতেছেন। (বস্তুতঃ ব্রহ্মে বৈচি নাই)।

ব্যাখ্যা।—"ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম" (বৃহ উ, ১।৬।১) এই জগতের অভিব্যক্তির পূর্ব্ববর্ত্তী যে অব্যাকৃত নামক অব বর্ণিত হইয়াছে তাহা এবং এই সাধ্যসাধনাত্মক অভিব্যক্ত জগৎ, এ সমস্তই এই তিন প্রকার নাম, রূপ ও কর্ম্ম। "ইতি শ্রুতিঃ জগৌ বৃহদারণ্যক শ্রুতি এইরূপে গান করিয়াছেন অর্থাৎ সেই শ্রুতি অধ্যয়নাধিকারিগণকে শুনাইয়াছেন। কি গান করিয়াছেন? এই বে বলিতেছেন "ব্রহ্ম এব" ব্রহ্মই, "সর্ব্বনামানি" আকাশ হইতে আর করিয়া দেহ পর্য্যন্ত, বিশেষ বিশেষ নাম সকলকে, "চ" আব "বিবিধানি রূপাণি" আকাশের অবকাশ হইতে আরম্ভ করিয়া জীবে মধ্যে দ্বিপদ পর্য্যন্ত এই বিবিধ প্রকার বিশেষ বিশেষ বিকার সমূহকে "অপি" এবং; 'রূপ' শব্দের উল্লেখ হওয়াতে, তাহার উপলক্ষ গন্ধাদিকেও ধরিতে হইবে। "সমগ্রাণি কর্ম্মাণি" (আকাশের) অবকা প্রদান হইতে আরম্ভ করিয়া (মনুষ্যের) স্নান, শৌচ পর্য্যন্ত বিশেষ বিশে ক্রিয়াসমূহকে, "বিভর্ত্তি" রজ্জু প্রভৃতি যেমন সর্পাদির প্রতিভাস ধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে, সেইরূপে ধারণ করেন, অর্থাৎ যাহারা সেই নাম রূপাদির অধিষ্ঠানকে দেখিতে পায় না, তাহাদিগকে (সেই নামরূপাদি) প্রদর্শন করেন।

এই বিষয়ে সর্ব্বলোকবিদিত দৃষ্টান্ত বলিতেছেন :—

সুবর্ণাজ্জায়মানস্য সুবর্ণত্বঞ্চ শাশ্বতম্।
ব্রহ্মণো জায়মানস্য ব্রহ্মত্বঞ্চ তথা ভবেৎ ॥ ৫১ ।

অন্বয়। সুবর্ণাৎ জায়মানস্য (দ্রব্যস্য) সুবর্ণত্বং চ শাশ্বতম্, ব্রহ্মণঃ জায়মানস্য (জগতঃ) চ ব্রহ্মত্বং তথা (শাশ্বতং) ভবেৎ।

অনুবাদ। সুবর্ণ হইতে উৎপন্ন বস্তু যেমন চিরদিনই সুবর্ণ, সেইরূপ ব্রহ্ম হইতে উৎপন্ন জগৎ চিরদিনই ব্রহ্ম।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

এইরূপে ঘট (বা যে কোন বস্তু) কর্ত্তাই হউক, কর্ম্মই হউক বা অন্য কোন কারকই হউক, যখন সকলই একই অধিষ্ঠানের (উপর বিবর্ত্ত বলিয়া) সিদ্ধ হইল, তখন যদি কেহ তৎসমুদয়ের মধ্যে ভেদ দর্শন করে, তবে তাহার জন্মমৃত্যুভয় হইতে অব্যাহতি নাই, এই কথাই বলিতেছেন :—

জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ভেদদর্শনই ভয়ের কারণ।

স্বল্পমপ্যন্তরং কৃত্বা জীবাত্মপরমাত্মনোঃ।
যঃ সন্তিষ্ঠতি মূঢ়াত্মা ভয়ং তস্যাভিভাষিতম্ ॥ ৫২

অন্বয়। যঃ জীবাত্মপরমাত্মনোঃ স্বল্পম্ অপি অন্তরং কৃত্বা সন্তিষ্ঠতি, (শ্রুত্যা) তস্য ভয়ম্ অভিভাষিতম্।

অনুবাদ। যে ব্যক্তি জীবাত্মা ও পরমাত্মার মধ্যে উপাসক-

৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপাস্যরূপ অল্পমাত্রও ভেদ কল্পনা করিয়া বসিয়া থাকে, শ্রুতিবলেন, তাহার সংসারদর্শনরূপ ভয় (অনিবার্য্য)।

ব্যাখ্যা। "স্বল্পম্ অপি অন্তরং কৃত্বা"—অতি অল্পমাত্র ভেদ কল্পনা করিয়া অর্থাৎ ব্রহ্মে উপাস্য এবং উপাসক এইরূপ ভেদ ধরিয়া, "য সন্তিষ্ঠতি" যে (বিচার না করিয়া) বসিয়া থাকে, "তস্য ভয়ং অভিভাষিতম্" শ্রুতি তাহারই সংসার ভয়ের কথা বলিয়াছেন, যথা "যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতে অথ তস্য ভয়ং ভবতি" (তৈত্তিরীয় উ, ২।৭।১) 'যেহেতু এই অনাত্মদর্শী পুরুষ অবিদ্যাবস্থায় যদি (উৎ অরম্) অল্পমাত্রও ভেদ কল্পনা করে, তাহা হইলে, সেই ভেদদর্শনহেতু, তাহার ভয় বা জন্মমরণরূপ সংসার দর্শন ঘটে'।

(শঙ্কা)। ভাল, দ্বৈত বা জগৎপ্রপঞ্চ এবং অদ্বৈত বা ব্রহ্ম, যদি আলোক ও অন্ধকারের ন্যায় পরস্পর বিরুদ্ধস্বভাব, তাহা হইলে তদুভয় কি প্রকারে সমানাধিকরণ হইতে পারে অর্থাৎ তদুভয়ের কি প্রকারে একত্রাবস্থান ঘটিতে পারে? (উত্তর) অবস্থাভেদে সেইরূপ হইতে পারে, এই কথাই বলিতেছেন:—

অজ্ঞান বশতঃই ভেদ প্রতীতি; জ্ঞান দ্বারাই অভেদ প্রতীতি ঘটে।

যত্রাজ্ঞানাদ্ভবেদ্দ্বৈতমিতরস্তত্র পশ্যতি।
আত্মত্বেন যদা সর্ব্বং নেতরস্তত্র চাণ্বপি॥ ৫৩

অন্বয়। যত্র অজ্ঞানাৎ দ্বৈতম্ (ইব) ভবেৎ, তত্র ইতরঃ (অন্যৎ) পশ্যতি; যদা চ (=তু) সর্ব্বম্ আত্মত্বেন ভবেৎ, (তদা) তত্র ইতরঃ ন অণু অপি (দ্বৈতং পশ্যতি)।

অনুবাদ। যে অজ্ঞানাবস্থায় (জগৎপ্রপঞ্চ), ভিন্নের ন্যায় প্রতীয়মান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়, তখন, অপরে অপরকে দর্শন করে; (দ্রষ্টা ও দৃশ্য ভিন্ন বলিয়া অনুভূত হয়।) কিন্তু যখন (অর্থাৎ জ্ঞানাবস্থায়) সমস্তই আত্মস্বরূপ হইয়া যায়, তখন জ্ঞানী, ভিন্ন হইয়া অণুমাত্রও দ্বৈতদর্শন করেন না।

ব্যাখ্যা। "যত্র" যে অজ্ঞানাবস্থায়, "অজ্ঞানাৎ" অজ্ঞানবশতঃ, "দ্বৈতম্ ইব ভবেৎ" ভিন্নের ন্যায় প্রতীয়মান হয়, "তত্র" সেই অজ্ঞানাবস্থায়, "ইতরঃ (অন্যৎ) পশ্যতি" অপরে অপরকে (ভিন্ন বলিয়া) দর্শন করে, কেন না শ্রুতি বলিতেছেন—"যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং জিঘ্রতি, তদিতর ইতরং পশ্যতি, তদিতর ইতরং শৃণোতি, তদিতর ইতরম্ অভিবদতি, তদিতর ইতরং মনুতে, তদিতর ইতরং বিজানাতি" (বৃহদা উ, ২।৪।১৪)—যে (অজ্ঞান-) অবস্থায় দ্বৈতবৎ—ভিন্নের ন্যায় প্রতীতি হয়, সেই অবস্থায়ই (একে) অপরকে (গন্ধকে) আঘ্রাণ করে, একে অপরকে (রূপকে) দর্শন করে, একে অন্যকে (শব্দকে) শ্রবণ করে, একে অপরকে অভিবাদন করে, একে অপরকে চিন্তা করে, একে অপরকে বিশেষরূপে জানে।" "যত্র বা অন্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যং পশ্যেদন্যোঽন্যজ্জিঘ্রেদন্যোঽন্যদ্রসয়েৎ" (বৃহদা, উ, ৪।৩।৩১) যে সময় অর্থাৎ স্বপ্ন ও জাগরণাবস্থায় অন্যের মত হয়, অর্থাৎ অবিদ্যাবশতঃ আত্মা হইতে পৃথক অপর বস্তুই যেন উপস্থাপিত হয়, তখন অন্যে অন্য বিষয় দর্শন করে, অন্যে অন্য বিষয় আঘ্রাণ করে, অন্যে অন্য বিষয় আস্বাদন করে'। "যদা চ" যখন কিন্তু, 'চ' শব্দ পূর্ব্বোক্ত অজ্ঞানাবস্থা হইতে বৈলক্ষণ্য বা পার্থক্য সূচনা করিতেছে "যদা" যখন অর্থাৎ সেই জ্ঞানাবস্থায়, "সর্ব্বম্ আত্মত্বেন ভবেৎ" সমস্তই আত্মস্বরূপ হইয়া যায়, "তত্র" সেই জ্ঞানাবস্থায় "ইতরঃ ন অণু অপি পশ্যতি" সে অন্য বা ভিন্ন হইয়া কিছুমাত্র দেখেনা, কেন না শ্রুতি বলিতেছেন "যত্র বা অস্য সর্ব্বমাত্মৈবাভূৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৎ কেন কং জিঘ্রেৎ, তৎ কেন কং পশ্যেৎ' ইত্যাদি (বৃহদা উ, ২।৪।১৪)। সাধকের যে অবস্থায় সমস্তই (জগৎই) আত্মস্বরূপ হইয়া যায়, আত্মাতিরিক্ত কোন বস্তুর সত্তাস্ফূর্ত্তি হয় না তখন কিসের দ্বারা কাহাকে আঘ্রাণ করিবে? কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে? অর্থাৎ অজ্ঞান ও অজ্ঞান-কার্য্য সমস্তই নিবৃত্ত হইয়া যায় বলিয়া, দ্বৈতপ্রতীতি আদৌ হয় না।

ভাল, দ্বৈতদর্শন নিবৃত্ত হইলে, কোন্ পুরুষার্থ সিদ্ধ হয়? এই আশঙ্কার নিবৃত্তি করিবার জন্য, সেই পুরুষার্থপ্রতিপাদক শ্রুতিবচনে অর্থাৎ ঈশাবাস্যোপনিষদ্গত "যস্মিন্ সর্ব্বাণিভূতান্যাত্মৈবাভূদ্বিজানতঃ। তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ॥" এই ৭ সংখ্যক মন্ত্রের অর্থ শ্লোকাকারে নিবদ্ধ করিতেছেন—

একাত্মজ্ঞানেই শোকাদির অভাব হয়।

যস্মিন্ সর্ব্বাণি ভূতানি হ্যাত্মত্বেন বিজানতঃ।
ন বৈ তস্য ভবেন্মোহো ন চ শোকোঽদ্বিতীয়তঃ॥ ৫৪

অন্বয়। যস্মিন্ (অবস্থা বিশেষে) বিজানতঃ (পুরুষস্য) সর্ব্বাণি ভূতানি আত্মত্বেন হি ভবন্তি, তস্য (তস্মিন্ অবস্থাবিশেষে) মোহঃ ন বৈ ভবেৎ, ন চ শোকঃ (ভবেৎ), অদ্বিতীয়তঃ।

অনুবাদ। যে অবস্থা বিশেষে, সেই অপরোক্ষভাবে আত্মসাক্ষাৎকারবান্ পুরুষের, যাবতীয় প্রাণিবর্গ বা জগৎপ্রপঞ্চ আত্মস্বরূপ হইয়া যায়, সেই অবস্থায় তাঁহার ভ্রমও হয় না, ব্যাকুলতাও থাকে না, কেন না তদুভয়ের কারণাভাব, যেহেতু অন্য বা দ্বিতীয় বস্তু নাই।

ব্যাখ্যা। "যস্মিন্" যে অবস্থা বিশেষে, "বিজানতঃ" অপরোক্ষভাবে সাক্ষাৎকারবান্ অধিকারী পুরুষের, "সর্ব্বাণি ভূতানি আত্মত্বেন হি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ভবন্তি)” সমস্ত প্রাণিবর্গ (বা জগৎ প্রপঞ্চ) আত্মস্বরূপই হইয়া যায়, “তস্য”—(এস্থলে এই ষষ্ঠী বিভক্তিকে সপ্তমী বিভক্তির অর্থে গ্রহণ করিতে হইবে।) সেই অবস্থা বিশেষে, “বৈ” নিশ্চিতই (নিঃসন্দেহ, কখনই), “মোহঃ ন ভবেৎ”—ভ্রম হয় না, “ন চ শোকঃ (ভবেৎ)” এবং ব্যাকুলতাও হয় না, এতদুভয়ের কারণ এই—“অদ্বিতীয়তঃ” তদুভয়ের কারণ হইতে পারে এইরূপ, দ্বিতীয় বস্তুর অভাব বশতঃ, (অর্থাৎ আত্মভিন্ন অন্য কিছুই না থাকাতে, শোকমোহের কারণাভাবে শোকমোহরূপ কার্য্যও হয় না।)

শোকের কারণ দ্বৈত বস্তু যে থাকে না, তদ্বিষয়ে প্রমাণ বলিতেছেনঃ—

আত্মার ব্রহ্মত্ব শ্রুতিসিদ্ধ।

অয়মাত্মা হি ব্রহ্মৈব সর্ব্বাত্মকতয়া স্থিতঃ।
ইতি নির্দ্ধারিতং শ্রুত্যা বৃহদারণ্যসংস্থয়া ॥ ৫৫

অন্বয়। অয়ম্ আত্মা হি সর্ব্বাত্মকতয়া স্থিতঃ ব্রহ্ম এব ইতি বৃহদারণ্যসংস্থয়া শ্রুত্যা নির্দ্ধারিতম্।

অনুবাদ। যে ব্রহ্ম সত্তাস্ফূর্ত্তিপ্রদরূপে সর্ব্বপদার্থের আত্মস্বরূপ হইয়া রহিয়াছেন, এই আত্মা সেই ব্রহ্মভিন্ন অন্য কিছুই নহে। বৃহদারণ্যক উপনিষৎস্থিত শ্রুতিবচন এইরূপ নির্দ্ধারণ করিয়াছেন।

ব্যাখ্যা। “শ্রুত্যা” শ্রুতিবচন দ্বারা ; সেই শ্রুতি বচনটি এই :—
“স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ” ইত্যাদি (বৃহদা, উ, ৪।৪।৫)

(এই সংসারী আত্মা, যে সমস্ত উপাধি যোগে তন্ময়ত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ আপনাকে সেই সেই উপাধি হইতে অভিন্ন বলিয়া মনে করে, সেই সমুদয়ের নির্দ্দেশ করিবার জন্য বলিতেছেন :—)

সেই আত্মা প্রকৃতপক্ষে ব্রহ্মই বটে, (কিন্তু উপাধি যোগে) বিজ্ঞানময়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(বুদ্ধির সহিত অভিন্নরূপ) ও মনোময় (মনের সহিত অভিন্নরূপ) হয়। শ্লোকের অবশিষ্টাংশের অর্থ সরল।

ভাল, সংসারের কারণ (অজ্ঞান) থাকিতে, এই দৃশ্যমান সংসারকে কিপ্রকারে একেবারে শোকাদিশূন্য বলা হইতেছে, এইরূপ আশঙ্কা হইতে পারে জানিয়া দৃষ্টান্ত দিয়া বুঝাইতেছেন—

স্বপ্নের দৃষ্টান্তে প্রপঞ্চের অলীকতা নিরূপণ ঃ

অনুভূতোঽপ্যয়ং লোকো ব্যবহারক্ষমোঽপি সন্।
অসদ্রূপো যথা স্বপ্ন উত্তরক্ষণবাধতঃ ॥ ৫৬

অন্বয়। অয়ং লোকঃ অনুভূতঃ অপি, ব্যবহারক্ষমঃ অপি সন্, উত্তরক্ষণ-বাধতঃ অসদ্রূপঃ ভবতি, যথা স্বপ্নঃ।

অনুবাদ। এই দৃশ্যমান সংসার নেত্রকর্ণাদি দ্বারা অনুভূত হইলেও এবং ইহার দ্বারা ক্ষুৎপিপাসাদি নিবৃত্তিরূপ ব্যবহার সিদ্ধ হইলেও, ইহা পরে থাকে না, (কালক্রমে তিরোহিত হইয়া যায়)—এইহেতু ইহা অসৎস্বরূপ; যেমন স্বপ্নদৃষ্ট যাবতীয় পদার্থ তৎকালে সত্য বলিয়া প্রতীত হইলেও এবং স্বপ্নকালে সেই সেই পদার্থ দ্বারা ক্ষুৎপিপাসাদি নিবৃত্তিরূপ এবং সুখদুঃখাদির অনুভূতিরূপ ব্যবহার সিদ্ধ হইলেও, নিদ্রাভঙ্গে সেই স্বপ্নদৃষ্ট বস্তুসমূহ মিথ্যা বলিয়াই জানা যায়, সেইরূপ।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

এইরূপে একটি দৃষ্টান্তের বর্ণন করিয়া দৃষ্টান্তলব্ধ তথ্যটির অন্যস্থানে প্রয়োগ দেখাইতেছেন :—

অবস্থা ত্রয় মিথ্যা আত্মাই সত্য ঃ

স্বপ্নো জাগরণেঽলীকঃ স্বপ্নেঽপি জাগরো নহি।
দ্বয়মেব লয়ে নাস্তি লয়োঽপি হ্যুভয়োর্ন চ ॥ ৫৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। স্বপ্নঃ জাগরণে অলীকঃ (প্রতীয়তে), জাগরঃ অপি স্বপ্নে নহি তিষ্ঠতি। লয়ে (সুষুপ্তৌ) দ্বয়ম্ এব ন অস্তি, অপি চ লয়ঃ উভয়োঃ ন চ (তিষ্ঠতি)।

অনুবাদ। (নিদ্রাভঙ্গে) জাগ্রদবস্থা আসিলে, স্বপ্ন অর্থাৎ স্বপ্নদৃষ্ট পদার্থ সকল মিথ্যা বলিয়া প্রতীয়মান হয়। আবার জাগ্রদবস্থাকেও স্বপ্নে পাওয়া যায় না অর্থাৎ স্বপ্নে জাগ্রদ্দৃষ্ট পদার্থের ব্যতিক্রম ঘটে। আবার সুষুপ্তিতে জাগ্রৎ ও স্বপ্ন এই উভয় অবস্থাকেই পাওয়া যায় না; সুষুপ্তিকেও আবার জাগ্রৎ ও স্বপ্নে মিথ্যা বলিয়া জানা যায় অর্থাৎ সুষুপ্তিতে যে জাগ্রৎ ও স্বপ্ন প্রপঞ্চের লয় ঘটে, তাহা জাগ্রতে এবং স্বপ্নে মিথ্যা বলিয়া মনে হয়।

ব্যাখ্যা। "অলীকঃ" মিথ্যা, "দ্বয়ম্" স্বপ্ন ও জাগরণ, "লয়ে"— সুষুপ্তিতে। অবশিষ্টের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

কথাটির উপসংহার করিয়া সিদ্ধান্ত নির্ণয় করিতেছেন :—

ত্রয়মেব ভবেন্মিথ্যা গুণত্রয়বিনির্ম্মিতম্।
অস্য দ্রষ্টা গুণাতীতো নিত্যো হ্যেকশ্চিদাত্মকঃ ॥৫৮

অন্বয়। এবং ত্রয়ং মিথ্যা ভবেৎ (যতঃ) গুণত্রয়বিনির্ম্মিতম্; অস্য দ্রষ্টা হি গুণাতীতঃ, নিত্যঃ একঃ চিদাত্মকঃ।

অনুবাদ। এইরূপে উক্ত অবস্থাত্রয় অর্থাৎ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি মিথ্যা বলিয়া নিশ্চিত হইল, কেননা তাহারা পরস্পর ব্যভিচারী—একের অনুভূতিকালে অপর দুইটিকে পাওয়া যায় না। তাহার কারণ এই—সেই তিনটিই সত্ত্বরজস্তমোগুণ দ্বারা নির্ম্মিত অর্থাৎ মায়াময়, কিন্তু এই অবস্থাত্রয়ের সাক্ষী, উক্ত গুণত্রয়ের অতীত, বা মায়া দ্বারা অস্পৃষ্ট, নিত্য এবং স্বজাতীয় বিজাতীয় ও স্বগত ভেদরহিত এবং চৈতন্যস্বরূপ।

ব্যাখ্যা। "ত্রয়ং তিনটি অর্থাৎ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থা, "এবম্" এইরূপে, পরস্পর ব্যভিচারী বলিয়া দৃষ্ট হয় বলিয়া, "মিথ্যা"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য নহে। তাহাদের মিথ্যাত্বের হেতু এই যে তাহারা "গুণত্র বিনির্ম্মিতং" মায়াকল্পিত। তাহা হইলে সত্য কি? এই আশঙ্কা উত্তরে বলিতেছেন—"অস্য" এই অবস্থাত্রয়ের "দ্রষ্টা" সাক্ষীর। অবশি সহজ বোধ্য।

ভাল, অবস্থাত্রয় যেন মিথ্যা বলিয়া সিদ্ধ হইল, কিন্তু জীব ত' সত হইতে পারে, এইরূপ আশঙ্কা করিয়া সদৃষ্টান্ত উত্তর দিতেছেন :—

জীবকল্পিত দৃষ্টান্ত দ্বারা তৎপ্রতিপাদন।

যদ্বন্মৃদি ঘটভ্রান্তিং শুক্তৌ বা রজতস্থিতিম্।
তদ্বদ্ব্রহ্মণি জীবত্বং বীক্ষ্যমাণে ন পশ্যতি ॥ ৫৯

অন্বয়। যদ্বৎ (জনঃ, মৃদি বীক্ষ্যমানায়াং) মৃদি ঘটভ্রান্তিং (ন পশ্যতি) যদ্বৎ বা (শুক্তৌ দৃশ্যমানায়াং) শুক্তৌ রজতস্থিতিং (ন পশ্যতি), তদ্ব (ব্রহ্মণি বীক্ষ্যমানে) ব্রহ্মণি জীবত্বং ন পশ্যতি।

অনুবাদ। কাহারও দৃষ্টি মৃত্তিকায় নিবদ্ধ থাকিলে, ঘটস্থ মৃত্তিকাতে যেমন তাহার ঘটভ্রান্তি হয় না অথবা শুক্তি বলিয়া দৃঢ়রূপে বিদিত বস্ত রজতরূপে প্রতীত হইলেও তাহাতে যেমন কাহারও রজতভ্রম হয় না সেইরূপ আত্মাকে (গুরুমুখবিনিঃসৃত মহাবাক্য শ্রবণে) ব্রহ্মবস্তু বলিয়া দৃঢ়রূপে বিদিত হইয়া যিনি আত্মসাক্ষাৎকার করেন, তিনি আত্মা (আপনাতে) জীবত্ব দেখিতে পান না।

ব্যাখ্যা। "ব্রহ্মণি বীক্ষ্যমানে"—ব্রহ্মকে আত্মা বলিয়া সাক্ষাৎকার করিলে, "জীবত্বং ন পশ্যতি" ব্রহ্মে (আত্মায়) জীবত্ব দেখিতে পায় না— এইরূপে অন্বয় করিতে হইবে। অবশিষ্টের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

অজ্ঞানাবস্থায় জীব ব্রহ্মের যে ভেদ প্রতীয়মান হয় তাহা নামমাত্র এই কথাটি বহু দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রপঞ্চ ব্রহ্মে কল্পিত—তদ্বিষয়ে বহুদৃষ্টান্ত।

যথা মৃদি ঘটো নাম কনকে কুণ্ডলাভিধা।
শুক্তৌ হি রজতখ্যাতি র্জীবশব্দস্তথা পরে ॥ ৬০

অন্বয়। যথা মৃদি ঘটঃ নাম, কনকে কুণ্ডলাভিধা, শুক্তৌ রজতখ্যাতিঃ, পরে (পরব্রহ্মণি) জীবশব্দঃ তথা (ভবতি)।

অনুবাদ। যেমন (ব্যাবহারিক পক্ষে) মৃত্তিকায় ঘট নাম আরোপিত হয়, সুবর্ণে কুণ্ডলনাম আরোপিত হয়, (এবং প্রাতিভাসিক পক্ষে) শুক্তিতে রজত নাম আরোপিত হয় অর্থাৎ মৃত্তিকা, সুবর্ণ ও শুক্তি হইতে ঘট, কুণ্ডল ও রজতের ভেদ নামমাত্র, সেইরূপ পরব্রহ্মে জীব নাম আরোপিত হইয়াছে অর্থাৎ জীব ব্রহ্মের ভেদ, নামমাত্র।

ব্যাখ্যা। "রজতখ্যাতিঃ"—রজতের খ্যাতি আখ্যা বা নাম, "পরে" পরব্রহ্মে, "জীব শব্দঃ তথা" জীবনাম সেইরূপ। অবশিষ্ট স্পষ্টার্থ।

জীবই যে কেবল নামমাত্র, এরূপ নহে; সমস্ত বিশ্বও সেইরূপ ব্রহ্মে নামমাত্র, এই কথাটি অনেক দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন :—

যথৈব ব্যোম্নি নীলত্বং যথা নীরং মরুস্থলে।
পুরুষত্বং যথা স্থাণৌ তদ্বদ্বিশ্বং চিদাত্মনি ॥ ৬১

অন্বয়। ব্যোম্নি নীলত্বং যথা এব, মরুস্থলে নীরং যথা (এব), স্থাণৌ পুরুষত্বং যথা, চিদাত্মনি বিশ্বং তদ্বৎ।

অনুবাদ। আকাশে নীলতা যেমন (নামমাত্র), মরীচিকায় জল যেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(নামাত্র), স্থাণুতে বা গাছের গুঁড়িতে, (রাত্রির অন্ধকারে দৃষ্ট) পুরুষ যেমন নামমাত্র, চিদাত্মায় বিশ্ব (ঠিক সেইরূপ।)

ব্যাখ্যা। শ্লোক স্পষ্টার্থ।

প্রপঞ্চ, নাম ভিন্ন অন্য কিছুই নহে। সেই প্রপঞ্চকে মিথ্যা বলিয়া সংস্কার, যাহাতে চিত্তে দৃঢ় হইয়া বসে, সেই জন্য পূর্ব্বোক্ত কথাটিই অনেক সর্ব্বজনপ্রসিদ্ধ দৃষ্টান্ত দ্বারা বিস্তৃতভাবে বর্ণনা করিতেছেন,

যথৈব শূন্যে বৈতালো গন্ধর্ব্বাণাং পুরং যথা।
যথাকাশে দ্বিচন্দ্রত্বং তদ্বৎসত্যে জগৎস্থিতিঃ ॥ ৬২

অন্বয়। শূন্যে বৈতালঃ যথা এব, যথা গন্ধর্ব্বাণাং পুরং, আকাশে যথা দ্বিচন্দ্রত্বং, তদ্বৎ সত্যে জগৎস্থিতিঃ (ভবতি)।

অনুবাদ। শূন্যে যেমন (কখন কখন) ভূত দেখা যায়, বা গন্ধর্ব্বনগর (mirage) দেখা যায়, আকাশে যেমন (কখন কখন) দুইটি চাঁদ—একটি চাঁদের কোলে অপর একটি—দেখা যায়, সত্যস্বরূপ আত্মায় সেইরূপ জগতের অবস্থান দেখা যায়, (বস্তুতঃ তাহা নাই)।

ব্যাখ্যা। "শূন্যে" নির্জ্জন স্থানে, "বৈতালঃ" অকস্মাৎ চক্ষুর সম্মুখে ফুটিয়া উঠে, এইরূপ ভূতবিশেষ। ["শূন্যে" অর্থাৎ সমুদ্র প্রভৃতির উপরিভাগে আকাশে, (নাবিক প্রভৃতি) যেমন গন্ধর্ব্ব নগরের বা দূরবর্ত্তী দৃষ্টিবহির্ভূত নগরের অধরোত্তর বা উল্টা প্রতিচ্ছায়া (দেখিয়া থাকে), সেইরূপ সত্যস্বরূপ চিদাত্মায় জগৎ অবস্থিত রহিয়াছে দেখাযায়।] (মূল টীকায়) "গন্ধর্ব্বনগর" আকাশে নীল, পীত প্রভৃতি মেঘ দ্বারা বিরচিত রাজনগরাকৃতি বলিয়া বর্ণিত হইয়াছে। শ্লোকের অবশিষ্ট স্পষ্টার্থ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রপঞ্চরূপে ব্রহ্মই প্রকাশিত হইতেছেন, তদ্বিষয়ে একাধিক দৃষ্টান্ত।

যথা তরঙ্গ কল্লোলৈ র্জলমেবস্ফুরত্যলম্।
পাত্ররূপেণ তাম্রং হি ব্রহ্মাণ্ডৌঘৈস্তথাত্মতা ॥ ৬৩

অন্বয়। যথা তরঙ্গকল্লোলৈঃ জলম্ এব অলং স্ফুরতি, পাত্ররূপেণ তাম্রং হি (স্ফুরতি), তথা ব্রহ্মাণ্ডৌঘৈঃ আত্মতা (স্ফুরতি)।

অনুবাদ। যেমন তরঙ্গ, কল্লোল (বৃহৎ তরঙ্গ) প্রভৃতির আকারে জলই প্রকৃষ্টরূপে প্রকাশ পায়, যেমন, পাত্রের আকারে (সেই পাত্রের উপাদান) তাম্রই (প্রকৃষ্টরূপে,) প্রকাশ পায়। সেইরূপ ব্রহ্মাণ্ডের আকারে আত্মভাবই প্রকৃষ্টরূপে প্রকাশিত হয়।

ব্যাখ্যা। শ্লোক স্পষ্টার্থ।

ঘটনাম্না যথা পৃথ্বী পটনাম্না হি তন্তবঃ।
জগন্নাম্না চিদাভাতি জ্ঞেয়ং তত্তদভাবতঃ ॥ ৬৪

অন্বয়। যথা পৃথ্বী ঘটনাম্না আভাতি, তন্তবঃ পটনাম্না হি আভাতি, (তথা) চিৎ জগন্নাম্না (আভাতি)। তদভাবতঃ (নামাভাবতঃ) তৎ (ব্রহ্ম) জ্ঞেয়ম্।

অনুবাদ। যেমন মৃত্তিকা ঘটনামে প্রসিদ্ধ হয়, সূতা পট বা বস্ত্র নামে প্রসিদ্ধ হয়, সেইরূপ চৈতন্য বা ব্রহ্ম 'জগৎ'-নামে প্রসিদ্ধ হ'ন। সেই "জগৎ" নামের তিরোভাব ঘটাইয়া, সেই ব্রহ্মকে চিনিতে হয়।

ব্যাখ্যা। অন্য দৃষ্টান্ত, "ঘটনাম্না" ইত্যাদি, শ্লোকের প্রথম তিন চরণ স্পষ্টার্থ; ব্যাখ্যা নিষ্প্রয়োজন। (শঙ্কা) ভাল, প্রপঞ্চ মিথ্যা এইরূপ সংস্কারকে দৃঢ় করিবার প্রয়োজন কি? (সমাধান) তদুত্তরে বলিতেছেন "তদভাবতঃ"—(ঘটনামের তিরোভাব ঘটাইয়া মাটীকে চিনিবার ন্যায়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পটনামের তিরোভাব ঘটাইয়া সূতাকে চিনিবার ন্যায়,) জগৎ নামে তিরোভাব ঘটাইয়া "তৎ ব্রহ্ম জ্ঞেয়ম্" সেই ব্রহ্মকে চিনিতে হয়; কেন শ্রুতিবচন রহিয়াছে (ছান্দোগ্য উপ, ৬।১।৪) "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্"—বিকার পদার্থ (কার্য্য পদার্থ), কেবল বাক্যের দ্বারা আরব্ধ, অর্থা কেবল শব্দমাত্রাবলম্বন নামমাত্র, মৃত্তিকাই সত্য পদার্থ। (ঘট নাম পদার্থটি মৃত্তিকায় কেবল ঘটশব্দ প্রয়োগ দ্বারাই আরব্ধ হইয়া গিয়াছে বস্তুতঃ ঘট মৃত্তিকাভিন্ন অন্য কিছুই নহে।)

[প্রপঞ্চমিথ্যাত্বের সংস্কারকে দৃঢ় করিলে যে অবস্থা লাভ হয়, তাহাকে 'জীবন্মুক্তি' বলে।] (শঙ্কা) ভাল, এই জীবন্মুক্তিরূপ তৃতীয়াবস্থা কথা ত শ্রুতিতে পাওয়া যায় না, কেননা শ্রুতি জাগ্রদাদি অবস্থাত্রয় বিদেহমোক্ষ এই দুই অবস্থার কথাই বলিয়াছেন। সেই অর্থে বৃহদারণ্যক শ্রুতিবচন, (২।৪।১৪, ৪।৫।১৫,) এইরূপ দেখা যায়, যথা—"যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং জিঘ্রতি" ইত্যাদি অয়ি মৈত্রেয়ি,) যে অবস্থায় দ্বৈতবৎ (আপনা হইতে ভিন্নের ন্যায় কো পদার্থ) প্রতীয়মান হয়, সেই অবস্থাতেই অপরে অপরকে (অর্থা গন্ধকে) আঘ্রাণ করিয়া থাকে। একে অপরকে দর্শন করে,..." একে অপরকে চিন্তা করে। এই বাক্যে জাগ্রদাদি (অজ্ঞান অবস্থাত্রয়ের কথাই উক্ত হইয়াছে। এবং তাহার পর "যত্র বা অস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং জিঘ্রেৎ" ইত্যাদি। (পক্ষান্তরে) সাধকের যে অবস্থায় সমস্তই (জগৎই আত্মস্বরূপ হইয়া যায়, আত্মাতিরিক্ত কোন বস্তুরই সত্তাস্ফূর্ত্তি হয় তখন কিসের দ্বারা কাহাকে আঘ্রাণ করিবে? কিসের দ্বারায় কাহা দর্শন করিবে? ইত্যাদি—এই বাক্যে বিদেহ মোক্ষের কথাই উ হইয়াছে। কই পূর্ব্বোক্তরূপ জীবন্মুক্তের কথা ত' নাই। (সমাধান)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মের সঙ্গেই সকল ব্যবহার হয়।

সর্ব্বোপি ব্যবহারস্তু ব্রহ্মণা ক্রিয়তে জনৈঃ।
অজ্ঞানান্ন বিজানন্তি মৃদেব হি ঘটাদিকম্ ॥ ৬৫

অন্বয়। জনৈঃ সর্ব্বঃ অপি ব্যবহারঃ ব্রহ্মণা ক্রিয়তে, (তে) তু অজ্ঞানাৎ ন বিজানন্তি, ঘটাদিকং মৃৎ এব হি।

অনুবাদ। লোকে, (লৌকিক, বৈদিক) যাবতীয় ব্যবহার ব্রহ্মের সহিতই করিয়া থাকে, কিন্তু অজ্ঞান বশতঃ তাহা বুঝিতে পারে না; যেমন ঘটাদিব্যবহারকালে মৃত্তিকারই সহিত ব্যবহার করা হয়।

ব্যাখ্যা। "সর্ব্বঃ অপি ব্যবহারঃ"—লৌকিক ও বৈদিক সকল প্রকার ব্যবহারই। শ্লোকের অবশিষ্টাংশ স্পষ্টার্থ। তাৎপর্য্য এই—অজ্ঞান নিবৃত্তির নামই জীবন্মুক্তি; জীবন্মুক্তি শব্দে দ্বৈতের অদর্শন বুঝিতে হইবে না। *

এই বিষয়ে দৃষ্টান্তের সহিত হেতু প্রদর্শন করিতেছেন।

কার্য্যকারণতা নিত্যমাস্তে ঘটমৃদোর্যথা।
তথৈব শ্রুতিযুক্তিভ্যাং প্রপঞ্চ ব্রহ্মণোরিহ ॥ ৬৬

---

* পূর্ব্বোক্ত বৃহদা, উ, ২।৪।১৪ ও ৪।৫।১৫ এই দুইটি শ্রুতিবচনে দুইটী অবস্থার কথা বর্ণিত হইয়াছে। যথা জাগ্রদাদি অবস্থাত্রয়ে বা অজ্ঞানাবস্থায় দ্বৈতব্যবহার-পরতা এবং বিদেহমোক্ষে বা পূর্ণ জ্ঞানাবস্থায় সম্পূর্ণরূপে দ্বৈতব্যবহারবিরতি। সুতরাং ঐ দুই বচনে জ্ঞানলাভের পর শরীরধারণহেতু দ্বৈতব্যবহারপরতারূপ তৃতীয়াবস্থার কথা নাই; সুতরাং সেইরূপ মিশ্রাবস্থা হইতে পারে না, এই শঙ্কার উত্তরে বলিতেছেন, সেই অবস্থার নামই জীবন্মুক্তাবস্থা। সেই অবস্থায় কেবল সংসারব্যবহারনির্ব্বাহের জন্য দ্বৈত ব্যবহার করিতে হয়, তাহা না করিলে সংসার-ব্যবহার চলে না। যেমন ঘটকে মৃত্তিকামাত্র বলিয়া জানিলেও [মৃত্তিকা নাম দ্বারা ঘটের প্রাপ্তি ঘটে না। কিন্তু সেই অবস্থায় ঘটরূপ অজ্ঞান নিবৃত্ত হওয়া গিয়াছে। সুতরাং অজ্ঞাননিবৃত্তিই জীবন্মুক্তি। সেই অবস্থার পরিপাকে দ্বৈতের অদর্শন হইয়া থাকে বটে, কিন্তু দ্বৈতের সম্পূর্ণ অদর্শন বিদেহাবস্থাতেই ঘটে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। যথা (শ্রুতিযুক্তিভ্যাং) ঘটমৃদোঃ নিত্যং কার্য্যকারণতা আস্তে, তথা এব শ্রুতিযুক্তিভ্যাং ইহ প্রপঞ্চব্রহ্মণোঃ (কার্য্যকারণতা আস্তে।)

অনুবাদ। যেমন শ্রুতিবচন ও যুক্তি এই উভয় প্রমাণ দ্বারা ঘট ও মৃত্তিকার কার্য্যকারণ ভাব সিদ্ধ হয়, ঠিক সেইরূপে শ্রুতিবচন ও যুক্তিদ্বারা এই জগৎপ্রপঞ্চ এবং ব্রহ্মেরও কার্য্যকারণতা সিদ্ধ হয়।

ব্যাখ্যা। "যথা সৌম্য একেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাৎ" (ছান্দোগ্য উ, ৬।১।৪) হে সৌম্য একটি মাত্র মৃৎপিণ্ডকে জানিলেই যেমন সমস্ত মৃন্ময় পদার্থ বিজ্ঞাত হওয়া যায়, অর্থাৎ জানা যায় যে, মৃত্তিকাই সত্য পদার্থ, বিকার (কার্য্য-পদার্থ) কেবল শব্দাত্মক নামমাত্র—এই শ্রুতিবচন দ্বারা ঘট ও মৃত্তিকার কার্য্যকারণ ভাব সিদ্ধ হয়। আর যুক্তি এই—কার্য্য ও কারণ পরস্পর ভিন্ন হইলে এক কারণজ্ঞানদ্বারা, তাহার সকল কার্য্যের জ্ঞান হইতে পারে না, ইত্যাদি। শ্লোকের অবশিষ্ট সহজেই বুঝা যায়।

কার্য্য ও কারণ যে একই বস্তু তাহা দৃষ্টান্তদ্বারা স্পষ্ট করিয়া বুঝাইতেছেন—

প্রপঞ্চ গ্রহণে ব্রহ্মেরই গ্রহণ।

গৃহ্যমানে ঘটে যদ্বন্মৃত্তিকায়াতি বৈ বলাৎ।
বীক্ষ্যমানে প্রপঞ্চে ঽপি ব্রহ্মৈবাভাতি ভাসুরম্‌ ॥ ৬৭

অন্বয়। যদ্বৎ ঘটে গৃহ্যমানে (সতি) মৃত্তিকা বলাৎ আয়াতি বৈ (তদ্বৎ) প্রপঞ্চে অপি বীক্ষ্যমানে ভাসুরং ব্রহ্ম আভাতি।

অনুবাদ। যেমন ঘটকে লইয়া বিচার করিতে থাকিলে, পরিশেষে 'ঘট' এই নাম এবং বর্ত্তুলোদরাদি রূপ তিরোহিত হইয়া মৃত্তিকাই দৃঢ়ভাবে উপস্থিত হয়, সেইরূপ জগৎ প্রপঞ্চকে লইয়া বিচার করিতে থাকিলে, সকলপ্রমাণনিরপেক্ষ স্বয়ংপ্রকাশ ব্রহ্মই অবশিষ্ট থাকিয়া যান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "ভাস্বরং"—প্রমাণের অপেক্ষা না রাখিয়া, প্রকাশশীল। অবশিষ্টের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(শঙ্কা) ভাল, ব্রহ্মই যদি প্রকাশিত হন, তাহা হইলে ত' প্রপঞ্চ প্রকাশিত হইতে পারে না। (সমাধান) অবস্থাভেদে উভয়ই প্রকাশিত হয়, এই কথাই দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন :—

শুদ্ধ আত্মা কেন অশুদ্ধ ?

সদৈবাত্মা বিশুদ্ধোঽস্তি হ্যশুদ্ধো ভাতি বৈ সদা।
যথৈব দ্বিবিধা রজ্জুর্জ্ঞানিনোঽজ্ঞানিনোঽনিশম্ ॥ ৬৮

অন্বয়। আত্মা (জ্ঞানিনঃ) সদা এব বিশুদ্ধঃ অস্তি হি, অজ্ঞানিনঃ তু সদা অশুদ্ধং ভাতি বৈ, যথা রজ্জুঃ জ্ঞানিনঃ অজ্ঞানিনঃ অনিশং দ্বিবিধা ভাতি এব।

অনুবাদ। আত্মা জ্ঞানীর নিকট সর্ব্বদাই শুদ্ধ, কিন্তু অজ্ঞানীর নিকট সর্ব্বদাই অশুদ্ধ বলিয়া প্রতীত হন। ইহা সর্ব্বজন বিদিত। যেমন একই রজ্জু জ্ঞানীর নিকট রজ্জুমাত্র, বিষহীন ও অভয়াবহ এবং অজ্ঞানীর নিকট সর্পরূপে বিষাক্ত বলিয়া প্রতীত এবং সেইহেতু ভয়াবহ হয়, সেইরূপ।

ব্যাখ্যা। "আত্মা (জ্ঞানিনঃ) সদা এব বিশুদ্ধঃ" জ্ঞানীর নিকট আত্মা সর্ব্বদাই বিশুদ্ধ অর্থাৎ অজ্ঞান এবং অজ্ঞানের কার্য্য যে জগৎ-প্রপঞ্চরূপ মল, তদ্রহিত,—নিষ্প্রপঞ্চ। "অজ্ঞানিনঃ তু সদা অশুদ্ধং ভাতি বৈ" কিন্তু অজ্ঞানীর নিকট (ভ্রমবশতঃ) সর্ব্বদাই অশুদ্ধ বলিয়া প্রতীত হন। 'বৈ' ও 'হি' এই দুই অব্যয় প্রসিদ্ধিদ্যোতক অর্থাৎ উক্ত উভয় তথ্যই সর্ব্বজনবিদিত। উভয় স্থলেই দৃষ্টান্ত দিতেছেন "যথা রজ্জু জ্ঞানিনঃ অজ্ঞানিনঃ দ্বিবিধা ভাতি এব" যেমন রজ্জু জ্ঞানীর নিকট অসর্প এবং সেই হেতু নির্ব্বিষ ও অভয়াবহ; অজ্ঞানীর নিকট কিন্তু তাহা সর্প এবং সেইহেতু বিষধর ও ভয়ঙ্কর, এই উভয় রূপেই প্রতিভাত হয়, সেইরূপ। অভিপ্রায় এই—যদ্যপি ব্রহ্ম স্বয়ংপ্রকাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া সর্ব্বদাই প্রকাশিত আছেন, তথাপি বৃত্তিতে আরূঢ় হইলে, অর্থাৎ অন্তঃকরণ বৃত্তির ব্রহ্মাকার পরিণাম হইলে, তিনি জ্ঞানীর নিকট মোক্ষরূপ পরমপুরুষার্থপ্রদ, এইহেতু উপাদেয় বলিয়া প্রতিভাত হন, কিন্তু অজ্ঞানীর নিকট সেইরূপ হন না। সূর্য্যালোক বা দীপালোক, চক্ষুষ্মান্ ও অন্ধের নিকট যথাক্রমে যেরূপ প্রতিভাত হয়, সেইরূপ। এই সঙ্কেত ধরিয়া বিচার করিলে, কথাটি আরও সুস্পষ্ট হইবে।

(শঙ্কা) ভাল, আত্মা যদি জ্ঞানীর নিকট সর্ব্বদাই (জগদাদি) প্রপঞ্চবিহীন বলিয়া প্রতিভাত হন, তাহা হইলে কি কারণে দেহ ও আত্মার ভে শাস্ত্রকারগণ বর্ণনা করিয়া থাকেন ? (অর্থাৎ দেহ ত আত্মাই, আত্মা হইতে ভিন্ন বলিয়া কেন বর্ণিত হন ?) (সমাধান) অবিবেকিগণ যে দেহকেই আত্ম (আমি) বলিয়া মনে করে, সেই ভ্রম দূর করিবার জন্য। বিবেকীর নিকট কিন্তু সেইরূপ বর্ণনা সম্পূর্ণ নিরর্থক ; এই কথাই দৃষ্টান্ত দিয়া বুঝাইতেছেন—

অদ্বৈত জ্ঞানের পর আত্মানাত্ম বিভাগ নিষ্ফল।

যথৈব মৃন্ময়ঃ কুম্ভস্তদ্বদ্দেহোঽপি চিন্ময়ঃ।
আত্মানাত্মবিভাগোঽয়ং মুধৈবক্রিয়তেঽবুধৈঃ॥ ৬৯

অন্বয়। যথা কুম্ভঃ মৃন্ময়ঃ এব তথা দেহঃ অপি চিন্ময়ঃ (তর্হি) অয় আত্মানাত্মবিভাগঃ অবুধৈঃ মুধা এব ক্রিয়তে (কিং) ?

অনুবাদ। ঘট যেরূপ মৃন্ময়, দেহও ঠিক সেইরূপই চৈতন্যময় তাহা হইলে অবিবেকীগণ এই যে আত্মবস্তু ও অনাত্ম বস্তুর বিভা করিয়া থাকে, তাহা কি বৃথা ? (না বৃথা নহে।)

ব্যাখ্যা। "ক্রিয়তে বুধৈঃ" এস্থলে, 'ক্রিয়তে অবুধৈঃ' এইরূ সন্ধি ভাঙ্গিয়া, তৃতীয় চতুর্থ চরণদ্বয় প্রশ্নসূচক স্বরভঙ্গি বা কাকু দ্ব উচ্চারণ করিতে হইবে। আত্মানাত্ম-বিভাগ অবিবেকিগণ কি বৃথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া থাকে ? না, বৃথা নহে ;—এইরূপে কাকুর ব্যাখ্যা করিতে হইবে। অবশিষ্ট সহজ বোধ্য।

এক্ষণে অবিবেকিগণ কল্পিত দেহের সহিত আত্মার যে তাদাত্ম্য ঘটাইয়া থাকে অর্থাৎ উভয়কে অভিন্ন বলিয়া মনে করে, তাহাই দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন :—

অজ্ঞের দেহাত্মবুদ্ধির দৃষ্টান্ত।

সর্পত্বেন যথা রজ্জু রজতত্বেন শুক্তিকা।
বিনির্ণীতা বিমূঢ়েন দেহত্বেন তথাত্মতা ॥ ৭০ ।

অন্বয়। যথা রজ্জুঃ (বিমূঢ়েন) সর্পত্বেন (বিনির্ণীতা), যথা শুক্তিকা (বিমূঢ়েন) রজতত্বেন (বিনির্ণীতা), তথা আত্মতা বিমূঢ়েন দেহত্বেন বিনির্ণীতা।

অনুবাদ। যেমন বিমূঢ় ব্যক্তি রজ্জুকে সর্প বলিয়া বুঝে, যেমন বিমূঢ় ব্যক্তি ঝিনুককে রৌপ্য বলিয়া মনে করে, সেইরূপ বিচারবিহীন ব্যক্তি আত্মাকে দেহরূপ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

ঘটত্বেন যথা পৃথ্বী পটত্বেনৈব তন্তবঃ।
বিনির্ণীতা বিমূঢ়েন দেহত্বেন তথাত্মতা ॥ ৭১ ।

অন্বয়। যথা পৃথ্বী (বিমূঢ়েন) ঘটত্বেন বিনির্ণীতা (ভবতি), তন্তবঃ পটত্বেন বিনির্ণীতা, (ভবতি) তথা আত্মতা বিমূঢ়েন দেহত্বেন বিনির্ণীতা ভবতি।

অনুবাদ। যেমন বিমূঢ় ব্যক্তি মাটিকে ঘট বলিয়া নিশ্চয় করে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূত্রকে বস্ত্র বলিয়া মনে করে, সেইরূপ বিচারবিহীন ব্যক্তি আত্মাকে দেহরূপ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

কনকং কুণ্ডলত্বেন তরঙ্গত্বেন বৈ জলম্।
বিনির্ণীতা বিমূঢ়েন দেহত্বেন তথাত্মতা॥ ৭২।

অন্বয়। কনকং (যথা বিমূঢ়েন) কুণ্ডলত্বেন বিনির্ণীতং, জলং বৈ তরঙ্গত্বেন বিনির্ণীতং, তথা আত্মতা বিমূঢ়েন দেহত্বেন বিনির্ণীতম্।

অনুবাদ। বিচারবিহীন ব্যক্তি যেমন সুবর্ণকে কুণ্ডল বলিয়া ধারণা করে, জলকে তরঙ্গ বলিয়া মনে করে, সেইরূপ অবিবেকী ব্যক্তি আত্মাকে দেহরূপ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

পুরুষত্বে যথা স্থাণু র্জলত্বেন মরীচিকা।
বিনির্ণীতা বিমূঢ়েন দেহত্বেন তথাত্মতা॥ ৭৩।

অন্বয়—যথা স্থাণুঃ (বিমূঢ়েন) পুরুষত্বে (বিনির্ণীতঃ ভবতি), মরীচিকা জলত্বেন (বিনির্ণীতা ভবতি), তথা বিমূঢ়েন আত্মতা দেহত্বেন বিনির্ণীতা (ভবতি)।

অনুবাদ। বিচারবিহীন ব্যক্তি যেমন গাছের শাখাহীন গুঁড়িকে অন্ধকারে পুরুষ বলিয়া মনে করে, মরীচিকাকে জল বলিয়া মনে করে, সেইরূপ অবিবেকী ব্যক্তি আত্মাকে দেহ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

গৃহত্বেনৈব কাষ্ঠানি খড়্গত্বেনৈব লোহতা।
বিনির্ণীতা বিমূঢ়েন দেহত্বেন তথাত্মতা॥ ৭৪।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। যথা কাষ্ঠানি (বিমূঢ়েন) গৃহত্বেন এব (বিনির্ণীতানি ভবন্তি), লোহতা খড়্গত্বেন এব (বিনির্ণীতা ভবতি), তথা আত্মতা বিমূঢ়েন দেহত্বেন বিনির্ণীতা (ভবতি)।

অনুবাদ। বিচারবিহীন ব্যক্তি যেমন (গৃহোপাদান) কাষ্ঠরাশিকে গৃহ বলিয়া মনে করে, লৌহকে খড়্গ বলিয়া মনে করে, সেইরূপ অবিবেকী ব্যক্তি আত্মাকে দেহ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। ৭০ সংখ্যক শ্লোক হইতে ৭৪ সংখ্যক শ্লোক পর্য্যন্ত এই পাঁচটি শ্লোকের অর্থ সহজ বোধ্য, এই জন্য ইহাদের ব্যাখ্যা হইল না।

(শঙ্কা)। ভাল, এইরূপ ভ্রান্তনির্ণয়ের কারণ কি? (সমাধান) অজ্ঞানই ইহার কারণ, ইহা এই বারটি শ্লোকে দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন:—

অজ্ঞের দেহাত্মবুদ্ধির কারণ।

যথা বৃক্ষবিপর্য্যাসো জলাদ্ভবতি কস্যচিৎ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৭৫।

অন্বয়। যথা জলাৎ কস্যচিৎ বৃক্ষবিপর্য্যাসঃ ভবতি, তদ্বৎ (জীবঃ) অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন জলের সান্নিধ্যবশতঃ, প্রতিবিম্বিত বৃক্ষকে কাহারও, প্রকৃত বৃক্ষ বলিয়া মনে হয়, সেইরূপ অজ্ঞানের সংযোগবশতঃ অর্থাৎ অন্তঃকরণরূপ উপাধির সংযোগ হেতু, আত্মা, (সেই অন্তঃকরণে প্রতিবিম্বিত হইয়া, জীবাত্মারূপে, সেই অন্তঃকরণেরই অহংরূপ পরিণাম-বশতঃ) দেহমাত্র, এইরূপ ভ্রম হয়। *

* পরপারস্থিতং হংসং দ্বিধেব প্রতিবিম্বিতম্। তথাত্মানং বিজানাতি তটস্থঃ ষ্টত্যাদর্শনঃ॥ "বোধসারে" ১৯ প্রবন্ধে ৪১৮ পৃষ্ঠায় এই শ্লোকের ব্যাখ্যা দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। (অন্য) ব্যাখ্যা—নিষ্প্রয়োজন।

পোতেন গচ্ছতঃ পুংসঃ সর্ব্বং ভাতীব চঞ্চলম্।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ ॥ ৭৬।

অন্বয়। পোতেন গচ্ছতঃ পুংসঃ সর্ব্বং চঞ্চলম্ ইব ভাতি। তদ্বৎ অজ্ঞান-যোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যে ব্যক্তি নৌকাযোগে গমন করিতেছে, সে তীরস্থ সকল বস্তুকেই গমনশীল মনে করে। সেইরূপ অজ্ঞানের সংযোগবশতঃ অর্থাৎ নিয়তপরিণামশীল অন্তঃকরণরূপ উপাধির সহিত সংযোগহেতু, দেহের নশ্বরত্বাদি, লোকে আত্মায় আরোপ করিয়া থাকে।

ব্যাখ্যা। "পোতেন" নৌকা দ্বারা, অবশিষ্ট স্পষ্ট।

পীতত্বং হি যথা শুভ্রে দোষাদ্ভবতি কস্যচিৎ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ ॥ ৭৭।

অন্বয়। যথা দোষাৎ কস্যচিৎ শুভ্রে পীতত্বং হি ভাতি, তদ্বৎ অজ্ঞান-যোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন পাণ্ডুরোগগ্রস্ত হইলে, লোকে শুভ্র বস্তুকে পীত বলিয়া মনে করে, সেইরূপ অজ্ঞানের সংযোগ বশতঃ, লোকে আত্মাকে দেহাকার ও দেহবর্ণ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

চক্ষুর্ভ্যাং ভ্রমশীলাভ্যাং সর্ব্বং ভাতি ভ্রমাত্মকং।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞান যোগতঃ ॥ ৭৮।

অন্বয়। (যথা) ভ্রমশীলাভ্যাং চক্ষুর্ভ্যাং সর্ব্বং ভ্রমাত্মকং ভাতি, তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। যেমন ঘূর্ণরোগগ্রস্ত লোক রোগবিকৃত দুই চক্ষুর দ্বারা দেখে সমস্তই ঘুরিতেছে, সেইরূপ অজ্ঞান সংযোগবশতঃ লোকে দেহের জঙ্গমতা আত্মায় আরোপ করিয়া থাকে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

অলাতং ভ্রমণেনৈব বর্ত্তুলং ভাতি সূর্য্যবৎ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞান যোগতঃ ॥ ৭৯।

অন্বয়। (যথা) অলাতং ভ্রমণেন এব সূর্য্যবৎ বর্ত্তুলং ভাতি, তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন জ্বলন্ত মশাল ঘুরাইতে থাকিলে, তাহাকে সূর্য্যের ন্যায় বৃত্তাকার বলিয়া মনে হয়, সেইরূপ অজ্ঞানসংযোগ বশতঃ দেহের (মানাবমানাদি সম্পূর্ণ) কল্পিত অবস্থা সমূহ, আত্মায় আরোপিত হইয়া থাকে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

মহত্ত্বে সর্ব্ববস্তূনামণুত্বং হ্যতিদূরতঃ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ ॥ ৮০।

অন্বয়। (যথা) সর্ব্ববস্তূনাম্ মহত্ত্বে অতিদূরতঃ অণুত্বং ভাতি। তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন সকল প্রকার বৃহৎ বস্তু অতি দূরবর্ত্তী হইলে, ক্ষুদ্র দেখায়, ইহা সর্ব্বজন প্রসিদ্ধ; সেইরূপ অজ্ঞানসংযোগবশতঃ ব্রহ্মস্বরূপ আত্মার বৃহত্ত্ব তিরোহিত হইয়া, জীবোপাধি দেহের ক্ষুদ্রতা আত্মায় আরোপিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

সূক্ষ্মত্বে সর্ব্বভাবানাং স্থূলত্বং চোপনেত্রতঃ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞান যোগতঃ॥ ৮১।

অন্বয়। যথা সর্ব্বভাবানাং সূক্ষ্মত্বে চ উপনেত্রতঃ স্থূলত্বং ভাতি, তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনঃ দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন অতিসূক্ষ্ম বস্তু সকল, চশ্‌মা, অনুবীক্ষণ ইত্যাদির সাহায্যে স্থূল দেখায়, সেইরূপ অজ্ঞানসংযোগবশতঃ অতিসূক্ষ্ম আত্মাকে লোকে স্থূলদেহ বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

কাচভূমৌ জলত্বং বা জলভূমৌ হি কাচতা।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৮২।

অন্বয়। (যথা) কাচভূমৌ জলত্বং (জলত্ববুদ্ধিঃ) (ভবতি), জলভূমৌ বা কাচতা (ভবতি), হি তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন ময়দানববিরচিত সভামণ্ডপে, (কাচ ও জলের প্রতিবিম্বধারকতা হেতু) কাচে জলভ্রম এবং জলে কাচভ্রম হইয়াছিল, এবং সকলেরই সেইরূপ হয়, তদ্রূপ অজ্ঞানসংযোগবশতঃ, ইন্দ্রিয়সমষ্টিস্বরূপ দেহের, (অনুভূত) প্রপঞ্চপ্রকাশকতাহেতু এবং চৈতন্যস্বরূপ আত্মার (শাস্ত্রাদি হইতে শ্রুত) প্রপঞ্চপ্রকাশকতাহেতু, লোকে দেহকে আত্মা বলিয়া মনে করে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

যদ্বদগ্নৌ মণিত্বং হি মণৌ বা বহ্নিতা পুমান্।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৮৩।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। যদ্বৎ অগ্নৌ মণিত্বং (মণিবুদ্ধিঃ), মণৌ বা বহ্নিতা (বহ্নিবুদ্ধিঃ) (ভবতি), তদ্বৎ পুমান্ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন অগ্নি ও মণি উভয়েই জ্যোতিষ্মান্ বস্তু হওয়াতে, অগ্নিতে মণিভ্রম এবং মণিতে অগ্নিভ্রম হয়, ইহা সর্ব্বজনবিদিত; সেইরূপ লোকে অজ্ঞানসংযোগবশতঃ দেহের কল্পিত চেতনতাহেতু ও আত্মার, স্বরূপতঃ চেতনতাহেতু, দেহকে আত্মা ও আত্মাকে দেহ মনে করিয়া থাকে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

অভ্রেষু সৎসু ধাবৎসু সোমো ধাবতি ভাতি বৈ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৮৪॥

অন্বয়। যদ্বৎ অভ্রেষু ধাবৎসু সৎসু সোমঃ ধাবতি ইতি ভাতি বৈ, তদ্বৎ অজ্ঞানযোগতঃ (জনঃ) আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন মেঘ দৌড়িতে থাকিলে, দেখায় যেন চাঁদ দৌড়িতেছে, (সেইরূপ, পুত্র শুকদেবাদির বিরহে পিতা ব্যাসাদি, 'আমি বিনষ্ট হইলাম' বলিয়া শোক করেন, ইহা সর্ব্বজনপ্রসিদ্ধ)। এইরূপে দেখা যায়, অজ্ঞানসংযোগবশতঃ লোকে (নশ্বর ও স্পষ্টতঃ পৃথক্, পুত্রাদির) দেহ (আত্মায়) আপনাতে আরোপ করিয়া থাকে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

যথৈব দিগ্বিপর্য্যাসো মোহাদ্ভবতি কস্যচিৎ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৮৫॥

অন্বয়। যথা এব কস্যচিৎ মোহাৎ দিগ্বিপর্য্যাসঃ ভবতি, তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। যেমন মোহবশতঃ কাহারও দিগ্‌বিভ্রম ঘটে, (সেই ভ্রম বহু যুক্তিতর্কেও সহসা নিবৃত্ত হয় না,) সেইরূপ লোকে অজ্ঞানসংযোগবশতঃ আত্মায় দেহের আরোপ করিয়া থাকে।

ব্যাখ্যা। ৭৫ হইতে ৮৩ সংখ্যক শ্লোকগুলির অর্থ সহজবোধ্য। সেইগুলির ব্যাখ্যা পিষ্টপেষণ সদৃশ হইবে বলিয়া, করা হইল না।

যথা শশী জলে ভাতি চঞ্চলত্বেন কস্যচিৎ।
তদ্বদাত্মনি দেহত্বং পশ্যত্যজ্ঞানযোগতঃ॥ ৮৬।

অন্বয়। যথা শশী জলে চঞ্চলত্বেন কস্যচিৎ ভাতি, তদ্বৎ অজ্ঞানযোগতঃ আত্মনি দেহত্বং পশ্যতি।

অনুবাদ। যেমন কেহ জলে চন্দ্রপ্রতিবিম্বকে, জলের কম্পনাদি বশতঃ চঞ্চল দেখিয়া আকাশস্থ চন্দ্রকে চঞ্চল বলিয়া মনে করে সেইরূপ, অজ্ঞান-সংযোগবশতঃ লোকে আত্মায় দেহের আরোপ করিয়া থাকে অর্থাৎ দেহের সুখ দুঃখ আত্মার বলিয়া মনে করে।

ব্যাখ্যা। এই স্থলে 'চন্দ্র' উপলক্ষণ মাত্র। ইহা দ্বারা সূর্য্যনক্ষত্রাদিগকেও বুঝিতে হইবে। অবশিষ্ট সহজবোধ্য।

এইরূপে পূর্ব্বোক্ত বারটি শ্লোকে যে বিষয়টি প্রতিপাদিত হইল, তাহারই উপসংহার করিতেছেন :—

জ্ঞানদ্বারা দেহাধ্যাস নিবৃত্তি ঃ

এবমাত্মন্যবিদ্যাতো দেহাধ্যাসো হি জায়তে।
স এবাত্মপরিজ্ঞানাল্লীয়তে চ পরাত্মনি॥ ৮৭।

অন্বয়। এবম্ অবিদ্যাতঃ আত্মনি দেহাধ্যাসঃ জায়তে হি, সঃ এব চ আত্মপরিজ্ঞানাৎ পরাত্মনি লীয়তে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। এইরূপে অবিদ্যাবশতঃ অর্থাৎ আত্মাকে না জানা হেতু দেহাধ্যাস অর্থাৎ আমি মনুষ্য ইত্যাদি বুদ্ধি আত্মায় জন্মে, (ইহা স্পষ্টতঃ বুঝা গেল, বা) ইহা বৈদান্তিকদিগের মধ্যে প্রসিদ্ধ। সেই দেহাধ্যাস এবং তাহার কারণ অজ্ঞান, ব্রহ্মাত্মৈক্যসাক্ষাৎকার হেতু, (অজ্ঞান ও অজ্ঞানকার্য্য পরিশূন্য অন্তরাত্মরূপ) পরব্রহ্মে বিলীন হইয়া যায়।

ব্যাখ্যা। "এবম্" উক্তপ্রকারে, "অবিদ্যাতঃ" আত্মাকে না জানা হেতু, "দেহাধ্যাসঃ" আমি মনুষ্য, (দেবতা), ইত্যাদি বুদ্ধি, "আত্মনি" আত্মায় "জায়তে" জন্মে, হয়। "হি" ইহা প্রসিদ্ধ (বৈদান্তিকদিগের মধ্যে)। (শঙ্কা)—ভাল তাহা হইলে ইহার নিবৃত্তি কি প্রকার হইতে পারে? (উত্তর) আত্মজ্ঞান হইলে ইহার নিবৃত্তি হয়—এই কথাই (তৃতীয় ও চতুর্থ চরণ দ্বারা) শ্লোকের শেষার্দ্ধে বলিতেছেন "সঃ এব"—সেই দেহাধ্যাস, নিঃসন্দেহ, "আত্মপরিজ্ঞানাৎ" ব্রহ্মাত্মৈক্য সাক্ষাৎকারবশতঃ অর্থাৎ আত্মাকে—আপনাকে—উপনিষদুক্ত ব্রহ্ম বলিয়া উপলব্ধি করিলে, "পরাত্মনি" অজ্ঞান ও অজ্ঞানকার্য্যপরিশূন্য, এবং অন্তরাত্মা হইতে অভিন্ন, ব্রহ্মে "লীয়তে" লীন হইয়া যায়, অর্থাৎ ব্রহ্মস্বরূপে অবস্থান করে। কেননা যাহা আরোপিত (অর্থাৎ রজ্জুতে সর্পের ন্যায় কল্পিত), তাহার স্বরূপ অধিষ্ঠানের স্বরূপ হইতে কখনই ভিন্ন হইতে পারে না; যেমন উক্ত সর্পের স্বরূপ রজ্জুস্বরূপ হইতে কখনই ভিন্ন হইতে পারে না, সেইরূপ। 'চ' কার দ্বারা বুঝা যাইতেছে, যে অধ্যাসের কারণ অজ্ঞানও ব্রহ্মে লীন হইয়া যায়, তাহা না হইলে, অধ্যাসের লয় হইতে পারে না, কেননা কারণ বিদ্যমান থাকিতে কার্য্যের লয় অসম্ভব। সেই হেতু আত্মজ্ঞান হইতেই কারণসহিত কার্য্যরূপ অধ্যাসের নিবৃত্তি হয়; অধিক বিস্তারের প্রয়োজন নাই।

এই (জ্ঞানদ্বারা অধ্যাস নিবৃত্তির) কথাই সবিস্তর বর্ণনা করিতেছেন।—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বমাত্মতয়া জ্ঞাতং জগৎ স্থাবরজঙ্গমম্।
অভাবাৎ সর্ব্বাভাবানাং দেহস্য চাত্মতা কুতঃ ॥ ৮৮।

অন্বয়। (যদা) সর্ব্বং স্থাবরজঙ্গমং জগৎ আত্মতয়া জ্ঞাতং ভবতি, তদা সর্ব্বভাবানাম্ অভাবাৎ দেহস্য চ আত্মতা কুতঃ (ভবতি)?

অনুবাদ। যখন স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগৎকে আত্মা বলিয়া জানা যায়, তখন সকল পদার্থেরই পদার্থত্ব তিরোহিত হইয়া যায়; (তখন দেহপদার্থের দেহরূপতাও তিরোহিত হইয়া যায়।) তাহা হইলে, দেহ কিপ্রকারে (সেই অবিনশ্বর) আত্মা হইতে পারে?

ব্যাখ্যা। "দেহস্য আত্মতা কুতঃ"?—দেহের আত্মতা কিপ্রকারে সিদ্ধ হইতে পারে? অর্থাৎ দেহকেই আত্মা বলা যাইতেই পারে না। অবশিষ্ট স্পষ্টার্থক।

শঙ্কা। ভাল, (যিনি সমস্ত জগৎকে আত্মা বলিয়া জানেন, সেই) জ্ঞানী যেন সর্ব্বপ্রপঞ্চবিরহিত আত্মস্বরূপ হইলেন; তাহাতে আমার কি আসিয়া গেল? একজন ভোজন করিলে তদ্দ্বারা ত' অপরের ক্ষুন্নিবৃত্তি হয় না।

সমাধান। এইহেতু বলিতেছেন—

আত্মবিচার দ্বারাই কালাতিক্রমণ কর্ত্তব্য।

আত্মানং সততং জানন্ কালং নয় মহাদ্যুতে।
প্রারব্ধমখিলং ভুঞ্জন্নোদ্বেগং কর্ত্তুমর্হসি ॥ ৮৯।

অন্বয়। ভোঃ মহাদ্যুতে, আত্মানং সততং জানন্ কালং নয়, (ততঃ) অখিলং প্রারব্ধং ভুঞ্জন্ উদ্বেগং কর্ত্তুং ন অর্হসি।

অনুবাদ। হে জিতেন্দ্রিয় স্বকল্যাণোৎসুক অধিকারিন্! সর্ব্বপ্রপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মবিচার করিতে করিতে দিন যাপন কর। বিচারদ্বারা জ্ঞানলাভ হইলে, প্রারব্ধকর্ম্মজনিত অলীক সুখদুঃখ ভোগ করিয়া তোমাকে আর উদ্বিগ্ন হইতে হইবে না, (শান্ত চিত্তে অবস্থান করিতে পারিবে।)

ব্যাখ্যা। "ভোঃ মহাত্মতে"—কামক্রোধাদির পরাজয় দ্বারা আপনার কল্যাণসাধনে উদ্যত হে অধিকারিন্! "আত্মানম্" অন্তরাত্মা হইতে অভিন্ন পরমাত্মাকে, "সততম্" প্রতিক্ষণ, যতক্ষণ পর্য্যন্ত না সুষুপ্ত হইয়া পড়, এবং সারাজীবন ধরিয়া, যতক্ষণ পর্য্যন্ত না মৃত্যু হয়, "জানন্" বেদান্তবচনসমূহের সাহায্যে বিচার করিতে করিতে, "কালং নয়" সময় অতিবাহিত কর। তাহা হইলে অর্থাৎ বিচার দ্বারা অর্জ্জনীয় জ্ঞানলাভের পর, "অখিলং প্রারব্ধম্"—পূর্ব্বকৃত যে যে কর্ম্মের ফলে, মুক্তির অব্যবহিতপূর্ব্ববর্ত্তী সেই শেষদেহ বিরচিত হইয়াছে, "ভুঞ্জন্" সেই সেই কর্ম্মের ফলস্বরূপ অলীক সুখ দুঃখ অনুভব করিতে করিতে, সেই সেই কর্ম্মের ক্ষয় করিয়া, "উদ্বেগং কর্ত্তুম্ ন অর্হসি" নিরুদ্বেগে অবস্থান কর, উল্লাস ও বিষাদ বর্জ্জন পূর্ব্বক চিত্তকে শান্ত রাখ; সেইরূপ সমুদ্বেগ উৎপন্ন হইতে দেওয়া তোমার উচিত নহে।

বাস্তবিক পক্ষে যখন প্রারব্ধ বলিয়া কিছুই নাই, তখন সেই প্রারব্ধের আবার ভোগ কি? আর ভোগ যদি নাহি রহিল, তাহা হইলে উদ্বেগের কারণ কোথায়? আবার যদি উদ্বেগের কারণই না রহিল, তাহা হইলে আবার সেই উদ্বেগকে বর্জ্জন করিবার উপদেশই বা কিপ্রকারে হইতে পারে?—

বেদান্তসিদ্ধান্তের এই গূঢ়তত্ত্ব, পরমপূজ্যপাদ আচার্য্য শঙ্কর বুঝাইবার উপক্রম করিতেছেনঃ—

যুক্তিতে 'প্রারব্ধ' অসিদ্ধ।

উৎপন্নেঽপ্যাত্মবিজ্ঞানে প্রারব্ধং নৈব মুঞ্চতি।
ইতি যচ্ছ্রূয়তে শাস্ত্রে তন্নিরাক্রিয়তেঽধুনা ॥ ৯০ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। আত্মবিজ্ঞানে উৎপন্নে অপি, প্রারব্ধং ন মুঞ্চতি এব ইতি যৎ শাস্ত্রে শ্রূয়তে তৎ অধুনা নিরাক্রিয়তে।

অনুবাদ। আত্মতত্ত্বসাক্ষাৎকার হইলেও, প্রারব্ধ সেই জ্ঞানীকেও ছাড়ে না—শাস্ত্রে যে এইরূপ উক্তি দেখিতে পাওয়া যায়, এক্ষণে আমরা যে উক্তির খণ্ডন করিতেছি। (বিবেক চূড়ামণি, ৪৫৫, ৪৬০—৪৬৪ শ্লোক দ্রষ্টব্য।)

ব্যাখ্যা। কথাটি বুঝিবার উপক্রম এই প্রকারে করিতে হইবে। জগৎপ্রপঞ্চের উপলব্ধি তিনপ্রকার যথা, লৌকিক, শাস্ত্রীয় ও (ব্যক্তিগত) অনুভবপ্রাপ্ত। তন্মধ্যে যাঁহার জগৎপ্রপঞ্চের উপলব্ধি লৌকিক, তিনি জগৎপ্রপঞ্চকে সত্য বলিয়া বিশ্বাস করিয়া থাকেন; সেই উপলব্ধি 'পারমার্থিক', অর্থাৎ তাঁহার পক্ষে জগৎপ্রপঞ্চ চরম সত্য; (তদ্বিষয়ে সেইরূপ শাস্ত্রজ্ঞানহীন, সাধারণ লোকের মনে কোনও দ্বিধা উপস্থিত হয় না।) জগৎপ্রপঞ্চের শাস্ত্রীয়োপলব্ধি 'অপারমার্থিক'—অর্থাৎ জগৎপ্রপঞ্চ চরম সত্য নহে, অর্থাৎ শাস্ত্রোপদিষ্ট যুক্তিদ্বারা বুঝিতে গেলে, জগৎপ্রপঞ্চ অনিত্য বা মিথ্যা বলিয়া—স্বরূপত আত্মায় নাই বলিয়া—বুদ্ধির নিকট সিদ্ধ হয়, (কিন্তু তদ্দ্বারা সত্যত্বের সংস্কার একেবারে অপনীত হয় না)। জগৎপ্রপঞ্চের তৃতীয় প্রকার উপলব্ধি প্রাতিভাসিক, অর্থাৎ শাস্ত্রীয় যুক্তির দ্বারা বিচার করিয়া জগৎপ্রপঞ্চের মিথ্যাত্বনিশ্চয় হইলেও, সংস্কারবশে তাহার প্রতীতি হইতে থাকে। যেমন রজ্জুসর্পকে রজ্জু বলিয়া চিনিবার পরেও সংস্কার বশতঃ সর্পপ্রতীতি হইতে থাকে, সেইরূপ। তন্মধ্যে জগৎপ্রপঞ্চের লৌকিক (অর্থাৎ পারমার্থিক) উপলব্ধি বেদান্তার্থের শ্রবণ, মনন ও নিদিধ্যাসন দ্বারা, শাস্ত্রীয় (অর্থাৎ অপারমার্থিক) উপলব্ধি (নিদিধ্যাসনপরিপাকে) সাক্ষাৎকার দ্বারা, এবং ব্যক্তিগত অনুভবপ্রাপ্ত (অর্থাৎ প্রাতিভাসিক) উপলব্ধি, প্রারব্ধক্ষয়দ্বারাই নিবৃত্ত হইয়া থাকে। সেই নিবৃত্তির উপায়ান্তর নাই। তাহা হইলে 'প্রারব্ধ জ্ঞানীকেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছাড়ে না' এইরূপ যে শাস্ত্রীয় প্রতিজ্ঞা বা উক্তি, তাহা অজ্ঞানীকেই লক্ষ্য করিয়া করা হইয়াছে, বুঝিতে হইবে। (জ্ঞানীর নিজের অনুভবে প্রারব্ধ নাই)। শ্লোকের অর্থ সহজবোধ্য ; সবিশেষ ব্যাখ্যার প্রয়োজন নাই।

এই কথাই পরবর্ত্তী শ্লোকে বলিতেছেন :—

তত্ত্বজ্ঞানোদয়াদূর্দ্ধং প্রারব্ধং নৈব বিদ্যতে।
দেহাদীনামসত্ত্বাত্তু যথা স্বপ্নবিবোধতঃ ॥ ৯১ ।

অন্বয়। তত্ত্বজ্ঞানোদয়াৎ ঊর্দ্ধং তু দেহাদীনাং অসত্ত্বাৎ প্রারব্ধং ন বিদ্যতে এব, যথা স্বপ্নবিবোধতঃ (স্বপ্নদৃষ্টপ্রপঞ্চঃ ন বিদ্যতে, তদ্বৎ)।

অনুবাদ। তত্ত্বজ্ঞান উদিত হইলে, তাহার পর দেহত্রয়, মন, বুদ্ধি, অহঙ্কার প্রভৃতি মিথ্যা বলিয়া প্রতীত হইলে, তাহাদের কারণ প্রারব্ধও মিথ্যা বলিয়া প্রতীত হয় ; সেইহেতু প্রারব্ধ নাই। যেমন স্বপ্নদর্শনের পর জাগরণ হইলে স্বপ্নদৃষ্ট প্রপঞ্চ মিথ্যা বলিয়া প্রতীত হয়, সেইরূপ।

ব্যাখ্যা। দেহ, মন প্রভৃতি শব্দব্যবহারের কারণ যে অজ্ঞান তাহা জ্ঞান দ্বারা নিবৃত্ত হইলে, প্রারব্ধও থাকে না, ইহাই শ্লোকের তাৎপর্য্য। শ্লোকস্থিত পদসমূহের অর্থ সরল।

এক্ষণে প্রারব্ধ শব্দের ব্যুৎপত্তি নির্ণয় করিয়া, উক্ত প্রসঙ্গের উপসংহার করিতেছেন—

কর্ম্ম জন্মান্তরীয়ং যৎ প্রারব্ধমিতি কীর্ত্তিতম্।
তত্তু জন্মান্তরাভাবাৎ পুংসো নৈবাস্তি কর্হিচিৎ ॥ ৯২ ।

অন্বয়। জন্মান্তরীয়ং যৎ কর্ম্ম তৎ প্রারব্ধম্ ইতি কীর্ত্তিতম্। পুংসঃ জন্মান্তরাভাবাৎ তৎ তু কর্হিচিৎ ন অস্তি এব।

অনুবাদ। জন্মান্তরীয় কর্ম্মকেই প্রারব্ধ নামে অভিহিত করা হইয়া থাকে। জ্ঞানীর যখন জন্মান্তর নাই, (এবং দেহাদি সকল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তু মিথ্যা বলিয়া নিশ্চিত হইয়া গিয়াছে, তখন) সেই দেহাদির প্রারম্ভক প্রারব্ধ কর্ম্ম কি প্রকারে সত্য হইতে পারে? কোন প্রকারেই সত্য হইতে পারে না, ইহা নিশ্চিত।

ব্যাখ্যা। এস্থলে কথাটি এইরূপে বুঝিতে হইবে:—সঞ্চিত, ক্রিয়মাণ ও প্রারব্ধভেদে কর্ম্ম তিন প্রকার। তন্মধ্যে সঞ্চিতকর্ম্ম ভাবী-দেহের আরম্ভক বা উৎপাদক। (সঞ্চিত কর্ম্মদ্বারাই ভাবীদেহের উৎপত্তি হয়।) ক্রিয়মাণকর্ম্ম—বর্ত্তমান দেহে যে সকল কর্ম্মের অনুষ্ঠান হয়, তাহাই ক্রিয়মাণ নামে অভিহিত হয়। প্রারব্ধ কর্ম্মের দ্বারা বর্ত্তমান দেহ রচিত হইয়া গিয়াছে, তন্মধ্যে সঞ্চিত কর্ম্ম জন্মান্তরীয় হইলেও তাহা ভাবী দেহের সম্বন্ধে প্রারব্ধ হইয়া থাকে, কেননা তদ্দ্বারাই ভাবীদেহ রচিত হয়। আত্মা স্বরূপতঃ (কর্ম্মের) কর্ত্তা হইতে পারেন না, * সুতরাং ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান এই তিন কালেই আত্মার জন্ম নাই। এইরূপে 'বস্তুতঃ প্রারব্ধ নাই' এই কথাটি নির্দ্দোষ।

পূর্ব্বোক্ত স্বপ্নদৃষ্টান্তের অভিপ্রায় প্রকটিত করিয়া যুক্তিপ্রদর্শন-পূর্ব্বক দেখাইতেছেন যে জন্মের কারণই নাই, সেই হেতু জন্মও নাই:—

স্বপ্নদেহো যথাধ্যস্ত স্তথৈবায়ং হি দেহকঃ।
অধ্যস্তস্য কুতোজন্ম জন্মাভাবে হি তৎ কুতঃ ॥ ৯৩ ॥

অন্বয়। যথা স্বপ্নদেহঃ অধ্যস্তঃ তথা হি অয়ং দেহকঃ (অধ্যস্তঃ) এবং অধ্যস্তস্য জন্ম কুতঃ? জন্মাভাবে তৎ (প্রারব্ধং) কুতঃ?

---

* এইরূপ জ্ঞান হইতেই, আত্মাকে 'ব্রহ্ম'রূপে উপলব্ধি করা যায়; সেই ব্রহ্মসাক্ষাৎকারের ফলে, পূর্ব্ব পাপ (সঞ্চিতকর্ম্ম) বিনষ্ট হয় এবং পরে যে সকল পাপ সংঘটিত হইবে (অর্থাৎ বর্ত্তমান শরীরে ক্রিয়মাণকর্ম্ম) তাহা অশ্লিষ্ট থাকিবে অর্থাৎ অনুষ্ঠাতাকে কর্ম্মফলে লিপ্ত করিতে অসমর্থ হইবে। "তদধিগমে উত্তর-পূর্ব্বাঘয়োরশ্লেষ বিনাশৌ তদ্ব্যপদেশাৎ"। ব্রহ্মসূত্র ৪।১।১৩ এই সূত্রের ভাষ্য দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। (অজ্ঞান বশতঃ রজ্জুতে সর্প যেরূপ কল্পিত হইয়া থাকে) ঠিক সেইরূপে, এই তুচ্ছ দেহ (আত্মায়) আরোপিত অর্থাৎ কল্পিত হইয়াছে। আরোপিত বস্তুর জন্মের কারণ কোথায়? (অধ্যস্ত দেহ তাহার অধিষ্ঠান আত্মার ন্যায় তুল্যরূপে সত্য নহে,) এই কারণে কল্পিত দেহের জন্মই নাই, সুতরাং প্রারব্ধ যাহা দেহকেই আশ্রয় করিয়া থাকিতে পারে এবং সেই দেহ যখন জন্মেই না, তখন সেই দেহাশ্রিত প্রারব্ধ কোথায়?

ব্যাখ্যা। যখন দেহেরই জন্ম হয় নাই, তখন সেই দেহের প্রারব্ধ কোথায় ও কবে জন্মিল? অবশিষ্টের অর্থ সরল।

(শঙ্কা)। ভাল, তৈত্তিরীয় উপনিষদে আছে (৩।১।১) "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" যে ব্রহ্ম হইতে এই (ব্রহ্মা হইতে তৃণ পর্য্যন্ত) জীবগণ উৎপন্ন হয়—এই শ্রুতিবচন হইতে পাওয়া যায়, যে সত্য ব্রহ্ম হইতেই এই দেহের উৎপত্তি। তাহা হইলে, দেহ (রজ্জুতে সর্পের ন্যায়) কি প্রকারে প্রাতিভাসিক হইতে পারে? এইরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন :—

অজ্ঞানই জগৎ প্রপঞ্চের উপাদান।

উপাদানং প্রপঞ্চস্য মৃদ্ভাণ্ডস্যেব কথ্যতে।
অজ্ঞানং চৈব বেদান্তৈস্তস্মিন্নষ্টে ক্ব বিশ্বতা ॥ ৯৪ ।

অন্বয়। ভাণ্ডস্য (উপাদানং) মৃৎ ইব প্রপঞ্চস্য উপাদানং অজ্ঞানম্ চ (ইতি) বেদান্তৈঃ কথ্যতে। তস্মিন্ (অজ্ঞানে) এব নষ্টে বিশ্বতা ক্ব?

অনুবাদ। মৃত্তিকা যেমন ভাণ্ডাদির উপাদান, সেইরূপ অজ্ঞান এবং ব্রহ্ম জগৎপ্রপঞ্চের উপাদান; উপনিষদ্বাক্যে এইরূপ বর্ণিত হইয়াছে। সেই অজ্ঞানই যখন বিনষ্ট হয়, তখন জীবেশ্বরাদি জগদ্ভাব কোথায়?

ব্যাখ্যা। এস্থলে (মনে রাখিতে হইবে) নিমিত্ত ও উপাদান ভেদে কারণ দুই প্রকার। তন্মধ্যে নিমিত্ত কারণ কেবল উৎপত্তিরই কারণ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপাদান কারণ, উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ। "বেদান্তৈঃ"—উপনিষদ্বাক্য দ্বারা—যথা শ্বেতাশ্বতর উপনিষদের (৪।১০) "মায়ান্তু প্রকৃতিং বিদ্যাৎ (মায়িনন্তু মহেশ্বরম্)"—অজ্ঞানকে প্রপঞ্চের উপাদান জানিবে (ব্রহ্মাণ্ডের কারণ জানিবে।)—ইত্যাদি বাক্যদ্বারা উপদিষ্ট হইয়াছে। এই 'চ'কার দ্বারা ব্রহ্মকেও কারণ বুঝিতে হইবে। এস্থলে অভিপ্রায় এই—কেবল ব্রহ্মই জগতের কারণ নহেন, কেননা তিনি নির্ব্বিকার। আবার কেবল অজ্ঞানও জগতের কারণ নহে, কেননা তাহা জড়। সেই হেতু উভয়ে মিলিত হইয়া জগতের কারণ। কেননা শ্রুতি বলিতেছেন:—"সত্যানৃতে মিথুনী করোতি (১)"—সত্য ব্রহ্ম এবং মিথ্যা অজ্ঞান—এই উভয়কে পরস্পর সম্মিলিত করিয়া থাকে।

এস্থলে দৃষ্টান্তটি এইরূপে বুঝিতে হইবে:—"ভাণ্ডস্থ" কটকরকাদি (২), "মৃৎ ইব" মৃৎপিণ্ডের ন্যায়। এই দৃষ্টান্তে (ভাণ্ড নির্ম্মাণ করিতে মৃত্তিকাকে আর্দ্র করিবার জন্য যে জলের প্রয়োজন হয়, দার্ষ্টান্তিকে ব্রহ্মকে সেই জলের অনুরূপ বুঝিতে হইবে, কেননা, জলের সামর্থ্যে যেমন মৃত্তিকা পিণ্ডীকৃত হয়, সেইরূপ ব্রহ্মচৈতন্যের সামর্থ্যে অজ্ঞান পিণ্ডীকৃত হয় (অর্থাৎ তদ্দ্বারা দেহাদি নির্ম্মিত হয়, অথচ সেই চৈতন্য অবিকৃত থাকে, ভাণ্ডোপাদান মৃত্তিকা হইতে জল ও বাষ্পাকারে পৃথক্ হইয়া যায়। উক্ত দৃষ্টান্তের মৃত্তিকা স্থানে, দার্ষ্টান্তিকের অজ্ঞান বুঝিতে হইবে; কেননা তদুভয়ের আবরণ করিবার সামর্থ্য তুল্যরূপ। (ভাণ্ডোপাদান মৃত্তিকা

---

(১) এই শ্রুতিবচনটির মূল খুঁজিয়া পাই নাই। সম্ভবতঃ শারীরকভাষ্যের মুখবন্ধে "সত্যানৃতে মিথুনীকৃত্য" এই পাঠটি স্মৃতি হইতে উদ্ধৃত হইয়া শ্রুতিবচনরূপে ব্যবহৃত হইয়া থাকিবে।

(২) 'কট' শব্দের অর্থ 'কোনও প্রকার পাত্র' অভিধানে নাই। 'কটক' শব্দে এক প্রকার পাত্র bowl বা tumbler বুঝায়। 'করকা' সন্ন্যাসীর ধারণীয় জলপাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেমন ভাণ্ডাভ্যন্তরস্থ বস্তুকে আবরণ করিবার সামর্থ্য আছে, সেইরূপ অজ্ঞানের আত্মস্বরূপকে আবরণ করিবার সামর্থ্য আছে।) তন্মধ্যে, ব্রহ্ম অবিনাশী বলিয়া, ব্রহ্মজ্ঞান দ্বারা সেই অজ্ঞান বিনষ্ট হইলে, "বিশ্বতা" জীব-জগৎ-ঈশ্বরাত্মক জগদ্ভাব, "ক্ব" ? কোথায় ? কোথাও দৃষ্ট হয় না, ইহাই অভিপ্রায়।

সেই ব্রহ্মস্বরূপ এবং অজ্ঞান সম্মিলিত হইয়াই জগৎ উৎপাদন করিয়া থাকে, এই কথাটি দৃষ্টান্ত দ্বারা সবিস্তর বর্ণনা করিতেছেন :—

যথা রজ্জুং পরিত্যজ্য সর্পং গৃহ্লাতি বৈ ভ্রমাৎ।
তদ্বৎ সত্যমবিজ্ঞায় জগৎ পশ্যতি মূঢ়ধীঃ॥ ৯৫।

অন্বয়। যথা (কশ্চিৎ), ভ্রমাৎ রজ্জুং পরিত্যজ্য সর্পং গৃহ্লাতি বৈ, তদ্বৎ মূঢ়ধীঃ সত্যম্ অবিজ্ঞায় জগৎ পশ্যতি।

অনুবাদ। যেমন কেহ ভ্রমবশতঃ একখণ্ড রজ্জুকে রজ্জুরূপে উপলব্ধি না করিয়া, সর্পরূপে উপলব্ধি করে—এইরূপ ঘটনা সর্ব্বজন বিদিত; সেইরূপ, অবিবেকী, সত্যস্বরূপ ব্রহ্মকে না জানিয়া জগৎ উপলব্ধি করিয়া থাকে।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

'সেই অজ্ঞান বিনষ্ট হইলে, জীব-জগৎ-ঈশ্বরাত্মক জগদ্ভাব কোথায় ?' এই উক্তিটি সবিশেষ বুঝাইয়া, পূর্ব্বোক্ত, 'বস্তুতঃ প্রারব্ধ নাই' এই কথাটির, দৃষ্টান্ত প্রদর্শন পূর্ব্বক, দেড় শ্লোকে উপসংহার করিতেছেন :—

রজ্জুরূপে পরিজ্ঞাতে সর্পখণ্ডং ন তিষ্ঠতি।
অধিষ্ঠানে তথা জ্ঞাতে প্রপঞ্চঃ শূন্যতা গতঃ॥
দেহস্যাপি প্রপঞ্চত্বাৎ প্রারব্ধাবস্থিতিঃ কুতঃ॥ ৯৬।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। রজ্জুরূপে পরিজ্ঞাতে (সতি) সর্পখণ্ডং ন তিষ্ঠতি, তথা অধিষ্ঠানে জ্ঞাতে (সতি) প্রপঞ্চঃ শূন্যতাং গতঃ। (দেহস্য অপি প্রপঞ্চত্বাৎ প্রারব্ধাবস্থিতি কুতঃ)?

অনুবাদ। লোকে যখন রজ্জুর স্বরূপ জানিতে পারে, তখন আর সেই সর্পখণ্ড থাকে না; সেইরূপ, জগৎপ্রপঞ্চের অধিষ্ঠান ব্রহ্মকে জানিতে পারিলে, সেই জগৎপ্রপঞ্চ শূন্যে পর্য্যবসিত হয়। দেহও প্রপঞ্চ বলিয়া, দেহাশ্রিত প্রারব্ধ কোথায় দাঁড়ায়? অর্থাৎ প্রারব্ধও টিকে না।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

যদি বল—ভাল, বৃহদারণ্যকশ্রুতি (৪।৪।৭) "অত্র ব্রহ্ম সমশ্নুতে", তবে কেন বলিতেছেন জীবন্মুক্ত জ্ঞানীর প্রারব্ধভোগের অবসান হইলে, এই শরীরেই ব্রহ্মলাভ করেন?

তদুত্তরে অর্দ্ধ শ্লোকে বলিতেছেন;—

অজ্ঞানিজনবোধার্থং প্রারব্ধং বক্তি বৈ শ্রুতিঃ ॥ ৯৭।

অন্বয়। শ্রুতিঃ অজ্ঞানিজনবোধার্থং বৈ প্রারব্ধং বক্তি।

অনুবাদ। উক্ত শ্রুতিবচন বিচারবিহীনলোককে বুঝাইবার জন্যই প্রারব্ধ স্বীকার করিতেছেন।

ব্যাখ্যা। সকল প্রকার জগদ্ব্যবহারের কারণ যে অজ্ঞান, তাহা বিনষ্ট হইলে, জ্ঞানীর অর্থাৎ জীবন্মুক্ত ব্যক্তির দেহনির্ব্বাহার্থ জগদ্ব্যবহার কি প্রকারে চলিতে পারে? যাহারা এইরূপে প্রতিবাদ করিবে, তাহাদিগকে বুঝাইবার জন্য—নিরস্ত করিবার জন্য, বলা হইয়া থাকে, প্রারব্ধবশেই অর্থাৎ কর্ম্মভোগ অবশিষ্ট থাকাতেই, দেহব্যবহার চলিতে থাকে। ইহাই অভিপ্রায়। অবশিষ্টের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি বল, তাহা হইলে জ্ঞানীকে বুঝাইবার জন্য শ্রুতি কি বলেন?' তদুত্তরে বলিতেছেন :—

জ্ঞানীর প্রারব্ধাভাবে শ্রৌতপ্রমাণ।

ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্দৃষ্টে পরাবরে।
বহুত্বং তন্নিষেধার্থং শ্রুত্যা গীতং চ যৎস্ফুটম্ ॥ ৯৮।

অন্বয়। 'তস্মিন্ পরাবরে দৃষ্টে (সতি) অস্য কর্ম্মাণি ক্ষীয়ন্তে চ'—ইতি শ্রুত্যা বহুত্বং যৎ স্ফুটং গীতং (তৎ) তন্নিষেধার্থম্।

অনুবাদ। 'জীবাত্মা হইতে অভিন্ন সেই পরমাত্মা দৃষ্ট হইলে পর এই দ্রষ্টার সকল কর্ম্মই ক্ষয়প্রাপ্ত হয়'—এস্থলে শ্রুতি যে "কর্ম্মাণি"—সকল কর্ম্ম—এইরূপে 'কর্ম্মে' বহুবচন স্পষ্টভাবে প্রয়োগ করিয়াছেন, তাহা প্রারব্ধ কর্ম্মের অভাব (অর্থাৎ প্রারব্ধ কর্ম্ম নাই), বুঝাইবার জন্য।

ব্যাখ্যা। "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে" (মুণ্ডক উপ, ২।৯) জীবাত্মা হইতে অভিন্ন সেই পরমাত্মা দৃষ্ট হইলে পর, এই দ্রষ্টার হৃদয়গ্রন্থি (অবিদ্যাদি সংস্কার) নষ্ট হইয়া যায়, সর্ব্বপ্রকার সংশয় ছিন্ন হইয়া যায় এবং সকল কর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয়।

এই শ্রুতি বচনে, "কর্ম্মাণি" এই শব্দে "বহুত্বং যৎ স্ফুটং গীতং"—যে বহুবচন স্পষ্টতঃ প্রযুক্ত হইয়াছে, "তৎতন্নিষেধার্থং"—তাহা প্রারব্ধের অভাব অর্থাৎ জ্ঞানীর প্রারব্ধও নাই, ইহা বুঝাইবার উদ্দেশ্যে ; তাহা না হইলে কেবল সঞ্চিত ও ক্রিয়মাণ কর্ম্ম বুঝাইতে হইলে, দ্বিবচনের অর্থাৎ "কর্ম্মণী" এই শব্দের প্রয়োগ হইত। যেহেতু সেই দ্বিবচনের প্রয়োগ হয় নাই, এই হেতু শ্রুতি জ্ঞানবান্‌কে বুঝাইবার নিমিত্ত ব্রহ্মাত্মসাক্ষাৎকার দ্বারা চিজ্জড় গ্রন্থি ভেদ করিয়া অর্থাৎ অহঙ্কারকে বিনষ্ট করিয়া, সঞ্চিত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রিয়মাণ ও প্রারব্ধ নামক তিন প্রকার কর্ম্মেরই ক্ষয়সাধনপূর্ব্বক পরম-পুরুষার্থলাভ, উপদেশ করিতেছেন। ইহাই অভিপ্রায়।

উক্ত সিদ্ধান্তের বিপরীত সিদ্ধান্ত করিলে কি বাধা হয়, তাহাই বলিতেছেন ঃ—

প্রারব্ধাঙ্গীকারে দোষঃ

উচ্যতেঽজ্ঞৈর্বলাচ্চৈতত্তদানর্থদ্বয়াগমঃ।
বেদান্তমতহানং চ যতোজ্ঞানমিতিশ্রুতিঃ॥ ৯৯।

অন্বয়। অজ্ঞৈঃ বলাৎ এতৎ উচ্যতে চ, তদা অনর্থদ্বয়াগমঃ বেদান্তমত-হানং চ (ভবতঃ)। (অতঃ) যতঃ জ্ঞানং (ভবতি) ইতি (সা) শ্রুতিঃ (গ্রাহ্যা)।

অনুবাদ। যাহারা শ্রুতির তাৎপর্য্য বুঝে না, তাহারা যদি অবিবেক-বশতঃ, (জ্ঞানীর পক্ষে) এই প্রারব্ধ স্বীকার করে এবং (প্রারব্ধ-দ্বৈতবর্জ্জিত আত্মার অনুভব না করে), তাহা হইলে, দুইটি দোষ উপস্থিত হয়। (একটি প্রারব্ধরূপ দ্বৈত স্বীকার করিলে, মানিতে হয়, জ্ঞানী জ্ঞানলাভ করিয়াও মোক্ষলাভ করিতে পারে না ; অপর এই—মোক্ষলাভ না হইলে, জ্ঞান-সম্প্রদায়ের উচ্ছেদ হয় অর্থাৎ গুরু স্বয়ং বন্ধমুক্ত না হইলে, শিষ্যের বন্ধন মোচন করিতে পারেন না, সেই হেতু গুরুশিষ্যপরম্পরা বিনষ্ট হইয়া যায়।) তাহার উপর আবার বেদান্ত-মতের অর্থাৎ অদ্বৈতসিদ্ধান্তের হানি হয় ; কেননা প্রারব্ধরূপ দ্বিতীয় বস্তু মানিতে হয়। এই হেতু যে শ্রুতিবচন দ্বারা জ্ঞানলাভ হয়, তাহাই গ্রাহ্য (যে শ্রুতি বচন কেবল মূঢ়কে জ্ঞানপথে রাখিবার জন্য স্তোভবাক্যরূপে প্রযুক্ত হইয়াছে, তাহা পরিত্যাজ্য।)

ব্যাখ্যা। "অজ্ঞৈঃ" যাহারা শ্রুতির তাৎপর্য্য বুঝে না তাহাদিগের কর্ত্তৃক, "বলাৎ" বিচারবিহীনতাজনিত নির্ব্বন্ধ বশতঃ ; "এতৎ" এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রারব্ধ, অর্থাৎ জ্ঞান হইবার পরেও জ্ঞানিকর্ত্তৃক প্রারব্ধ ভোগ, "উচ্যতে" (চেৎ)—যদি সত্য বলিয়া প্রতিপাদিত হয়, "চ"—তাহারা যে অদ্বয় আত্মস্বরূপ দেখিতে পায় না, ইহাই এই 'চ'কার দ্বারা সূচিত হইতেছে, (অর্থাৎ আত্মার অদ্বয়স্বরূপ না বুঝিয়া, প্রারব্ধস্বীকারে নির্ব্বন্ধ প্রকাশ করে।) "তদা অনর্থদ্বয়াগমঃ" তাহা হইলে, দুইটি দোষ উপস্থিত হয়, তন্মধ্যে প্রথম দোষটি এই—প্রারব্ধরূপ দ্বিতীয় বস্তু মানিলে অর্থাৎ জ্ঞান হইবার পরেও প্রারব্ধভোগরূপ দ্বিতীয় বস্তু স্বীকার করিলে, মোক্ষ নিরর্থক হইয়া পড়ে। দ্বিতীয় দোষটি এই—জ্ঞানলাভ করিয়াও যদি জ্ঞানীর মোক্ষ না হইল, তাহা হইলে অপরকে মোক্ষ দিবার জন্য জ্ঞানীর জ্ঞানোপদেশ করা চলে না; এই হেতু গুরুপরম্পরাক্রমে জ্ঞানোপদেশ উচ্ছিন্ন হইয়া যায়। কেবল যে এই দুইটি দোষই উপস্থিত হয়, তাহা নহে, অপর দোষ এই—"বেদান্তমত হানং চ"—বেদান্তমতের অর্থাৎ অদ্বৈত সিদ্ধান্তের বর্জ্জন ঘটিবে, কেননা তাহা হইলে প্রারব্ধভোগরূপ দ্বৈতকে সত্য বলিয়া মানা অনিবার্য্য হইয়া পড়ে। (শঙ্কা) তাহা হইলে, কিপ্রকার ধারণা করা কর্ত্তব্য অর্থাৎ কোন্ শ্রুতি মানিতে হইবে? এই হেতু বলিতেছেন—"যতঃ জ্ঞানম্ ইতি শ্রুতিঃ"—যেরূপ শ্রুতি বচন হইতে জ্ঞান জন্মে, সেইরূপ শ্রুতিবচনই 'গ্রাহ্য' এইরূপে বাক্যসমাপ্তি করিতে হইবে। সেই শ্রুতিবচনটি এই—

"তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত ব্রাহ্মণঃ।
নানুধ্যায়াদ্বহূঞ্ছব্দান্ বাচো বিগ্লাপনং হি তৎ॥"

(বৃহদা, উ ৪।৪।২১)

যদি জিজ্ঞাসা কর এই শ্রুতিবচনের অভিপ্রায় কি? এই হেতু তাহা লিখিত হইতেছে :—"ধীরঃ" বিবেকী সাধক, "ব্রাহ্মণঃ" ব্রহ্ম হইতে ইচ্ছুক হইলে, "তম্ এব" সেই বেদান্তপ্রসিদ্ধ আত্মাকেই "বিজ্ঞায়"—প্রথমে গুরূপদেশ হইতে এবং শাস্ত্রোপদেশ হইতে জানিয়া, তদনন্তর,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"প্রজ্ঞাং কুর্ব্বীত"—শাস্ত্র ও আচার্য্য যে বস্তুর উপদেশ করিয়াছেন সে বস্তুটির যাহাতে অপরোক্ষানুভব হয়, এবং তদ্বিষয়ে সকল জিজ্ঞাসার অর্থা সংশয়ের নিবৃত্তি ঘটে, এইরূপ অর্থাৎ জ্ঞানসাধন সন্ন্যাস, শম দম, উপরতি (ভোগবিরতি) তিতিক্ষা ও সমাধি প্রভৃতির অনুষ্ঠান করিবেন। "বহু শব্দান্"—কর্ম্মপ্রতিপাদক ও উপাসনাপ্রতিপাদক শব্দ সমূহের অর্থাৎ বাক সন্দর্ভের "ন অনুধ্যায়াৎ" চিন্তা করিবেন না। তাহা হইলে, সেই সক শব্দের উচ্চারণে দোষ কি? এইহেতু বলিতেছেন—"তৎ হি বা বিগ্লাপনম্"—সেই (তর্কমীমাংসাদি) দ্বৈতশাস্ত্রপঠন, বিশেষরূ বাগিন্দ্রিয়ের শ্রমকর, ইহা সকলেরই অনুভব সিদ্ধ। অধিক বিস্তা নিষ্প্রয়োজন। *

---

* চিজ্জড়গ্রন্থিরূপ অহঙ্কারের সহিত দেহদ্বয়ের তাদাত্ম্য হইতেই ভোক্তৃ জন্মে। বিচার দ্বারা সেই গ্রন্থির ভেদ হইলে, তৎসঙ্গে ভোক্তৃত্বও বিলুপ্ত হ সুতরাং জ্ঞানীর পক্ষে প্রারব্ধ ভোগ অসম্ভব। (দৃগ্‌দৃশ্য বিবেকের মৎকৃত বঙ্গানু ৩১ সংখ্যক শ্লোকের টীকা দ্রষ্টব্য (৭১ ও ৭২ পৃষ্ঠা।) "অত্র ব্রহ্ম সমশ্নুতে" (বৃহ উ, ৪।৪।৭) এই শ্রুতি বচনে এবং "ভোগেন ত্বিতরে ক্ষপয়িত্বা সম্পদ্যতে" (ব্রহ্ম ৪।১।১৯) এই সূত্রে জ্ঞানীর প্রারব্ধভোগ যে যথাক্রমে সূচিত ও স্পষ্টতঃ হইয়াছে, তাহা অন্য লোকের প্রতীতিকে অপেক্ষা করিয়া। সেই অন্যলো প্রতীতিকে লক্ষ্য করিয়াই, উক্ত সূত্রের ভাষ্যে ভগবান্ শঙ্করাচার্য্য জ্ঞানীর প্রা ভোগ সমর্থন করিয়াছেন এবং গীতাভাষ্যে (৪।২২ শ্লোক) অন্যপ্রতীতির স্পষ্টতঃ ব্যাখ্যা করিয়া পরে (৪।৩৭ শ্লোকে) জ্ঞানীর প্রারব্ধভোগের স্বীকার করিয়াছেন।

এস্থলে যে বলিতেছেন, জ্ঞানীর প্রারব্ধ ভোগ হয় না, এই কথাটি স যুক্তিসহকারে "বিবেকচূড়ামণি' (৪৬১ শ্লোক হইতে ৪৬৫ শ্লোক পর্য্যন্ত) সমর্থন করিয়াছেন যথা:—"অমোঘবচন শ্রুতি বলিতেছেন (আত্মা) অজ, নি শাশ্বত,। (জ্ঞানী) সেই আত্মস্বরূপে অবস্থান করেন। তাঁহার সম্বন্ধে প্রা কল্পনা কিপ্রকারে হইতে পারে? জীবের যতক্ষণ দেহাত্মভাবে অবস্থি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই পর্য্যন্ত শ্লোকনিচয় দ্বারা এইরূপে যাহা বলিলেন তাহা এই, যে মুখ্যাধিকারীর পক্ষে, বৈরাগ্য, বিবেক, ষট্‌সম্পত্তি, ও মুমুক্ষুতারূপ সাধন-চতুষ্টয় সম্পন্ন হইয়া, বেদান্ত বাক্য বিচার করিলে, অন্তরাত্মা হইতে অভিন্ন ব্রহ্মের যে অপরোক্ষ জ্ঞান লাভ হয়, তাহাই মোক্ষলাভের মুখ্য কারণ। এক্ষণে বার বার বেদান্ত বাক্য বিচার করিয়াও, বুদ্ধিমান্দ্য, বিষয়াসক্তি, ইত্যাদি (অর্থাৎ কুতর্ক ও দুরাগ্রহ) বশতঃ যাঁহার অপরোক্ষ জ্ঞান না জন্মে, সেই মন্দাধিকারীর পক্ষে নির্গুণ ব্রহ্মের উপাসনাই মুখ্য সাধন, এই কথা বলিবার উদ্দেশ্যে পূজ্যপাদ আচার্য্য সাধনসহিত ধ্যানযোগবর্ণনার প্রতিজ্ঞা করিতেছেন।—

ততক্ষণই প্রারব্ধ সিদ্ধ হয়। জ্ঞানীর দেহাত্মভাব নাই, একথা যখন মানিতে হয় তখন তাঁহার সম্বন্ধে প্রারব্ধের কথা পরিত্যাগ করিতেই হয়। আবার শরীরসম্বন্ধেও প্রারব্ধকল্পনাকে অবশ্যই ভ্রান্তি বলিতে হইবে, কেননা অধ্যস্ত বস্তুর সত্তা কোথায়? আর যে বস্তুর সত্তাই নাই, তাহার আবার জন্ম কি প্রকারে হইতে পারে? যে বস্তু আদৌ জন্মে নাই, তাহার আবার নাশ কি? অসৎ বস্তুর প্রারব্ধ কোথা হইতে আসিবে? যে সকল বিচারবিহীন লোকে আশঙ্কা করিয়া থাকে যে—জ্ঞানদ্বারা যদি অজ্ঞানকার্য্য সমূলে বিনষ্ট হইল, তাহা হইলে এই দেহ (যাহা অজ্ঞানকার্য্য, তাহা জ্ঞানীর) কি প্রকারে থাকিয়া যায়?—তাহাদিগের সেই আশঙ্কার সমাধানের নিমিত্ত শ্রুতি বাহ্যদৃষ্টিতে (অজ্ঞানী লোকের দৃষ্টিতে) প্রারব্ধের কথা বলিয়াছেন, জ্ঞানিজনের দেহাদির সত্যতা বুঝাইবার জন্য প্রারব্ধের কথা বলেন নাই।"

এস্থলে এইরূপ এক আশঙ্কা উঠিতে পারে, যে জ্ঞানীর যেমন ভোক্তৃত্ব থাকে না, সেইরূপ কর্ত্তৃত্বও থাকে না। তাহা হইলে তাঁহার প্রতি "প্রজ্ঞাং কুর্ব্বীত" এইরূপ বিধি কিপ্রকারে চলিতে পারে? উক্ত আশঙ্কার সমাধান এই, উক্ত বিধিটি 'নিয়ম বিধি' মাত্র অর্থাৎ অনাত্মোপাসন বর্জ্জনীয়, তদ্দ্বারা এই মাত্রই অভিপ্রেত হইয়াছে। (বৃহদা উ, ১।৪।৭ "আত্মেত্যেবোপাসীত" এই বচনের ভাষ্য ও আনন্দ গিরিকৃত টীকা দ্রষ্টব্য)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজযোগাঙ্গবর্ণন প্রতিজ্ঞা।

ত্রিপঞ্চাঙ্গান্যথো বক্ষ্যে পূর্ব্বোক্তস্য হি লব্ধয়ে।
তৈশ্চসর্ব্বৈঃ সদা কার্য্যং নিদিধ্যাসনমেবতু ॥ ১০০।

অন্বয়। অথ পূর্ব্বোক্তস্য লব্ধয়ে ত্রিপঞ্চ হি অঙ্গানি তু বক্ষ্যে, তৈঃ চ সর্ব্বৈঃ নিদিধ্যাসনং সদা কার্য্যম্ এব।

অনুবাদ। পক্ষান্তরে (অর্থাৎ যে সকল অধিকারী, বুদ্ধিমান্দ্য, বিষয়াসক্তি প্রভৃতি প্রতিবন্ধকবশতঃ, অপরোক্ষ জ্ঞানলাভে অসমর্থ, তাহাদের পক্ষে নির্গুণউপাসনাই মোক্ষসাধন বলিয়া) পূর্ব্বোক্ত স্বরূপাবস্থানরূপ মোক্ষের সিদ্ধির জন্য, (সেই নির্গুণ উপাসনার বা নিদিধ্যাসনের) বেদান্তপ্রসিদ্ধ পনেরটি অঙ্গ বর্ণনা করিব। (সেই অঙ্গগুলি) কিন্তু (পাতঞ্জল দর্শনোক্ত অষ্টাঙ্গ হইতে বিভিন্ন)। সেই পনেরটি অঙ্গের সাহায্যে সর্ব্বদাই নিদিধ্যাসন করিতে হইবে। (চুপ করিয়া বসিয়া থাকিলে চলিবে না।)

ব্যাখ্যা। "অথ" শব্দটি, অন্য অধিকারীর প্রসঙ্গে এই কথাগুলি বলা হইতেছে, ইহাই সূচনা করিবার জন্য। কোন কোন গ্রন্থে "অথ" শব্দের পরিবর্ত্তে "অতঃ" এইরূপ পাঠ আছে। 'অতঃ'—এইহেতু, অর্থাৎ যেহেতু মন্দাধিকারী বেদান্তবাক্যবিচারসামর্থ্য লাভ করিতে পারে না, এই হেতু। "ত্রি পঞ্চাঙ্গানি" ত্রিগুণিত পঞ্চ অর্থাৎ পঞ্চদশ। এই পনেরটি "অঙ্গানি" বিশেষ বিশেষ সাধন যাহারা নিদিধ্যাসনরূপ অঙ্গীর সাধক, প্রয়াজ * প্রভৃতি যেমন প্রধান যজ্ঞের সাধন, সেইরূপ। "বক্ষ্যে" বলিব। "তৈঃ সর্ব্বৈঃ" বক্ষ্যমাণ সেই সকলগুলি অঙ্গের দ্বারা, "নিদিধ্যাসনং সদাএব

* "প্রয়াজ"—প্রধান যাগের পূর্ব্বে অনুষ্ঠেয় গৌণ যাগবিশেষ। "প্রধান যাগাৎ পূর্ব্বং ইজ্যতে যৈরিতি ব্যুৎপত্ত্যা এতে সর্ব্বে প্রয়াজা ইত্যুচ্যন্তে।"—'শ্রৌতপদার্থ নির্ব্বচন'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্য্যম্" সর্ব্বদাই নিদিধ্যাসন অভ্যাস করিতে হয় অর্থাৎ কোন সময়েই নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকা উচিত নহে। নিদিধ্যাসন করা উচিত —এইরূপ প্রতিজ্ঞা করিবার প্রয়োজন বলিতেছেন—"পূর্ব্বোক্তস্য সিদ্ধয়ে" পূর্ব্বকথিত স্বরূপাবস্থানরূপ মোক্ষের সিদ্ধির জন্য, "হি" শব্দটি, উক্ত সাধনগুলি বেদান্তে প্রসিদ্ধ, ইহা বুঝাইবার জন্য। 'তু' শব্দ দ্বারা ইহাই সূচিত হইতেছে, যে পূর্ব্বোক্ত মোক্ষের সিদ্ধির জন্য যে উপায় কথিত হইতেছে, তাহা পাতঞ্জল দর্শনোক্ত উপায় হইতে বিলক্ষণ অর্থাৎ বিভিন্ন। ইহার দ্বারা আরও ইঙ্গিত করা হইল, যে অষ্টাঙ্গযোগ প্রতিপাদক পাতঞ্জল দর্শন অবৈদিক, বলিয়া বৈশেষিক দর্শনাদির ন্যায় অনাদরণীয়।

মন্দাধিকারী, অপর সকল কর্ম্ম পরিত্যাগ করিয়া, এমন কি সগুণো-পাসনবিচাররূপ সাধন অর্থাৎ সগুণব্রহ্মের উপাসনা ও শাস্ত্রাদিবিচার পর্য্যন্ত পরিত্যাগ করিয়া শ্রদ্ধাসহকারে আচার্য্যোপদিষ্টপ্রকারে, কেবল নির্গুণ ব্রহ্মের নিদিধ্যাসন বা পুনঃ পুনঃ ধ্যান করিবেন। এই কথাই বলিতেছেন :—

নিদিধ্যাসনের আবশ্যকতা।

নিত্যাভ্যাসাদৃতে প্রাপ্তি র্ন ভবেৎ সচ্চিদাত্মনঃ।
তস্মাদ্ব্রহ্মনিদিধ্যাসেজ্জিজ্ঞাসুঃ শ্রেয়সে চিরম্ ॥ ১০১।

অন্বয়। নিত্যাভ্যাসাৎ ঋতে সচ্চিদাত্মনঃ প্রাপ্তিঃ ন ভবেৎ। তস্মাৎ জিজ্ঞাসুঃ শ্রেয়সে চিরং ব্রহ্ম নিদিধ্যাসেৎ।

অনুবাদ। যেহেতু নিত্য অভ্যাস ব্যতিরেকে সচ্চিদানন্দস্বরূপ আত্মার লাভ ঘটে না, সেই হেতু জিজ্ঞাসু ব্যক্তি অভীষ্টসিদ্ধির জন্য দীর্ঘকাল ধরিয়া (সাক্ষাৎকার পর্য্যন্ত) ব্রহ্মনিদিধ্যাসন করিবেন।

ব্যাখ্যা। শ্লোকের অর্থ সহজবোধ্য।

ভাল, সেই অঙ্গগুলি কি কি, যাহা লইয়া নিদিধ্যাসন ও অভ্যাস করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে? এইরূপ আশঙ্কা নিবৃত্তির জন্য নিম্নলিখিত দুই শ্লোকে নিদিধ্যাসনের পনেরটি অঙ্গ নির্দ্দেশ করিতেছেন :—

নিদিধ্যাসনের পঞ্চদশ অঙ্গ।

যমো হি নিয়মস্ত্যাগো মৌনং দেশশ্চকালতা।
আসনং মূলবন্ধশ্চ দেহসাম্যং চ দৃক্স্থিতিঃ ॥ ১০২।
প্রাণসংযমনঞ্চৈব প্রত্যাহারশ্চ ধারণা।
আত্মধ্যানং সমাধিশ্চ প্রোক্তান্যঙ্গানি বৈ ক্রমাৎ ॥ ১০৩।

যথা (১) যমঃ, হি (তথা) (২) নিয়মঃ, (৩) ত্যাগঃ, (৪) মৌনং (৫) দেশঃ চ (৬) কালতা (বা উপযুক্ত কাল) (৭) আসনং (৮) মূলবন্ধঃ চ (৯) দেহসাম্যং চ (১০) দৃক্স্থিতিঃ, (দৃষ্টিস্থিরীকরণং) (১১) প্রাণসংযমনং (প্রাণায়ামঃ) চ এব, (১২) প্রত্যাহারঃ চ (১৩) ধারণা, (১৪) আত্মধ্যানং (১৫) সমাধিঃ চ (ইতি) ক্রমাৎ অঙ্গানি প্রোক্তানি বৈ।

উক্ত পনেরটি অঙ্গ যথাক্রমে এই—যম, নিয়ম, ত্যাগ, মৌন, উপযুক্ত দেশ, উপযুক্ত কাল, আসন, মূলবন্ধ, দেহসাম্য, দৃষ্টিস্থিতি, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা আত্মধ্যান, ও সমাধি।

ব্যাখ্যা। এক্ষণে ১০৪ হইতে ১২৪ পর্য্যন্ত এই একুশটি শ্লোকে পূর্ব্বোক্ত এক একটি অঙ্গের নাম করিয়া, আচার্য্য আপনার অভিমত লক্ষণ করিতেছেন। তন্মধ্যে প্রথমে উল্লিখিত 'যম' নামক অঙ্গ বর্ণন করিতেছেন।

যম।

সর্ব্বং ব্রহ্মেতি বিজ্ঞানাদিন্দ্রিয়গ্রামসংযমঃ।
যমোঽয়মিতি সম্প্রোক্তোঽভ্যসনীয়ো মুহুর্মুহুঃ॥ ১০৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। সর্ব্বং ব্রহ্ম ইতি বিজ্ঞানাৎ ইন্দ্রিয়গ্রামসংযমঃ অয়ং যমঃ ইতি সম্প্রোক্তঃ, সঃ মুহুর্মুহুঃ অভ্যসনীয়ঃ।

অনুবাদ। আকাশ হইতে আরম্ভ করিয়া দেহ পর্য্যন্ত সকল বস্তুই ব্রহ্ম, এইরূপ নিশ্চয় পূর্ব্বক কর্ণ প্রভৃতি একাদশ ইন্দ্রিয়কে শব্দাদি বিষয় হইতে, দোষ দর্শন দ্বারা নিবারণ করার নাম যম। (কেবলমাত্র অহিংসা প্রভৃতিকে যম বলে না।) সেইরূপ যমই বারবার অভ্যাস করিতে হয়।

ব্যাখ্যা। "সর্ব্বং ব্রহ্ম" আকাশ হইতে আরম্ভ করিয়া দেহপর্য্যন্ত জগৎ, ব্রহ্ম; যেমন স্থাণুতে (কাঠের গুঁড়িতে) পুরুষভ্রম হইলে, সেই পুরুষজ্ঞানের বাধা হইয়া স্থাণুর জ্ঞান হয়, সেইরূপ ব্রহ্মে জগদ্ভ্রম হওয়াতে, জগদ্জ্ঞানে বাধা হইয়া ব্রহ্মের জ্ঞান হয়। ইহার নাম বাধসামানাধিকরণ্য। *

---

* কোনও বাক্যের অন্তর্গত দুইটি পদ সমান বিভক্তিযুক্ত হইলে, সেই সমান বিভক্তির বলে, যখন তদুভয়ের একই অধিকরণ অর্থাৎ একই অর্থরূপ আশ্রয় থাকা বুঝা যায়, তখন সেই দুই পদকে সমানাধিকরণ বলে, এবং তদুভয়ের পরস্পর সম্বন্ধকে সামানাধিকরণ্য বা একার্থবত্তা বলে। যেমন চারিবেদের চারিটি মহাবাক্যের প্রত্যেকটিতে জীববাচক ও ঈশ্বরবাচক পদ দুইটি এক বিভক্তিযুক্ত হওয়াতে তদুভয়ের সামানাধিকরণ্যসম্বন্ধ। (দৃগ্দৃশ্যবিবেকের মৎকৃত বঙ্গানুবাদে ৪।৫ পৃষ্ঠায় পাদটীকা দ্রষ্টব্য) অন্যান্য বৈদিক বাক্যে ও লৌকিক বাক্যে সেইরূপ সম্বন্ধ বুঝিয়া লইতে হইবে। সেই সামানাধিকরণ্য সম্বন্ধ আবার দুই প্রকারের হয়, যথা মুখ্যসামানাধিকরণ্য ও বাধসামানাধিকরণ্য। যেস্থলে, কোনও বাক্যগত এক বিভক্তিযুক্ত দুইপদ যে দুই অর্থের বোধক, সেই দুই অর্থ যদি এক সত্তাবিশিষ্ট ও একস্বরূপবিশিষ্ট হওয়াতে বাস্তবভেদরহিত হয়, তবে সেই দুই পদের মুখ্য সামানাধিকরণ্য সম্বন্ধ। যেমন ঘটাকাশ, মহাকাশ; কূটস্থ, ব্রহ্ম। যে স্থলে, কোনও বাক্যগত দুইপদ, এক বিভক্তিযুক্ত হইয়া যে দুই অর্থের একতাবোধক হয়, সেই দুই অর্থ যদি ভিন্নসত্তাবিশিষ্ট হয়, তবে তদুভয়ের সম্বন্ধকে বাধসামানাধিকরণ্য বলে, যেমন 'ঐ পুরুষটি স্থাণু'; 'জগৎ ব্রহ্ম'। প্রথম দৃষ্টান্তে পুরুষের সত্তা প্রাতিভাসিক, স্থাণুর সত্তা ব্যাবহারিক। দ্বিতীয় দৃষ্টান্তে জগতের সত্তা ব্যাবহারিক, ব্রহ্মের সত্তা পারমার্থিক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ইতি বিজ্ঞানাৎ" এইরূপ নিশ্চয় হেতু, "ইন্দ্রিয়গ্রামসংযমঃ" শ্রোত্রাদি একাদশ ইন্দ্রিয়ের যে সমূহ, তাহার সংযম অর্থাৎ শব্দাদি ইন্দ্রিয়বিষয়সমূহ নশ্বর, তারতম্য বিশিষ্ট, কাহার ভাগ্যে অধিক কাহার ভাগ্যে অল্প, এই কারণে, ও অন্য কারণে) দুঃখপ্রদ, ইত্যাদি দোষদর্শন হেতু, "সংযম" অর্থাৎ বিষয় সমূহ হইতে নিবারণ, "অয়ং যমঃ ইতি সম্প্রোক্তঃ"—ইহাকেই যম বলে, কেবল অহিংসাদিকে যম বলে না, ইহাই অভিপ্রায়। তাহা হইলে কি হইল? যদি এইরূপ আশঙ্কা কর, তবে বলি "অয়ং মুহুর্মুহুঃ অভ্যাসনীয়ঃ" এই প্রকার যমেরই বার বার অভ্যাস করিতে হইবে। *

এইরূপে যমের লক্ষণ করিয়া নিয়মের লক্ষণ করিতেছেন—

নিয়ম ঃ

সজাতীয়প্রবাহশ্চ বিজাতীয়তিরস্কৃতিঃ।
নিযমো হি পরানন্দো নিয়মাৎ ক্রিয়তেবুধৈঃ॥ ১০৫।

অন্বয়। সজাতীয়প্রবাহঃ বিজাতীয়তিরস্কৃতিঃ চ হি পরানন্দঃ নিয়মঃ, বুধৈঃ নিয়মাৎ ক্রিয়তে।

অনুবাদ। আমি বা জীবাত্মা, পরব্রহ্মের সমানজাতীয় অর্থাৎ পরমাত্মা হইতে অভিন্ন, এইরূপ একাকার বৃত্তির প্রবাহ, অথবা আমি বা জীবাত্মা, ব্রহ্ম হইতে অভিন্ন বলিয়া ব্রহ্মের ন্যায় 'আমি অসঙ্গ' 'আমি নির্ব্বিকার' ইত্যাদি রূপ নিশ্চয়বৃত্তির ধারা, এবং জগতের পূর্ব্ব সংস্কার

প্রথম দৃষ্টান্তে যেমন পুরুষের বাধা হইয়া স্থাণুর প্রতীতি হয়, সেইরূপ দ্বিতীয় দৃষ্টান্তে জগতের বাধা হইয়া ব্রহ্মোপলব্ধি হয়।

* পতঞ্জলিকৃত যমের লক্ষণ—"অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ" (২।৩১) অহিংসা, সত্য, অস্তেয় (পরদ্রব্যে অস্পৃহা ও পরদ্রব্য অবৈধরূপে গ্রহণ না করা।) ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ (দেহরক্ষাতিরিক্ত ভোগ্যবিষয় গ্রহণ না করা) এই পাঁচটি যম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকা হেতু, যে সকল ব্রহ্মাত্মবিরোধিনী বৃত্তি উৎপন্ন হয়, তৎসমূহে দোষ-দর্শন পূর্ব্বক অনাদর করা—ইহাই নিয়ম। তত্ত্বদর্শিগণ পরমানন্দপ্রদায়ক এই নিয়মেরই অনুষ্ঠান করিয়া থাকেন।

ব্যাখ্যা। "সজাতীয়প্রবাহঃ" অন্তরাত্মা হইতে অভিন্ন পরব্রহ্মই সজাতীয় শব্দের অর্থ। তাহাই যাহার একমাত্র আকার এইরূপ বৃত্তির ধারা, কিম্বা সজাতীয় শব্দের অর্থ 'আমি অসঙ্গ', 'আমি নির্ব্বিকার' ইত্যাদিরূপে ব্রহ্ম হইতে অন্তরাত্মার অভেদপ্রত্যয়ের ধারা; "চ" এবং; "বিজাতীয়তিরস্কৃতিঃ" ব্রহ্মাত্মস্বভাবের বিপরীতস্বভাব জগৎ, বিজাতীয় শব্দের অর্থ; পূর্ব্বসংস্কার বশতঃ উৎপন্ন সেই জগদাকার বৃত্তির 'তিরস্কার' অর্থাৎ তাহার দোষস্মরণ পূর্ব্বক তাহাতে অধিক উপেক্ষা বা অনাদর; ইহাই নিয়ম। কেবল শৌচাদিকে 'নিয়ম' বলে না। 'হি' শব্দের অর্থ ইহাই উপনিষৎপ্রসিদ্ধ 'নিয়ম' *। (শঙ্কা) ভাল এই দুইটি যেন উপনিষৎপ্রসিদ্ধ নিয়ম হইল, তদ্দ্বারা কোন্ পুরুষার্থ সিদ্ধ হয়? (সমাধান।) ইহার উত্তরে বলিতেছেন—"পরানন্দঃ" এই নিয়মই পরমানন্দদায়ক। তাহা হইলে কি হইল? তদুত্তরে বলিতেছেন—"বুধৈঃ নিয়মাৎ ক্রিয়তে"—বিচারশীল ব্যক্তিগণ এই 'নিয়মই', নিয়ম পূর্ব্বক অভ্যাস করিয়া থাকেন।

এক্ষণে ত্যাগরূপ তৃতীয় অঙ্গের লক্ষণ করিতেছেন—

---

* পতঞ্জলিকৃত নিয়মের লক্ষণ—"শৌচ-সন্তোষ-তপঃ স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ" মৃজ্জলাদিদ্বারা এবং মেধ্যাহারদ্বারা বাহ্যশৌচ, চিত্তমলক্ষালনদ্বারা আভ্যন্তর শৌচ। সন্নিহিত প্রাণযাত্রাসাধনের অধিক গ্রহণে অনিচ্ছার নাম 'সন্তোষ'। ক্ষুধা, পিপাসা, শীতোষ্ণাদি দ্বন্দসহন, স্থিরাবস্থান ও আসন, কাষ্ঠমৌন, আকারমৌন, কৃচ্ছ্র, চান্দ্রায়ণ, সান্তপন প্রভৃতি ব্রতসকলও 'তপঃ'। মোক্ষশাস্ত্রাধ্যয়ন অথবা প্রণবজপ 'স্বাধ্যায়'। পরমগুরু ঈশ্বরে সর্ব্বকর্ম্মার্পণের নাম 'ঈশ্বর প্রণিধান'। এইগুলি নিয়ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ।

ত্যাগঃ প্রপঞ্চরূপস্য চিদাত্মত্বাবলোকনাৎ।
ত্যাগো হি মহতাং পূজ্যঃ সদ্যো মোক্ষময়ো যতঃ ॥ ১০৬।

অন্বয়। চিদাত্মত্বাবলোকনাৎ প্রপঞ্চরূপস্য ত্যাগঃ হি মহতাং পূজ্যঃ ত্যাগঃ, যতঃ (সঃ) সদ্যঃ মোক্ষময়ঃ ভবতি।

অনুবাদ। যে সর্ব্বাধিষ্ঠানরূপ চৈতন্য, নামরূপের আধার হইয়া সকল পদার্থকে প্রকাশ করেন, সকল পদার্থেই তাঁহাকে অনুসন্ধান করিবার জন্য যে নামরূপের উপেক্ষা করা, তাহাকেই ত্যাগ বলে। তত্ত্বজ্ঞগণ সেইরূপ ত্যাগকেই ত্যাগ বলিয়া সমাদর করেন, কারণ, সেইরূপ ত্যাগ করিলেই পরমানন্দস্বরূপে অবস্থানরূপ মোক্ষ তৎকালেই সিদ্ধ হয়। কেবল স্বকর্ম্মাদি ত্যাগকেই * ত্যাগ বলে না।

ব্যাখ্যা। "প্রপঞ্চরূপস্য"—নামরূপস্বরূপ প্রপঞ্চ, যাহাদ্বারা রূপিত হয় অর্থাৎ 'ইহা ঘট' 'ইহা পট' ইত্যাদি নামরূপদ্বারা নিরূপিত হয়, ব্যবহৃত হয়, প্রকাশিত হয়, তাহাই 'প্রপঞ্চরূপ' অর্থাৎ সর্ব্বাধিষ্ঠানভূত পদার্থস্ফূরণ, তাহার, "চিদাত্মত্বাবলোকনাৎ" চিৎ অর্থাৎ যাহা জড় নহে অর্থাৎ স্বভাবতঃ প্রকাশমান ব্রহ্ম, তাহাই আত্মা বা স্বরূপ যাহার তাহার ভাব 'চিদাত্মত্ব', তাহার অবলোকন বা অনুসন্ধানহেতু, "ত্যাগঃ" নামরূপের যে উপেক্ষা ; "সঃ এব ত্যাগঃ" তাহাই ত্যাগ শব্দের অর্থ ; কেননা শ্রুতি বলিতেছেন, "ঈশাবাস্য মিদং সর্ব্বম্" (ঈশাবাস্যোপনিষৎ ১) ব্রহ্মরূপদ্বারা এই বিশ্বপ্রপঞ্চকে আচ্ছাদন করিবে অর্থাৎ সর্ব্বত্র ব্রহ্মের সত্তা, স্ফুর্ত্তি ও আনন্দ উপলব্ধি করিবে। 'হি' অর্থাৎ ইহাই বিদ্বজ্জনের অনুভবপ্রসিদ্ধ। (শঙ্কা) ভাল এই ত্যাগ ত' কোথাও প্রসিদ্ধ নহে, এইরূপ আশঙ্কা করিয়া বলিতেছেন, "মহতাং পূজ্যঃ"—

* এস্থলে প্রৈষমন্ত্রোচ্চারণপূর্ব্বক সন্ন্যাসগ্রহণকেই লক্ষ্য করা হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্ত্বজ্ঞদিগের নিকট আদরনীয়। তাহার কারণ বলিতেছেন, "যতঃ অয়ং" যে হেতু এই ত্যাগ, "সদ্যঃ মোক্ষময়ঃ"—সেইরূপ অনুসন্ধান কালেই, পরমানন্দস্বরূপে অবস্থানরূপে (অনুভূত হয়); এইহেতু এই ত্যাগ আত্মতত্ত্ববিদ্‌গণের অভীষ্ট বলিয়া অতি প্রসিদ্ধ ; ইহাই ভাবার্থ। সেই হেতু এই ত্যাগই মুমুক্ষুগণের কর্ত্তব্য ; অন্যরূপ ত্যাগ অর্থাৎ কেবল স্বকর্ম্মাদির অনুষ্ঠানবর্জ্জন, মুমুক্ষুগণের কর্ত্তব্য নহে। অগ্রেও এইরূপ বুঝিয়া লইতে হইবে।

এক্ষণে মৌনের লক্ষণ করিতেছেন :—

মৌন।

যস্মাদ্বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
যন্মৌনং যোগিভির্গম্যং তদ্ভবেৎ সর্ব্বদা বুধঃ ॥ ১০৭।

অন্বয়। বাচঃ মনসা সহ অপ্রাপ্য যস্মাৎ নিবর্ত্তন্তে, যৎ মৌনং যোগিভিঃ গম্যং, বুধঃ সর্ব্বদা তৎ ভবেৎ।

অনুবাদ। বাক্য ও মন যাঁহাকে না পাইয়া অর্থাৎ প্রকাশ করিতে অসমর্থ হইয়া, ফিরিয়া আইসে অর্থাৎ যাঁহার জাতি, ক্রিয়া প্রভৃতি না থাকায়, যাঁহার সম্বন্ধে কথা বলা চলে না, সেই ব্রহ্মকেই মৌন বলে। ব্রহ্ম এরূপ বস্তু হইলেও, যোগিগণ তাঁহাকে (আপনা হইতে) অভিন্নরূপে পাইয়া থাকেন। বিবেকী ব্যক্তি সর্ব্বদাই সেইরূপ মৌন হইবেন, অর্থাৎ 'আমিই সেই' এইরূপে ব্রহ্মের অনুসন্ধান করিবেন। (কেবল বাক্যবন্ধ করিলে মৌন হয় না।)

ব্যাখ্যা। "যৎ মৌনম্" —যাহাকে অবলম্বন করিয়া শব্দ প্রবৃত্ত হইতে পারে. সেই জাতি, ক্রিয়া প্রভৃতি যাহাতে নাই বলিয়া বাক্য ও মনের অগোচর যে 'মৌন' অর্থাৎ বচনের অপ্রকাশ্য ব্রহ্ম। তাহা হইলেও "যোগিভিঃ গম্যম্"—জ্ঞানযোগিগণ অন্তরাত্মা হইতে অভিন্নরূপে যাঁহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাইয়া থাকেন, "তৎ" সেই প্রসিদ্ধ ব্রহ্মরূপ মৌনই, "বুধঃ সর্ব্বদা ভবেৎ"— বিবেকিজন 'তাহাই হইতেছি আমি' এইরূপে অনুসন্ধান করিবেন।

(শঙ্কা)। ভাল, প্রত্যক্ চৈতন্য হইতে অভিন্ন ব্রহ্মের অনুসন্ধান— ইহা ত' ১১২ সংখ্যক শ্লোকে বর্ণিত, ধ্যানরূপ চতুর্দ্দশ অঙ্গ বলিয়াই ম... হইতেছে ; এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া, স্বরসের অনুসরণ করি... অর্থাৎ আত্মার মৌনস্বরূপতাকে অবলম্বন করিয়াই, দেড় শ্লোকে, অ... প্রকারে মৌনের লক্ষণ করিতেছেন :—

বাচো যস্মান্নিবর্ত্তন্তে তদ্বক্তুং কেন শক্যতে।
প্রপঞ্চো যদি বক্তব্যঃ সোঽপি শব্দবিবর্জ্জিতঃ ॥ ১০৮।
ইতি বা তদ্ভবেন্মৌনং সতাং সহজসংজ্ঞিতম্।
গিরা মৌনন্তু বালানাং প্রযুক্তং ব্রহ্মবাদিভিঃ ॥ ১০৯

অন্বয়। যস্মাৎ বাচঃ নিবর্ত্তন্তে, তৎ কেন বক্তুং শক্যতে ? (পক্ষান্তরে) যদি প্রপঞ্চঃ বক্তব্যঃ, সঃ অপি শব্দবিবর্জ্জিতঃ (ভবতি)। ইতি ... তৎ ইদং সহজসংজ্ঞিতং মৌনং সতাং ভবেৎ ; গিরা মৌনং তু ব্রহ্মবাদি... বালানাং প্রতি প্রযুক্তম্।

অনুবাদ। বাক্য ও মন, প্রকাশ করিতে অসমর্থ হইয়া যাঁহা হই... ফিরিয়া আইসে, সেই ব্রহ্মকে বাক্যের দ্বারা কে প্রকাশ করিতে পারে... সুতরাং ব্রহ্মসম্বন্ধে মৌন আপনিই আসিয়া থাকে। আর যদি ... তবে প্রপঞ্চ লইয়াই কথা কও, তবে বলি, এই প্রপঞ্চ যখন সৎ কি অ... তাহা নিশ্চয় করিয়া বলা যায় না, তখন প্রপঞ্চ সম্বন্ধেও বাক্যপ্র... পরিত্যাগ করিতে হয়। এইরূপেও সেই সহজস্থিতি নামে প্র... মৌন সাধুগণের আসিয়া থাকে। আর বাক্যনিরোধরূপ যে মৌন, ... ব্রহ্মবাদিগণ, মূঢ় ব্যক্তিদিগকেই অভ্যাস করিতে উপদেশ দিয়া থাকেন।

ব্যাখ্যা। শ্লোকের তাৎপর্য্য এই—(ব্রহ্মের জাতি, ক্রিয়া প্র...

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই বলিয়া, ব্রহ্ম সম্বন্ধে বাক্যপ্রয়োগের নিমিত্ত বা অবসর না থাকাতে, ব্রহ্ম যেমন বাক্যের অগোচর, সেইরূপ নাম, রূপ, জাতি প্রভৃতি প্রপঞ্চও বাক্যের অতীত, কেননা 'ইহারা সৎ অথবা ইহারা অসৎ ?'—এইরূপ প্রশ্ন করিলে, ইহাদিগকে সৎ বা অসৎ কোনরূপেই নির্দ্দেশ করা যায় না বলিয়া, "ইতি" উক্তপ্রকারে ব্রহ্ম ও জগতের বিবাদত্যাগরূপ, "তৎ মৌনং ভবেৎ" সেই মৌন হইতে পারে। কাহাদের এইরূপ মৌন হয়?—এইরূপ জিজ্ঞাসার উত্তরে বলিতেছেন, সাধুগণের নিকট ইহা প্রসিদ্ধ। "সতাং সহজ সংজ্ঞিতম্"—সৎপুরুষগণের নিকট ইহা 'সহজ স্থিতি' নামে প্রসিদ্ধ।

(শঙ্কা) ভাল বাক্যের সংযমই ত' মৌন নামে প্রসিদ্ধ? (সমাধান) শ্লোকার্দ্ধে ইহার সমাধান করিতেছেন "গিরা মৌনং তু বালানাং (প্রতি) ব্রহ্মবাদিভিঃ প্রযুক্তম্"—(অনুবাদের শেষপংক্তি দ্রষ্টব্য।)

এক্ষণে দেশের লক্ষণ করিতেছেন :—

বিজন দেশ।

আদাবন্তে চ মধ্যে চ জনো যস্মিন্ন বিদ্যতে।
যেনেদং সততং ব্যাপ্তং স দেশো বিজনঃ স্মৃতঃ॥ ১১০।

অন্বয়। আদৌ অন্তে চ মধ্যে চ যস্মিন্ জনঃ ন বিদ্যতে, যেন ইদং সততং ব্যাপ্তং, সঃ দেশঃ বিজনঃ স্মৃতঃ।

অনুবাদ। যে এক অদ্বিতীয় ব্রহ্মে, আদিতে, মধ্যে ও অন্তে অর্থাৎ ভূত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই তিন কালেই, জন দৃষ্ট হয় না এবং যিনি কাল নিরপেক্ষ হইয়া চরাচর বিশ্ব ব্যাপিয়া রহিয়াছেন, তাঁহাকেই সেই বিজন দেশ বলা যায়।

ব্যাখ্যা। এই স্থলে ব্রহ্মে যে তিনকালেই জনের অভাব বর্ণিত হইয়াছে, তাহা আনুভাবিক, নিজ নিজ প্রতীতি দ্বারা তাহা বুঝিয়া লইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে। লৌকিক প্রতীতি ও শাস্ত্রীয় প্রতীতি দ্বারা বুঝিতে হইবে না, যেহেতু তদুভয়ের সহিত বিরোধ আছে, ইহাই তাৎপর্য্য। অবশিষ্ট স্পষ্টার্থ।

অনন্তর 'কালের, লক্ষণ করিতেছেন—

কাল ঃ

কলনাৎ সর্ব্বভূতানাং ব্রহ্মাদীনাং নিমেষতঃ।
কালশব্দেন নির্দ্দিষ্টো হ্যখণ্ডানন্দ অদ্বয়ঃ ॥ ১১১।

অন্বয়। নিমেষতঃ ব্রহ্মাদীনাং সর্ব্বভূতানাং কলনাৎ অদ্বয়ঃ অখণ্ডানন্দঃ হি কালশব্দেন নির্দ্দিষ্টঃ।

অনুবাদ। যিনি নিমেষ হইতে আরম্ভ করিয়া (কল্পাদিকাল পর্য্যন্ত স্থায়ী) ব্রহ্মাদি পর্য্যন্ত সকল জীবের সৃষ্টি, স্থিতি এবং লয়ের আধারস্বরূপ হইয়া আছেন, সেই অখণ্ড অদ্বয় আনন্দস্বরূপ ব্রহ্মই 'কাল' শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকেন।

ব্যাখ্যা। "নিমেষতঃ" নিমেষ হইতে আরম্ভ করিয়া। "কলনাৎ" সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের আধার হইয়া, আছেন বলিয়া। অবশিষ্ট স্পষ্টার্থ।

এক্ষণে আসনের লক্ষণ করিতেছেন—

আসন ঃ

সুখে নৈব ভবেদ্যস্মিন্নজস্রং ব্রহ্ম চিন্তনম্।
আসনং তদ্বিজানীয়ান্নেতরৎ সুখনাশনম্ ॥ ১১২।

অন্বয়। যস্মিন্ সুখে (ব্রহ্মণি), চিন্তনম্ ন এব ভবেৎ, তৎ অজস্রং ব্রহ্ম আসনং বিজানীয়াৎ ; সুখনাশনম্ ইতরৎ ন (আসনম্)।

অনুবাদ। যে সুখস্বরূপ ব্রহ্মে অবস্থিত হইলে, কর্ত্তব্যাকর্ত্তব্য চিন্তা কোন প্রকারে মনে আইসে না, সেই ত্রিকালস্থায়ী ব্রহ্মকেই আসন বলি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানিবে। পদ্মস্বস্তিকাদি যোগিসম্মত আসনে উপবিষ্ট হইলেও, যদি সুখ বা ব্রহ্ম, বুদ্ধিবৃত্তি হইতে তিরোহিত হন, তবে তাহাও আসন নহে।

ব্যাখ্যা। "যস্মিন সুখে" যে সুখরূপ ব্রহ্মে, "চিন্তনং" কর্ত্তব্যাকর্ত্তব্য চিন্তা, "ন এব ভবেৎ তৎ ব্রহ্ম আসনং বিজানীয়াৎ"—এইরূপেই অন্বয় করিতে হইবে। সেই ব্রহ্ম কি প্রকার? এই হেতু বলিতেছেন—"অজস্রং" ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান এই তিনকালেই যিনি আছেন সেই কাল-ত্রয়াবস্থায়ী। অবশিষ্ট সহজবোধ্য।

আসনের কথাপ্রসঙ্গে সিদ্ধাসন নামক আসনবিশেষের লক্ষণ করিতেছেন।

সিদ্ধাসন।

সিদ্ধং যৎসর্ব্বভূতাদিবিশ্বাধিষ্ঠানমব্যয়ম্।
যস্মিন্ সিদ্ধাঃ সমাবিষ্টা স্তদ্বৈ সিদ্ধাসনং বিদুঃ ॥ ১১৩।

অন্বয়। সর্ব্বভূতাদিবিশ্বাধিষ্ঠানং যৎ (আসনম্) অব্যয়ং সিদ্ধং, যস্মিন্ সিদ্ধাঃ সমাবিষ্টাঃ, (পণ্ডিতাঃ) তৎ বৈ সিদ্ধাসনং বিদুঃ।

অনুবাদ। যাহা, সর্ব্বজীব হইতে আরম্ভ করিয়া সমগ্র ব্রহ্মাণ্ডের অধিষ্ঠান এবং যাহা তৎসমুদয় বিলুপ্ত হইলেও ক্ষয়প্রাপ্ত হয় না, তাহাকে পণ্ডিতেরা সিদ্ধাসন বলেন, অথবা যাহাতে সিদ্ধগণ মুক্তিলাভ করিয়া বিশ্রাম করেন, তাহাকেই পণ্ডিতেরা সিদ্ধাসন বলেন।

ব্যাখ্যা। সিদ্ধ যে আসন তাহা সিদ্ধাসন (অর্থাৎ আসীন জীব বিগত হইলে, যে আসন অক্ষয় থাকে, তাহাই সিদ্ধাসন।) কর্ম্মধারয় সমাস। তাহা হইলে সর্ব্বজীবসহিত বিশ্বব্রহ্মাণ্ডের অধিষ্ঠানকেই অর্থাৎ ব্রহ্মকেই সিদ্ধাসন বলা যায়। অথবা সিদ্ধদিগের যে আসন তাহাই সিদ্ধাসন। এইরূপে ষষ্ঠীতৎপুরুষ সমাস করিলে যে 'সিদ্ধাসন' পদসিদ্ধ হয়, তাহার অর্থ যোগসিদ্ধ পুরুষদিগের চরম বিশ্রাম স্থান। সেই ব্রহ্মই সিদ্ধাসন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তর মূলবন্ধের লক্ষণ করিতেছেন—

মূলবন্ধের নিরূপণ ঃ

যন্মূলং সর্ব্বভূতানাং যন্মূলং চিত্তবন্ধনম্ ।
মূলবন্ধঃ সদা সেব্যো যোগ্যোঽসৌ রাজযোগিনাম্ ॥ ১১৪।

অন্বয়। যৎ সর্ব্বভূতানাং মূলং, চিত্তবন্ধনং যন্মূলং, সঃ মূলবন্ধঃ সদা সেব্যঃ, অসৌ রাজযোগিনাং যোগ্যঃ।

অনুবাদ। যাহা আকাশাদি সর্ব্বভূতের আদি কারণ, এবং চিত্তের বন্ধনের কারণ যে মূল অজ্ঞান, তাহারও আদিকারণ, সেই ব্রহ্ম, অথবা যে ব্রহ্মের প্রাপ্তির নিমিত্ত মনোনিগ্রহ করা হইয়া থাকে, সেই ব্রহ্মরূপ মূলবন্ধই সর্ব্বদা সেবনীয়। তাহাই রাজযোগিগণের যোগ্য। *

---

* এস্থলে হঠযোগিগণের অনুষ্ঠেয় মূলবন্ধকে লক্ষ্য করিয়াই, রাজযোগিগণের জন্য, এইরূপ মূলবন্ধব্যাখ্যা করা হইয়াছে। হঠযোগিগণের 'মূলবন্ধ' হঠযোগ প্রদীপিকায় এইরূপে বর্ণিত হইয়াছে :—

কন্দোর্দ্ধং কুণ্ডলীশক্তিঃ সুপ্তা মোক্ষায় যোগিনাম্ ।
বন্ধনায় চ মূঢ়ানাং যস্তাং বেত্তি স যোগবিৎ ॥
শিরাং সমাবেষ্ট্য মুখেন মধ্যে, স্বপুচ্ছমাস্যেন নিগৃহ্য সম্যক্ ।
নাভৌ সদা তিষ্ঠতি কুণ্ডলী সা ধিয়া সমাধায় নিবোধয়েত্তাম্ ॥

(সীবনী হইতে নয় অঙ্গুলি উর্দ্ধে, এবং নাভির অধোভাগে চারি অঙ্গুলি লম্বা এবং চারি অঙ্গুলি চওড়া, রঙে ও আকারে কুক্কুটাণ্ডসদৃশ স্থানকে কন্দ বলে) কন্দের উপরিভাগে কুণ্ডলিনী শক্তি শয়ন করিয়া রহিয়াছেন। যে যোগিগণ সেই কুণ্ডলিনীর উত্থাপন করেন, তাঁহারাই মোক্ষপ্রাপ্ত হ'ন। আর যে মূঢ়গণ তাহা করে না, তাঁহারা বন্ধনপ্রাপ্ত হয়। যে যোগি সেই কুণ্ডলিনীকে জাগাইবার উপায় জানেন, তিনিই প্রকৃত যোগবিৎ। সেই (সর্পাকারা) কুণ্ডলিনী, সুষুম্না নাড়ীকে সাড়ে তিন পাকে (কাহার কাহার মতে, সাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "সর্ব্বভূতানাম্" আকাশাদি সমস্ত ভূতের। "যৎ মূলং" যাহা আদিকারণ অর্থাৎ ব্রহ্ম, আর "চিত্তবন্ধনং" চিত্তের বন্ধনের কারণ যে মূল অজ্ঞান তাহাও, "যন্মূলং" যাহার আশ্রয়ে থাকে সেই ব্রহ্ম, ব্রহ্ম হইতে অজ্ঞানের পৃথক্ সত্তা না থাকায়, ব্রহ্মকে অজ্ঞানের মূল বলা হইয়াছে, কিম্বা "চিত্তবন্ধনং" চিত্তের একমাত্রলক্ষ্যে নিগ্রহ বা স্থিরীকরণ, "যন্মূলং" যে ব্রহ্ম প্রাপ্তির নিমিত্ত, "সঃ মূলবন্ধঃ" তাহাই মূলবন্ধ, এইরূপ অর্থেও অন্বয় করিতে পারা যায়। "রাজযোগিনাম্" ব্যবহারকালেও চিত্তকে বিক্ষিপ্ত হইতে না দেওয়া অর্থাৎ শান্ত রাখাকেই রাজযোগ বলে। যাঁহাদের জ্ঞান সেইরূপ পরিপাক লাভ করিয়াছে, সেই রাজযোগিদিগের। অবশিষ্টাংশের অর্থ সহজবোধ্য বলিয়া ব্যাখ্যা নিষ্প্রয়োজন। ১১১।

এক্ষণে দেহসাম্যের লক্ষণ করিতেছেন :—

পাকে) বেষ্টন করিয়া, মুখদ্বারা আপনার পুচ্ছকে ধরিয়া নাভির অধোভাগে অবস্থিত রহিয়াছেন। (এই কারণে প্রাণ সুষুম্না নাড়ীতে প্রবেশ করিতে পারে না।) এইহেতু সাধক, দশমদ্বার দিয়া প্রাণকে লইয়া যাইবার উদ্দেশ্যে, বুদ্ধিপূর্ব্বক সেই স্থানেই প্রাণের নিরোধ অভ্যাস করেন, অর্থাৎ তিনপ্রকার "বন্ধের" অনুষ্ঠান করিয়া প্রাণায়াম করেন। রেচনকালে উড্ডীয়ানবন্ধ, কুম্ভককালে জালন্ধরবন্ধ ও পূরককালে মূলবন্ধ করিয়া প্রাণায়ামাভ্যাস করেন। উড্ডীয়ান বন্ধে প্রাণকে রেচন করিয়া, উদরকে পৃষ্ঠের দিকে আকর্ষণ করিতে হয় এবং নাভিকে কিঞ্চিৎ উর্দ্ধে তুলিতে হয়। জালন্ধর বন্ধে কণ্ঠকে সঙ্কুচিত করিয়া চিবুকদ্বারা হৃদয় স্পর্শ করিতে হয়। আর—

পার্ষ্ণিভাগেন সম্পীড্য যোনিমাকুঞ্চয়েদ্গুদম্।
অপানমূর্দ্ধমাকৃষ্য মূলবন্ধোঽভিধীয়তে॥

মূলবন্ধে, সিদ্ধাসন করিয়া বামপদের গুল্‌ফদ্বারা মলদ্বার ও লিঙ্গের মধ্যবর্ত্তী স্থানটিকে চাপিয়া ধরিতে হয় এবং অপান বায়ুকে উর্দ্ধে আকর্ষণ করিয়া মলদ্বারকে আকুঞ্চিত করিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহসাম্য নিরূপণ।

অঙ্গানাং সমতাং বিদ্যাৎ সমে ব্রহ্মণি লীয়তে।
নো চেন্নৈব সমানত্বমৃজুত্বং শুষ্কবৃক্ষবৎ ॥ ১১৫ ।

অন্বয়। (ব্রহ্মণি অধ্যস্তানাম্) অঙ্গানাম্ (অধিষ্ঠানসমত্বদৃষ্ট্যা) সমতাং বিদ্যাৎ। সমে ব্রহ্মণি তৎ (অঙ্গবৈষম্যং) চেৎ ন লীয়তে, (তর্হি) শুষ্কবৃক্ষবৎ ঋজুত্বং ন এব সমানত্বং (ভবেৎ)।

অনুবাদ। চক্ষুকরচরণাদি যে সকল অঙ্গ, ব্রহ্মে অধ্যস্ত হইয়াছে, এবং যাহারা, স্বভাবতঃ বিষম অর্থাৎ সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে অথবা স্থূলসূক্ষ্মভেদে বিবিধপ্রকার, তাহাদিগের সেই বিষমতাকে যদি অধিষ্ঠান ব্রহ্মের সমতায় প্রবিলাপিত (মগ্ন) না করা যায়, তাহা হইলে শুষ্কবৃক্ষের সরলতা ও অচঞ্চলতার ন্যায়, কেবলমাত্র শরীরের সরলতা ও অচঞ্চলতাকে সমতা (দেহসাম্য) বলা যাইতে পারে না। (*)

ব্যাখ্যা। "অঙ্গানাম্" আত্মচৈতন্যে অথবা ব্রহ্মে আরোপিত শরীর-ত্রয় যাহারা স্বভাবতঃ বিষম অর্থাৎ সাত্ত্বিক, রাজসিক ও তামসিকভেদে, অথবা স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে, বিবিধপ্রকার, তাহাদিগের "সমতাম্"

---

* প্রাণায়ামের অঙ্গীভূত আসনসিদ্ধিলাভের জন্য শ্বেতাশ্বতর শ্রুতি (২।৮) শরীরের যে সমতাবিধানের উপদেশ করিয়াছেন তাহা এই—"ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরং, হৃদীন্দ্রিয়াণি মনসা সন্নিবেশ্য" ইত্যাদি—বক্ষঃ, গ্রীবা ও মস্তক এই তিনটিকে উন্নত করিয়া, শরীরকে ঋজুভাবে রাখিয়া, মনের সাহায্যে (প্রণবধ্যান করিতে করিতে) হৃদয়ে ইন্দ্রিয়সমূহকে প্রবেশ করাইয়া ইত্যাদি—তাহা রাজ-যোগিগণের জন্য নহে। বিদ্যারণ্য স্বকীয় 'জীবন্মুক্তিবিবেক' নামক গ্রন্থে বলিয়াছেন "অতি প্রবলতাহেতু যদি বাসনাসমূহকে পরিত্যাগ করিতে না পারা যায়, তবে প্রাণস্পন্দ নিরোধই (অর্থাৎ প্রাণায়ামই) উপায়।" (মৎকৃত অনুবাদে ২০৯ পৃষ্ঠা।) রাজযোগিগণ বিচারদ্বারাই বাসনাক্ষয় করিবেন। গীতায় (৬।১৩) উক্তরূপ উপদেশের তাৎপর্য্য ঐরূপই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিষ্ঠান চৈতন্যের সমতা দেখিয়া তাহাতে সেই শরীরত্রয়ের বিষমতাকে ডুবাইয়া দিলে, যে সমতা হয়, তাহাকে, "সমতাং বিদ্যাৎ" দেহসাম্য বলিয়া বুঝিবে। 'তৎ চেৎ ব্রহ্মণি ন লীয়তে"—এস্থলে 'তৎ' শব্দের পর "অঙ্গ বৈষম্যম্" এই শব্দটি উহ্য ধরিয়া লইতে হইবে। যদি সেই অঙ্গবৈষম্য বা শরীরত্রয়ের বিবিধপ্রকারতা সমরূপ ব্রহ্মের সহিত তদ্রূপ হইয়া না অবস্থান করে, "তর্হি" তাহা হইলে, এই শব্দটিও এখানে 'উহ্য' ধরিয়া লইতে হইবে। "শুষ্কবৃক্ষবৎ ঋজুত্বম্" শুষ্কবৃক্ষের সরলতা ও অচঞ্চলতার ন্যায় কেবলমাত্র দেহের যে সরলতা ও অচঞ্চলতা তাহা "সমানত্বং ন এব ভবেৎ" তাহাকে সেই দেহসাম্য বলা যাইবে না কেননা অঙ্গসকল বা শরীরত্রয় স্বভাবতঃ বিষম। ১১৫।

এক্ষণে দৃক্স্থিতির বা স্থিরদৃষ্টির লক্ষণ করিতেছেন—

দৃষ্টিস্থিতি নিরূপণ।

দৃষ্টিং জ্ঞানময়ীং কৃত্বা পশ্যেদ্ব্রহ্মময়ং জগৎ।
সা দৃষ্টিঃ পরমোদারা ন নাসাগ্রাবলোকিনী ॥ ১১৬।

অন্বয়। দৃষ্টিং জ্ঞানময়ীং কৃত্বা জগৎ ব্রহ্মময়ং পশ্যেৎ। সা দৃষ্টিঃ পরমোদারা (ভবতি,) নাসাগ্রাবলোকিনী দৃষ্টিঃ পরমোদারা ন ভবতি।

অনুবাদ। দৃষ্টিকে জ্ঞানময়ী করিয়া অর্থাৎ চিত্তবৃত্তিকে অখণ্ডব্রহ্মাকারা করিয়া সমস্ত জগৎকে ব্রহ্মময় দেখিবে। সেই প্রকার দৃষ্টিই সর্ব্বোৎকৃষ্ট। নাসাগ্রে স্থিরীকৃতা দৃষ্টি * সেইরূপ নহে।

---

* গীতায় (৬।১৩) "সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বম্" ইত্যাদি. উপদেশ সম্বন্ধেও ভাষ্যকার (এই গ্রন্থের রচয়িতা) বলিয়াছেন—অবশ্য নাসাগ্রাবালোকন এই উপদেশের তাৎপর্য্য নহে। ইহার তাৎপর্য্য এই যে দৃষ্টিকে বাহ্য বিষয় হইতে ফিরাইয়া অন্তরে স্থাপিত করিতে হইবে। ইহার আক্ষরিক অর্থগ্রহণ করিলে নাসাগ্রেই মনের সমাধি ঘটে, তাহাত' বাঞ্ছনীয় নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। ব্রহ্ম ফলব্যাপ্য না হইলেও বৃত্তিব্যাপ্য বলিয়া * "দৃষ্টিং"—অন্তকরণ বৃত্তিকে, "জ্ঞানময়ীং কৃত্বা"—অখণ্ডব্রহ্মাকারা করিয়া, "জগৎ ব্রহ্মময়ং পশ্যেৎ"—'এই সমস্ত জগৎ ব্রহ্মই', এইরূপ মাত্র বৃত্তি করিতে হইবে। ইহাই ভাবার্থ। অবশিষ্টের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(শঙ্কা) ভাল, তাহা হইলেও, জাতি, ক্রিয়া প্রভৃতি যাহা যাহা অবলম্বন করিয়া অন্তকরণবৃত্তি প্রবৃত্ত হয়, ব্রহ্মে ত' সে সকল কিছুই নাই। আর জগৎ ইন্দ্রিয়াদিদ্বারা প্রত্যক্ষের বিষয়; সেই জগৎকে কি প্রকারে ব্রহ্মরূপে দর্শন করা যাইতে পারে ?

এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া স্বরসের অর্থাৎ নিজের অনুভূত ব্রহ্মস্বরূপের অনুসরণ করিয়া পক্ষান্তরে বলিতেছেন :—

দৃষ্টিদর্শনদৃশ্যানাং বিরামো যত্র বা ভবেৎ।
দৃষ্টিস্তত্রৈব কর্ত্তব্যা ন নাসাগ্রাবলোকিনী ॥ ১১৭।

অন্বয়। বা (কিম্বা) দৃষ্টি-দর্শন-দৃশ্যানাং যত্র বিরামঃ ভবেৎ, তত্র এব দৃষ্টিঃ কর্ত্তব্যা, ন নাসাগ্রাবলোকিনী দৃষ্টিঃ (কর্ত্তব্যা)।

অনুবাদ। অথবা যে ব্রহ্মে দৃষ্টি-দর্শন-দৃশ্যের, শ্রোত্র-শ্রবণ-শ্রোতব্যের এবং সেইরূপ অপর সকল ত্রিপুটীরই লয় হয়, সেই ব্রহ্মেই দৃষ্টি অর্থাৎ অন্তঃকরণবৃত্তি করিতে হইবে। নাসাগ্রাবলোকিনী দৃষ্টি, দৃষ্টি নহে।

ব্যাখ্যা। "বা" শব্দের অর্থ পক্ষান্তরে; "দৃষ্টিদর্শনদৃশ্যানাম্"—ইহা শ্রোত্র-শ্রবণ-শ্রোতব্য, ইত্যাদিরূপ সকল ত্রিপুটীরই উপলক্ষণ অর্থাৎ উক্তরূপ সকল ত্রিপুটীকেই তদ্দ্বারা বুঝিতে হইবে। "যত্র" যে ব্রহ্মস্বরূপে, উক্ত সকল ত্রিপুটীরই "বিরামঃ ভবেৎ" লয় হয়. সেই প্রপঞ্চাতীত ব্রহ্মে, "দৃষ্টিঃ কর্ত্তব্যা" অন্তকরণবৃত্তি করিতে হইবে, নাসাগ্রাবলোকিনী দৃষ্টি, দৃষ্টি নহে। ১১৭।

* ৩৬ পৃষ্ঠায়—২৬ সংখ্যক শ্লোকের নিম্নে পাদটীকা দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তর প্রাণায়ামের লক্ষণ করিতেছেন—

প্রাণায়ামনিরূপণ।

চিত্তাদিসর্ব্বভাবেষু ব্রহ্মত্বেনৈব ভাবনাৎ।
নিরোধঃ সর্ব্ববৃত্তীনাং প্রাণায়ামঃ স উচ্যতে ॥ ১১৮ ।

অন্বয়। চিত্তাদিসর্ব্বভাবেষু ব্রহ্মত্বেন ভাবনাৎ এব, সর্ব্ববৃত্তীনাং (যঃ) নিরোধঃ সঃ প্রাণায়ামঃ উচ্যতে।

অনুবাদ। চিত্ত প্রভৃতি সকল পদার্থকে ব্রহ্মরূপে ভাবনা করিলে যে চিত্তবৃত্তি সমূহের নিরোধ ঘটে, তাহাকেই প্রাণায়াম বলে।

ব্যাখ্যা। প্রাণ মনের অধীন বলিয়া মনের নিরোধেই প্রাণের নিরোধ ঘটে, (সুতরাং মনোনিরোধ করিয়া প্রাণনিরোধ করাকেই প্রাণায়াম বলে।) পাতঞ্জলদর্শনে যে প্রাণনিরোধ করিয়া মনোনিরোধের ব্যবস্থা করা হইয়াছে, তাহা ঠিক প্রাণায়াম নহে, কেননা মন প্রাণের অধীন নহে। ইহাই ফলিতার্থ। *

---

* বিদ্যারণ্য স্বকৃত "জীবন্মুক্তিবিবেকে" মনোনাশপ্রকরণে, এই প্রসঙ্গে বৃহদারণ্যকোপনিষৎ হইতে অন্তর্য্যামি ব্রাহ্মণের সূত্রাত্মপ্রস্তাব হইতে, (৩।৭।২) বচন উদ্ধৃত করিয়া বলিতেছেন :—"এইহেতু, প্রাণ ও মন এক সঙ্গেই স্পন্দিত হয় বলিয়া, প্রাণের সংযমে মনেরও সংযম হইয়া থাকে"; এবং এক আশঙ্কার উত্থাপন করিয়া বলিতেছেন "আচ্ছা মন ও প্রাণ একসঙ্গেই স্পন্দিত হয়"—এই যে কথা বলা হইল, তাহা কি প্রকারে সঙ্গত হইতে পারে? দেখাযায়, সুষুপ্তিতে প্রাণের ব্যাপার চলিতেছে, (তখন) মনের ব্যাপার নাই।" আর সেই আশঙ্কার সমাধান করিবার জন্য বলিতেছেন—"একথা অসঙ্গত নহে, কেননা তখন মন বিলীন হইয়া থাকে বলিয়া মনের একপ্রকার অভাবই হয়, বুঝিতে হইবে। "জীবন্মুক্তি বিবেকের" মৎকৃত অনুবাদের ২১৮—২১৯ পৃষ্ঠা দ্রষ্টব্য। মন প্রাণের অধীন হইলে, সুষুপ্তিকালেও মনের গতি থাকিত এবং প্রবলতর হইত। জাগ্রৎকালে ও স্বপ্নকালে, উভয়ের সহস্পন্দন দেখিয়া চেতনপ্রায় মনকে জড় প্রাণের অধীন বলা যাইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই প্রাণায়ামকে, নিজের অভিমত রেচক, পূরক ও কুম্ভক, এই তিন ভাগে বিভক্ত করিয়া, এই শ্লোক ও তাহার পরবর্ত্তী শ্লোকের পূর্ব্বার্দ্ধদ্বারা তাহাদের লক্ষণ করিতেছেন—

প্রপঞ্চস্য নিষেধনং রেচকাখ্যঃ সমীরণঃ।
ব্রহ্মৈবাস্মীতি যা বৃত্তিঃ পূরকো বায়ুরীরিতঃ ॥১১৯।

অন্বয়। প্রপঞ্চস্য নিষেধনং রেচকাখ্যঃ সমীরণঃ (ভবতি)। ব্রহ্ম এব অস্মি ইতি যা বৃত্তিঃ, সঃ পূরকঃ বায়ুঃ ঈরিতঃ।

অনুবাদ। সমস্ত প্রপঞ্চের নিষেধ, অর্থাৎ মিথ্যা বলিয়া পরিত্যাগকেই রেচক (বহিষ্কারক) নামক বায়ু বলে। আর, আমি ব্রহ্মই, তদ্ভিন্ন অন্য কিছুই নহি—এইরূপ যে বৃত্তি, তাহাকে পূরক বলে।

ব্যাখ্যা। শ্লোকের অর্থ সুগম, ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

ততস্তদ্বৃত্তিনৈশ্চল্যং কুম্ভকঃ প্রাণসংযমঃ।
অয়ঞ্চাপি প্রবুদ্ধানামজ্ঞানাং ঘ্রাণপীড়নম্ ॥ ১২০।

অন্বয়। ততঃ তদ্বৃত্তিনৈশ্চল্যং প্রাণসংযমঃ কুম্ভকঃ। অপি চ অয়ং প্রাণায়ামঃ প্রবুদ্ধানাং (ভবতি)। ঘ্রাণপীড়নম্ অজ্ঞানাং (প্রাণায়ামঃ ভবতি)।

অনুবাদ। তাহার পর, সেই ব্রহ্মাকারা বৃত্তির নিশ্চলতাসম্পাদনকেই কুম্ভক নামক প্রাণায়াম বলে। আর এই প্রাণায়ামই অপরোক্ষজ্ঞানিগণের যোগ্য। যাহারা অজ্ঞ, তাহাদের নাক টিপাই প্রাণায়াম। *

ব্যাখ্যা—অনাত্মবস্তুর উপেক্ষা, আত্মানুসন্ধান এবং সেই আত্মানুসন্ধানের

* অমৃতনাদোপনিষদে—প্রাণায়াম, এবং রেচক, পূরক, কুম্ভক এইরূপ বর্ণিত আছে :—

সব্যাহৃতিং সপ্রণবাং গায়ত্রীং শিরসা সহ।
ত্রিঃ পঠেদায়তপ্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে ॥ ১১।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দৃঢ়তাসম্পাদনকেই যথাক্রমে রেচক, পূরক ও কুম্ভক বলাই তাৎপর্য্য। (শঙ্কা) ভাল এই প্রকার প্রাণায়াম ত' কোথাও শুনা যায় নাই। সেইহেতু শ্লোকের শেষার্দ্ধদ্বারা সেই প্রাণায়ামের অধিকারিনির্দ্দেশ করিতেছেন। "অয়ং চ" পূর্ব্বোক্ত তিন প্রকার ভেদবিশিষ্ঠ প্রাণায়াম। "প্রবুদ্ধানাং" যাঁহারা প্রকৃষ্টরূপে অর্থাৎ অসম্ভাবনা ও বিপরীতভাবনারহিত হইয়া বুদ্ধ অর্থাৎ আত্মবোধযুক্ত হইয়াছেন, সেই নিঃসন্দেহ অপরোক্ষ জ্ঞানিগণের, "যোগ্যঃ" উপযুক্ত ;—এই পদটি উহ্য ধরিয়া অর্থ করিতে হইবে। তাহা হইলে অজ্ঞদিগের প্রাণায়াম কিপ্রকার? এইহেতু বলিতেছেন "অজ্ঞানাম্ ঘ্রাণপীড়নম্" নাকটিপাই অজ্ঞ দিগের প্রাণায়াম।

এক্ষণে প্রত্যাহারের লক্ষণ করিতেছেন—

প্রত্যাহারনিরূপণ।

বিষয়েষ্বাত্মতাং দৃষ্ট্বা মনসশ্চিতিমজ্জনম্।
প্রত্যাহারঃ স বিজ্ঞেয়োঽভ্যসনীয়ো মুমুক্ষুভিঃ ॥ ১২১ ।

অন্বয়। বিষয়েষু আত্মতাং দৃষ্ট্বা মনসঃ চিতি মজ্জনং প্রত্যাহারঃ বিজ্ঞেয়ঃ ; সঃ মুমুক্ষুভিঃ অভ্যসনীয়ঃ।

প্রাণায়ামাস্ত্রয়ঃ প্রোক্তা রেচপূরককুম্ভকাঃ। ১০। (শেষার্দ্ধ)
উৎক্ষিপ্য বায়ুমাকাশং শূন্যং কৃত্বা নিরাত্মকম্।
শূন্যভাবেন যুঞ্জীয়াদ্রেচকস্যেতি লক্ষণম্ ॥ ১২।
বক্ত্রেণোৎপলনালেন তোয়মাকর্ষয়েন্নরঃ।
এবং বায়ুর্গ্রহীতব্যঃ পূরকস্যেতি লক্ষণম্ ॥ ১৩।
নোচ্ছ্বসেন্নিঃশ্বসেন্নৈব নৈব গাত্রাণি চালয়েৎ
এবং তাবন্নিযুঞ্জীত কুম্ভকস্যেতি লক্ষণম্ ॥ ১৪।
অনুবাদ "জীবন্মুক্তি বিবেকে"র মৎকৃত অনুবাদের ২২০—২২১ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ। ঘটাদিবস্তু কিম্বা শব্দাদিবিষয়, আত্মচৈতন্যের সত্তা, স্ফুরণ ও প্রিয়তা পাইলেই প্রকাশিত হইতে পারে; তাহা না পাইলে, পারে না, এইরূপে অন্বয় ও ব্যতিরেক যুক্তিদ্বারা বিচার করিয়া, ঘটাদি বস্তুতে, কিম্বা শব্দাদি বিষয়ে, কেবল সত্তা-স্ফুরণ-প্রিয়তামাত্রের অনুসন্ধান করিয়া, মন, নামরূপপরিত্যাগপূর্ব্বক উক্ত চৈতন্যস্বরূপে অবস্থিত হইলে, তাহাকেই প্রত্যাহার বলে। মুমুক্ষুগণ সেই প্রকার প্রত্যাহারের অভ্যাস করিবেন।

ব্যাখ্যা। "বিষয়েষু" ঘটাদিতে কিম্বা রূপরসাদিতে, অন্বয় ব্যতিরেক দ্বারা "আত্মতাং" আত্মচৈতন্যের সত্তা-স্ফুরণ-প্রিয়তা মাত্র "দৃষ্ট্বা" অনুসন্ধান করিয়া, "মনসঃ" অন্তঃকরণের "চিতিমজ্জনং" নামরূপ ও ক্রিয়ার অনুসন্ধান পরিত্যাগ পূর্ব্বক কেবল চিৎস্বরূপে অবস্থান, "প্রত্যাহারঃ" তাহাই প্রত্যাহার। তাহাতে কি হইল? এইহেতু বলিতেছেন—সেইপ্রকার প্রত্যাহারই মুমুক্ষুগণ অভ্যাস করিবেন। ১২১*

ধারণার লক্ষণ করিতেছেন—

---

* "যোগ কল্পদ্রুমে" যোগের পঞ্চম অঙ্গ এই প্রত্যাহার এইরূপে বর্ণিত আছে।—

ভোগোন্মুখাক্ষৌঘনিবর্ত্তনং সদাহ সংসর্গতো দোষদৃশা চ দীর্ঘয়া"।
সংস্থাপনং যচ্চ মনোনুরোধতো যোগস্য তৎ পঞ্চমমঙ্গমীরিতম্॥

অনাদিকাল হইতে, শব্দস্পর্শাদিবিষয়সমূহের প্রতি. শ্রোত্রাদি ইন্দ্রিয়সমূহের যে প্রীতিপূর্ব্বক প্রবাহ চলিতেছে, তাহা সংসর্গবর্জ্জন দ্বারা, এবং সুদূরকুপরিণাম চিন্তা পূর্ব্বক দোষদর্শনদ্বারা, নিবারণ করিয়া, সেই ইন্দ্রিয়সমূহকে চিত্তের অনুকূলে সংস্থাপনের নাম "প্রত্যাহার"; তাহাই যোগের পঞ্চম অঙ্গ বলিয়া কথিত হইয়া থাকে। এই কথাই পতঞ্জলি এইরূপে সূত্রনিবদ্ধ করিয়াছেন:—"স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তানুকার ইবেন্দ্রিয়ানাং প্রত্যাহারঃ"। নিজ নিজ বিষয়ের সহিত ইন্দ্রিয়গণের সম্বন্ধ বর্জ্জনপূর্ব্বক চিত্তের অনুকরণ করা অর্থাৎ চিত্তানুসারে অবস্থাপন বা চিত্তনিরোধ দ্বারা ইন্দ্রিয়গণের স্বাভাবিক নিরোধ করণের নাম প্রত্যাহার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধারণানিরূপণ।

যত্র যত্র মনো যাতি ব্রহ্মণস্তত্রদর্শনাৎ।
মনসো ধারণঞ্চৈব ধারণা সা পরা মতা॥ ১২২।

অন্বয়। যত্র যত্র মনঃ যাতি তত্র ব্রহ্মণঃ দর্শনাৎ মনসঃ ধারণং চ এব সা পরা ধারণা মতা।

অনুবাদ। যে যে পদার্থে মন যায়, সেই সেই পদার্থে নামরূপ উপেক্ষা করিয়া, কেবলমাত্র সত্তা, স্ফুরণ ও প্রিয়তার অনুসন্ধান দ্বারা ব্রহ্মে যে মনের স্থিরীকরণ, তাহাই বেদান্তবিদ্গণের অভিমত উৎকৃষ্ট ধারণা।

ব্যাখ্যা। "যত্র যত্র মনো যাতি" যে যে পদার্থে মন গমন করে, "তত্র তত্র ব্রহ্মণঃ দর্শনাৎ" সেই সেই পদার্থে নামরূপ উপেক্ষা করিয়া কেবলমাত্র সত্তা, স্ফুরণ ও প্রিয়তার অনুসন্ধান দ্বারা, "মনসঃ ধারণং" ব্রহ্মে মনের স্থিরীকরণই, "ধারণা" নামে প্রসিদ্ধ। (শঙ্কা) আচ্ছা মূলাধার প্রভৃতি ছয়টি, চক্রের মধ্যে, কোন একটি চক্রে মনের স্থিরীকরণই ত' ধারণা নামে প্রসিদ্ধ? (সমাধান) এইহেতু বলিতেছেন—"সা ধারণা পরা মতা" উক্তপ্রকার ধারণাই তত্ত্বজ্ঞানিগণের, সর্ব্বোৎকৃষ্ট "ধারণা" বলিয়া অভিমত। অন্য যেপ্রকার 'ধারণা' পাতঞ্জলদর্শনের অভিমত, তাহা প্রাণায়ামাদির ন্যায় অপরা বা নিকৃষ্টা। "চ এব"—এই দুই শব্দ দ্বারা ইহাই সূচিত হইতেছে যে উক্ত প্রকার ধারণাই বেদান্তবিদ্গণের অনুভবসিদ্ধ বলিয়া প্রসিদ্ধ। ১২২। *

অনন্তর আত্মধ্যানের লক্ষণ করিতেছেন—

---

* "যোগকল্পদ্রুমে" 'ধারণা' এইরূপে বর্ণিত আছে :—
হৃদাদিদেশেষু বিকৃষ্য সর্ব্বতো, বিধারণং যন্মনসোঽস্থিরাত্মনঃ।
মুহুর্মুহুর্ধৈর্য্যমিহাবলম্ব্য বৈ, সুধারণা সা বিবুধৈরুদাহৃতা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যাননিরূপণ।

ব্রহ্মৈবাস্মীতি সদ্বৃত্ত্যা নিরালম্বতয়াস্থিতিঃ।
ধ্যানশব্দেন বিখ্যাতা পরমানন্দদায়িনী ॥ ১২৩।

অন্বয়। ব্রহ্ম এব অস্মি ইতি সদ্বৃত্ত্যা নিরালম্বতয়া স্থিতিঃ পরমানন্দদায়িনী ভবতি। সা ধ্যানশব্দেন বিখ্যাতা।

অনুবাদ। 'আমি হইতেছি ব্রহ্মই' এইরূপ যে বৃত্তি, তাহা অন্য কোন প্রমাণের দ্বারা খণ্ডনীয় নহে অর্থাৎ কোন প্রকারে তাহাকে ভ্রান্তি বলিয়া প্রতিপাদন করা যায় না। সেইরূপ বৃত্তি উৎপন্ন হইলে, জীবের যে দেহাদির অনুসন্ধান পরিত্যাগপূর্ব্বক অবস্থান হয়, তাহা পরমানন্দপ্রদ; তাহাই ধ্যান নামে প্রসিদ্ধ। *

ব্যাখ্যা। "ব্রহ্ম এব অস্মি ইতি সদ্বৃত্ত্যা"—'আমি ব্রহ্মই' এইরূপ যে 'সতী বৃত্তি' অর্থাৎ অন্য প্রমাণ দ্বারা ভুল বলিয়া প্রতিপন্ন হইবার

আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ভেদে ধারণা করিবার স্থান তিন প্রকার ; তন্মধ্যে হৃদয়চক্র, নাভিচক্র, কণ্ঠকূপ, জিহ্বাগ্র, নাসাগ্র, লম্বিকা তালু, ভ্রূদ্বয়মধ্য, ইত্যাদি শরীরস্থ দেশকে আধ্যাত্মিকদেশ বলে। সূর্য্যমণ্ডল, চন্দ্রমা, ধ্রুব নক্ষত্র ইত্যাদি স্থানকে আধিদৈবিক দেশ বলে। আর মণি, রত্ন, বৃক্ষশাখা, শাল-গ্রামাদি দেবমূর্ত্তি প্রভৃতিকে আধিভৌতিক দেশ বলে। নানাপ্রকার ব্যবহারে আসক্তিহেতু অত্যন্ত চঞ্চলস্বভাব মনকে সকলদিক হইতে প্রযত্নপূর্ব্বক আকর্ষণ করিয়া পূর্ব্বোক্ত কোন একটি দেশে স্থাপন করিতে হয় এবং যখনই কোনও বিষয়ের প্রতি ধাবমান হইবে, তখনই ধৈর্য্যসহকারে তাহাকে বারবার ফিরাইয়া আনিয়া ধারণাস্থানে স্থাপন করিলে, তাহাকে উৎকৃষ্ট ধারণা বলে।

* "যোগকল্পদ্রুমে", "ধ্যান" এইরূপে বর্ণিত আছে :—

বৃত্ত্যৈকতানত্বমখণ্ডিতং তু যৎ তত্রান্যসঙ্কল্পবিকল্পজালকৈঃ।
তৈলস্য ধারেব সমাধিগোপুরং ধ্যানং তদেবাহুরদীনচেতসঃ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অযোগ্য যে বৃত্তি, সেই বৃত্তি বশতঃ, "নিরালম্বতয়া স্থিতিঃ" দেহাদির অনুসন্ধানরহিত হইয়া অবস্থান। অবশিষ্টাংশের অর্থ সরল।

তাহার পর সমাধিনামক অঙ্গ অর্থাৎ পঞ্চদশ অঙ্গের লক্ষণ করিতেছেন—

সমাধি নিরূপণ।

নির্ব্বিকারতয়া বৃত্ত্যা ব্রহ্মাকারতয়া পুনঃ।
বৃত্তিবিস্মরণং সম্যক্ সমাধি র্জ্ঞানসংজ্ঞকঃ॥ ১২৪।

অন্বয়। নির্ব্বিকারতয়া বৃত্ত্যা পুনঃ ব্রহ্মাকারতয়া সম্যক্ বৃত্তিবিস্মরণং সমাধিঃ, সঃ জ্ঞানসংজ্ঞকঃ (ভবতি)।

অনুবাদ। অন্তঃকরণবৃত্তি যখন বিষয়ানুসন্ধান পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মাকারা হইয়া, ধ্যানকর্ত্তা ও ধ্যেয়বস্তু এই দুইটিকেই বিস্মৃত হয়, অর্থাৎ দ্বৈতানুসন্ধান হইতে সম্পূর্ণরূপে বিরত হয়, তখন তাহাকে সমাধি বলে। সেই সমাধি অজ্ঞানরূপ নহে, তাহা ব্রহ্মাকারাবৃত্তি বলিয়া স্ফুরণরূপ। *

ধারণাস্থানে, অন্য নানাপ্রকার সঙ্কল্পবিকল্প দ্বারা অখণ্ডিত চিত্তবৃত্তির একতানতা বা সদৃশপ্রবাহ, তৈল ধারার ন্যায় হইলে, অদীনসত্ত্ব যোগিগণ সেই ধ্যানকে সমাধির দ্বারস্বরূপ বলিয়া থাকেন। এই ধ্যান লক্ষণ পতঞ্জলিকৃত "তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানম্" এই সূত্রাবলম্বনে বিরচিত হইয়াছে।

* "যোগকল্পদ্রুমে" সমাধি এইরূপে বর্ণিত হইয়াছে :—

ধ্যেয়স্বরূপোপগতং যদা মনো, বিস্মৃত্য চাত্মানমথাবতিষ্ঠতে।
সঙ্কল্পপুগাপগতং তমস্তিমং যোগস্য সন্তোঽষ্টমবং প্রচক্ষতে॥

যে সময়ে ধ্যেয়বস্তুর স্বরূপ প্রাপ্ত হইয়া আপনার মননত্বস্বরূপ পরিত্যাগ করে, তখন মন, সকলপ্রকার সঙ্কল্পবিকল্প পরিত্যাগ করিয়া ধ্যেয় বস্তুর স্বরূপে অবস্থান করে। মহাত্মা যোগিগণ তাহাকেই অষ্টাঙ্গযোগের অষ্টম অঙ্গ বা সমাধি বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "নির্ব্বিকারতয়া" (অন্তঃকরণবৃত্তি) বিষয়ানুসন্ধানরহিত হইয়া "পুনঃ" অনন্তর, "ব্রহ্মাকারতয়া" ব্রহ্মাকারা হইলে, "সম্যক্ বৃত্তিবিস্মরণং" প্রপঞ্চসংস্কার রহিত হইয়া, ধ্যানকর্ত্তা এবং ধ্যেয়বস্তু এই উভয়বিষয়ক বৃত্তিবিবর্জ্জিত হইয়া দ্বৈতের অনুসন্ধান হইতে বিরত হইলে, "সঃ সমাধিঃ" তাহাকে পঞ্চদশ অঙ্গরূপ সমাধি বলে। (শঙ্কা) ভাল, বৃত্তিবিস্মরণ ত' অজ্ঞানেরই একরূপ; তাহা কিপ্রকারে সমাধি হইতে পারে? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন—(সমাধান) যেস্থলে ব্রহ্মাত্মৈক্য বোধ নাই, কেবলমাত্র বৃত্তিবিস্মরণ আছে, সেইস্থলে উক্তরূপ আশঙ্কা চলিতে পারে বটে, কিন্তু যেস্থলে ব্রহ্মজ্ঞান রহিয়াছে, সেই স্থলে বৃত্তিবিস্মরণকে সমাধি বলিতে কোন বাধা নাই। এই অভিপ্রায়ে সমাধিকে বিশেষ করিয়া নির্দ্দেশ করিতেছেন। সেই সমাধি "জ্ঞান সংজ্ঞকঃ" জ্ঞান হইয়াছে সংজ্ঞা যাহার, তাহা জ্ঞানসংজ্ঞক অর্থাৎ ব্রহ্মাকারা বৃত্তি বলিয়া স্ফুরণরূপ। কথিত হইয়াছে—"সমাধিঃ সংবিদুৎপত্তিঃ পরজীবৈকতাং প্রতি" * পরমাত্মা ও জীবাত্মার একতাকে লক্ষ্য করিয়া যে জ্ঞান উৎপন্ন হয়, তাহাকে সমাধি বলে। ১২৪।

এক্ষণে যে উদ্দেশ্যে পনেরটি অঙ্গের সহিত নিদিধ্যাসন বর্ণনা করিলেন, তাহাই স্পষ্ট করিয়া বলিতেছেন—

থাকেন। এই সমাধিলক্ষণ পতঞ্জলিকৃত "তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূন্যমিব সমাধিঃ" এই সূত্র এবং অমৃতবিন্দু উপনিষদের—"ষং লব্ধ্বাপ্যবমন্যেত সমাধিঃ পরিকীর্ত্তিতঃ" ধ্যেয় পদার্থের স্বরূপ প্রাপ্ত হইয়া মন যদি আপনার অবমাননা করে অর্থাৎ আপনার স্বরূপ পরিত্যাগ করে—এই বচন অবলম্বন করিয়া বিরচিত হইয়াছে।

* এই বচনটির মূল পাই নাই। সম্ভবতঃ বাসিষ্ঠ রামায়ণ হইতে গৃহীত হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিদিধ্যাসনের অবধিনিরূপণ।

ইমঞ্চাকৃত্রিমানন্দং তাবৎ সাধু সমভ্যসেৎ।
বশ্যো যাবৎ ক্ষণাৎ পুংসঃ প্রযুক্তঃ সন্ ভবেৎ স্বয়ম্ ॥ ১২৫।

অন্বয়। ইমং অকৃত্রিমানন্দং চ তাবৎ সাধু সমভ্যসেৎ, যাবৎ পুংসঃ বশ্যঃ (ভূত্বা) ক্ষণাৎ প্রযুক্তঃ সন্ স্বয়ং ভবেৎ।

অনুবাদ। সাধক এই অকৃত্রিমানন্দকে সেই পর্য্যন্ত সুচারুরূপে অর্থাৎ আদরের সহিত নিরন্তর অভ্যাস করিবেন যে পর্য্যন্ত না তাহা সাধকের বশে আসিয়া, প্রয়োগ করিবামাত্রেই আপনি আবির্ভূত হয়।

ব্যাখ্যা। "ইমম্ অকৃত্রিমানন্দম্" এই স্বরূপভূত আনন্দের অভিব্যঞ্জক নিদিধ্যাসনকে, "চ"—এই 'চ'কার দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, স্বকীয় বুদ্ধি অনুসারে বেদান্তবিচারেরও অভ্যাস রাখিবেন। অবশিষ্টাংশের ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

যিনি পূর্ব্বোক্তরূপ অভ্যাস করেন, তাঁহার কিরূপ ফললাভ হয়, তাহাই বলিতেছেন :—

নিদিধ্যাসনের ফলনিরূপণ।

ততঃ সাধননির্ম্মুক্তঃ সিদ্ধো ভবতি যোগিরাট্।
তৎস্বরূপং ন চৈতস্য বিষয়ো মনসো গিরাম্ ॥ ১২৬।

অন্বয়। ততঃ যোগিরাট্ সিদ্ধঃ (সন্) সাধননির্ম্মুক্তঃ ভবতি; এতস্য তৎস্বরূপং মনসঃ গিরাং চ ন বিষয়ঃ (ভবতি)।

অনুবাদ। তদনন্তর সেই যোগিশ্রেষ্ঠ সিদ্ধ হইয়া সকল প্রকার সাধন হইতে নির্ম্মুক্ত হন। তাঁহার সেই অবস্থা বাক্য ও মনের বিষয় নহে অর্থাৎ অচিন্ত্য ও অবর্ণনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। "সাধননির্ম্মুক্তঃ"—সকল প্রকার সাধনের অভ্যাসবর্জ্জিত হইয়া; "এতস্য"—এই যোগীর। "তৎস্বরূপং"—সেই বেদান্তপ্রসিদ্ধ ব্রহ্মরূপতা।

অখণ্ড, একরস ব্রহ্মস্বরূপে অবস্থানের নাম মোক্ষ। সমাধিপর্য্যন্ত এই পঞ্চদশাঙ্গ যোগ, সেই মোক্ষফল প্রদান করিয়া থাকে। যাঁহারা গুরুর অনুগ্রহ লাভ করিতে পারিয়াছেন, তাঁহারা এই যোগে সহজেই কৃতকার্য্য হইয়া থাকেন। এইহেতু এই যোগ সহজসাধ্য বলিয়া ইহাতে অনাদর করা উচিত নহে, কেননা ইহাতে বহুপ্রকার বিঘ্ন উপস্থিত হইয়া থাকে। তাহা এই দুই শ্লোকে বলিতেছেন :—

সমাধিবিঘ্ননিরূপণ।

সমাধৌ ক্রিয়মাণে তু বিঘ্নান্যায়ান্তি বৈ বলাৎ।
অনুসন্ধানরাহিত্যমালস্যং ভোগলালসম্ ॥ ১২৭।
লয়স্তমশ্চ বিক্ষেপো রসাস্বাদশ্চশূন্যতা।
এবং যদ্বিঘ্নবাহুল্যং ত্যাজ্যং ব্রহ্মবিদা শনৈঃ॥ ১২৮।

অন্বয়। সমাধৌ ক্রিয়মাণে তু, অনুসন্ধানরাহিত্যম্, আলস্যং, ভোগলালসং, লয়ঃ, তমঃ, বিক্ষেপঃ, রসস্বাদঃ শূন্যতা চ (এতানি) বিঘ্নানি বলাৎ বৈ আয়ান্তি, এবং যৎ বিঘ্নবাহুল্যং তৎ ব্রহ্মবিদা শনৈঃ ত্যাজ্যম্।

অনুবাদ। সমাধি অভ্যাস করিতে থাকিলে নিম্নলিখিত বিঘ্নগুলি বলপূর্ব্বক আসিয়া উপস্থিত হয় :—(১) অনুসন্ধানরাহিত্য—জীবাত্মা ও পরমাত্মার একতার অনুসন্ধান করিতে ভুলিয়া যাওয়া; (২) আলস্য, (৩) ভোগলালসা, (৪) নিদ্রা, (৫) কর্ত্তব্যাকর্ত্তব্যবিমূঢ়তা, (৬) বিক্ষেপ অর্থাৎ বিষয়ের স্ফুরণ, (৭) রসাস্বাদ অর্থাৎ আমি ধন্য হইয়াছি, এইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দাকারা বৃত্তি, (৮) শূন্যতা অর্থাৎ একপ্রকার চিত্ত দোষ যাহাতে আসক্তি, দ্বেষ প্রভৃতির সংস্কারবশতঃ চিত্ত স্তব্ধরূপ হইয়া যায়; ইহার নামান্তর কষায় ও ক্ষুব্ধতা। এইরূপ বিঘ্নবাহুল্য উপস্থিত হইলে, ব্রহ্মবিৎ তাহা ধীরে ধীরে পরিত্যাগ করিবেন।

ব্যাখ্যা। নিষ্প্রয়োজন।

বৃত্তিই বন্ধন ও মোক্ষের কারণ, এই কথাই বলিতেছেন—

বৃত্তিই বন্ধমোক্ষকারণ।

ভাববৃত্ত্যাহি ভাবত্বং শূন্যবৃত্ত্যাহি শূন্যতা।
ব্রহ্মবৃত্ত্যাহিপূর্ণত্বং তথা পূর্ণত্বমভ্যসেৎ ॥ ১২৯।

অন্বয়। ভাববৃত্ত্যা হি ভাবত্বং (ভবতি), শূন্যবৃত্ত্যা হি শূন্যতা ভবতি, ব্রহ্মবৃত্ত্যা হি পূর্ণত্বং (ভবতি), তথা পূর্ণত্বম্ অভ্যসেৎ।

অনুবাদ। যাহার বুদ্ধিবৃত্তি ঘট প্রভৃতি বস্তুকে আশ্রয় করে, সে তদ্রূপই হইয়া যায়। যাহার বুদ্ধিবৃত্তি শূন্যকে আশ্রয় করে, সে শূন্যরূপ বা জড় হইয়া যায়। যাহার বুদ্ধিবৃত্তি ব্রহ্মাকারা হয়, সে পূর্ণতাই লাভ করে। সেইহেতু পূর্ণতাই অভ্যাস করিতে হয়।

ব্যাখ্যা। "ভাববৃত্ত্যা হি ভাবত্বং" যাহার বৃত্তি ঘটাদি বস্তুর আকার ধারণ করে, সে তন্ময়ই হইয়া যায়, একথা প্রসিদ্ধ; সেইরূপ, "শূন্য-বৃত্ত্যা হি শূন্যতা" অভাববৃত্তি দ্বারা জড়তাই হইয়া থাকে অর্থাৎ যাহার বৃত্তি শূন্যতাকে আশ্রয় করে, সে জড়তাপ্রাপ্ত হয়; দুইটী 'হি' শব্দ দ্বারা সূচিত হইতেছে, যে এ সকল কথা প্রসিদ্ধ। সেইরূপ "ব্রহ্মবৃত্ত্যা হি পূর্ণত্বং" বৃত্তি ব্রহ্মাকারা হইলে পূর্ণতালাভ হইয়া থাকে, ইহা তত্ত্বজ্ঞদিগের অনুভবসিদ্ধ। তাহাতে কি হইল? সেই হেতু বলিতেছেন—"তথা পূর্ণত্বম্ অভ্যাসেৎ" বৃত্তিকে ব্রহ্মাকারা করিয়া পূর্ণতা অভ্যাস করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক্ষণে ব্রহ্মময়ী বৃত্তির প্রশংসা করিবার অভিপ্রায়ে, যাহারা সেই বৃত্তিকে পরিত্যাগ করে, তাহাদের নিন্দা করিতেছেন :—

ব্রহ্মবৃত্তিশূন্যের নিন্দা।

যে হি বৃত্তিং জহত্যেনাং ব্রহ্মাখ্যাং পাবনীং পরাম্।
তে তু বৃথৈব জীবন্তি পশুভিশ্চ সমা নরাঃ ॥ ১৩০॥

অন্বয়। যে হি এনাং পরাং পাবনীং ব্রহ্মাখ্যাং বৃত্তিং জহতি, তে নরাঃ তু বৃথা এব জীবন্তি, পশুভিঃ চ সমাঃ (ভবন্তি)।

অনুবাদ। যাহারা ব্রহ্মনাম্নী পবিত্রকারিণী এই বৃত্তিকে পরিত্যাগ করে, তাহারা বৃথাই জীবন ধারণ করে। তাহারা পশুর সমান।

ব্যাখ্যা। "যে এনাং ব্রহ্মাখ্যাং বৃত্তিং জহতি" যাহারা এই ব্রহ্মাখ্য বৃত্তিকে পরিত্যাগ করে। "তে তু বৃথা এব জীবন্তি" তাহাদের দেহধারণ কিন্তু একান্ত নিষ্ফল। অবশিষ্ট স্পষ্টার্থক।

এক্ষণে যে সকল সাধক সেই ব্রহ্মাকারাবৃত্তিকে বর্দ্ধিত করিবার জন্য তাহার অভ্যাসে তৎপর, সেই পুরুষশ্রেষ্ঠগণের প্রশংসা করিতেছেন :—

ব্রহ্মবৃত্তি পুরুষের প্রশংসা।

যে হি বৃত্তিং বিজানন্তি জ্ঞাত্বাপি বর্দ্ধয়ন্তি যে।
তে বৈ সৎপুরুষা ধন্যা বন্দ্যাস্তে ভুবনত্রয়ে ॥ ১৩১॥

অন্বয়। যে সৎপুরুষাঃ হি বৃত্তিং বিজানন্তি, অপি যে জ্ঞাত্বা (তাং) বর্দ্ধয়ন্তি, তে বৈ ধন্যাঃ, তে ভুবনত্রয়ে বন্দ্যাঃ।

অনুবাদ। যে সকল সাধু সেই ব্রহ্মময়ী বৃত্তিকে জানেন এবং যাঁহারা জানিয়া তাহাকে বর্দ্ধিত করেন, তাঁহারাই ধন্য, তাঁহারাই ত্রিজগতে পূজনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা। শ্লোক স্পষ্টার্থক। ১৩১।

এইরূপে, যে সকল সাধু ব্রহ্মবৃত্তির অভ্যাসে তৎপর, তাহাদের প্রশংসা করিয়া, তাহাদের ব্রহ্মপ্রাপ্তিরূপ যে ফললাভ হয়, তাহার বর্ণনা করিতেছেন—

বোধ দৃঢ়তায় ব্রহ্মবৃত্তি পুরুষের মুক্তি।

যেষাং বৃত্তিঃ সমা বৃদ্ধা পরিপক্কা চ সা পুনঃ।
তে বৈ সদ্ব্রহ্মতাং প্রাপ্তা নেতরে শব্দবাদিনঃ॥ ১৩২।

অন্বয়। যেষাং সা বৃত্তিঃ সমা বৃদ্ধা চ পুনঃ পরিপক্কা, তে বৈ সদ্ব্রহ্মতাং প্রাপ্তাঃ, ইতরে শব্দবাদিনেঃ ন (সদ্ব্রহ্মতাং প্রাপ্তা)।

অনুবাদ। যাঁহাদের সেই ব্রহ্মময়ী বৃত্তি "সমা" অর্থাৎ অনুসন্ধানরহিত না হইয়া বিচ্ছেদবর্জ্জিত হইয়াছে, "বৃদ্ধা" ভোগলালসাদির দ্বারা অপ্রতারিতা হইয়াছে, এবং "পরিপক্কা" লয়রসাস্বাদ প্রভৃতি দ্বারা অতিরোহিতা হইয়াছে, তাঁহারাই সেই সচ্চিদানন্দ ব্রহ্মকে প্রাপ্ত হইয়াছেন। যাহারা কেবল শাস্ত্রবচনের আবৃত্তি করে, তাহারা সেই বৃত্তি লাভ করিতে পারে নাই, তাহারা ব্রহ্ম প্রাপ্ত হয় নাই।

পূর্ব্ব শ্লোকে যে সকল শব্দবাদিগণের কথা বলিয়াছেন, পরবর্ত্তী শ্লোকে কেবল তাহাদেরই নিন্দা করিতেছেন :—

কেবল শব্দবাদী মোক্ষে বঞ্চিত।

কুশলা ব্রহ্মবার্ত্তায়াং বৃত্তিহীনাঃ সুরাগিনঃ।
তেঽপ্যজ্ঞানিতয়া নূনং পুনরায়ান্তি যান্তি চ॥ ১৩৩।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়। যে ব্রহ্মবার্ত্তায়াং কুশলাঃ (তু) বৃত্তিহীনাঃ সুরাগিনঃ, তে অপি অজ্ঞানিতয়া নূনং পুনঃ আয়ান্তি, যান্তি চ।

অনুবাদ। যাহারা ব্রহ্মবিষয়ক কথাবার্ত্তায় সুদক্ষ, কিন্তু ব্রহ্মবৃত্তিশূন্য এবং সংসারে অত্যন্ত আসক্ত, তাহারাও জ্ঞানহীন বলিয়া, সংসারে বারবার জন্মমৃত্যু ভোগ করে।

ব্যাখ্যা। শ্লোক স্পষ্টার্থক।

যেহেতু (বৃত্তিমান্), এইরূপ (প্রশংসনীয় এবং বৃত্তিহীন বেদান্তবাদী এইরূপ নিন্দনীয়), সেই হেতু, ব্রহ্মনিষ্ঠগণ সর্ব্বদা ব্রহ্মবৃত্তি লইয়া থাকিবেন, —এই কথা বুঝাইবার জন্য ব্রহ্মাদির উদাহরণ দিতেছেন—

ব্রহ্মনিষ্ঠের নিরন্তর ব্রহ্মবৃত্তি।

নিমেষার্দ্ধং ন তিষ্ঠন্তি বৃত্তিং ব্রহ্মময়ীং বিনা।
যথা তিষ্ঠন্তি ব্রহ্মাদ্যাঃ সনকাদ্যাঃ শুকাদয়ঃ ॥ ১৩৪।

অন্বয়। যথা ব্রহ্মাদ্যাঃ, সনকাদ্যাঃ, শুকাদয়ঃ ব্রহ্মময়ীং বৃত্তিং বিনা নিমেষার্দ্ধং ন তিষ্ঠন্তি, (মুমুক্ষবঃ অপি তথা) ব্রহ্মময়ীং বৃত্তিং বিনা নিমেষার্দ্ধং ন তিষ্ঠন্তি।

অনুবাদ। যেমন ব্রহ্মাদি দেবগণ, সনকাদি মুনিগণ এবং শুকাদি ব্রহ্মনিষ্ঠগণ, ব্রহ্মবৃত্তি বিনা নিমেষার্দ্ধও যাপন করেন না, সেইরূপ ব্রহ্মনিষ্ঠগণ উক্তরূপ বৃত্তি বিনা নিমেষার্দ্ধকালও বৃথা যাপন করেন না।

ব্যাখ্যা। ব্রহ্মাদি দেবতাগণ যেরূপ, সনকাদি মুনিগণও সেইরূপ, এবং সনকাদি মুনিগণ যেরূপ, শুকাদি ব্রহ্মনিষ্ঠগণও সেইরূপ—এইরূপে ব্রহ্মবিদ্যার সম্প্রদায় প্রদর্শন করিলেন। আর ব্রহ্মাদি, সমাধি পর্য্যন্ত এই রাজযোগের সেবা করেন বলিয়া, ইহা অতি শ্রেষ্ঠ এবং সর্ব্বদা মুমুক্ষুগণের সেবনীয়—একথাও সূচিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব এইরূপে আচার্য্যপাদ আপনার অভিমত রাজযোগ পঞ্চদশ অঙ্গের সহিত বর্ণনা করিলেন। এক্ষণে পূর্ব্বে যে বেদান্ত বিচার আরম্ভ করিয়াছিলেন, যাহার নামান্তর সাংখ্য, এই পাঁচটি শ্লোকদ্বারা তাহারই উপসংহার করিতেছেন—

বেদান্ত সিদ্ধান্ত।

কার্য্যে কারণতায়াতা কারণে নহি কার্য্যতা।
কারণত্বং ততো গচ্ছেৎ কার্য্যাভাবে বিচারতঃ ॥ ১৩৫ ।

অন্বয়। কার্য্যে কারণতা আয়াতা, কারণে কার্য্যতা নহি (আয়াতা)। ততঃ বিচারতঃ কার্য্যাভাবে কারণত্বং গচ্ছেৎ।

অনুবাদ। কার্য্যে কারণতা অনুস্যূত থাকে বটে, কিন্তু কারণে কার্য্য সেইরূপে থাকে না। তাহা হইলে বিচার দ্বারা ইহাই সিদ্ধ হয় যাহার কার্য্যতা নাই অর্থাৎ যাহা কার্য্যস্বরূপ নহে, তাহার কারণতাও থাকিতে পারে না।

ব্যাখ্যা। "কার্য্যে" ঘটপটাদিরূপ বিকারে, "কারণতা" মাটি, সূতা প্রভৃতিরূপ সকল বিকারের অধিষ্ঠানতা, "আয়াতা" অনুগত হইয়া থাকে, অর্থাৎ সকল কার্য্যেই কারণকে পাওয়া যায়। কিন্তু "কারণে কার্য্যতা নহি" কারণে কার্য্যকে পাওয়া যায় না, ইহা সুবিদিত। "ততঃ কার্য্যাভাবে কারণত্বং গচ্ছেৎ" সেই হেতু যেখানে কার্য্য নাই, সেখানে কারণতাও তিরোহিত হয়। (শঙ্কা) আচ্ছা, কারণে কার্য্যের অভাব কি প্রকারে? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন, "বিচারতঃ" বিচার করিলেই ইহা বুঝা যায়; দৃষ্টান্তস্বরূপ দেখ—যেমন আকাশাদি কার্য্যে কারণতা রহিয়াছে অর্থাৎ আকাশে "অস্তি", "ভাতি"—'আছে,' 'প্রকাশ পাইতেছে' ইত্যাদি ব্যবহারের হেতুভূত, সত্য-জ্ঞান-অনন্ত স্বরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মের কারণতা অনুস্যূত রহিয়াছে, কিন্তু কারণে অর্থাৎ ব্রহ্মে আকাশাদি কার্য্যতা নাই। এই হেতু, পরমার্থতঃ আকাশাদি নাই অর্থাৎ আকাশের সত্তা কেবলমাত্র ব্যাবহারিক, বলিয়া ব্রহ্মের কারণতাও নাই, ইহাই দৃষ্টান্তাভিপ্রেত অর্থ। ১৩৫।

তাহাতে কি হইল? এই হেতু বলিতেছেন—

অথ শুদ্ধং ভবেদ্বস্তু যদ্বৈ বাচামগোচরম্।
দ্রষ্টব্যং মৃদ্ঘটেনৈব দৃষ্টান্তেন পুনঃ পুনঃ ॥ ১৩৬।

অন্বয়। অথ যৎ শুদ্ধং বাচাম্ অগোচরম্ বস্তু, তৎ ভবেৎ বৈ। মৃদ্ঘটেন দৃষ্টান্তেন এব পুনঃ পুনঃ (তৎ) দ্রষ্টব্যম্।

অনুবাদ। অনন্তর কার্য্যকারণভাব নিবৃত্ত হইলে, যাহা বাক্য ও মনের অগোচর শুদ্ধ বস্তু, তাহাই থাকিয়া যায়। মৃদ্ঘটের দৃষ্টান্ত দ্বারা অর্থাৎ ঘট নিবৃত্ত হইলে শুদ্ধ মৃত্তিকা থাকিয়া যায়, এই দৃষ্টান্ত দ্বারা ব্রহ্মের শুদ্ধতা পুনঃ পুনঃ অবধারণ করিবে।

ব্যাখ্যা। "অথ"—অনন্তর কারণভাব নিবৃত্ত হইলে, "যৎ শুদ্ধং বাচাম্ অগোচরম্ বস্তু"—যাহা শুদ্ধ এবং মন ও বাক্যের অগোচর বস্তু, তাহাই থাকিয়া যায়। "বৈ"—"যতো বাচো নিবর্ত্তন্তে প্রাপ্য মনসা সহ" যাঁহাকে প্রকাশ করিতে অসমর্থ হইয়া, বচন ও মন ফিরিয়া আইসে (তৈত্তিরীয় ২।৪।১, ২।৯।১,)—ইত্যাদি শ্রুতিবচনে যে আত্মা সম্বন্ধে প্রসিদ্ধি আছে, তাহাই বুঝাইবার জন্য প্রসিদ্ধিদ্যোতক "বৈ" শব্দের প্রয়োগ। (শঙ্কা) আচ্ছা বুদ্ধি যখন ক্ষণিক, তখন এক সময়ে বিচার দ্বারা আত্মা ঐরূপ প্রতীত হইলেও, অন্যসময়ে অন্যরূপে প্রতিভাত হইতে ত' পারে? এই হেতু বলিতেছেন—মৃদ্ঘটের দৃষ্টান্ত দ্বারা পুনঃ পুনঃ ব্রহ্মের শুদ্ধতা নিশ্চয় করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপে বিচার যে কেবল জ্ঞানের সাধন এমন নহে, ইহা ধ্যানেরও সাধন বটে, ইহাই বলিতেছেন—

অনেনৈব প্রকারেণ বৃত্তির্ব্রহ্মাত্মিকা ভবেৎ।
উদেতি শুদ্ধচিত্তানাং বৃত্তিজ্ঞানং ততঃ পরম্ ॥ ১৩৭।

অন্বয়। অনেন এব প্রকারেণ শুদ্ধচিত্তানাং বৃত্তিজ্ঞানম্ উদেতি, ততঃ পরং ব্রহ্মাত্মিকা বৃত্তিঃ ভবেৎ।

অনুবাদ। এইপ্রকার বিচার দ্বারাই শুদ্ধচিত্ত সাধকগণের বৃত্তিজ্ঞান জন্মে। তাহার পর ব্রহ্মাত্মিকা বৃত্তি হয়।

ব্যাখ্যা। পদসমূহের অর্থ বিশদ বলিয়া ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(তদনন্তর) দুই শ্লোকে এই বিচারই আরও বিশদ করিয়া প্রদর্শন করিতেছেন :—

কারণং ব্যতিরেকেণ পুমানাদৌ বিলোকয়েৎ।
অন্বয়েন পুনস্তদ্ধি কার্য্যে নিত্যং প্রপশ্যতি ॥ ১৩৮।

অন্বয়। পুমান্ আদৌ ব্যতিরেকেণ কারণং বিলোকয়েৎ। পুনঃ তৎ হি (কারণং) অন্বয়েন কার্য্যে নিত্যং প্রপশ্যতি।

অনুবাদ। সাধক প্রথমে, (কার্য্যে) কার্য্যদৃষ্টি পরিত্যাগ করিয়া কারণের অনুসন্ধান করিবেন। আবার অন্বয় বা অনুবৃত্তির দ্বারা অর্থাৎ বস্ত্ররূপ কার্য্যে সূত্ররূপ কারণ অনুস্যূত থাকে, এই দৃষ্টি করিয়া কার্য্যমধ্যে সেই কারণের নিরন্তর অনুসন্ধান করিবেন।

ব্যাখ্যা। "আদৌ" প্রথমে, "কারণং ব্যতিরেকেণ বিলোকয়েৎ" বস্ত্রে বস্ত্রত্ব বিস্মৃত হইয়া, কেবল সূত্রদর্শনের ন্যায়, কার্য্যের কার্য্যত্ব বিস্মৃত হইয়া, কেবল কারণকে অনুসন্ধান করিবেন। "পুনঃ তৎ হি"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবার সেই কারণকেই "অন্বয়েন" অনুবৃত্তিদ্বারা, "কার্য্যে অপি নিত্যং প্রপশ্যতি" কার্য্যেও নিরন্তর অনুসন্ধান করিতে হয়।

অথবা এই প্রকারে বিচার করিবে, এই কথাই বলিতেছেন—

কার্য্যে হি কারণং পশ্যেৎ পশ্চাৎ কার্য্যং বিসর্জ্জয়েৎ।
কারণত্বং ততো গচ্ছেদবশিষ্টং ভবেন্মুনিঃ ॥ ১৩৯ ।

অন্বয়। কার্য্যে কারণং হি পশ্যেৎ, পশ্চাৎ কার্য্যং বিসর্জ্জয়েৎ। ততঃ কারণত্বং গচ্ছেৎ; মুনিঃ অবশিষ্টং ভবেৎ।

অনুবাদ। কার্য্যে কারণের অনুসন্ধান করিবে; তাহার পর কার্য্যকে বিসর্জ্জন করিবে অর্থাৎ আর স্মরণ করিবে না। কার্য্য তিরোহিত হইলে, কারণের কারণত্ব চলিয়া যাইবে এবং সচ্চিন্মাত্র যাহা অবশিষ্ট থাকিবে, মননশীল সাধক স্বয়ং তাহাই হইয়া যাইবেন।

ব্যাখ্যা। "কার্য্যে কারণং হি পশ্যেৎ" প্রথমে কার্য্য দেখিয়া বিচার দ্বারা কারণকেই নির্ণয় করিবে। "পশ্চাৎ" তদনন্তর, "কার্য্যং বিসর্জ্জয়েৎ" কার্য্যের আর অনুসন্ধান করিবে না, অর্থাৎ কার্য্যকে একেবারে বিস্মৃত হইয়া যাইবে, "ততঃ" এইরূপে কার্য্যবর্জ্জিত হইলে পর, "কারণত্বং গচ্ছেৎ" কারণের কারণতা আপনা হইতেই তিরোহিত হইবে। এইরূপে কার্য্যকারণ উভয়েই বর্জ্জিত হইলে, "মুনিঃ অবশিষ্টং ভবেৎ" মননশীল সাধক নিজেই অবশিষ্ট সচ্চিন্মাত্র হইয়া যাইবেন।

আচ্ছা, বিচারজনিত অপরোক্ষ জ্ঞান দ্বারা মননশীল সাধক ব্রহ্মত্ব লাভ করিতে পারেন, মানিলাম; কিন্তু যিনি পরোক্ষজ্ঞানীমাত্র, তিনি কি প্রকারে সেই ব্রহ্মত্ব লাভ করিবেন? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন যে তীব্র ভাবনার দ্বারা পরোক্ষজ্ঞানীরও ব্রহ্মত্বলাভ হইতে পারে এবং দৃষ্টান্ত দ্বারা সেই কথাটি বুঝাইতেছেন :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মভাবনায় ব্রহ্মত্বলাভ।

ভাবিতং তীব্রবেগেন যদ্বস্তু নিশ্চয়াত্মনা।
পুমাংস্তদ্ধি ভবেচ্ছীঘ্রং জ্ঞেয়ং ভ্রমরকীটবৎ ॥ ১৪০।

অন্বয়। নিশ্চয়াত্মনা (পুংসা) যৎ বস্তু তীব্রসম্বেগেন ভাবিতং, পুমান্ ভ্রমরকীটবৎ তৎ হি জ্ঞেয়ং শীঘ্রং ভবেৎ।

অনুবাদ। নিশ্চয়যুক্ত বুদ্ধি লইয়া সাধক, যে (পরোক্ষভাবে জ্ঞাত) ব্রহ্মরূপবস্তু তীব্রবেগে চিন্তাকরে, সাধক অচিরেই সেই অপরোক্ষভাবে জ্ঞেয় ব্রহ্মস্বরূপ হইয়া যায়। ভ্রমর কোনও কীটকে ধরিয়া আপন কুলায়ে প্রবেশ করাইলে, সেই কীট ভয়ে ভ্রমর ধ্যান করিতে করিতে, যেমন ভ্রমররূপ ধারণ করে, ইহাও সেইরূপ।

ব্যাখ্যা। ভাবার্থ এই যে পরোক্ষ জ্ঞানদ্বারা প্রমাতার যে আবরণ রহিয়াছে, তাহা নিবৃত্ত হইলেও যদ্যপি প্রমেয়গত আবরণ নিবৃত্ত হয় না, তথাপি "নিশ্চয়াত্মনা পুরুষেণ" নিশ্চয়াযুক্ত বুদ্ধিমান্ সাধক দ্বারা "যৎ বস্তু" সচ্চিদানন্দ ব্রহ্মরূপ বস্তু "তীব্রবেগেন ভাবিতং" নিশিদিন ব্রহ্মাকারা বৃত্তিদ্বারা চিন্তিত হইতে থাকে, "তৎ জ্ঞেয়ং বস্তু" সেই অপরোক্ষ ভাবে জানিবার যোগ্য ব্রহ্মরূপ বস্তু, "পুমান্ শীঘ্রং ভবেৎ" জীবাত্মা হইতে অভিন্নরূপে ভাবনার দ্বারা, সেই সাধক অচিরে তাহাই অর্থাৎ সেই ব্রহ্মরূপ, বস্তু হইয়া যান। শ্লোকের 'হি' শব্দ দ্বারা, এই কথা যে জ্ঞানিগণমধ্যে প্রসিদ্ধ, তাহাই সূচিত হইতেছে। সেই বিষয়ে যে সর্ব্বলোকপ্রসিদ্ধ দৃষ্টান্ত আছে, তাহাই বর্ণনা করিতেছেন— "ভ্রমরকীটবৎ" ভ্রমর যেরূপ কোথা হইতে জীবিত একটি কীট আনিয়া নিজের কুলায়ে প্রবেশ করায় এবং সেই কীট যেমন ভয়ে ভ্রমরধ্যান করিতে করিতে, ভ্রমর হইয়া যায়, সেইরূপ।

পূর্ব্বোক্ত শ্লোকে যে কীটভ্রমরের দৃষ্টান্ত দেওয়া হইল, তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে বুঝা যায় যে ভাবনার বলে, একবস্তু অন্য হইয়া যায়। তাহা হইলে, এই বিশ্ব যাহা (রজ্জুর বিবর্ত্ত সর্পের ন্যায়) ব্রহ্মেরই বিবর্ত্ত, এবং ব্রহ্ম হইতে অভিন্ন, তাহা ব্রহ্মভাবনা দ্বারা যে ব্রহ্মরূপ হইবে, তাহাতে আর কথা কি ? এই অভিপ্রায়ে সর্ব্বত্র আত্মভাবনার উপদেশ দিতেছেন।

প্রপঞ্চকে ব্রহ্মরূপে ভাবনা।

অদৃশ্যং ভাবরূপঞ্চ সর্ব্বমেব চিদাত্মকম্।
সাবধানতয়া নিত্যং স্বাত্মানং ভাবয়েদ্বুধঃ ॥ ১৪১।

অন্বয়। বুধঃ অদৃশ্যং ভাবরূপং চ সর্ব্বং চিদাত্মকং স্বাত্মানং এব চ সাবধানতয়া নিত্যং ভাবয়েৎ।

অনুবাদ। অদ্বৈতজ্ঞাননিষ্ঠ সাধক, পরোক্ষ এবং প্রত্যক্ষ সমস্ত জগৎকে (অথবা দ্রষ্টৃদর্শনদৃশ্যরূপ ত্রিপুট্যাত্মক জগৎকে) নিরন্তর একাগ্রবৃত্তির দ্বারা, নির্ব্বিশেষপ্রকাশস্বরূপ আমি অর্থাৎ এই সমস্ত এবং আমি, নির্ব্বিশেষপ্রকাশস্বরূপ ব্রহ্মই, এইরূপে চিন্তা করিবেন।

ব্যাখ্যা। "অদৃশ্যং" পরোক্ষ ; "ভাবরূপং চ", এবং প্রত্যক্ষ, "সর্ব্বং এব" সমস্ত জগৎকেই অথবা "অদৃশ্যং" দ্রষ্টৃস্বরূপ "ভাবরূপং" দৃশ্যরূপ এবং "চ"কার দ্বারা—দর্শনরূপ, এই ত্রিপুটীরূপ সমস্ত জগৎ ভ্রান্তিবশতঃ আত্মা হইতে ভিন্নরূপে প্রকাশমান হইলেও, "চিদাত্মকং" নির্ব্বিশেষ স্ফুরণমাত্রস্বরূপ, "স্বাত্মানম্ এব" আমিই, (এইরূপে) "বুধঃ" অদ্বৈতজ্ঞাননিষ্ঠ সাধক, "সাবধানতয়া" স্থিরীকৃত চিত্তবৃত্তির সাহায্যে, "নিত্যং ভাবয়েৎ" এই সমস্ত জগৎ এবং আমি ব্রহ্মই, এইরূপে সর্ব্বদা দেখিবেন, ইহাই অর্থ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই কথাই সবিস্তর বর্ণনা করিতেছেন :—

রাজযোগের উপসংহার ।

দৃশ্যং হ্যদৃশ্যতাং নীত্বা ব্রহ্মাকারেণ চিন্তয়েৎ।
বিদ্বান্নিত্যসুখে তিষ্ঠেদ্ধিয়া চিদ্রসপূর্ণয়া ॥ ১৪২ ।

অন্বয়। দৃশ্যং হি অদৃশ্যতাং নীত্বা ব্রহ্মাকারেণ চিন্তয়েৎ। বিদ্বান্ চিদ্রসপূর্ণয়া ধিয়া নিত্যসুখে তিষ্ঠেৎ ॥

অনুবাদ। ঘটাদি যাবতীয় দৃশ্য বস্তুকে অধিষ্ঠানচৈতন্যরূপে পর্য্যবসিত করিয়া, তাহার কল্পিত ও পরিচ্ছিন্ন আকার অর্থাৎ নামরূপ, পরিত্যাগ পূর্ব্বক, তাহাকে অপরিচ্ছিন্ন ব্রহ্মরূপে চিন্তা করিতে হইবে। তাহা হইলে, সেই তত্ত্বজ্ঞ, চিদানন্দপূর্ণ বুদ্ধি লইয়া অবিনাশিসুখে অবস্থান করিতে পারিবেন।

ব্যাখ্যা। "দৃশ্যং অদৃশ্যতাং নীত্বা" ঘটাদি দৃশ্যবস্তুকে অধিষ্ঠান-চৈতন্যরূপে পর্য্যবসিত করিয়া; "হি" শব্দ দ্বারা (এই প্রক্রিয়াটি) বিদ্বজ্জনপ্রসিদ্ধ, ইহাই সূচিত হইতেছে; "ব্রহ্মাকারেণ চিন্তয়েৎ" সেই দৃশ্যবস্তুসমূহের কল্পিত ও পরিচ্ছিন্ন নামরূপাদির নিবৃত্তি করিয়া (অর্থাৎ বিস্মৃত হইয়া) ব্রহ্মাকারে বৃহদাকারে অর্থাৎ অপরিচ্ছিন্নরূপে চিন্তা করিবেন। ইহাই অর্থ। সেইরূপ করিলে কি হইবে? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন—"বিদ্বান্" তত্ত্বজ্ঞ "চিদ্রসপূর্ণয়া ধিয়া" চিৎ বা চৈতন্যই রস চিদ্রস, চিদানন্দ, তদ্দ্বারা পূর্ণ বুদ্ধি লইয়া (অর্থাৎ ব্রহ্মাকারা বৃত্তি লইয়া "নিত্যসুখে তিষ্ঠেৎ" অবিনাশি সুখে অবস্থান করিবেন।

এখানে আচার্য্য আপনার অভিপ্রেত যোগের উপসংহার করিতেছেন।

এভিরঙ্গৈঃ সমাযুক্তো রাজযোগ উদাহৃতঃ।
কিঞ্চিৎপক্বকষায়াণাং হঠযোগেন সংযুতঃ ১৪৩ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিপক্কং মনো যেষাং কেবলোঽয়ঞ্চ সিদ্ধিদঃ।
গুরুদৈবতভক্তানাং সর্ব্বেষাং সুলভো জবাৎ ॥ ১৪৪ ।

অন্বয়। এভিঃ অঙ্গৈঃ সমাযুক্তঃ (যোগঃ) রাজযোগঃ উদাহৃতঃ। কিঞ্চিৎপক্ককষায়াণাং (সাধকানাং) হঠযোগেন সংযুতঃ (অয়ং) সিদ্ধিদঃ (ভবতি)। যেষাং মনঃ পরিপক্কং, (তেষাং) কেবলঃ চ অয়ং সিদ্ধিদঃ (ভবতি) গুরুদৈবতভক্তানাং সর্ব্বেষাং (অয়ং) জবাৎ সুলভঃ (ভবতি)।

অনুবাদ। এই সকল অঙ্গবিশিষ্ট যোগকেই রাজযোগ বলে। যাঁহাদের কষায়নামক রাগদ্বেষাদি চিত্তদোষ কিঞ্চিৎ পরিপাক লাভ করিয়াছে, সেই সকল সাধকের পক্ষে, পাতঞ্জলদর্শনোক্ত অষ্টাঙ্গযোগের সহিত মিলিত হইলে, এই রাজযোগ, মুক্তিরূপ সিদ্ধি প্রদান করিয়া থাকে। যাঁহাদের মন রাগাদিমলরহিত হইয়া পরিপক্ক হইয়াছে, তাঁহাদের পক্ষেই, উক্ত কেবল (অর্থাৎ পাতঞ্জলযোগনিরপেক্ষ) রাজযোগ, সেই মুক্তিরূপ সিদ্ধি প্রদান করিয়া থাকে; এবং যাঁহারা গুরু ও দেবতার প্রতি তুল্যরূপে ভক্তিশ্রদ্ধান্বিত, তাঁহারা যে কোনও বর্ণ বা আশ্রমের অন্তর্গত হউন না কেন, এইরূপ যোগের সাহায্যে অতি শীঘ্রই সিদ্ধিলাভ করিয়া থাকেন।

ব্যাখ্যা। "কিঞ্চিৎপক্ককষায়াণাং"—কষায় নামক রাগাদি চিত্তদোষ, যাঁহাদের স্বল্প পরিমাণে পক্ক অর্থাৎ দগ্ধ হইয়াছে, তাঁহাদের পক্ষে। "হঠযোগেন সংযুতঃ" পাতঞ্জলদর্শনে প্রতিপাদিত প্রসিদ্ধ অষ্টাঙ্গ যোগের সহিত সম্মিলিত, এই বেদান্তোক্ত যোগ, (মুক্তিরূপ সিদ্ধি প্রদান করিয়া থাকে); অবশিষ্ট স্পষ্টার্থ। এক্ষণে পাঠকের মনে প্রশ্ন উঠিতে পারে এই রাজযোগ তবে কাঁহাদের উপযোগী? এই হেতু সমগ্র গ্রন্থের তাৎপর্য্যের উপসংহার করিয়া বলিতেছেন—"যেষাং মনঃ পরিপক্কং" যাঁহাদের মন পরিপাক লাভ করিয়াছে অর্থাৎ রাগদ্বেষাদি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহিত হইয়াছে, "তাঁহাদের" (তেষাং) এই পদটি উহ্য করিয়া অর্থ করিতে হইবে। যাঁহারা কামক্রোধাদি ছয়টি শত্রুকে জয় করিয়া পুরুষধুরন্ধর হইয়াছেন, তাঁহাদের পক্ষেই "কেবলঃ অয়ং"—পতঞ্জলি ঋষির অভিমত যোগের সাহায্য বিনাই এই বেদান্তানুমোদিত রাজযোগ, "সিদ্ধিদঃ" —জীবাত্মা হইতে অভিন্ন ব্রহ্মের অপরোক্ষজ্ঞান দ্বারা, আত্মস্বরূপে অবস্থানরূপ মোক্ষ প্রদান করিয়া থাকে। "চ"—এই চকারের অর্থ অবধারণ অর্থাৎ সেই রাগদ্বেষাদিমলরহিত সাধকের পক্ষেই; অন্যের অর্থাৎ উক্ত মলযুক্ত কাহারও পক্ষে নহে।

(শঙ্কা) ভাল, সেইরূপ পরিপক্ক মন ত' অতি দুর্লভ; (এইরূপ মনোলাভের উপায় কি?) এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া, সেইরূপ মনোলাভের সাধন, যাহা সেইরূপ মন অপেক্ষাও অন্তরঙ্গ সাধন, তাহাই বলিতেছেন—"গুরুদৈবতভক্তানাং" গুরু ও দেবতার প্রতি যাঁহারা ভক্তিবিশিষ্ট তাঁহাদের; "জবাৎ" অতি শীঘ্র, "সর্ব্বেষাং" মনুষ্যমাত্রেরই অর্থাৎ বর্ণাশ্রমাদির অপেক্ষা না রাখিয়া, এইরূপ বুঝিতে হইবে। এই কারণেই গুরুদেবতাভক্তির অন্তরঙ্গতা; তদ্বিষয়ে শ্রুতির প্রমাণ যথা (শ্বেতাশ্বতর, উ ৬।২৩)—

যস্য দেবে পরাভক্তি র্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥

পরমেশ্বরে যাঁহার অকপট ভক্তি, এবং পরমেশ্বরে যেরূপ, গুরুতেও ঠিক সেইরূপ, অর্থাৎ গুরু ও পরমেশ্বরে যাঁহার একত্ব বুদ্ধি, সেই মহাত্মার বুদ্ধিতে, এই উপনিষদুক্ত বিষয়সমূহ প্রকাশিত হয় অর্থাৎ তাঁহারই অনুভব-গোচর হইয়া থাকে। তদ্বিষয়ে স্মৃতির প্রমাণ (গীতা, ৪।৩৪, ও ৩৯)

"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্যের নিকট গমন পূর্ব্বক, বাক্য-মন-কায় দ্বারা নমস্কার করিয়া, পরিপ্রশ্ন দ্বারা এবং তাঁহাদের সেবা করিয়া সেই তত্ত্বজ্ঞান লাভ কর। শাস্ত্রজ্ঞ তত্ত্বদর্শিগণ তোমাকে সেই জ্ঞান উপদেশ করিবেন।

"শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ
সংযতেন্দ্রিয়ঃ।"

শ্রদ্ধাবান্ অর্থাৎ গুরুশাস্ত্রোপদেশে আস্তিক্যবুদ্ধিশালী, তদেকনিষ্ঠ এবং বশীকৃতেন্দ্রিয় ব্যক্তি জ্ঞানলাভ করেন।

এইরূপ আরও প্রমাণ আছে।

অভিপ্রায় এই, পরিপক্কমনা ব্যক্তির পক্ষেও যে সকল সাধন দুঃসাধ্য, সেই সকল সাধন, গুরুদেবতাভক্তদিগের পক্ষে সুসাধ্য হয়। এই হেতু স্বধর্ম্মের সহিত বিরোধ যাহাতে না ঘটে এইরূপে গুরুদেবতার ভজনা সকলেরই কর্ত্তব্য। ইতি পরম মঙ্গল।

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্কর ভগবান্ কর্ত্তৃক বিরচিত
অপরোক্ষানুভূতি সমাপ্ত হইল।

পূর্ণেয়মাপরোক্ষ্যেণ নিত্যাত্মজ্ঞানকাশিকা।
অপরোক্ষানুভূত্যাখ্য গ্রন্থরাজপ্রদীপিকা ॥ ১।

অপরোক্ষানুভূতি নামক শ্রেষ্ঠ গ্রন্থের, প্রদীপের ন্যায় অর্থপ্রকাশিকা এই ব্যাখ্যা সমাপ্ত হইল। ইহা নিত্য আত্মার জ্ঞানকে অপরোক্ষভাবে প্রকাশ করিবে।

